সূত শৌনকাদিকে সম্বোধন করিয়া কহিলেন, হে ঋষি-গণ ! মৃত্যু সময়ে রাজা পরীক্ষিতের গঙ্গাতীরে গমন বিচিত্র নহে, ঐ নদী শ্রীকৃষ্ণের তুলসী মিশ্রিত চরণ রেণু সংসর্গে, সর্ব্বোৎকৃষ্ট সলিল বহন করত লোকপাল সহিত সমস্ত লোককে অন্তরে ও বহির্ভাগে পবিত্র করিতেছেন, ইহাতে আপনার মরণ আসন্ন জানিয়া কোন্ ব্যক্তি সেই সুরতরঙ্গি-ণীর সেবা না করিবে ? ॥

যাবদর্থানুবর্ত্তিতা অর্থাৎ যাহা আপনা দ্বারা নির্ব্বাহ হইবে ॥

যাবদর্থানুবর্ত্তিতা যথা নারদীয়ে ॥

যাবতা স্যাৎ স্বনির্ব্বাহঃ স্বীকুর্য্যাৎ তাবদর্থবিৎ ।
আধিক্যে ন্যূনতায়াঞ্চ চ্যবতে পরমার্থতঃ ॥ ৪৯ ॥

স্বনির্ব্বাহ ইতি । স্ব স্ব ভক্তি নির্ব্বাহ ইত্যর্থঃ ॥ ৪৯ ॥

যথা নারদীয়ে ॥

যে পরিমাণ নিয়ম অনুষ্ঠান করিলে আপনার ভক্তি নির্ব্বাহ হইতে পারে, অর্থজ্ঞ পুরুষ সেইরূপ নিয়ম স্বীকার করিবেন, কারণ নিয়মের আধিক্য অথবা ন্যূনতা হইলে, পরমার্থ হইতে ভ্রষ্ট হইতে হয় ॥

তাৎপর্য্য । যদি কোন কৃষ্ণভক্ত পুরুষ অনুরাগ বশতঃ এরূপ সঙ্কল্প করেন, "আমি প্রত্যহ এক লক্ষ নাম জপ করিব" কিন্তু তাঁহার সাধ্য নাই যে তিনি প্রত্যহ ঐ রূপ নিয়ম রক্ষা করিতে পারেন, দুই চারি দিবস ঐ রূপ নিয়ম পালন করিতে করিতে অকস্মাৎ কোন সাংসারিক কার্য্য উপস্থিত হইল, তাহাতে তাঁহার উল্লিখিত নিয়ম রক্ষা হইল না, তখন তিনি মনোমধ্যে এই নিশ্চয় করেন "অদ্য বিষয় রক্ষা করি, কল্যকার নিয়মের সহিত অবশিষ্ট নিয়ম রক্ষা করিব" পর দিনও ঐ রূপ সাংসারিক ব্যাপার ঘটাতে কোন নিয়মই রক্ষা হইল না, ক্রমশঃ এইরূপ আচরণ দ্বারা ভক্তির প্রতি অনাদর উপস্থিত হয়, অতএব প্রত্যহ অবাধে যাহা নির্ব্বাহ করিতে পারিবে সেই মাত্র নিয়মের পরিগ্রহ করিবে, অধিক বা ন্যূন হইলে ভক্তির পুষ্টি হইবে না, উহা প্রতি নিয়ত দুর্ব্বল হইয়া পড়িবে ॥ ৪৯ ॥

হরিবাসরসম্মানো যথা ব্রহ্মবৈবর্ত্তে ॥

সর্ব্বপাপপ্রশমনং পুণ্যমাত্যন্তিকং তথা।
গোবিন্দস্মারণং নৃণামেকাদশ্যামুপোষণং ॥

ধাত্র্যশ্বত্থাদিগৌরবং যথা স্কান্দে ॥

অশ্বত্থ তুলসী ধাত্রী গো ভূমি সুর বৈষ্ণবাঃ।
পূজিতাঃ প্রণতা ধ্যাতাঃ ক্ষপয়ন্তি নৃণামঘং ॥ ৫০ ॥

অশ্বত্থস্য তদ্বিভূতিরূপত্বাৎ পূজ্যত্বং ভূমিসুরা ব্রাহ্মণাঃ। গো ব্রাহ্মণয়োর্হিতাবতারত্বাদ্ভগবতো ভাগবতৈরেতাবপি পূজ্যাবিতি ভাবঃ। সর্ব্বেষামেষাং তুলসীবৈষ্ণবসাহিত্যোক্তি র্বিচিকিৎসা নিরসনায়। তত্র গবাং পূজাতু শ্রীগোপালোপাসকানাং পরমাভীষ্টপ্রদা। যথা শ্রীগৌতমীয়ে। গবাং কণ্ডুয়নং কুর্য্যাৎ গোগ্রাসং গোপ্রদক্ষিণং। গোষু নিত্যং প্রসন্নাসু গোপালোঽপি প্রসীদতীতি ॥ ৫০ ॥

হরিবাসরসম্মান যথা ব্রহ্মবৈবর্ত্তে ॥

একাদশীতে উপবাস করিলে মনুষ্যমাত্রের সমুদায় পাপ বিনষ্ট এবং অতিশয় পুণ্যলাভ হয়, বিশেষতঃ ইহা গোবিন্দকে স্মরণ করাইয়া দেয় ॥

আমলকী এবং অশ্বত্থাদি বৃক্ষের গৌরব।

যথা স্কন্দপুরাণে ॥

অশ্বত্থ, তুলসী, আমলকী, গো, ব্রাহ্মণ এবং বৈষ্ণব ইহাঁদিগকে পূজা, নমস্কার ও ধ্যান করিলে, ইহাঁরা মনুষ্য দিগের পাপ বিনষ্ট করেন ॥ ৫০ ॥

অথ শ্রীকৃষ্ণবিমুখজন সঙ্গত্যাগো—

যথা কাত্যায়নসংহিতায়াং ॥

বরং হুতবহজ্বালা পঞ্জরান্তর্ব্যবস্থিতিঃ।
ন শৌরিচিন্তাবিমুখজনসংবাসবৈশসং ॥

বিষ্ণুরহস্যে চ ॥

আলিঙ্গনং বরং মন্যে ব্যালব্যাঘ্রজলৌকসাং।
ন সঙ্গঃ শল্যযুক্তানাং নানাদেবৈকসেবিনাং ॥ ৫১ ॥

শিষ্যাদ্যননুবন্ধিত্বাদিত্রয়ং যথা সপ্তমে ॥

ন শিষ্যাননুবধ্নীত গ্রন্থান্নৈবাভ্যসেদ্বহূন্।

বৈশসং বিপত্তিঃ। শল্যমত্র তত্তদ্দেবতান্তর সেবা বাসনা ॥ ৫১ ॥

হরিপরাঙ্মুখজনের সংসর্গ পরিত্যাগ

যথা কাত্যায়নসংহিতায় ॥

প্রদীপ্ত অগ্নির শিখাপিঞ্জরে অবস্থান করিতে হয় সেও বরং ভাল, তথাপি যেন কৃষ্ণচিন্তা-বিমুখজনের সহবাসরূপ ক্লেশ ভোগ করিতে না হয় ॥

বিষ্ণুরহস্যেতেও এইরূপ ॥

যদি সর্প ব্যাঘ্র ও কুম্ভীরের সহিত আলিঙ্গন ঘটে, তাহাও শ্রেয়স্কর, তথাপি যেন বাসনা রূপ শল্য বিদ্ধ নানা দেবোপাসকের সংসর্গ না ঘটে ॥ ৫১ ॥

শিষ্যাদ্যননুবন্ধিত্ব, মঠাদি নির্ম্মাণ বিষয়ে নিরুদ্যমতা এবং বহুবিধ গ্রন্থাভ্যাসাদি পরিবর্জন ॥

যথা সপ্তমস্কন্ধে ১৩ অ। ৭ শ্লোকে ॥

নারদ যুধিষ্ঠিরকে সম্বোধন করিয়া কহিলেন, রাজন্।

ন ব্যাখ্যামুপযুঞ্জীত নারম্ভানারভেৎ কচিৎ ॥

ব্যবহারেঽপ্যকার্পণ্যং যথা পাদ্মে ॥

অলব্ধে বা বিনষ্টে বা ভক্ষ্যাচ্ছাদনসাধনে।
অবিক্লবমতি র্ভূত্বা হরিমেব ধিয়া স্মরেৎ ॥ ৫২ ॥

শিষ্যান্নৈবানুবধ্নীয়াদিত্যাদিকো যদ্যপি সন্ন্যাসধর্ম্মস্তথাপি নিবৃত্তানামপ্যন্যেষাং ভক্তানামুপযুজ্যন্ত ইতি ভাবঃ। এতচ্চানধিকারি শিষ্যাদ্যপেক্ষয়া। শ্রীনারদাদৌ তচ্ছ্রবণাৎ তত্তৎ সম্প্রদায়নাশপ্রসঙ্গাচ্চ। অন্যথা জ্ঞানশাঠ্যাপত্তেঃ। অতএব নানুবধ্নীয়ান্নিতি স্বস্বসম্প্রদায়বৃদ্ধ্যর্থমনধিকারিণোঽপি ন গৃহ্নীয়াদিত্যর্থঃ। বহূনিতি ভগবদ্বহির্মুখানন্যাংস্থিত্যর্থঃ। আরম্ভানিত্যপি চ তদ্বৎ॥

অলব্ধ ইতি। স্মরণাদি পরাণামেবেয়ং রীতিঃ। সেবাপরৈস্তু যথা লাভমেব সেবা কার্য্যা। ন তু যাজ্ঞাদ্যতিশয়েন নাতিকার্পণ্যং কার্য্যমিতিজ্ঞেয়ং॥ ৫২॥ ৫৩॥

যিনি সন্ন্যাসাশ্রম অবলম্বন করিয়াছেন, তিনি অনধিকারি ব্যক্তিকে শিষ্য করিবেন না, যাহাতে ভগবদ্ভক্তি তিরোহিতা হন্, এমত বহু গ্রন্থ অভ্যাসে বিরত হইবেন, শাস্ত্রব্যাখ্যা-দ্বারা জীবিকা নির্ব্বাহ করিবেন না এবং মঠাদি নির্ম্মাণ বিষয়ে উদ্যম করিবেন না ॥

ব্যবহারে অকার্পণ্য যথা পদ্মপুরাণে ॥

হরিভক্তি পরায়ণ জন ভোজন ও আচ্ছাদন সাধন বিষয়ে লাভ অথবা লব্ধের বিনাশ ঘটিলে, ব্যাকুলচিত্ত না হইয়া মনোমধ্যে হরিকে স্মরণ করিবেন ॥ ৫২ ॥

শোকাদ্যবশবর্ত্তিতা যথা তত্রৈব ॥

শোকামর্ষাদিভি র্ভাবৈরাক্রান্তং যস্য মানসং।
কথং তত্র মুকুন্দস্য স্ফূর্ত্তিসম্ভাবনা ভবেৎ ॥

অন্যদেবানবজ্ঞা যথা তত্রৈব ॥

হরিরেব সদারাধ্যঃ সর্ব্বদেবেশ্বরেশ্বরঃ।
ইতরে ব্রহ্মরুদ্রাদ্যা নাবজ্ঞেয়াঃ কদাচন ॥

ভূতানুদ্বেগদায়িতা যথা মহাভারতে ॥

পিতেব পুত্রং করুণো নোদ্বেজয়তি যো জনং।
বিশুদ্ধস্য হৃষীকেশ স্তূর্ণং তস্য প্রসীদতি ॥ ৫৩ ॥

শোকমোহাদির অবশীভূততা।

যথা পদ্মপুরাণে ॥

যাহার হৃদয়দেশ শোক ও ক্রোধে পরিপূর্ণ, তথায় কিরূপে মুকুন্দের স্ফূর্ত্তির সম্ভাবনা হইবে? ॥

অন্যদেবতার প্রতি অবজ্ঞাশূন্যতা।

যথা পদ্মপুরাণে ॥

ভগবান্ হরি সমস্ত দেবেশ্বরদিগের অধীশ্বর, অতএব সর্ব্বদা তিনিই আরাধ্য, কিন্তু ইহা বলিয়া, ব্রহ্মরুদ্রাদি অন্যান্য দেবতার প্রতি কখন অবজ্ঞা করিবে না ॥

প্রাণিদিগের প্রতি অভয় দান, যথা মহাভারতে ॥

যিনি প্রাণি মাত্রকে উদ্বেগ না দিয়া, সকরুণ পিতার ন্যায় পুত্র নির্ব্বিশেষে অবলোকন করেন, সেই বিশুদ্ধ হৃদয়ের প্রতি ভগবান্ হৃষীকেশ আশু প্রসন্ন হয়েন ॥ ৫৩ ॥

সেবানামাপরাধানাং বর্জ্জনং যথা বারাহে ॥
মমার্চ্চনাপরাধা যে কীর্ত্ত্যন্তে বসুধে ময়া।
বৈষ্ণবেন সদা তে তু বর্জ্জনীয়াঃ প্রযত্নতঃ ॥

সেবানামাপরাধানাং বর্জ্জনমিত্যাদি। বারাহে পাদ্মে চ যথাক্রমং যোজ্যং। তত্র সেবাপরাধা আগমানুসারেণ গণ্যন্তে। যানৈ র্বা পাদুকৈর্বাপি গমনং ভগবদ্গৃহে। দেবোৎসবাদ্যসেবাচ অপ্রণামস্তদগ্রতঃ। উচ্ছিষ্টে বাপ্যশৌচে বা ভগবদ্বন্দনাদিকং। একহস্তপ্রণামশ্চ তৎপুরস্তাৎ প্রদক্ষিণং। পাদপ্রসারণঞ্চাগ্রে তথা পর্য্যঙ্কবন্ধনং। শয়নং ভক্ষণঞ্চাপি মিথ্যা ভাষণমেবচ। উচ্চৈর্ভাষা মিথোজল্পো রোদনানি চ বিগ্রহঃ। নিগ্রহানুগ্রহৌ চৈব নৃষু চ ক্রূরভাষণং। কম্বলাবরণঞ্চৈব পরনিন্দা পরস্তুতিঃ। অশ্লীলভাষণঞ্চৈব অধোবায়ু বিমোক্ষণং। শক্তৌ গৌণোপচারশ্চ অনিবেদিতভক্ষণং। তত্তৎকালোদ্ভবানাঞ্চ ফলাদীনামনর্পণং। বিনিযুক্তাবশিষ্টস্য প্রদানং ব্যঞ্জনাদিকে। পৃষ্ঠীকৃত্যাসনঞ্চৈব পরেষামভিবাদনং। গুরৌ মৌনং

সেবাপরাধ বর্জন, যথা বরাহপুরাণে ॥

বরাহদেব পৃথিবীকে কহিলেন, হে বসুধে! আমার অর্চ্চনা সম্বন্ধীয় অপরাধ আমি কীর্ত্তন করিতেছি, বৈষ্ণবগণ যত্নপূর্ব্বক সর্ব্বদা ঐ সকল অপরাধ বর্জন করিবেন।

আগম শাস্ত্রে সেবাপরাধ দ্বাত্রিংশৎ প্রকার বলিয়া কীর্ত্তিত হইয়াছে। যথা যান অর্থাৎ শিবিকাদি অথবা পদে পাদুকা প্রদান করত ভগবদ্গৃহে গমন।১। ভগবৎ প্রীত্যর্থে কৃত উৎসবাদির অর্থাৎ ভগবৎসম্বন্ধীয় দোল প্রভৃতি উৎসবের অকরণ।২। তাঁহার সম্মুখে প্রণাম না করা।৩। উচ্ছিষ্ট লিপ্ত দেহে অথবা অশৌচে ভগবদ্বন্দনাদি।৪। এক-

নিজস্তোত্রং দেবতানিন্দনং তথা। অপরাধা স্তথা বিষ্ণো র্দ্বাত্রিংশৎ পরিকীর্ত্তিতাঃ। বারাহে চ। যে অন্যাপরাধাস্তে সংক্ষিপ্য লিখ্যন্তে। রাজান্নভোজনং ধ্বান্তাগারে হরেঃ স্পর্শঃ। বিধিং বিনা হর্য্যুপসর্পণং। বাদ্যং বিনা তদ্দ্বারোদ্ঘাটনং। কুক্কুরদৃষ্টভক্ষ্য সংগ্রহঃ। অর্চ্চনে মৌনভঙ্গঃ। পূজাকালে বিড়ুৎসর্গায় সর্পণং। গন্ধমাল্যাদিকমদত্বা ধূপনং। অনর্হপুষ্পেণ পূজনং। তথা অকৃত্বা দন্তকাষ্ঠঞ্চ কৃত্বা নিধুবনং তথা। স্পৃষ্ট্বা রজঃস্বলাং দীপং তথা মৃতকমেবচ। রক্তং নীলমধৌতঞ্চ পারক্যং মলিনং পটং। পরিধায় মৃতং দৃষ্ট্বা বিমুচ্যাপানমারুতং। ক্রোধং কৃত্বা শ্মশানঞ্চ গত্বা ভুক্ত্বাপ্যজীর্ণযুক্। ভুক্ত্বা কুসুম্ভং পিণ্যাকং তৈলাভ্যঙ্গং বিধায় চ। হরেঃ স্পর্শো হরেঃ কর্ম্ম করণং পাতকাবহং। তথা তত্রৈবান্যত্র। ভগবচ্ছাস্ত্রানাদরেণ তৎপ্রতিপত্তিঃ। অন্যশাস্ত্রপ্রবর্ত্তনং। তদগ্রত স্তাম্বূলচর্ব্বণং। এরণ্ডপত্রস্থ পুষ্পৈরর্চ্চনং। আসুরকালে পূজনং। পীঠে ভূমৌ বোপবিশ্য পূজনং স্নপনকালে বামহস্তেন তৎ স্পর্শঃ। পর্য্যুষিতৈর্যাচিতৈর্ব্বা পুষ্পৈরর্চ্চনং পূজায়াং নিষ্ঠীবনং। তস্যাং স্বগর্ব্বপ্রতিপাদনং। তির্য্যক্ পুণ্ড্রধৃতিঃ। অপ্রক্ষালিত পদস্থেঽপি তন্মন্দিরে প্রবেশঃ। অবৈষ্ণবপক্বনিবেদনং। অবৈষ্ণবদৃষ্টৌ পূজনং। বিঘ্নেশমপূজয়িত্বা কপালিনং দৃষ্ট্বা বা পূজনং। নখাম্ভসা স্নপনং। ঘর্ম্মাম্বুলিপ্তদেহেঽপি পূজনমিত্যাদয়ঃ। অন্যত্র নির্ম্মাল্য লঙ্ঘনভগবচ্ছ-

---

হস্তদ্বারা প্রণাম। ৫। শ্রীকৃষ্ণের সম্মুখে প্রদক্ষিণ। ৬। ভগবানের অগ্রে পাদ প্রসারণ। ৭। পর্য্যঙ্কবন্ধন অর্থাৎ ভগবানের অগ্রে হস্তদ্বারা জানুদ্বয় বন্ধন পূর্ব্বক উপবেশন। ৮। শ্রীকৃষ্ণের শ্রীমূর্ত্তির অগ্রে শয়ন। ৯। ভোজন। ১০। মিথ্যা কথন। ১১। উচ্চৈঃস্বরে ভাষণ। ১২। পরস্পর কথোপকথন। ১৩। রোদন। ১৪। কলহ। ১৫। কাহারও প্রতি নিগ্রহ। ১৬। কাহারও প্রতি অনুগ্রহ করণ। ১৭। শ্রীকৃষ্ণের শ্রীমূর্ত্তির অগ্রভাগে সাধারণ

মনুষ্যের প্রতি নিষ্ঠুর ভাষণ। ১৮। কম্বলের আবরণ অর্থাৎ কম্বল আবরণ দিয়া সেবাদি কার্য্য করিবে না, কি জানি তাহা হইতে লোম স্খলিত হইতে পারে।১৯। ভগবৎ অগ্রে পর নিন্দা।২০। পর স্তুতি। ২১। অশ্লীল ভাষণ অর্থাৎ গালি দেওন।২২। অধো বায়ু পরিত্যাগ। ২৩। সামর্থ্য থাকিতেও অল্প উপচার দান অর্থাৎ পুষ্প তুলসী প্রভৃতি আহরণ করিয়া পরিপাটী রূপে ভগবৎ পূজাদি নির্ব্বাহ করিতে সামর্থ্য থাকিতেও সংক্ষেপে জলমধ্যে পূজাদি নির্ব্বাহ করণ অথবা অর্থসামর্থ্য থাকিতেও কুণ্ঠতা প্রকাশ পূর্ব্বক অল্প-ব্যয়ে ভগবৎ উৎসবাদি নির্ব্বাহ করণ।২৪। অনিবেদিত ভক্ষণ।২৫। যে কালে যে ফল বা শস্যাদি উৎপন্ন হয় সেই কালে তাহা ভগবান্‌কে সমর্পণ না করা।২৬। আনীত দ্রব্যের অগ্র-ভাগ অন্যকে দিয়া অবশিষ্টাংশ ব্যঞ্জনাদিতে প্রদান। ২৭। শ্রীমূর্ত্তির দিকে পৃষ্ঠ করিয়া উপবেশন। ২৮। শ্রীকৃষ্ণের শ্রীমূ-র্ত্তির অগ্রে অন্যকে অভিবাদন। ২৯। গুরুদেবে মৌন অর্থাৎ গুরুদেবের অগ্রে কোন স্তবাদি না করিয়া তুষ্ণীম্ভাবে অব-স্থিত হওন।৩০। আপনার স্তুতি করণ অর্থাৎ আপনিই আপ-নার প্রশংসা করণ।৩১। এবং দেবতানিন্দন।৩২। বিষ্ণুর এই দ্বাত্রিংশৎ প্রকার অপরাধ কীর্ত্তিত হইল, এতদ্ভিন্ন বরাহ-পুরাণে যে সকল অপরাধ কীর্ত্তন করিয়াছেন তাহা সংক্ষেপে লিখিত হইতেছে। যথা-রাজান্ন ভক্ষণ। ১। অন্ধকার গৃহে শ্রীমূর্ত্তির স্পর্শন।২। বিধি উল্লঙ্ঘন করিয়া স্বেচ্ছাচারে হরির

উপাসনা। ৩। বাদ্য না করিয়া শ্রীমন্দিরের দ্বার উদ্ঘাটন।৪। যে দ্রব্যের প্রতি কুক্কুর দৃষ্টিপাত করিয়াছে তদ্দ্বারা ভক্ষ্য দ্রব্যের সংগ্রহ করণ। ৫। পূজাকালে মৌন ভঙ্গ। ৬। পূজা করিতে করিতে মল ত্যাগার্থ গমন। ৭। গন্ধমাল্য প্রদান না করিয়া অগ্রে ধূপ দেওন।৮। অযোগ্য পুষ্পে পূজন।৯। দন্তধাবন না করণ। ১০। ও স্ত্রী সম্ভোগ।১১। রজঃস্বলা-স্ত্রী স্পর্শ। ১২। দীপ স্পর্শ। ১৩। শব স্পর্শ। ১৪। রক্তবর্ণ, নীলবর্ণ, অধৌত পরের এবং মলিন বস্ত্র পরিধান। ১৫। মৃত দর্শন।১৬। অপান বায়ু পরিত্যাগ।১৭। ক্রোধ করণ।১৮। শ্মশান গমন। ১৯। ভুক্ত দ্রব্য জীর্ণ না হইতে। ২০। কুসুম্ভ অর্থাৎ গাঁজা পান।২১। পিন্যাক অর্থাৎ অহিফেন ভোজন।২২ এবং তৈল মর্দ্দন করিয়া হরি স্পর্শ ও হরির সেবা করিলে, পাপ জন্মে।২৩। অপর অন্যত্র বর্ণিত আছে। ভগবচ্ছাস্ত্রের প্রতি অনাদর করিয়া তৎপ্রতিপত্তি। অন্য শাস্ত্রের প্রবর্ত্তন। ভগবানের অগ্রে তাম্বূল চর্ব্বণ। এরণ্ড পত্রস্থ পুষ্প দ্বারা অর্চ্চন। আসুরিক কালে ভগবৎ পূজা। পীঠ অথবা ভূমিতে উপবেশন পূর্ব্বক পূজন। স্নান কালে বাম হস্ত দ্বারা শ্রীমূর্ত্তি স্পর্শন। পর্য্যুষিত অথবা যাচিত পুষ্প দ্বারা অর্চ্চন। পূজাকালে থুৎকার নিক্ষেপ। পূজা-বিষয়ে স্বীয় গর্ব্ব প্রতিপাদন অর্থাৎ আমি বর পূজক ইত্যাদি মনন। তির্য্যক্ পুণ্ড্র ধারণ। পাদ প্রক্ষালন না করিয়া শ্রীমন্দিরে প্রবেশ। অবৈষ্ণবের পাক করা অন্ন ভগবান্‌কে

পাদ্মে চ॥

সর্ব্বাপরাধকৃদপি মুচ্যতে হরিসংশ্রয়ঃ।
হরেরপ্যপরাধান্ যঃ কুর্য্যাদ্দ্বিপদপাংশলঃ॥
নামাশ্রয়ঃ কদাচিৎ স্যাৎ তরত্যেব স নামতঃ

পথাদয়ো হন্যোচ বহব ইতি। অথ নামাপরাধাঃ পাদ্মোক্তাঃ। সতাং নিন্দা। শ্রীবিষ্ণোঃ সকাশাৎ শিবস্য নামাদেঃ স্বাতন্ত্র্যমননং। গুর্ব্ববজ্ঞা। শ্রুতি-তদনুগতশাস্ত্রনিন্দনং। হরিনামমহিম্নি অর্থবাদমাত্রমিদমিতি মননং। তত্র প্রকারান্তরেণার্থকল্পনং। নাম বলেন পাপে প্রবৃত্তিঃ। অন্যশুভক্রিয়াভি র্নাম-সামান্যমননং। অশ্রদ্দধানাদৌ নামোপদেশঃ নামমাহাত্ম্যে শ্রুতেঽপ্যপ্রীতি-

---

নিবেদন। অবৈষ্ণবের সম্মুখে বিষ্ণুপূজন। গণেশকে পূজা না করিয়া এবং কপালি অর্থাৎ স্বনামখ্যাত নীচ জাতি-বিশেষকে দর্শন করিয়া বিষ্ণুপূজন। নখস্পৃষ্ট জলে শ্রীমূর্ত্তির স্নপন। এবং ঘর্ম্মাম্বুলিপ্ত কলেবরে হরিপূজন, এতদ্ভিন্ন অন্যত্র বর্ণিত আছে। নির্ম্মাল্য-লঙ্ঘন। ভগবৎ-শপথাদি করণ। ইত্যাদি অনেকানেক সেবাপরাধ আছে॥

নামাপরাধ যথা পদ্মপুরাণে॥

মনুষ্য সর্ব্ব প্রকার অপরাধ করিয়াও যদি হরিচরণারবিন্দ আশ্রয় করে, তাহা হইলে সকল অপরাধ হইতে পরিত্রাণ পায়, কিন্তু যে নরাধম হরির নিকটেও অপরাধী, সে যদি কখন হরিনামের আশ্রিত হয়, তাহা হইলে নামমাহাত্ম্যে ঐ অপরাধ হইতে নিস্তার পাইতে পারে। ফলতঃ হরিনাম

নাম্নো হি সর্ব্ব সুহৃদো হ্যপরাধাৎ পতত্যধঃ ॥ ৫৪ ॥

তন্নিন্দাদ্যসহিষ্ণুতা যথা শ্রীদশমে ॥

নিন্দাং ভগবতঃ শৃণ্বংস্তৎপরস্য জনস্য বা।

রিতি। সর্ব্ব এবৈতে হরিভক্তিবিলাসে প্রমাণবচনৈর্দ্রষ্টব্যাঃ ॥ ৫৪ ॥

সকলের সুহৃদ্, অতএব নামাপরাধ করিলে অধোলোকে পতিত হইতে হইবে। ৫৪ ॥

নামাপরাধ যথা ॥

সৎ সকলের নিন্দা।১। বিষ্ণু নাম হইতে শিব নামাদির স্বাতন্ত্র্য রূপে মনন অর্থাৎ বিষ্ণু নাম হইতে পৃথক্ রূপে শিবনামাদির চিন্তন।২। গুরুদেবের প্রতি অবজ্ঞা প্রকাশ।৩। বেদ ও বেদানুগত শাস্ত্রের নিন্দা। ৪। হরিনামের মাহাত্ম্যে "ইহা অর্থবাদ অর্থাৎ স্তুতি মাত্র" ইত্যাদি মনন। ৫। অথবা প্রকারান্তরে নামের অর্থ কল্পন।৬। নামবলে পাপে প্রবৃত্তি। ৭। অন্য শুভ ক্রিয়ার সহিত নামের তুল্যত্ব চিন্তন। ৮। শ্রদ্ধাবিহীন জনকে নামোপদেশ।৯। এবং নামমাহাত্ম্য-শ্রবণ করিয়া তাহাতে অপ্রীতি। ১০। এই দশ প্রকার নামাপরাধ বৈষ্ণব ব্যক্তি অবশ্য বর্জন করিবেন ॥

ভগবান্ বা ভগবজ্জনের নিন্দাদিতে

অসহিষ্ণুতা যথা দশমস্কন্ধে ৭৪ অ। ২৬। শ্লোকে ॥

শুকদেব কহিলেন, রাজন্! যে ব্যক্তি ভগবান্ বা ভগবৎ পরায়ণ জনের নিন্দা শ্রবণ করিয়া, সেই স্থান হইতে

ততো নাপৈতি যঃ সোঽপি যাত্যধঃ সুকৃতাচ্চ্যুতঃ ॥

অথ বৈষ্ণবচিহ্নধৃতির্যথা পাদ্মে ॥

যে কণ্ঠলগ্নতুলসীনলিনাক্ষমালা-
যে বাহুমূলপরিচিহ্নিতশঙ্খচক্রাঃ।
যে বা ললাটফলকে লসদূর্দ্ধপুণ্ড্রা-
স্তে বৈষ্ণবা ভুবনমাশু পবিত্রয়ন্তি ॥

নামাক্ষরধৃতির্যথা স্কান্দে ॥

হরিনামাক্ষরযুতং ভালে গোপীমৃদঙ্কিতং।
তুলসীমালিকোরস্কং স্পৃশেয়ুর্ন যমোদ্ভটাঃ ॥ ৫৫ ॥

গোপীমৃদঙ্কিতং গোপীচন্দনেন তিলকিতং ॥ ৫৫ ॥

পলায়ন না করে, সে সমুদায় পুণ্য হইতে বিচ্যুত হইয়া অধোগামী হয় ॥

বৈষ্ণবচিহ্ন ধারণ যথা পদ্মপুরাণে ॥

যাঁহারা কণ্ঠদেশে তুলসী, পদ্মবীজ ও রুদ্রাক্ষমালা-ধারণ করেন, যাঁহারা বাহুমূলে শঙ্খ চক্রের চিহ্ন ধারণ করিয়া থাকেন এবং যাঁহাদের ললাটদেশ ঊর্দ্ধপুণ্ড্রে দেদীপ্যমান, তাঁহারাই বৈষ্ণব, তাঁহারাই ভুবন তলকে আশু পবিত্র করেন ॥

হরিনামাক্ষর ধারণ যথা স্কন্দপুরাণে ॥

যাঁহার ললাট দেশ গোপীচন্দনে তিলকিত, গাত্রে হরি নামাক্ষর লিখন এবং হৃদয়ে তুলসী মালা দোদুল্যমান রহিয়াছে, যমকিঙ্করগণ তাহাকে স্পর্শ করিতে পারে না ॥৫৫॥

পাদ্মে চ ॥

কৃষ্ণনামাক্ষরৈ র্গাত্রমঙ্কয়েচ্চন্দনাদিনা।
স লোকপাবনো ভূত্বা তস্য লোকমবাপ্নুয়াৎ ॥

নির্ম্মাল্যধৃতির্যথৈকাদশে ॥

ত্বয়োপযুক্তস্রগ্‌গন্ধ বাসোঽলঙ্কারচর্চ্চিতাঃ।
উচ্ছিষ্টভোজিনো দাসাস্তব মায়াং জয়েম হি ॥

স্কান্দে চ ॥

কৃষ্ণোত্তীর্ণন্তু নির্ম্মাল্যং যস্যাঙ্গং স্পৃশতে মুনে।

ত্বয়োপযুক্তেতি শ্রীমদুদ্ধববাক্যং পরোক্ষপুষ্পাদাবপীতি ভাবঃ। জয়েম জেতুং শক্নুম ইত্যর্থঃ। এতদুত্তরমস্য পদদ্বয়ং চান্তি মুনয়ো বাতবসনাঃ শ্রমণা ঊর্দ্ধমন্থিনঃ। ব্রহ্মাখ্যং ধাম তে যান্তি শান্তাঃ সন্ন্যাসিনোঽমলাঃ ॥

পদ্মপুরাণে ॥

যিনি চন্দনাদি দ্বারা গাত্রে হরিনামাক্ষর লিখন করেন, তিনি লোকপাবন হইয়া শ্রীকৃষ্ণের সালোক্য প্রাপ্ত হইবেন ॥

নির্ম্মাল্য ধারণ,যথা একাদশ স্কন্ধে ৬ অ। ৩১ শ্লোকে ॥

উদ্ধব কহিলেন, কৃষ্ণ! তুমি যে সমস্ত বস্তু উপভোগ করিয়া ত্যাগ করিয়াছ, সেই মাল্য, গন্ধ, বস্ত্র ও অলঙ্কারে অলঙ্কৃত হইয়াছি এবং দাসের ন্যায় তোমার উচ্ছিষ্ট ভোজন করিয়া থাকি, অতএব তোমার মায়া অনায়াসেই জয় করিব॥

স্কন্দপুরাণে ॥

ব্রহ্মা কহিলেন, হে নারদ! শ্রীকৃষ্ণের অঙ্গোত্তীর্ণ

সর্ব্বরোগৈ স্তথা পাপৈ র্মুক্তো ভবতি নারদ ॥ ৫৬ ॥

অগ্রে তাণ্ডবং যথা দ্বারকামাহাত্ম্যে ॥

যো নৃত্যতি প্রহৃষ্টাত্মা ভাবৈর্ব্বহু সুভক্তিতঃ।
স নির্দ্দহতি পাপানি মন্বন্তরশতেষ্বপি ॥

তথা শ্রীনারদোক্তৌ চ ॥

নৃত্যতাং শ্রীপতেরগ্রে তালিকাবাদনৈর্ভৃশং।
উড্ডীয়ন্তে শরীরস্থাঃ সর্ব্বে পাতকপক্ষিণঃ ॥

বয়স্ত্বিহ মহারোগিন্ ভ্রমামঃ কর্ম্মবর্ত্মসু। ত্বদ্বার্ত্তয়া তরিষ্যামস্তাবকৈর্দুস্তরং তমঃ। ইতি। তরিষ্যামস্তর্ত্তুং শক্নুম ইত্যর্থঃ ॥ ৫৬ ॥

মন্বন্তরশতেষ্বিত্যত্র জাতানীতি শেষঃ ॥ ৫৭ ॥

নির্ম্মাল্য যাহার অঙ্গ স্পর্শ করে, সে ব্যক্তি সর্ব্ব প্রকার রোগ ও পাপরাশি হইতে মুক্তি লাভ করেন ॥ ৫৬ ॥

হরির সম্মুখে নৃত্য, যথা দ্বারকামাহাত্ম্যে ॥

শ্রীকৃষ্ণ কহিলেন, নারদ! যে ব্যক্তি প্রহৃষ্ট চিত্তে ঐকান্তিকী ভক্তি সহকারে বিবিধ ভাব ব্যঞ্জক অঙ্গ ভঙ্গী করিয়া আমার অগ্রে নৃত্য করেন, তাঁহার শত শত মন্বন্তর সঞ্চিত পাপপুঞ্জ দগ্ধ হইয়া যায় ॥

এবং নারদও কহিয়াছেন যথা ॥

যে ব্যক্তি শ্রীকৃষ্ণের অগ্রে করতালি দিয়া বারম্বার নৃত্য করেন, তাঁহার শরীরস্থ পাপরূপ পক্ষি সকল ঊর্দ্ধে পলায়ন করে ॥

দণ্ডবন্নতির্যথা নারদীয়ে ॥

একোহপি কৃষ্ণায় কৃতপ্রণামো দশাশ্বমেধাবভৃথৈর্ন তুল্যঃ।
দশাশ্বমেধী পুনরেতি জন্ম কৃষ্ণপ্রণামী ন পুনর্ভবায় ॥

অভ্যুত্থানং যথা ব্রহ্মাণ্ডে ॥

যানারূঢ়ং পুরঃ প্রেক্ষ্য সমায়ান্তং জনার্দ্দনং।
অভ্যুত্থানং নরঃ কুর্ব্বন্ পাতয়েৎ সর্ব্বকিল্বিষং ॥ ৫৭ ॥

অথানুব্রজ্যা যথা ভবিষ্যোত্তরে।

রথেন সহ গচ্ছন্তি পার্শ্বতঃ পৃষ্ঠতোহগ্রতঃ।

রথেনেত্যুপলক্ষণং। অন্যেনাপি ইত্যয়েমিতি ভাবঃ। এবং পূর্ব্বত্র চ যানারূঢ়মিত্যত্র জ্ঞেয়ং ॥ ৫৮ ॥

দণ্ডবৎ প্রণাম, যথা নারদপুরাণে ॥

দশ অশ্বমেধ যজ্ঞের অবভৃথ স্নান ও শ্রীকৃষ্ণে একবার-মাত্র প্রণাম, এতদুভয়ের তুল্য ফল হইতে পারে না, কারণ-দশ অশ্বমেধ যজ্ঞকারী পুণ্যক্ষয়ে পুনর্ব্বার জন্ম গ্রহণ করে কিন্তু কৃষ্ণপ্রণামী ব্যক্তি পুনরায় ভবে আগমন করেন না ॥

অভ্যুত্থান অর্থাৎ গাত্রোত্থান।

যথা ব্রহ্মাণ্ডপুরাণে ॥

যে ব্যক্তি সম্মুখে রথারোহণে জনার্দ্দনকে আগমন করিতে দেখিয়া গাত্রোত্থান করেন, তিনি সমুদায় পাতককে পাতিত করিয়া থাকেন ॥ ৫৭ ॥

অনুগমন অর্থাৎ পশ্চাৎ ২ গমন।

যথা ভবিষ্যোত্তরে ॥

যে সকল মানব ভগবান্ রথারোহণে গমন করিতেছেন,

বিষ্ণুনৈব সমাঃ সর্ব্বে ভবন্তি শ্বপচাদয়ঃ ॥

স্থানে গতিঃ ॥

স্থানং তীর্থ গৃহঞ্চাস্য। তত্র তীর্থে গতি র্যথা।

পুরাণান্তরে।

সংসারমরুকান্তারনিস্তারকরণক্ষমৌ।
শ্লাঘ্যৌ তাবেব চরণৌ যৌ হরেস্তীর্থগামিনৌ ॥

আলয়ে যথা হরিভক্তিসুধোদয়ে।

প্রবিশন্নালয়ং বিষ্ণোর্দর্শনার্থং সুভক্তিমান্।
ন ভূয়ঃ প্রবিশেন্মাতুঃ কুক্ষিকারাগৃহং সুধীঃ ॥

দেখিয়া পার্শ্বদেশে অথবা পশ্চাৎ ভাগে কিম্বা সম্মুখে রথের সঙ্গে সঙ্গে গমন করে, তাহারা চণ্ডালাদি জাতি হইলেও বিষ্ণুর তুল্যত্ব লাভ করিয়া থাকে ॥

স্থানে গমন ॥

স্থান দুই প্রকার, তীর্থ এবং ভগবদালয়।

তন্মধ্যে তীর্থ গমন, যথা পুরাণান্তরে ॥

যে দুই চরণ হরিসম্বন্ধীয় তীর্থে গমনশীল, তাহাই অতিশয় প্রশংসনীয়। যে হেতু তদ্দ্বারা সংসার রূপ মরুভূমির দুর্গম পথ উত্তীর্ণ হওয়া যায় ॥

ভগবৎ আলয়ে গমন, যথা হরিভক্তিসুধোদয়ে ॥

যিনি বিশুদ্ধ ভক্তিযুক্ত হইয়া শ্রীবিষ্ণুর দর্শনার্থ আলয়ে প্রবেশ করেন, সেই সদ্বুদ্ধিশালী মানব মাতৃ-কুক্ষি রূপ কারাগৃহ পুনঃ প্রবেশ করিবেন না ॥

পরিক্রমা যথা তত্রৈব।

বিষ্ণুং প্রদক্ষিণীকুর্ব্বন্ যস্তত্রাবর্ত্ততে পুনঃ।
তদেবাবর্ত্তনং তস্য পুন র্নাবর্ত্ততে ভবে॥ ৫৮॥

স্কান্দে চ চাতুর্ম্মাস্যমাহাত্ম্যে।

চতুর্ব্বারং ভ্রমীভিস্তু জগৎ সর্ব্বং চরাচরং।
ক্রান্তং ভবতি বিপ্রাগ্র্য! তত্তীর্থগমনাধিকমিতি॥

অথার্চ্চনং।

শুদ্ধিন্যাসাদিপূর্ব্বাঙ্গকর্ম্মনির্ব্বাহ পূর্ব্বকং।

চতুরিত্যত্র বিষ্ণুং পরিতঃ। ইতি প্রকরণপ্রাপ্তং। তীর্থানাং শ্রীগঙ্গাদীনাং গমনাদপ্যধিকং। শীঘ্রং ভগবদ্ভক্তিপ্রদত্বাদিত্যর্থঃ॥

শুদ্ধির্ভূতশুদ্ধিঃ ন্যাসাঃ মাতৃকান্যাসাদয়ঃ। তদাদিকং পূর্ব্বমঙ্গং যস্য।

পরিক্রমা যথা হরিভক্তিসুধোদয়ে॥

যে মানব বিষ্ণুকে প্রদক্ষিণ করিতে করিতে যতবার আবর্ত্তন করিয়া থাকে, তাহার সেই আবর্ত্তন নিবন্ধন পুনর্ব্বার ভবে প্রত্যাবর্ত্তন করিতে হয় না॥

এবং স্কন্দপুরাণে চাতুর্মাস্যমাহাত্ম্যে॥

হে দ্বিজোত্তম! বিষ্ণুকে চারিবার প্রদক্ষিণ করিলে সমুদায় চরাচর জগৎ পরিক্রমা করা হয় এবং গঙ্গাদি তীর্থ সমুদায়ের গমন অপেক্ষা অধিক ফল হয়, কারণ এতদ্দ্বারা আশু ভগবদ্ভক্তি লাভ করিতে পারা যায়॥

অর্চ্চন॥

ভূতশুদ্ধি ও মাতৃকান্যাসাদি পূর্ব্বাঙ্গ নির্ব্বাহ পূর্ব্বক মন্ত্র

অর্চ্চনন্তূপচারাণাং স্যান্মন্ত্রেণোপপাদনং ॥ ৫৯ ॥

তদ্‌যথা শ্রীদশমে।

স্বর্গাপবর্গয়োঃ পুংসাং রসায়াং ভুবি সম্পদাং।
সর্ব্বাসামপি সিদ্ধীনাং মূলং তচ্চরণার্চ্চনং ॥

বিষ্ণুরহস্যে চ।

শ্রীবিষ্ণোরর্চ্চনং যে তু প্রকুর্ব্বন্তি নরা ভুবি।

তাদৃশ কর্ম্ম নির্ব্বাহ পূর্ব্বকং যন্মন্ত্রেণোপচারাণাং সমর্পণং তদর্চ্চনমিত্যন্বয়ঃ॥৫৯
স্বর্গাপবর্গয়োরিতি। অত্রার্চ্চনং প্রধানং কৃত্বা ভক্ত্যন্তরমহিমা সূচিতঃ ইত্যর্চ্চনং মহিমন্যেব লিখিতং মূলমিতি। অন্যত্তু তদভাবাদেব বিধীয়ত ইত্যর্থঃ। কালেন নষ্টা বাণীয়ং প্রলয়ে বেদসংজ্ঞিতা। ময়াদৌ ব্রহ্মণে প্রোক্তো ধর্ম্মো যস্যাং মদাত্মক ইতি। অকামঃ সর্ব্বকামো বা ইত্যাদেশ্চ। যদ্বা তদ্বহির্মুখানাং সাধনান্তরস্যাপ্যসিদ্ধেঃ। তচ্চ মন্ত্রত স্তন্ত্রতশ্ছিদ্রমি-

---

দ্বারা উপচার সমর্পণকেই অর্চ্চন কহে ॥ ৫৯ ॥

যথা দশমস্কন্ধে ৮১ অ। ১৬ শ্লোকে।

শ্রীদাম ব্রাহ্মণ গৃহে আগমন করিতে করিতে কহিলেন পুরুষদিগের স্বর্গ, অপবর্গ, পাতালের আধিপত্য, পৃথিবীর সম্পত্তি ও অণিমাদি সিদ্ধি সকলের মূল কারণ এক শ্রীকৃষ্ণের চরণার্চ্চন, ইহার দ্বারাই সর্ব্বার্থ সিদ্ধি হয় ॥

এবং বিষ্ণুরহস্যে যথা ॥

এই পৃথিবীতে যে সকল নর শ্রীবিষ্ণুর অর্চ্চন করেন,

তে যান্তি শাশ্বতং বিষ্ণোরানন্দং পরমং পদং ॥ ৬০ ॥

অথ পরিচর্য্যা।

পরিচর্য্যা তু সেবোপকরণাদি পরিষ্ক্রিয়া।
তথা প্রকীর্ণকচ্ছত্রবাদিত্রাদ্যৈরুপাসনা ॥

যথা নারদীয়ে।

মুহূর্ত্তং বা মুহূর্ত্তার্দ্ধং যস্তিষ্ঠেদ্ধরিমন্দিরে।
স যাতি পরমং স্থানং কিমু শুশ্রূষণে রতাঃ ॥

চতুর্থে চ।

ত্যাদেঃ। মুখবাহূরুপাদেভ্য ইত্যাদেঃ। তপস্বিনো দানপরা ইত্যাদেঃ"॥ ৬০ ॥
পরিচর্য্যাত্র রাজ্ঞ ইব সেবোচ্যতে। সা দ্বিধা। উপকরণাদিপরিক্রিয়া চামরাদিভিরুপাসনা চেত্যর্থঃ ॥ ৬১ ॥

তাঁহারাই বিষ্ণুর নিত্য পরমানন্দময় পরম ধাম প্রাপ্ত হইয়া থাকেন ॥ ৬০ ॥

অথ পরিচর্য্যা ॥

রাজার ন্যায় শ্রীকৃষ্ণের সেবনকে পরিচর্য্যা কহে। এই পরিচর্য্যা দুই প্রকার। . যথা উপকরণাদি পরিষ্কার করণ এবং চামরাদি দ্বারা উপাসনা ॥

যথা নারদপুরাণে ॥

যে ব্যক্তি মুহূর্ত্ত বা অর্দ্ধ মুহূর্ত্ত কাল হরিমন্দিরে অবস্থিতি করেন, তিনি পরম ধাম প্রাপ্ত হয়েন। কিন্তু সর্ব্বদা যাঁহারা হরিসেবায় রত তাঁহাদিগের কথা আর কি বলিব ? ॥

এবং চতুর্থস্কন্ধে ২১ অ। ২৯ শ্লোকে ॥

যৎপাদসেবাভিরুচিস্তপস্বিনা-
মশেষজন্মোপচিতং মলং ধিয়ঃ।
সদ্যঃ ক্ষিণোত্যন্বহমেধতী সতী
যথা পদাঙ্গুষ্ঠবিনিঃসৃতা সরিৎ॥ ৬১॥
অঙ্গানি বিবিধান্যেব স্যুঃ পূজাপরিচর্য্যয়োঃ।
ন তানি লিখিতান্যত্র গ্রন্থবাহুল্যভীতিতঃ॥

অথ গীতং যথা লৈঙ্গে।

ব্রাহ্মণো বাসুদেবাখ্যং গায়মানোঽনিশং পরং।
হরেঃ সালোক্যমাপ্নোতি রুদ্রগানাধিকং ভবেৎ॥ ৬২॥

ব্রাহ্মণ ইতি গানসামান্যস্য ব্রাহ্মণে নিষিদ্ধত্বাৎ। ব্রাহ্মণোঽপীত্যর্থঃ। রুদ্র-কর্ত্তৃকগানাদপি ভগবদগ্রে তস্য গানমধিকং ভবেদিত্যর্থঃ॥ ৬২॥

পৃথুরাজা কহিলেন অহে প্রজাগণ! ভগবান্ হরিই জীব সকলের মোক্ষ-দাতা, তদ্ভিন্ন অন্য দেবতা হইতে মুক্তির সম্ভাবনা নাই, কারণ তাঁহারাও জীব বিশেষ। অতএব যাঁহার চরণদ্বয়ের সেবাবিষয়ক অভিলাষও পদাঙ্গুষ্ঠ বিনিঃসৃতা সরিদ্বরা গঙ্গার ন্যায়, সংসারসন্তপ্ত জীবদিগের অশেষ জন্ম সঞ্চিত বুদ্ধিমালিন্য সদ্যঃ বিনিষ্ট করিয়া অহরহঃ বৃদ্ধি প্রাপ্ত হয়॥

পূজা এবং পরিচর্য্যার অঙ্গ বহুবিধ। কিন্তু গ্রন্থের বাহুল্যভয়ে এ স্থলে তাহা লিখিত হইল না॥ ৬১॥

গীত যথা লিঙ্গপুরাণে॥

ব্রাহ্মণ নিরন্তর পরম পুরুষ বাসুদেবের গুণ গান করিয়া

অথ সংকীর্ত্তনং ॥

নামলীলাগুণাদীনামুচ্চৈর্ভাষাতু কীর্ত্তনং ॥

তত্র নাম কীর্ত্তনং যথা বিষ্ণুধর্ম্মে ॥

কৃষ্ণেতি মঙ্গলং নাম যস্য বাচি প্রবর্ত্ততে।
ভস্মীভবন্তি রাজেন্দ্র! মহাপাতককোটয়ঃ ॥ ৬৩ ॥

লীলাকীর্ত্তনং যথা সপ্তমস্কন্ধে ॥

সোঽহং পরস্য সুহৃদঃ পরদেবতায়া-

কৃষ্ণেতি মঙ্গলং নামেত্যর্চ্চনবদেব ব্যাখ্যেয়ং। তদেতৎ প্রাধান্যেন নামান্তরকীর্ত্তনমপি জ্ঞেয়মিতি। এবমন্যত্রাপি ॥ ৬৩ ॥

তিতর্ম্মি তরিষ্যামীত্যর্থঃ ॥ ৬৪ ॥

তাঁহার সালোক্য লাভ করিয়া থাকেন, এমন কি শ্রীকৃষ্ণ মহাদেবকৃত সঙ্গীত-অপেক্ষা তাঁহার গানকে অধিক প্রিয়তর জ্ঞান করেন ॥ ৬২ ॥

অথ সংকীর্ত্তন ॥

নাম, রূপ ও গুণাদির উচ্চরূপে উচ্চারণ করাকে কীর্ত্তন বলে ॥

তন্মধ্যে নাম সংকীর্ত্তন যথা বিষ্ণুধর্ম্মে ॥

হে রাজেন্দ্র! "কৃষ্ণ" এই পরম মঙ্গলপ্রদ নাম যাঁহার বাক্যে বিরাজ করেন তাহার কোটি কোটি মহাপাতক ভস্মীভূত হইয়া যায় ॥ ৬৩ ॥

লীলাকীর্ত্তন যথা সপ্তমস্কন্ধে ৯ অ। ১৭ শ্লোকে ॥

প্রহ্লাদ কহিলেন হে নৃসিংহ! আমি আপনকার দাস

লীলাকথাস্তব নৃসিংহবিরিঞ্চিগীতাঃ।
অঞ্জস্তিতর্ম্যনুগৃণন্ গুণবিপ্রমুক্তো
দুর্গাণি তে পদযুগালয়হংসসঙ্গঃ॥ ৬৪॥

গুণকীর্ত্তনং যথা প্রথমস্কন্ধে॥

ইদং হি পুংসস্তপসঃ শ্রুতস্য বা
স্বিষ্টস্য সূক্তস্য চ বুদ্ধদত্তয়োঃ।
অবিচ্যুতোঽর্থঃ কবিভি র্নিরূপিতো
যদুত্তমঃশ্লোকগুণানুবর্ণনং॥

হইলে প্রিয় পরম সুহৃদ্ ও পরম দেবতা যে আপনি, আপনকার লীলা কথা উচ্চারণ করত সুমহৎ দুঃখ সকলও গণ্য করিব না, তৎকালে আপনার পদযুগলই যাঁহাদের আলয়, সেই সকল ভক্ত স্বরূপ যে সমস্ত হংস অর্থাৎ তত্ত্বজ্ঞ, তাঁহাদের সহিত সঙ্গ হওয়াতে রাগাদি হইতে বিশেষরূপে পরিত্রাণ পাইব। প্রভো! আপনকার লীলাকথা অবগত হওয়া আমার পক্ষে কঠিন হইবে না, ব্রহ্মা ঐ সকল কথা গান করিয়াছিলেন, তাহাতে তাহা সম্প্রদায় প্রবৃত্ত হইয়া আসিয়াছে॥ ৬৪॥

গুণ কীর্ত্তন যথা প্রথমস্কন্ধে ৫ অ। ২২ শ্লোকে॥

নারদ কহিলেন হে ব্যাস। উত্তমঃশ্লোক শ্রীকৃষ্ণের যে গুণানু বর্ণন, পণ্ডিতেরা তাহাকেই তপস্যা, বেদাধ্যয়ন, যজ্ঞ, মন্ত্রপাঠ জ্ঞান এবং দান এই সকল কর্ম্মের নিত্য ফল বলিয়া কীর্ত্তন করিয়াছেন॥

জপঃ ॥

মন্ত্রস্য সুলঘূচ্চারো জপ ইত্যভিধীয়তে ॥

যথা পাদ্মে ॥

কৃষ্ণায় নম ইত্যেষ মন্ত্রঃ সর্ব্বার্থসাধকঃ।
ভক্তানাং জপতাং ভূপ! স্বর্গমোক্ষফলপ্রদঃ ॥

বিজ্ঞপ্তি র্যথা স্কান্দে ॥

হরিমুদ্দিশ্য যৎ কিঞ্চিৎ কৃতং বিজ্ঞাপনং গিরা।
মোক্ষদ্বারার্গলান্মোক্ষ স্তেনৈব বিহিত স্তবঃ ॥ ইতি ॥
সংপ্রার্থনাময়ী দৈন্যবোধিকা লালসাময়ী।
ইত্যাদি র্বিবিধা ধীরৈঃ কৃষ্ণে বিজ্ঞপ্তিরীরিতা ॥

জপ ॥

মন্ত্রের অতিশয় লঘু উচ্চারণকে জপ কহে। অর্থাৎ এরূপে মন্ত্র উচ্চারণ করিতে হয় তাহা কেবল আপনার কর্ণ গোচরমাত্র হয়, অন্যে শুনিতে পায় না ॥

যথা পদ্মপুরাণে ॥

হে রাজন্! "কৃষ্ণায় নমঃ" এই মন্ত্র সমুদায় অর্থসিদ্ধি বিষয়ে সাধক। যে সকল হরিভক্ত পুরুষ ইহা জপ করেন তাঁহাদিগের স্বর্গ ও মোক্ষ লাভ হইয়া থাকে ॥

বিজ্ঞপ্তি যথা স্কন্দপুরাণে ॥

তুমি হরিকে উদ্দেশ করিয়া যাহা কিছু নিবেদন করিয়াছ এতদ্দ্বারাই তোমার মোক্ষদ্বারের অর্গল (খিল) বিমুক্ত হইয়াছে ॥

ধীরগণ শ্রীকৃষ্ণবিষয়ে বিজ্ঞপ্তি তিন প্রকার কীর্ত্তন

তত্র সংপ্রার্থনাত্মিকা যথা পাদ্মে॥
যুবতীনাং যথা যূনি যূনাঞ্চ যুবতৌ যথা।
মনোভিরমতে তদ্বন্মনোভিরমতাং ত্বয়ি॥
দৈন্যবোধিকা যথা তত্রৈব॥
মত্তুল্যো নাস্তি পাপাত্মা নাপরাধী চ কশ্চন।
পরিহারেঽপি লজ্জা মে কিং ব্রুবে পুরুষোত্তম।॥
লালসাময়ী যথা নারদপঞ্চরাত্রে॥
কদা গম্ভীরয়া বাচা শ্রিয়া যুক্তো জগৎপতে।

করিয়াছেন। যথা সংপ্রার্থনাময়ী, দৈন্যবোধিকা অর্থাৎ স্বীয় দৈন্য নিবেদন ও লালসাময়ী॥

সংপ্রার্থনাত্মিকা বিজ্ঞপ্তি, যথা স্কন্দপুরাণে॥

হে ভগবন্! যুবতীগণের যেমন যুবা পুরুষে এবং যুবা দিগের যেমন যুবতীতে (স্ত্রীতে) মন আসক্ত হয়, তদ্রূপ আমারচিত্ত তোমাতে অনুরক্ত হউক॥

দৈন্যবোধিকা বিজ্ঞপ্তি, যথা স্কন্দপুরাণে॥

হে পুরুষোত্তম! আমার তুল্য পাপাত্মা ও অপরাধী আর কেহই নাই, বলিব কি? পাপ পরিহারের নিমিত্ত তোমার নিকট দৈন্য জানাইতে আমার লজ্জা হইতেছে॥

লালসাময়ী বিজ্ঞপ্তি, যথা নারদপঞ্চরাত্রে॥

হে জগৎপতে! আমার এমন দিন কবে উপস্থিত হইবে যে দিন সলক্ষ্মীক তোমাকে চামর করিতে আমার হস্ত ব্যগ্র

চামরব্যগ্রহস্তং মামেবং কুর্ব্বিতি বক্ষ্যসি ॥

অথবা ॥

কদাহং যমুনাতীরে নামানি তব কীর্ত্তয়ন্।
উদ্বাষ্পঃ পুণ্ডরীকাক্ষ রচয়িষ্যামি তাণ্ডবং ॥ ৬৫ ॥

স্তবপাঠঃ ॥

প্রোক্তা মনীষিভি র্গীতা স্তবরাজাদয়ঃ স্তবাঃ ॥

কদাহং যমুনাতীরে ইতি দূরতঃ প্রার্থনা কস্যচিজ্জাতভাবস্য যতঃ সংপ্রার্থনা অনুৎপন্ন ভাবস্য লালসাতু জাতভাবস্যেতি ভেদঃ। লালসাময়ত্বাৎ সংপ্রার্থনাপ্যত্র লালসেত্যেব ভণ্যতে। অতো লালসাময়ীয়ং। অত্রেদৃশে সংপ্রার্থনালালসে প্রস্তাবাদেব দর্শিতে। কিন্তু রাগানুগায়ামেব জ্ঞেয়ে ॥ ৬৫ ॥

গীতায়াস্তবত্বং ভগবন্মহিমাত্মকত্বাৎ। স্তবরাজো গৌতমীয়োক্ত স্তবরাজঃ ॥ ৬৬ ॥

দেখিয়া তুমি আমাকে "এইরূপ কর" এই বলিয়া আদেশ করিবা ॥

যথাবা ॥

হে পুণ্ডরীকাক্ষ (পদ্মনেত্র!) কবে আমি যমুনাতীরে তোমার নাম সকল কীর্ত্তন করিতে করিতে সজল নয়নে নৃত্য আরম্ভ করিব ॥ ৬৫ ॥

স্তব ॥

পণ্ডিতগণ ভগবদ্গীতা ও গৌতমীয় তন্ত্রোক্ত স্তবরাজকে শ্রীকৃষ্ণের স্তব বলিয়া নির্দ্দেশ করেন ॥

যথা স্কান্দে ॥

শ্রীকৃষ্ণস্তবরত্নৌঘৈ র্যেষাং জিহ্বা ত্বলঙ্কৃতা ।
নমস্যা মুনিসিদ্ধানাং বন্দনীয়া দিবৌকসাং ॥ ৬৬ ॥

নারসিংহে চ ॥

স্তোত্রৈঃ স্তবৈশ্চ দেবাগ্রে যঃ স্তৌতি মধুসূদনং ।
সর্ব্বপাপবিনির্ম্মুক্তো বিষ্ণুলোকমবাপ্নুয়াৎ ॥ ৬৭ ॥

নৈবেদ্যাস্বাদো যথা পাদ্মে ।

নৈবেদ্যমন্নং তুলসীবিমিশ্রং
বিশেষতঃ পাদজলেন সিক্তং ।

স্তোত্রস্তবয়োরভেদেহপ্যবান্তরভেদঃ । পূর্ব্বপ্রসিদ্ধস্বকৃতত্বাভ্যাং জ্ঞেয়ঃ । স্তোত্রস্য করণসাধনত্বেন পূর্ব্বসিদ্ধত্বপ্রতীতেঃ । স্তবস্য ভাব-সাধনত্বেন স্বকৃতত্বপ্রতীতেঃ তথাপি প্রোক্তা মনীষিভিরিত্যাদৌ গীতা-দীনাং স্তবত্বমুক্তং তত্র স্বনন্য গত্যা করণসাধনত্বমেব কর্ত্তব্যং তদেবাগ্রে শ্রীমদর্চ্চায়াঃ পুরতঃ ॥ ৬৭ ॥

স্তবপাঠ যথা স্কন্দপুরাণে ॥

শ্রীকৃষ্ণের স্তবরূপ রত্নসমূহে যাঁহাদিগের জিহ্বা অলঙ্কৃতা হইয়াছে, সেই সকল মানব, মুনি ও সিদ্ধগণের নমস্য এবং দেবতাদিগের বন্দনীয় হয়েন ॥ ৬৬ ॥

এবং নৃসিংহপুরাণে ॥

যে ব্যক্তি ভগবান্ মধুসূদনের সম্মুখবর্ত্তী হইয়া স্তোত্র এবং স্তব দ্বারা তাঁহাকে স্তুতি করেন, তিনি নিখিল পাপ হইতে বিনির্ম্মুক্ত হইয়া বিষ্ণুলোক প্রাপ্ত হইয়া থাকেন ॥ ৬৭

নৈবেদ্যাস্বাদ গ্রহণ, যথা পদ্মপুরাণে ॥

যে ব্যক্তি মুরারির সম্মুখ ভাগ পরিত্যাগ করিয়া চরণামৃতে

যোঽশ্নাতি নিত্যং পুরতো মুরারেঃ
প্রাপ্নোতি যজ্ঞাযুতকোটিপুণ্যং ॥

পাদ্যাস্বাদো যথা তত্রৈব ॥

ন দানং ন হবির্যেষাং স্বাধ্যায়ো ন সুরার্চ্চনং।
তেঽপি পাদোদকং পীত্বা প্রয়ান্তি পরমাং গতিং ॥

অথ ধূপসৌরভ্যং যথা হরিভক্তিসুধোদয়ে ॥

আঘ্রাণং যদ্ধরের্দ্দত্তধূপোচ্ছিষ্টস্য সর্ব্বতঃ।
তদ্ভাবব্যালদষ্টানাং নস্যং কর্ম্ম বিষাপহং ॥

মুরারেঃ পুরত ইতি ল্যপ্লোপে পঞ্চমী। পুরং অন্তঃপুরং পরিত্যজ্যেত্যর্থঃ। তদগ্রে ভোজননিষেধাৎ ॥ ৬৮ ॥

বিশেষরূপে সিক্ত তুলসী--দলসমন্বিত নৈবেদ্যান্ন নিত্য ভোজন করেন, তিনি দশ সহস্র কোটি যজ্ঞের পুণ্য প্রাপ্ত হয়েন ॥

চরণামৃতের আস্বাদন, যথা পদ্মপুরাণে ॥

যাহাদিগের দান, যজ্ঞ, বেদাধ্যয়ন ও দেবার্চ্চন প্রভৃতি সৎ কর্ম্মের অনুষ্ঠান নাই, তাহারাও বিষ্ণুপাদোদক পান করিয়া পরম গতি প্রাপ্ত হয় ॥

ধূপসৌরভ্য, যথা হরিভক্তিসুধোদয়ে ॥

হরিকে নিবেদন করিয়া উচ্ছিষ্ট ধূপের আঘ্রাণ করিলে সংসাররূপ সর্পদষ্ট জীবগণের বিষনাশন নস্য (নাস) ক্রিয়ার অনুষ্ঠান করা হয় ॥

মাল্যসৌরভ্যং যথা তন্ত্রে ॥

প্রবিষ্টে নাসিকারন্ধ্রে হরের্নির্মাল্যসৌরভে।
সদ্যো বিলয়মায়াতি পাপপঞ্জরবন্ধনং ॥ ৬৮ ॥

অগস্ত্যসংহিতায়াঞ্চ ॥

আঘ্রাণং গন্ধপুষ্পাদেরর্চ্চিতস্য তপোধন।
বিশুদ্ধিঃ স্যাদনন্তস্য ঘ্রাণস্যেহাভিধীয়তে ॥ ৬৯ ॥

অথ শ্রীমূর্ত্তেঃ স্পর্শনং যথা বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

স্পৃষ্ট্বা বিষ্ণোরধিষ্ঠানং পবিত্রঃ শ্রদ্ধয়ান্বিতঃ।

অর্চ্চিতস্যানন্তস্য ভগবতঃ সম্বন্ধী যো গন্ধপুষ্পাদি স্তস্যাঘ্রাণং ঘ্রাণেন্দ্রিয়স্য ইহ জগতি বিশুদ্ধি স্তদ্ধেতুঃ স্যাদিত্যবধীয়ত ইতি ॥ ৬৯ ॥

অথ শ্রীমদর্চ্চামাত্রস্য স্পর্শাধিকারিণাং স্পর্শমাহাত্ম্যমাহ স্পৃষ্ট্বেতি ॥ ৭০ ॥

নির্ম্মাল্যসৌরভ, যথা তন্ত্রে ॥

হরিনির্ম্মাল্যের সৌরভ নাসারন্ধ্রে প্রবিষ্ট হইলে, পাপ-রূপ পিঞ্জর বন্ধন তৎক্ষণাৎ বিনষ্ট হইয়া যায় ॥

অগস্ত্যসংহিতাতেও বলিয়াছেন ॥

হে তপোধন! গন্ধপুষ্পাদি দ্বারা ভগবান্ হরি পূজিত হইলে,তাঁহার সেই নির্ম্মাল্যের আঘ্রাণই ঘ্রাণেন্দ্রিয়ের বিশুদ্ধির কারণ হইয়া থাকে ॥

শ্রীমূর্ত্তির স্পর্শন, যথা বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

স্পর্শ করিবার অধিকার সত্ত্বেও যিনি শ্রদ্ধান্বিত ও পবিত্র হইয়া ভগবদ্বিগ্রহ স্পর্শ করেন, তিনি পাপবন্ধন হইতে

পাপবন্ধৈর্বিনির্মুক্তঃ সর্ব্বান্ কামানবাপ্নুয়াৎ ॥ ৭০ ॥

অথ শ্রীমূর্ত্তে র্দর্শনং যথা বারাহে ॥

বৃন্দাবনে তু গোবিন্দং যে পশ্যন্তি বসুন্ধরে।
ন তে যমপুরং যান্তি, যান্তি পুণ্যকৃতাং গতিং ॥ ৭১ ॥

অথ আরাত্রিকদর্শনং যথা স্কান্দে ॥

কোটয়ো ব্রহ্মহত্যানামগম্যাগমকোটয়ঃ ॥

অথ সর্ব্বান্ প্রতি দর্শনমাহাত্ম্যঞ্চ সর্ব্বাসামর্চ্চানাং বদন্ ভক্ত্যাবেশবিশেষাদুপর্য্যুপরি স্ফূর্ত্ত্যা শ্রীমদর্চ্চাবিশেষায়মানস্য সাক্ষাদ্ভগবতঃ শ্রীগোবিন্দদেবস্য দর্শনে মাহাত্ম্যবিশেষমাহ বৃন্দাবন ইতি যান্তি পুণ্যকৃতাং গতিমতি। স বৈ পুংসাং পরো ধর্ম্মো যতো ভক্তিরধোক্ষজে ইতি ন্যায়েন সুবিচারবতাং সর্ব্বসংকর্ম্মণামেকান্তগতিং ভক্ত্যাখ্যপরমপুরুষার্থসিদ্ধিমাপ্নুবন্তীত্যর্থঃ ॥ ৭১ ॥

পুনঃ শ্রীমদর্চ্চামাত্রারাত্রিকদর্শনফলমাহ কোটয়ঃ কোটী রিতি। মুখং কর্ত্তৃ ॥৭২

বিনির্ম্মুক্ত হইয়া সর্ব্ব প্রকার মনোরথ সিদ্ধি করিয়া থাকেন ॥ ৭০ ॥

শ্রীমূর্ত্তির দর্শন, যথা বরাহপুরাণে ॥

হে বসুন্ধরে! যাঁহারা বৃন্দাবনে গোবিন্দদেবকে সন্দর্শন করেন, তাঁহারা আর যমপুরীতে গমন করেন না কিন্তু পুণ্যাত্মাদিগের গতিই প্রাপ্ত হয়েন ॥ ৭১ ॥

আরাত্রিক দর্শন, যথা স্কন্দপুরাণে ॥

বিষ্ণুর আরাত্রিক-সমন্বিত বদনকমল অবলোকনমাত্রেই কোটি কোটি ব্রহ্মহত্যা ও কোটি কোটি অগম্যাগমন জন্য

দহত্যালোকমাত্রেণ বিষ্ণোঃ সারাত্রিকং মুখং ॥ ৭২ ॥

উৎসবদর্শনং যথা ভবিষ্যোত্তরে ॥

রথস্থং যে নিরীক্ষন্তে কৌতুকেনাপি কেশবং।
দেবতানাং গণাঃ সর্ব্বে ভবন্তি শ্বপচাদয়ঃ ॥ ৭৩ ॥

আদিশব্দেন পূজাদর্শনং যথা চাগ্নেয়ে ॥

পূজিতং পূজ্যমানং বা যঃ পশ্যেদ্ভক্তিতো হরিং।
শ্রদ্ধয়া মোদমানস্তু সোঽপি যোগফলং লভেৎ ॥

অথ শ্রবণং ॥

শ্রবণং নাম চরিতগুণাদীনাং শ্রুতির্ভবেৎ ॥

রথস্থমিত্যুৎসবান্তরোপলক্ষণং সর্ব্বে শ্বপচাদয়োঽপি দেবানাং পার্ষদানাং॥ ৭৩॥
যোগোঽত্র পঞ্চরাত্রাদ্যুক্তঃ ক্রিয়াযোগঃ ॥ ৭৪ ॥

পাপ বিনষ্ট হয় ॥ ৭২ ॥

উৎসবদর্শন, যথা ভবিষ্যোত্তরে॥

যাঁহারা কৌতুক নিমিত্তই রথস্থ কেশবকে অবলোকন করেন, তাঁহারা চণ্ডালজাতি হইলেও বিষ্ণুপার্ষদগণের মধ্যে পরিগণিত হয়েন ॥ ৭৩ ॥

আদিশব্দে পূজাদর্শন, যথা অগ্নিপুরাণে ॥

যিনি ভক্তি ও শ্রদ্ধা সহকারে সানন্দচিত্তে পূজিত অথবা পূজ্যমান হরিমূর্ত্তি সন্দর্শন করেন, তিনি যোগের অর্থাৎ পঞ্চরাত্রাদি শাস্ত্রোক্ত ক্রিয়াযোগের ফল প্রাপ্ত হয়েন ॥

অথ শ্রবণ ॥

ভগবানের নাম,চরিত্র ও গুণাদির শ্রবণকে শ্রবণ বলে ॥

তত্র নাম শ্রবণং যথা গারুড়ে ॥

সংসারসর্পসংদষ্টনষ্টচেষ্টৈকভেষজং।
কৃষ্ণেতি বৈষ্ণবং মন্ত্রং শ্রুত্বা মুক্তো ভবেন্নরঃ ॥ ৭৪ ॥

চরিতশ্রবণং যথা চতুর্থে ॥

তস্মিন্মহন্মুখরিতা মধুভিচ্চরিত্র-
পীযূষশেষসরিতঃ পরিতঃ স্রবন্তি।
তা যে পিবন্ত্যবিতৃষো নৃপ গাঢ়কর্ণৈ-
স্তান্ন স্পৃশন্ত্যশনতৃড়্ভয়শোকমোহাঃ ॥

তস্মিন্নিতি। মহতাং সদসি মহদ্ভির্মুখরিতাঃ শব্দায়মানীকৃতাঃ তান্ প্রাপ্য স্বয়মেব স্বব্যঞ্জকশব্দং কুর্ব্বত্য ইব জাতা ইত্যর্থঃ। শেষঃ সারঃ ॥

তন্মধ্যে নাম শ্রবণ, যথা গরুড়পুরাণে ॥

সংসাররূপ সর্পদংশনে জ্ঞানশূন্য ব্যক্তির একমাত্র মহৌষধ "কৃষ্ণ" বলিয়া এই বৈষ্ণবমন্ত্র, ইহা শ্রবণ করিলে মানব বিমুক্ত হয় ॥ ৭৪ ॥

চরিতশ্রবণ যথা চতুর্থে ২৯ অ। ৩৭ শ্লোকে ॥

যে স্থানে মহাপুরুষদিগের বদনচন্দ্র হইতে বিগলিত শ্রীকৃষ্ণের চরিত রূপ অমৃত নদী, সর্ব্বতোভাবে প্রবাহিত হয়, হে রাজন্! সেই স্থানে অবস্থিতি পূর্ব্বক যে সকল ব্যক্তি [illegible]শূন্য চিত্তে কর্ণাঞ্জলি দ্বারা তাহা পান করেন, ক্ষুধা, তৃষ্ণা, ভয়, শোক ও মোহ প্রভৃতি তাহাদিগকে কখনই স্পর্শ করিতে পারে না ॥

গুণশ্রবণং যথা দ্বাদশে ॥

যস্তূত্তমশ্লোকগুণানুবাদঃ
প্রস্তূয়তেঽভীক্ষ্ণমমঙ্গলঘ্নঃ।
তমেবা নিত্যং শৃণুয়াদভীক্ষ্ণং
কৃষ্ণেঽমলাং ভক্তিমভীপ্সমানঃ ॥ ৭৫ ॥

অথ তৎকৃপেক্ষণং যথা শ্রীদশমে ॥

তত্তেঽনুকম্পাং সুসমীক্ষমাণো
ভুঞ্জান এবাত্মকৃতং বিপাকং।

উত্তমশ্লোকানাং ভগবদবতারাণাং ভাগবতানাঞ্চ গুণানুবাদো মহদ্ভিঃ সংগীয়তে। তমেব নিত্যং প্রত্যহং তত্রাপ্যভীক্ষ্ণং শৃণুয়াৎ। তত্র স্বতিশয়েনাগ্রহং কুর্য্যাদিত্যর্থঃ। শ্রবণস্য তস্য পরমফলমাহ কৃষ্ণ ইতি কৃষ্ণস্তু ভগবান্ স্বয়মিত্যাদি প্রসিদ্ধেঃ শ্রীগোপাল ইত্যর্থঃ ॥ ৭৫ ॥

তত্তেঽনুকম্পামিত্যত্রানুকম্পেক্ষণং নমস্কারশ্চেতি পৃথগেব সাধনদ্বয়ং বৈশিষ্ট্যায় ত্বেকত্র পঠিতং। তত উভয়মপি সমানফলমেব জ্ঞেয়মিতি ভাবঃ।

গুণশ্রবণ যথা দ্বাদশস্কন্ধে ৩ অ। ১২ শ্লোকে ॥

অমঙ্গল নাশক শ্রীকৃষ্ণের যে সকল গুণানুবাদ নিরন্তর সংকীর্ত্তিত হয়, শ্রীকৃষ্ণে অমল ভক্ত্যভিলাষী পুরুষ তাহাই বারম্বার শ্রবণ করিবেন ॥ ৭৫ ॥

তাঁহার কৃপার প্রতি ঈক্ষণ,
যথা দশমস্কন্ধে ১৪ অ। ৮ শ্লোকে ॥

হে ভগবন্! তোমার অনুকম্পা নিরীক্ষণ করিয়া অর্থাৎ কবে আপনার দয়া হইবে এই প্রতীক্ষায় বহু মন্যমান হইয়া

হৃদ্বাগ্বপুর্ভি র্বিদধন্ নমস্তে
জীবেত যো মুক্তিপদে স দায়ভাক্॥

অথ স্মৃতিঃ।

যথা কথঞ্চিন্মনসা সম্বন্ধঃ স্মৃতিরুচ্যতে।

যথা বিষ্ণুপুরাণে॥

স্মৃতে সকলকল্যাণভাজনং যত্র জায়তে।
পুরুষস্তমজং নিত্যং ব্রজামি শরণং হরিং॥ ৭৬॥

নবমপদার্থস্থ মুক্তেরপ্যাশ্রয়ে দশমপদার্থে ত্বয়ি স দায়ভাগ্ ভবতি। ত্বং তস্য দায়ত্বেন বর্ত্তসে ইত্যর্থঃ॥ ৭৬॥

অনাসক্ত চিত্তে আপনার অর্জিত কর্ম্মফল ভোগ ও কায়মনোবাক্যে আপনার প্রতি নমস্কার বিধান করত যে ব্যক্তি জীবিত থাকেন, তিনিই মুক্তিবিষয়ে দায়ভাগী হয়েন। ফলতঃ ভক্তব্যক্তির জীবন ব্যতিরেকে অন্য কিছুই দায় প্রাপ্তির ন্যায় মুক্তি বিষয়ে উপযোগী নহে॥

অথ স্মৃতি॥

যে কোন প্রকারে মনের সহিত সম্বন্ধ হওয়াকে স্মৃতি কহে॥

যথা বিষ্ণুপুরাণে॥

যাঁহার স্মরণে জীবগণ সমস্ত কল্যাণের ভাজন হয়, সেই জন্মরহিত নিত্য বিগ্রহ পুরুষ শ্রীহরির স্মরণাগত হই॥ ৭৬॥

যথা বা পাদ্মে ॥

প্রয়াণে চাপ্রয়াণে চ যন্নাম স্মরতাং নৃণাং।
সদ্যো নশ্যতি পাপৌঘো নমস্তস্মৈ চিদাত্মনে ॥

ধ্যানং যথা ॥

ধ্যানং রূপগুণক্রীড়াসেবাদেঃ সুষ্ঠু চিন্তনং ॥ ৭৭ ॥

তত্র রূপধ্যানং যথা নারসিংহে ॥

ভগবচ্চরণদ্বন্দ্বধ্যানং নির্দ্বন্দ্বমীরিতং।

প্রয়াণে মরণদশায়াং অপ্রয়াণে জীবনদশায়াং প্রয়াণকালে মনসা চলে নেতি শ্রীগীতাতঃ ॥ ৭৭ ॥

নির্দ্বন্দ্বং শীতোষ্ণাদিময়দুঃখপরম্পরাতীতং ঈরিতং শাস্ত্রে বিহিতং তচ্চ পাপিনোঽপি প্রসঙ্গেনাপি পরমুৎকৃষ্টং সুহিতং বিহিতং তত্রৈবেত্যর্থঃ ॥ ৭৮ ॥

যথা বা পদ্মপুরাণে ॥

মৃত্যুকালে অথবা জীবদ্দশায় যাঁহার নাম স্মরণ করিলে পাপরাশি সদ্যই বিনষ্ট হইয়া যায়, সেই সচ্চিদানন্দ বিগ্রহ শ্রীকৃষ্ণকে প্রণাম করি ॥

অথ ধ্যান ॥

রূপ, গুণ, ক্রীড়া ও সেবাদির যে সুষ্ঠু চিন্তন তাহার নাম ধ্যান ॥ ৭৭ ॥

রূপধ্যান, যথা নারসিংহে ॥

ভগবানের চরণদ্বন্দ্ব ধ্যানই শীতোষ্ণাদিময় সুখ দুঃখ পরম্পারা রহিত বলিয়া কথিত হইয়াছে, যাঁহার প্রসঙ্গ মাত্রে

পাপিনোঽপি প্রসঙ্গেন বিহিতং সুহিতং পরং ॥

গুণধ্যানং যথা বিষ্ণুধর্ম্মে ॥

যে কুর্ব্বন্তি সদা ভক্ত্যা গুণানুস্মরণং হরেঃ।
প্রক্ষীণকলুষৌঘাস্তে প্রবিশন্তি হরেঃ পদং ॥

ক্রীড়াধ্যানং যথা পাদ্মে ॥

সর্ব্বমাধুর্য্যসারাণি সর্ব্বাদ্ভুতময়ানি চ।
ধ্যায়ন্ হরেশ্চরিত্রাণি ললিতানি বিমুচ্যতে ॥ ৭৮ ॥

সেবাধ্যানং যথা পুরাণান্তরে ॥

মানসেনোপচারেণ পরিচর্য্য হরিং মুদা।

মানসেনেত্যত্র ব্রহ্মবৈবর্ত্ত কথা চ। যথা প্রতিষ্ঠানপুরে কশ্চিদ্বিপ্র আসীৎ সচ দরিদ্রোঽপি কর্ম্মাধীনং আত্মানং মন্যমানঃ শান্ত এবাসীৎ। স তু

পাপাত্মাদিগেরও সুন্দর হিত হইয়া থাকে ॥

গুণধ্যান যথা বিষ্ণুধর্ম্মোত্তরে ॥

যাঁহারা নিরন্তর ভক্তিযোগ সহকারে ভগবান্ হরির গুণসকলের অনুস্মরণে প্রবৃত্ত হয়েন, তাঁহারা পাপরাশিকে ক্ষয় করিয়া ভগবদ্ধামে প্রবেশ করেন ॥

ক্রীড়াধ্যান, যথা পদ্মপুরাণে ॥

সমস্ত মাধুর্য্যের সার এবং সর্ব্বাশ্চর্য্যময় ও মনোহর হরির চরিত্র যাঁহারা ধ্যান করেন, তাঁহারা সংসার হইতে বিনির্ম্মুক্ত হয়েন ॥ ৭৮ ॥

সেবাধ্যান যথা পুরাণান্তরে ॥

মনঃ কল্পিত উপচার দ্বারা আনন্দ চিত্তে হরির পরিচর্য্যা

পরে বাঙ্মনসাহগম্যং তং সাক্ষাৎ প্রতিপেদিরে ॥ ৭৯ ॥

সরলবুদ্ধিঃ কদাচিৎ বিপ্রেন্দ্রাণাং সদসি বৈষ্ণবান্ ধর্ম্মান্ শুশ্রাব। তে চ ধর্ম্মা মনসাপি সিদ্ধ্যন্তীতি শ্রুত্বা দরিদ্রঃ স্বয়ং তথৈবাচরিতুমারব্ধবান্। ততশ্চ গোদাবরীস্নানপূর্ব্বকং নিত্যকর্ম্ম সমাপ্য শান্তমতির্ভূত্বা বিবিক্তাসনঃ প্রাণায়ামাদিকর্ম্মপূর্ব্বকং স্থিরীভূয় মনসৈবাভিমতাং শ্রীহরিমূর্ত্তিং স্থাপয়িত্বা স্বয়ং দুকূলাদিকং পরিধায় তাং প্রণম্য দৃঢ়ং পরিকরং বদ্ধা তৎসদনং সম্মার্জ্য তাং প্রণম্য রাজতসৌবর্ণঘটৈঃ সর্ব্বেষাং গঙ্গাদিতীর্থানাং জলমাহৃত্য তথা নানা পরিচর্য্যাদ্রব্যাণি উপানীয় তদীয়ং স্নপনাদিকমারাত্রিকান্তং মহারাজোপচারং সম্পাদ্য চ দিনং দিনং সুখাতিশয়মাপ্নুবন্নাসীৎ। তদেবং বহুষু কালেষু গতেষু কদাচিৎ মনসৈব সঘৃতং পরমান্নং নির্ম্মায়, সৌবর্ণপাত্রেণ তদ্ভোজনার্থমুত্থাপ্য স্থিতস্তপ্ততয়া স্ফুরিতে তস্মিন্ প্রবিষ্টমঙ্গুষ্ঠযুগং দগ্ধং প্রতিযন্ হন্ত তদিদং দুষ্টং জাতমিতি দুঃখেন তদ্বিস্থা সমাধিভঙ্গেঽপি জাতে দগ্ধাঙ্গুষ্ঠতয়া বহিরপি পীড়িতো বভূব। তদবধায় বৈকুণ্ঠে সমুপবিষ্টেন বৈকুণ্ঠনাথেন হসতা শ্রীপ্রভৃতিভি স্তৎ কারণং স্পৃষ্টেন চ সতা স্বনিকটং বিমানেন আনয়ামাসে। তথাবিধতয়া স্বনিকটে দর্শয়ামাসে স্বনিকটে যোগ্যতয়া স্থাপয়ামাসে চেতি ॥ ৭৯ ॥

করিয়া কোন কোন ব্যক্তি বাক্য মনের অগম্য সেই হরির সাক্ষাৎকার লাভ করিয়াছেন ॥

মানস পরিচর্য্যাসম্বন্ধে ব্রহ্মবৈবর্ত্ত পুরাণের কথা, যথা—প্রতিষ্ঠান-পুরে কোন এক ব্রাহ্মণ বাস করিতেন, কিন্তু তিনি দরিদ্র হইয়াও আপনাকে কর্ম্মাধীন মানিয়া শান্তচিত্তে কাল যাপন করিতেন, ব্রাহ্মণ অতি সরল-চিত্ত, কোন সময় বিজ্ঞতম বিপ্রদিগের সভায় বৈষ্ণবধর্ম্ম সকল শ্রবণ করিতে ২

ঐ ধর্ম্ম সকল মনের দ্বারাও সিদ্ধ হয়, এই কথা শ্রবণ করিয়া স্বীয় দরিদ্রতা নিবন্ধন স্বয়ং মনে মনে ঐ ধর্ম্মের আচরণ করিতে আরম্ভ করিলেন। কোন এক দিবস গোদাবরী-নদীতে স্নানপূর্ব্বক নিত্য কর্ম্ম সমাপন করিলেন, পরে নিশ্চল বুদ্ধিতে নির্জন প্রদেশে উপবেশনপূর্ব্বক প্রাণায়ামাদি-দ্বারা মনকে স্থির করিয়া তন্মধ্যে ভগবান্ হরির মূর্ত্তি স্থাপন করিয়া পট্টবস্ত্র পরিধান করিলেন, পরে প্রণামপূর্ব্বক দৃঢ়-রূপে কটি বন্ধন করত শ্রীমন্দির মার্জনা করিতে লাগিলেন। অনন্তর ঐ মূর্ত্তিকে প্রণিপাতপুরঃসর স্বর্ণ রৌপ্য নির্ম্মিত কলস দ্বারা গঙ্গাদি পুণ্যতীর্থ সকল হইতে জল আনয়ন করিলেন, তদনন্তর বিবিধ পূজোপকরণ দ্রব্য আহরণ পূর্ব্বক মহারাজোপচারে তাঁহার স্নানাদি আরাত্রিকপর্য্যন্ত সমস্ত কর্ম্ম সমাপন করিয়া দিন দিন অতিশয় সুখানুভব করিতে লাগিলেন। এইরূপে বহু কাল অতিবাহিত হইলে কোন এক দিবস মনে মনে সঘৃত পরমান্ন পাক করিয়া স্বর্ণপাত্রে সংস্থাপন করত ভগবানের ভোজনের জন্য দণ্ডায়মান হই-লেন, পরমান্নের উত্তপ্ততা নিবন্ধন তন্মধ্যে প্রবিষ্ট অঙ্গুষ্ঠদ্বয় দগ্ধ জ্ঞান করিয়া, হায়! পরমান্ন দুষ্ট হইল, দুঃখিত চিত্তে এই কথা বলিতে বলিতে তাঁহার সমাধি ভঙ্গ হইল এবং অনুতাপ করিতে২ দৈবাৎ অঙ্গুষ্ঠের প্রতি দৃষ্টিপাত হওয়াতে দেখেন সত্যই অঙ্গুষ্ঠদ্বয় দগ্ধ হইয়াছে,ব্রাহ্মণের এই ব্যাপার জ্ঞাত হইয়া বৈকুণ্ঠাধিষ্ঠিত বৈকুণ্ঠনাথ ঈষৎ হাস্য করিলেন,

অথ দাস্যং ॥

দাস্যং কর্ম্মার্পণং তস্য কৈঙ্কর্য্যমপি সর্ব্বথা ॥ ৮০ ॥

কর্ম্মার্পণমিত্যনূদ্য দাস্যমিতি বিধীয়তে। তদেতচ্চ অন্যমতং স্বমতন্তু কৈঙ্কর্য্যমিতি। তচ্চ কিং করোমীত্যভিমানঃ। যথোক্তমিতিহাসসমুচ্চয়ে। জন্মান্তরসহস্রেষু যস্য স্যান্মতিরীদৃশী। দাসোঽহং বাসুদেবস্য সর্ব্বান্ লোকান্ সমুদ্ধরেদিতি। তথৈব ব্যাখ্যাতং। তস্যৈব মে সৌহৃদসখ্য মৈত্রী, দাস্যং পুনর্জ্জন্মনি জন্মনি স্যাদিতি শ্রীদামবিপ্রস্য বাক্যে স্বামিভিরপি দাস্যমিতি সেবকত্বং ব্যাখ্যাতং। এতস্য চ কার্য্যভূতং পরিচর্য্যাদিকং জ্ঞেয়ং কেবল-পরিচর্য্যারূপত্বে ভেদো ন স্যাৎ ॥ ৮০ ॥

লক্ষ্মীপ্রভৃতি শক্তিগণ সমীপবর্ত্তিনী থাকিয়া হাস্যের কারণ জিজ্ঞাসা করিলেন, প্রভো! আপনি হাস্য করিলেন কেন? ভগবান্ কোন উত্তর না দিয়া, আপনার বিমান প্রেরণ পূর্ব্বক ঐ ব্রাহ্মণকে স্বীয় নিকটে আনয়ন করিলেন এবং প্রেয়সীগণকে দেখাইয়া সমস্ত বৃত্তান্ত বর্ণন করিলেন। অনন্তর ভগবান্ ঐ দরিদ্র ব্রাহ্মণকে বৈকুণ্ঠে স্থান দান পূর্ব্বক বাসের অধিকার প্রদান করিলেন ॥ ৭৯ ॥

অথ দাস্য ॥

কর্ম্ম সমর্পণ করাকে কেহ কেহ দাস্য বলেন, বস্তুতঃ সর্ব্বতোভাবে দাসত্বাভিমানের নামই দাস্য ॥ ৮০ ॥

তত্রাদ্যং যথা স্কান্দে॥

তস্মিন্ সমর্পিতং কর্ম্ম স্বাভাবিকমপীশ্বরে।
ভবেদ্ভাগবতং ধর্ম্মং তৎ কর্ম্ম কিমুতার্পিতং। ইতি॥
কর্ম্ম স্বাভাবিকং ভদ্রং জপধ্যানার্চ্চনাদি চ।
ইতীদং দ্বিবিধং কৃষ্ণে বৈষ্ণবৈ র্দাস্যমর্পিতং॥ ৮১॥
মৃদুশ্রদ্ধস্য কথিতা স্বল্পা কর্ম্মাধিকারিতা।

তত্রাদ্যং কর্ম্মার্পণমুদাহরতি তস্মিন্নিতি। তত্রৈব বিধেয়ং দাস্যমপি দ্বৈবিধ্যেনাহ কর্ম্ম স্বাভাবিকমিতি। স্বাভাবিকং তত্তদ্বর্ণাশ্রমাদ্যুপাধিস্বভাবপ্রাপ্তং তচ্চ ভদ্রমেব নত্বন্যং। তথা জপেতি ইতীদং দ্বিবিধং কর্ম্ম বৈষ্ণবৈঃ কৃষ্ণেঽর্পিতং চেদ্দাস্যমুচ্যতে॥ ৮১॥

তন্মধ্যে কর্ম্মসমর্পণ দাস্য যথা স্কন্দপুরাণে॥

সেই পরমেশ্বর হরিতে যদি বর্ণাশ্রমাদি স্বভাব প্রাপ্ত কর্ম্ম সকলও সমর্পিত হয়, তাহা হইলে ঐ কর্ম্ম সকলকে ভাগবত ধর্ম্ম বলে, আর যদি ভগবানের কর্ম্ম ভগবানের প্রীত্যর্থ করা হয়, তবে সে যে ভাগবত ধর্ম্ম না হইবে ইহার কথা কি? ॥

বর্ণাশ্রমাদি স্বভাব প্রাপ্ত যে কর্ম্ম তাহা মঙ্গলজনক, অন্য কর্ম্ম নহে এবং জপ, ধ্যান ও অর্চ্চনাদি রূপ কর্ম্মও পরম কল্যাণ স্বরূপ, এজন্য বৈষ্ণবগণ এই দুই প্রকার দাস্য শ্রীকৃষ্ণে সমর্পণ করেন॥ ৮১॥

যাহার অল্পমাত্রও শ্রদ্ধা জন্মিয়াছে, তাহার কর্ম্মেতে

তদর্পিতং হরৌ দাস্যমিতি কৈশ্চিদুদীর্য্যতে॥ ৮২ ॥

দ্বিতীয়ং যথা নারদীয়ে ॥

ঈহা যস্য হরের্দ্দাস্যে কর্ম্মণা মনসা গিরা।
নিখিলাস্বপ্যবস্থাসু জীবন্মুক্তঃ স উচ্যতে ॥ ৮৩।

অথ সখ্যং ॥

বিশ্বাসো মিত্রবৃত্তিশ্চ সখ্যং দ্বিবিধমীরিতং ॥ ৮৪ ॥

তত্র উত্তরস্যার্পণাভাবাদ্দাস্যত্বাভাবেহপি শুদ্ধভক্ত্যঙ্গত্বমস্তি পূর্ব্বস্য তু তদপি নাস্তীতি সুতরামেব ন তৎ স্বমতমিত্যাহ মৃদুশ্রদ্ধস্যেতি। তেন তস্যার্পিতমর্পণং দাস্যং তদেব পূর্ব্বত্র অর্পণ এব তাৎপর্য্যং শ্রবণং কীর্ত্তনমিত্যাদৌ তু ইতি পুংসার্পিতা বিষ্ণাবিত্যনেন দাস্যাদন্যদর্পণং প্রতীয়তে ॥৮২॥

অথ স্বমতং মহিম্না দর্শয়তি ঈহা যস্যেতি। দাস্যে নিমিত্তে ঈহা দাসো ভবানীতি স্পৃহেত্যর্থঃ ॥ ৮৩ ॥

বিশ্বাস ইতি। পূর্ব্ববদন্যমতং মিত্রবৃত্তিরিতি তু স্বমতং বন্ধুমাত্রং। যন্মিত্রং পরমানন্দমিতিবৎ তদ্বৃত্তিস্তত্তয়া অভিমানঃ ॥ ৮৪ ॥

অধিকারও অল্প, সেই কর্ম্ম হরিতে সমর্পিত হইলেই কেহ কেহ তাহাকে দাস্য বলিয়া থাকেন ॥ ৮২ ॥

দ্বিতীয় প্রকার অর্থাৎ কৈঙ্কর্য্য, যথা নারদীয়ে॥

কায় মনো বাক্য দ্বারা হরির দাস্যের প্রতি যাহার স্পৃহা, তিনি সকল অবস্থাতেই জীবন্মুক্ত॥ ৮৩ ॥

অথ সখ্য ॥

বিশ্বাস ও মিত্রবৃত্তি এই দুইকে সখ্য বলা যায় ॥৮৪॥

তত্রাদ্যং যথা মহাভারতে॥

প্রতিজ্ঞা তব গোবিন্দ ন মে ভক্তঃ প্রণশ্যতি।
ইতি সংস্মৃত্য সংস্মৃত্য প্রাণান্ সংধারয়াম্যহং॥ ৮৫॥

একাদশে চ॥

ত্রিভুবনবিভবহেতবেঽপ্যকুণ্ঠ-
স্মৃতিরজিতাত্মসুরাদিভি র্বিমৃগ্যাৎ।

প্রতিজ্ঞেতি শ্রীদ্রৌপদীবাক্যং। তস্যাদস্যা যদ্যপি প্রেমবিশেষময়পরি-করান্তর্গতত্বেন দুর্শয়িষ্যমাণায়া বাক্যমিদং প্রেম বিশেষ কার্য্যমেব নতু সাধনং অথাপি পরমপ্রেমাতিশয়ানাং সাধনমপি স্যাদিত্যেবমুদাহৃতং। এবমুত্তরত্র চ শ্রীভাগবতোত্তমবর্ণনময়প্রকরণাদুদ্ধৃতে পদ্যে জ্ঞেয়ং প্রণয়-রসনয়া ধৃতাঙ্ঘ্রিপদ্ম ইতি তদুপসংহারাৎ॥ ৮৫॥

ত্রিভুবনবিভবায় কিমুত তদ্ধেতব ইত্যর্থঃ। সর্ব্বোঽপি দ্বন্দ্বো বিভাষয়ৈক-বদ্ভবতীতি ন্যায়েন একবচনং॥ ৮৬॥

তন্মধ্যে বিশ্বাস যথা মহাভারতে॥

দ্রৌপদী শ্রীকৃষ্ণকে কহিলেন, হে গোবিন্দ! তোমার প্রতিজ্ঞা এই যে আমার ভক্ত কখনও বিনষ্ট হইবে না। ইহাই স্মরণ করিয়া স্মরণ করিয়া আমি প্রাণ ধারণ করিতেছি॥ ৮৫॥

একাদশ স্কন্ধে ২ অ। ৫১ শ্লোকে॥

ঋষভনন্দন হবি, নিমিরাজাকে সম্বোধন করিয়া কহিলেন মহারাজ! ত্রৈলোক্য রাজ্য উপস্থিত হইলেও ইন্দ্রাদি দেবগণের অন্বেষণীয় ভগবচ্চরণারবিন্দ হইতে লব নিমিষার্দ্ধ

ন চলতি ভগবৎপদারবিন্দা-
ল্লব নিমিষার্দ্ধমপি স বৈষ্ণবাগ্র্যঃ। ইতি ॥ ৮৬ ॥
শ্রদ্ধামাত্রস্য তদ্ভক্তাবধিকারিত্বহেতুতা।
অঙ্গত্বমস্য বিশ্বাসবিশেষস্য তু কেশবে ॥
দ্বিতীয়ং যথা অগস্ত্যসংহিতায়াং ॥
পরিচর্য্যাপরাঃ কেচিৎ প্রাসাদেষু চ শেরতে।
মনুষ্যমিব তং দ্রষ্টুং ব্যবহর্ত্তুঞ্চ বন্ধুবৎ ॥ ৮৭ ॥
রাগানুগাঙ্গতাস্য স্যাদ্বিধিমার্গানপেক্ষণাৎ।

শ্রদ্ধামাত্রস্য ইতি যদ্যপি শ্রদ্ধাবিশ্বাসয়োরেকপর্য্যায়ত্বমেব তথাপি তৎ-পূর্ব্বোত্তরাবস্থয়া তত্তচ্ছব্দপ্রয়োগপ্রাচুর্য্যমিতি পৃথক্‌শব্দপ্রয়োগঃ ফল-সামান্যাবশ্যকসর্ব্বোত্তমসাধনত্বেন প্রতীতিরত্র মাত্রপদার্থঃ। ফলবিশেষস্য তাদৃশসাধনত্বেন স্বতঃ সর্ব্বোত্তমফলরূপত্বেন বা প্রতীতিঃ বিশেষপদার্থঃ। তত্র প্রস্তুতত্বাৎ দ্বয়ং ক্রমেণ উদাহৃতমিতি ভাবঃ ॥ ৮৭ ॥

তদেব যদ্যপি পূর্ব্বমুদাহরণং বক্ষ্যমাণরাগানুগাঙ্গত্বমেব প্রবিশতি

কালের নিমিত্তও বিচলিত হয়েন না, ভগচ্চরণারবিন্দকেই সার বলিয়া দৃঢ়-নিশ্চয় করিয়াছেন, তিনিই বৈষ্ণবশ্রেষ্ঠ ॥৮৬

ভগবদ্ভক্তিতে শ্রদ্ধামাত্রের অধিকারিত্ব আছে, ঐ শ্রদ্ধাকে কেশব সম্বন্ধীয় বিশ্বাস বিশেষের অঙ্গত্ব বলা যায় ॥

দ্বিতীয় বিষয় অগস্ত্যসংহিতায় যথা ॥

ভগবান্‌কে মনুষ্যের ন্যায় দর্শন করিবার নিমিত্ত এবং তাঁহার সহিত বন্ধুবৎ ব্যবহার করিবার জন্য কোন কোন মহাত্মা তাঁহার শ্রীমন্দিরে শয়ন করিয়া থাকেন ॥ ৮৭ ॥

বিধিমার্গের প্রতি দৃষ্টিপাত না করিলে এই সখ্যের

মার্গদ্বয়েন চৈতেন সাধ্যা সখ্যরতি র্মতা ॥ ৮৮ ॥

অথাত্মনিবেদনং যথৈকাদশে।

মর্ত্ত্যো যদা ত্যক্তসমস্তকর্ম্মা
নিবেদিতাত্মা বিচিকীর্ষিতো মে।
তদামৃতত্বং প্রতিপদ্যমানো
ময়াত্মভূয়ায় চ কল্পতে বৈ। ইতি ॥ ৮৯ ॥

তথাপ্যেতদনুসারেণ বৈধ্যস্যোদাহরণমপি দ্রষ্টব্যমিত্যভিপ্রায়েণ আহ রাগানুগাঙ্গতেতি। সখ্যরতি র্বন্ধুভাবরতিরিত্যর্থঃ ॥ ৮৮ ॥

মর্ত্ত্য ইতি। যতো নিবেদিতাত্মা অতস্ত্যক্তং সমস্তমৈহিকামুষ্মিকং কর্ম্ম আত্মাত্মীয়পোষণাদিরূপং যেন সঃ। তর্হি মে ময়া বিশিষ্টঃ কর্ত্তুমিষ্টো ভবতি অনৃতত্বমতি মৃত্যুপরম্পরামতিক্রামন্নিত্যর্থঃ। কয়া সহ? মৎসাম্যেন আত্মভূয়ায় কল্পতে স্বরূপাবস্থিতিং মৎসার্ষ্টিলক্ষণাং মুক্তিং প্রাপ্নোতীত্যর্থঃ ॥ ৮৯ ॥

রাগানুগাঙ্গতা সিদ্ধ হয়, ফলতঃ পূর্ব্বোক্ত শ্রদ্ধা ও বিশ্বাস এই দুই প্রকারে সখ্য রতি সাধ্য হইয়া থাকে ॥ ৮৮ ॥

আত্মনিবেদন যথা একাদশে ২৯ অ। ৩২ শ্লোকে।

আমাতে যিনি দেহাদি সমর্পণ করিয়াছেন এবং যিনি ঐহিক পারত্রিক সমুদায় কর্ম্ম পরিত্যাগ করিয়াছেন, এরূপ মরণ ধর্ম্মাক্রান্ত মনুষ্য যখন আমা কর্ত্তৃক বিশেষিত হয় অর্থাৎ আমি যখন তাহাকে উত্তম করিতে ইচ্ছা করি, তখন তিনি মৃত্যু পরম্পরা অতিক্রম করিয়া আমার সার্ষ্টিলক্ষণা মুক্তি প্রাপ্ত হয়েন ॥ ৮৯ ॥

অর্থো দ্বিধাত্মশব্দস্য পণ্ডিতৈরুপপাদ্যতে।
দেহহন্তাস্পদং কৈশ্চিদ্দেহঃ কৈশ্চিন্মমত্বভাক্॥ ৯০॥
তত্র দেহী যথা যামুনাচার্য্যস্তোত্রে।
বপুরাদিষু যোঽপি কোঽপি বা
গুণতোঽসানি যথা তথাবিধঃ।
তদয়ং তব পাদপদ্ময়ো-
রহমদ্যৈব ময়া সমর্পিতঃ॥

দেহো যথা ভক্তিবিবেকে।

চিন্তাং কুর্য্যান্নরক্ষায়ৈ বিক্রীতস্য যথা পশোঃ।

দেহঃ কৈশ্চিৎ ইত্যনুকর্ষ এব॥ ৯০॥

যোঽপি কোঽপীতি বাদিভেদাৎ স্বরূপঃ। অথবা গুণতো যথা তথা-বিধো দেবমনুষ্যাদিরূপঃ। অসানি। ভবানি কামচারে লোট্। তদয়মিতি

আত্মশব্দের অর্থ দুই প্রকার, কোন কোন পণ্ডিত অহংতত্ত্বাস্পদীভূত (অহঙ্কারাস্পদ—আমি আমার ইত্যাদি) দেহীকে আত্মা বলেন, কেহ কেহ বা মমত্বাভিমানী দেহকে আত্মা বলিয়া উল্লেখ করেন॥ ৯০॥

তন্মধ্যে দেহি সমর্পণ, যথা যামুনাচার্য্যস্তোত্রে॥

হে ভগবান্! আমি শরীরাদিতে যে কেহ হই অথবা গুণনিবন্ধন দেব মনুষ্যাদিই হই, সেই আমি অদ্যই আমাকে আপনার চরণযুগলে সমর্পণ করিলাম॥

দেহসমর্পণ যথা হরিভক্তিবিবেকে॥

বিক্রীত পশুর রক্ষণাবেক্ষণ নিমিত্ত যেমন চিন্তা করা যায় না, তদ্রূপ হরিতে দেহ সমর্পণ করিয়া তাহার রক্ষণা-

তথার্পয়ন্ হরৌ দেহং বিরমেদস্য রক্ষণাৎ ॥ ৯১ ॥

দুষ্করত্বেন বিরলে দ্বে সখ্যাত্মনিবেদনে।
কেষাঞ্চিদেব ধীরাণাং লভেতে সাধনার্হতাং ॥ ৯২ ॥

সচাসৌ বয়শ্চেতি বিগ্রহাৎ সোঽয়মিত্যর্থঃ ॥ ৯১ ॥

দুষ্করত্বেনেত্যত্র আত্মনিবেদনস্য কেবলস্য দুষ্করত্বেন বৈরল্যং ন তু মহিমাধিক্যেন ভাবশূন্যত্বাৎ সখ্যস্য তু দুষ্করত্বেন মহিমাধিক্যেন চ বৈরল্যং ভাবোত্তমরূপত্বাৎ। যদিচ ভাবমিশ্রমাত্মনিবেদনং ভবতি তদা তু সুতরাং মহিমাধিক্যেনাপি বিরলং স্যাৎ। তত্র কেবলমাত্মনিবেদনং দানসময়ে শ্রীবলিরাজে দৃশ্যতে। শরণাপত্তিঃ খলু রক্ষিতৃত্বেন বরণং তদিদন্তু আত্মনস্তদীয়তাসম্পাদনমিতি ভেদঃ। ভাববিমিশ্রেষু দাস্যেনাত্মনিবেদনং শ্রীমদম্বরীষে তদুক্তং। স বৈ মনঃ কৃষ্ণপদারবিন্দয়োরিত্যারভ্য কামঞ্চ দাস্যে ন তু কামকাম্যয়েত্যন্তেন। তদেবোক্তং শ্রীভাগবতৈকাদশে দাস্যেনাত্মনিবেদনমিতি। তথা প্রেয়সীভাবেন শ্রীরুক্মিণীদেব্যা। যথোক্তং তত্রৈব। তন্মে ভবান্ খলু বৃতঃ পতিরঙ্গজায়ামাত্মার্পিতশ্চ ভবতোঽত্র বিভো বিধেহীতি। এবং সখ্যাদীনামপীতি জ্ঞেয়ং ॥ ৯২ ॥

বেক্ষণ হইতে উপরত হইবে ॥ ৯১ ॥

সখ্য ও আত্মনিবেদন এই দুইটী অতিশয় দুষ্কর বলিয়া অতি বিরল, কিন্তু কোন কোন ধীর পুরুষদিগের নিকট ঐ দুইটী সাধনযোগ্যতা প্রাপ্ত হয় ॥

তাৎপর্য্য। এই দুইটী ভক্ত্যঙ্গকে বিরল বলিবার কারণ এই যে, কেবল আত্মনিবেদনের দুষ্করত্ব প্রযুক্ত বিরল, উহার কোন বিশেষ মহিমা নাই, যে হেতু উহা ভাবশূন্য নহে। আত্মনিবেদন যদি ভাবমিশ্র হয় তাহা হইলে তাহা মহিমাধিক্যেতেই বিরল হইবে ॥ ৯২ ॥

অথ নিজপ্রিয়োপহরণং যথৈকাদশে।

যদযদিষ্টতমং লোকে যচ্চাতিপ্রিয়মাত্মনঃ।
তত্তন্নিবেদয়েন্মহ্যং তদানন্ত্যায় কল্পতে॥

অথ তদর্থেঽখিলচেষ্টিতং যথা পঞ্চরাত্রে।

লৌকিকী বৈদিকী বাপি যা ক্রিয়া ক্রিয়তে মুনে।
হরিসেবানুকূলৈব সা কার্য্যা ভক্তিমিচ্ছতা॥ ইতি ॥৯৩॥

অথ শরণাপত্তি র্যথা হরিভক্তিবিলাসে॥

তবাস্মীতি বদন্ বাচা তথৈব মনসা বিদন্।

যদ্যদিতি চকারাম্মম প্রিয়ঞ্চ॥ ৯৩॥

নিজ প্রিয়োপহরণ যথা একাদশে ১১ অ। ৪০ শ্লোকে॥

শ্রীকৃষ্ণ উদ্ধবকে কহিলেন হে বন্ধো! যে যে দ্রব্য লোক-সমাজে অত্যুৎকৃষ্ট এবং যে সকল দ্রব্য আপনার এবং আমার প্রিয় হয়, সেই সেই দ্রব্য আমাকে নিবেদন করিলে, তাহা অনন্ত কাল ফলপ্রদ হইবে॥

ভগবানের নিমিত্ত সমুদায় চেষ্টা, যথা নারদপঞ্চরাত্রে॥

হে মুনে! মানবকুল লৌকিক ও বৈদিক যে সকল ক্রিয়ার অনুষ্ঠান করে, ভক্ত্যাভিলাষি ব্যক্তিরা সেই সমস্ত ক্রিয়া, যাহাতে হরিসেবায় অনুকূলা হয়, সেইরূপ করি-বেন॥ ৯৩॥

শরণাপত্তি যথা হরিভক্তিবিলাসে॥

"হে ভগবন! আমি আপনার হইলাম," যে ব্যক্তি বাক্য

তৎ স্থানমাশ্রিতস্তন্বা মোদতে শরণাগতঃ॥

নারসিংহে চ।

ত্বাং প্রপন্নোঽস্মি শরণং দেবদেবং জনার্দ্দনং।
ইতি যঃ শরণং প্রাপ্তস্তং ক্লেশাদুদ্ধরাম্যহং॥ ৯৪॥

অথ তুলস্যাঃ সেবনং যথা স্কান্দে।

যা দৃষ্টা নিখিলাঘসংঘশমনী স্পৃষ্টা বপুঃপাবনী
রোগাণামভিবন্দিতা নিরসনী সিক্তাঽন্তকত্রাসিনী।

শরণং প্রপন্নোঽস্মি রক্ষিতৃত্বেন বৃতবানস্মি শরণং তদাশ্রয়ং প্রাপ্তঃ শরণ-শব্দেন হি তদ্দ্বয়মপ্যুচ্যত ইতি॥ ৯৪॥

যা দৃষ্টেতি। বপুঃপাবনী কুজন্মত্বাদিশোধনী রোগাণাং ক্লেশমাত্রাণাং

দ্বারা এইরূপ বলেন এবং মনোমধ্যে তদ্রূপ অভিমান করেন ও শরীরদ্বারা আপনার স্থান আশ্রয় করেন, সেই শরণাগত ব্যক্তিই আনন্দানুভব করিতে পারেন॥

নৃসিংহপুরাণেতেও যথা॥

নৃসিংহদেব বলিয়াছেন "তুমি দেবদেব তুমি জনার্দ্দন, তোমার শরণ প্রাপ্ত হইলাম" এই কথা বলিয়া যে ব্যক্তি আমার শরণাগত হয়, আমি তাহাকে ক্লেশ হইতে উদ্ধার করিয়া থাকি॥ ৯৪॥

তুলসীসেবন যথা স্কন্দপুরাণে॥

দর্শন করিলে যিনি নিখিল পাপরাশি বিনষ্ট করেন, স্পর্শ করিলে যিনি দেহ পবিত্র করেন, প্রণাম করিলে যিনি রোগ প্রভৃতি ক্লেশ হইতে বিমুক্ত করেন, জলসেচন করিলে যিনি অন্তক-(যম)-ভয় নিবারণ করেন,রোপণ করিলে যিনি

প্রত্যাসত্তিবিধায়িনী ভগবতঃ কৃষ্ণস্য সংরোপিতা
ন্যস্তা তচ্চরণে বিমুক্তিফলদা, তস্যৈ তুলস্যৈ নমঃ ॥

তথাচ তত্রৈব।

দৃষ্টা স্পৃষ্টা তথা ধ্যাতা কীর্ত্তিতা নমিতা শ্রুতা।
রোপিতা সেবিতা নিত্যং পূজিতা তুলসী শুভা ॥
নবধা তুলসীং দেবীং যে ভজন্তি দিনে দিনে।
যুগকোটিসহস্রাণি তে বসন্তি হরে গৃহে ॥ ৯৫ ॥

অথ শাস্ত্রস্য।

শাস্ত্রমত্র সমাখ্যাতং তদ্ভক্তিপ্রতিপাদকং।

প্রত্যাসত্তির্মানস আসঙ্গঃ বিমুক্তির্বিশিষ্টা মুক্তিঃ সপ্রেমভক্তিরিত্যর্থঃ ॥ ৯৫ ॥

ভগবান্ শ্রীকৃষ্ণে আসক্তি বিধান করেন ও ভগবচ্চরণে অর্পণ করিলে যিনি বিশিষ্ট মুক্তি (প্রেমভক্তি) প্রদান করেন, সেই তুলসী দেবীকে প্রণাম করি ॥

ঐ স্কন্দপুরাণে আরও বলিয়াছেন ॥

দৃষ্ট, স্পৃষ্ট, ধ্যাত, কীর্ত্তিত, প্রণমিত, শ্রুত, রোপিত, সেবিত এবং নিত্য পূজিত হইলে, তুলসী শুভদায়িনী হয়েন ॥

যে ব্যক্তি প্রতিদিন উক্ত নয় প্রকারে তুলসীদেবীর সেবা করেন, তিনি কোটিসহস্র যুগ হরিগৃহে বাস করেন ॥ ৯৫ ॥

অথ শাস্ত্র ॥

যাহা ভগবদ্ভক্তির প্রতিপাদক হয়, ভক্তি বিষয়ে তাহাকেই শাস্ত্র বলে ॥

যথা স্কান্দে।

বৈষ্ণবানি তু শাস্ত্রাণি যে শৃণ্বন্তি পঠন্তি চ।
ধন্যাস্তে মানবা লোকে তেষাং কৃষ্ণঃ প্রসীদতি॥
বৈষ্ণবানি তু শাস্ত্রাণি যেঽর্চ্চয়ন্তি গৃহে নরাঃ।
সর্ব্বপাপবিনির্ম্মুক্তা ভবন্তি সুরবন্দিতাঃ॥
তিষ্ঠতে বৈষ্ণবং শাস্ত্রং লিখিতং যস্য মন্দিরে।
তত্র নারায়ণো দেবঃ স্বয়ং বসতি নারদ॥

দ্বাদশে চ।

সর্ব্ব বেদান্তসারং হি শ্রীভাগবতমিষ্যতে।

যথা স্কন্দপুরাণে।

যাঁহারা প্রতিনিয়ত বৈষ্ণব শাস্ত্র শ্রবণ অথবা পাঠ করেন, সংসারমধ্যে তাঁহারাই ধন্য এবং শ্রীকৃষ্ণ তাঁহাদের সম্বন্ধেই প্রসন্ন হয়েন॥

অপর, যে সকল মানব প্রতিদিন গৃহে বৈষ্ণবশাস্ত্রের পূজা করেন, তাঁহারা সমুদায় পাপ হইতে বিনির্ম্মুক্ত হইয়া দেবগণেরও বন্দনীয় হয়েন॥

অধিক কি বৈষ্ণব শাস্ত্র লিখিত হইয়া যাঁহার গৃহে অবস্থিতি করেন, হে নারদ! ভগবান্ নারায়ণ দেব সেই গৃহে (শাস্ত্ররূপে) স্বয়ং বাস করিয়া থাকেন॥

দ্বাদশ স্কন্ধে ১২ অ। ১২ শ্লোকে ও

শ্রীমদ্ভাগবত সমস্ত বেদান্তের সার, ইহাঁর রসামৃতে যাঁহারা পরিতৃপ্ত হইয়াছেন, কখনই তাঁহাদের অন্যত্র রতি

তদ্রসামৃততৃপ্তস্য নান্যত্র স্যাদ্রতিঃ ক্বচিৎ॥

অথ শ্রীমথুরায়া যথা আদিবারাহে।

মথুরাঞ্চ পরিত্যজ্য যোঽন্যত্র কুরুতে রতিং।
মূঢ়ো ভ্রমতি সংসারে মোহিতো মম মায়য়া॥

ব্রহ্মাণ্ডে চ।

ত্রৈলোক্যবর্ত্তিতীর্থানাং সেবনাদ্দুর্ল্লভা হি যা।
পরানন্দময়ী সিদ্ধি র্মথুরাস্পর্শমাত্রতঃ॥ ৯৬॥
শ্রুতা স্মৃতা কীর্ত্তিতা চ বাঞ্ছিতা প্রেক্ষিতা গতা।

পরানন্দময়ী প্রেমলক্ষণা॥ ৯৬॥

প্রেক্ষিতা দূরাদ্দৃষ্টা গতা তৎসমীপং প্রাপ্তা শ্রিতা নিজাশ্রয়ত্বেন বৃতা সেবিতা তত্তৎস্থানসংস্কারাদিনা পরিচরিতা অভীষ্টদেত্র্যুত্তরোত্তরবৈশিষ্ট্যেন জ্ঞেয়ং॥ ৯৭॥

হয়না॥

শ্রীমথুরাসেবন যথা আদিবারাহে॥

পাদৈশ্চতুর্ভিরিত্যাদি স্বয়ং শ্রীনারদস্য নর্ম্মবচনং। কুর্ব্বন্ কারয়ত ইত্য-

---

সহস্র চতুরশীতি ১৩০৮৪ (তের হাজার চৌরাশী) করিয়া এককালীন দান করিতেছেন অতএব ভূমণ্ডলে শ্রীকৃষ্ণসদৃশ কোন্ ব্যক্তি দানবীর হইতে সমর্থ হইবে ? ॥

অথ ধার্ম্মিক ॥ ৩০ ॥

যে ব্যক্তি স্বয়ং ধর্ম্ম যাজন করেন ও অন্যকে ধর্ম্ম যাজন করান তাঁহাকে ধার্ম্মিক কহে ॥ ৬২ ॥

যথা—

নারদ পরিহাস পূর্ব্বক শ্রীকৃষ্ণকে কহিলেন হে গোপেন্দ্র! তোমা কর্ত্তৃক চরণ চতুষ্টয় সহকারে বৃষ (ধর্ম্ম) এরূপ বর্দ্ধিত হইল যে, সে স্বেচ্ছাপূর্ব্বক তৃণভোজন করিতে ২ হঠাৎ ত্রৈলোক্যে অধর্ম্মরূপ তৃণ ভক্ষণ করিয়া ফেলিল ॥

যথা বা ॥

বিতায়মানৈর্ভবতা মখোৎকরৈ-
রাকৃষ্যমাণেষু পতিষ্বনারতং।
মুকুন্দ! খিন্নঃ স্বরসুভ্রুবাং গণ-
স্তবাবতারং নবমং নমস্যতি ॥ ৬৩ ॥

শূরঃ ॥ ৩১॥

উৎসাহী যুধি শূরোঽস্ত্রপ্রয়োগে চ বিচক্ষণঃ।

নয়ো ব্যতিক্রমেণোদাহরণে। জ্ঞেয়ে। যথাবেত্যত্রতু চার্থে বা শব্দঃ। গোপেন্দ্রেতি শ্লিষ্টং। গাং পৃথিবীং পাতীতি গোপঃ। গোপো ভূপ ইত্যমরনানার্থবর্গপাঠাৎ ॥ ৬৩ ॥

যথাবা ॥

হে মুকুন্দ! তুমি বহু বহু যজ্ঞ বিস্তার করিয়া নিরন্তর দেবগণের আহ্বান করিয়া থাক,এ নিমিত্ত দেবাঙ্গণাগণ পতি-বিয়োগে খিন্ন হইয়া তোমার নবমাবতার যে বুদ্ধমূর্ত্তি, তাঁহাকেই তাঁহারা স্তব করিতেছেন অর্থাৎ তাঁহাদের অভি-প্রায় এই যে,ভগবান্ বুদ্ধদেব পৃথ্বীতলে অবতীর্ণ হইয়া যজ্ঞ-বিধির নিন্দা করিবেন, এক্ষণে যদি সেই বিধি প্রচলিত হয়, তাহা হইলে যজ্ঞের অভাব প্রযুক্ত আর দেবগণের আহ্বান হইবেক না, সুতরাং আমাদের পতিবিয়োগরূপ দুঃখ একে-বারে বিনির্ম্মুক্ত হইবে ॥ ৬৩ ॥

অথ শূর ॥ ৩১ ॥

যুদ্ধবিষয়ে উৎসাহী ও অস্ত্রপ্রয়োগে বিচক্ষণ, এই দুইকে

তত্রাদ্যো যথা ॥

পৃথু সমরসরো বিগাহ্য কুর্ব্বন্
দ্বিষদরবিন্দবনে বিহারচর্য্যাং।
স্ফুরসি তরলবাহুদণ্ডশুণ্ড-
স্ত্বমঘবিদারণ বারণেন্দ্রলীলঃ ॥

দ্বিতীয়ো যথা ॥

ক্ষণাদক্ষৌহিণীবৃন্দে জরাসন্ধস্য দারুণে।
দৃষ্টঃ কোঽপ্যত্র নাদষ্টো হরেঃ প্রহরণাহিভিঃ ॥

উৎসাহীতি। উদাহরণবৈচিত্র্যার্থমেকস্যৈব শূরস্য দ্বিধা নিরূপণং। এবং যথার্হমুত্তরত্রাপি জ্ঞেয়ং। পৃথ্বিত্যাদ্যুদাহরণপদ্যে তু দ্বিষদিত্যাদৌ অবিরল-

---

শূর বলা যায় ॥

তন্মধ্যে যুদ্ধবিষয়ে উৎসাহী যথা ॥

হে অঘদমন! তুমি গজেন্দ্রেরমত লীলা বিস্তার করিয়া সমরস্বরূপ বিস্তৃত সরোবরে আপনার তরল ভুজদণ্ডরূপ শুণ্ড দ্বারা বিপক্ষরূপ পদ্মবনকে বিশেষরূপে মর্দ্দন করত অত্যন্ত স্ফূর্ত্তিশীল হইতেছে ইহা তোমার উপযুক্তই বটে ॥

অস্ত্রপ্রয়োগে বিচক্ষণ যথা ॥

শ্রীকৃষ্ণের কি আশ্চর্য্য অস্ত্রশিক্ষা, ক্ষণকালের মধ্যে মগধাধিপতি জরাসন্ধের ত্রয়োবিংশতি অক্ষৌহিণী দারুণ সেনা তদীয় অস্ত্ররূপ সর্পকর্ত্তৃক দষ্ট হয় নাই, এমত কাহাকেও দেখিতে পাওয়া যায় নাই ॥

করুণঃ ॥ ৩২ ॥

পরদুঃখাসহো যস্তু করুণঃ স নিগদ্যতে ॥ ৬৪ ॥

যথা—

রাজ্ঞামগাধগতিভি র্মগধেন্দ্রকারা-
দুঃখান্ধকারপটলৈঃ স্বয়মন্ধিতানাং।
অক্ষীণি যঃ সুখময়ানি ঘৃণী ব্যতানী-
দ্বন্দে তমদ্য যদুনন্দনপদ্মবন্ধুং ॥ ৬৫ ॥

যথা বা ॥

শৈক্ষ্যগোষ্ঠীমিতি পাঠান্তরং যোগ্যমিতি ॥ ৬৪ ॥

রাজ্ঞামিতি নির্যাণসময়ে শ্রীভীষ্মবচনং। স্বয়মিতি কর্ম্মকর্ত্তৃত্বদ্যোতকং। জুগুপ্সা করুণা ঘৃণেত্যমরঃ ॥ ৬৫ ॥

অথ করুণ ॥ ৩২ ॥

যে ব্যক্তি পরদুঃখ সহ্য করিতে না পারেন তাঁহাকে করুণ বলা যায় ॥ ৬৪ ॥

যথা—

ভীষ্ম প্রাণত্যাগ সময়ে কহিলেন, যিনি করুণা বিস্তার পূর্ব্বক মগধেন্দ্রের কারাবাসরূপ অগাধ দুঃখময় অন্ধকার সমূহে স্বয়ং অন্ধীভূত [illegible]গণের নেত্র সকল সুখময় স্বরূপে বিস্তার করিয়াছিলেন [illegible] যদুনন্দনরূপ পদ্মবন্ধুকে (সূর্য্যকে) বন্দনা করি [illegible]

যথা [illegible]

স্খলন্নয়নবারিভির্বিরচিতাভিষেকশ্রিয়ে
ত্বরাভরতরঙ্গতঃ কবলিতাত্মবিস্ফূর্ত্তয়ে।
নিশান্তশরশায়িনা সুরসরিৎসুতেন স্মৃতেঃ
সপদ্যবশবর্ষ্মণো ভগবতঃ কৃপায়ৈ নমঃ॥

মান্যমানকৃৎ॥ ৩৩॥

গুরুব্রাহ্মণবৃদ্ধাদিপূজকো মান্যমানকৃৎ॥

যথা—

অভিবাদ্য গুরোঃ পদাম্বুজং

স্খলন্নিতি। সুরসরিৎসুতেন কর্ত্রা যা স্মৃতিস্তস্যা হেতো র্যা ভগবতঃ কৃপা তস্যৈ নমঃ। কীদৃশ্যৈ। ত্বরাভরতরঙ্গতো হেতোঃ কবলিতা আত্মনো ভগ-

---

যৎকালীন গঙ্গাতনয় ভীষ্ম প্রখরতর শরশয্যায় শয়ান হইয়া শ্রীকৃষ্ণকে স্মরণ করেন, তখনই শ্রীকৃষ্ণের শরীর অবশ হয় এবং তন্নিবন্ধন তিনি এরূপ কৃপা বিস্তার করিয়াছিলেন যে, ভীষ্মের ঐ অবস্থা দেখিয়া তদীয় নেত্র, হইতে অশ্রুপাতও হইতে লাগিল,তাহাতেই শ্রীকৃষ্ণ অভিষিক্ত হওত ব্যস্ত হইয়া যাইতে যাইতে আত্মস্মৃতি বিস্মৃতি হইয়াছিলেন, অতএব সেই ভগবৎকৃপাকেই নমস্কার করি॥

মান্যমানকৃৎ॥ ৩৩॥

যিনি গুরু, ব্রাহ্মণ এবং বৃদ্ধগণের পূজা করেন, তাঁহাকেই মান্যমানকৃৎ কহা যায়॥

যথা—

শ্রীকৃষ্ণ প্রথমে গুরুচরণাম্বুজে অভিবাদন করিয়া তৎপশ্চাৎ পিতা ও অগ্রজের চরণে প্রণত হইলেন, পরে

শীলেন নির্ম্মলমতিঃ কমলেক্ষণোঽয়ং ॥

বিনয়ী ॥

ঔদ্ধত্যপরিহারী যঃ কথ্যতে বিনয়ীত্যসৌ ॥

যথা মহাকাব্যে শিশুপালবধে। ১৩ সর্গে ৭ শ্লোকঃ ॥

অবলোক এব নৃপতেঃ স্ম * দূরতো
রভসাদ্রথাদবতরীতুমিচ্ছতঃ।
অবতীর্ণবান্ প্রথমমাত্মনা † হরি-
র্বিনয়ং বিশেষয়তি সম্ভ্রমেণ সঃ ॥ ৬৮ ॥

বর্ণদূতঃ। পিশুনৌ খলসূচকাবিত্যমরঃ ॥ ৬৮ ॥

সকলেও অসূয়া প্রকাশ করেন না। অতএব এই কমলেক্ষণ শ্রীকৃষ্ণ স্বীয় সুশীলতায় অতিশয় নির্ম্মলচেতা হইয়াছেন ॥

অথ বিনয়ী ॥ ৩৫ ॥

যে ব্যক্তি আপনার ঔদ্ধত্য পরিত্যাগ করেন তাঁহাকে বিনয়ি বলা যায় ॥

যথা মহাকাব্য শিশুপালবধে ১৩ সর্গে ৭ শ্লোকঃ ॥

রাজসূয় যজ্ঞার্থ দ্বারকা হইতে শ্রীকৃষ্ণ ইন্দ্রপ্রস্থে আসিতেছেন এমন সময়ে মহারাজ যুধিষ্ঠির তাঁহার অভ্যর্থনা করিতেছেন ॥

রাজা যুধিষ্ঠির দূর হইতে শ্রীকৃষ্ণকে (কনিষ্ঠ পৈতৃষ্বসেয় ভ্রাতাকেও) অবলোকন করিয়া বেগে রথ হইতে অবতরণ করিতে ইচ্ছা করিলে শ্রীকৃষ্ণ সম্ভ্রম প্রকাশ পূর্ব্বক অগ্রেই রথ হইতে অবতরণ করিয়া কেবল আপন বিনয়কেই বিশেষ রূপে প্রকাশ করিলেন ॥ ৬৮ ॥

* সুদূরতঃ, † প্রথমমাত্মনঃ, এতাবপি পাঠৌ।

পিতরং পূর্ব্বজমপ্যথানতঃ।
হরিরঞ্জলিনা তথা গিরা
যদুবৃদ্ধাননমৎ ক্রমাদয়ং ॥ ৬৬ ॥

দক্ষিণঃ ॥ ৩৪ ॥

সৌশীল্যসৌম্যচরিতো দক্ষিণঃ কীর্ত্ত্যতে বুধৈঃ ॥ ৬৭ ॥

যথা—

ভৃত্যস্য পশ্যতি গুরূনপি নাপরাধান্
সেবাং মনাগপি কৃতাং বহুধাভ্যুপৈতি।
আবিষ্করোতি পিশুনেষ্বপি নাভ্যসূয়াং

বতঃ স্ফূর্ত্তিঃ অয়মহমস্মীতি জ্ঞানং যস্যাং তাদৃশ্যে ॥ ৬৬ ॥
সৌশীল্যেন সুস্বভাবেন সৌম্যং সুকোমলং চরিতং যস্য ॥ ৬৭ ॥
ভৃত্যস্যেতি। স্যমন্তকং গৃহীত্বা কাশ্যাং গতমক্রূরং প্রতি শ্রীমদুদ্ধবস্য

অঞ্জলিবন্ধন ও বাক্য দ্বারা ক্রমশঃ যদুগণকে সাদরে নমস্কার করিলেন ॥ ৬৬ ॥

অথ দক্ষিণ ॥ ৩৪ ॥

যে ব্যক্তি স্বীয় সুস্বভাব দ্বারা কোমল চরিত্র হয়েন, পণ্ডিতগণ তাঁহাকেই দক্ষিণ বলিয়া নির্দ্দেশ করেন ॥ ৬৭ ॥

যথা—

অক্রূর স্যমন্তক হরণ পূর্ব্বক কাশী প্রস্থান করিলে, উদ্ধব কহিলেন, শ্রীকৃষ্ণের কি আশ্চর্য্য স্বভাব !, ভৃত্য যদি গুরুতর অপরাধে অপরাধীও হয়, তথাপি তাহার কৃত যে অত্যল্প সেবা তাহাকেই বহু করিয়া জ্ঞান করেন এবং পিশুন (খল)

হ্রীমান্ ॥ ৩৬॥

জ্ঞাতেঽস্মররহস্যেঽন্যৈঃ ক্রিয়মাণে স্তবেঽথবা
শালীনত্বেন সঙ্কোচং ভজন্ হ্রীমানুদীর্য্যতে ॥

যথা ললিতমাধবে ॥

দরোদঞ্চদ্গোপীস্তনপরিসরপ্রেক্ষণভরাৎ

জ্ঞাত ইতি। অস্মররহস্যে স্মররহস্যাভাবেঽপ্যন্যৈ র্জ্ঞাতে স্বয়মেব জ্ঞাতেন তেন সঙ্কোচং ভজন্। অথ বাস্তবেঽপি ক্রিয়মাণে সঙ্কোচং ভজন্ হ্রীমানুদীর্য্যতে। তত্র হেতুঃ শালীনত্বেন অধৃষ্টতাস্বভাবেন শালীনত্বেন—অনধিগম্য স্বভাবেন বা ইতি তথৈবোদাহরতি দরোদঞ্চদিতি। তথাহি তৎকোমল-স্বদৃষ্ট্যা ভয়েনার্ত্তৈ র্ব্যগ্রৈ রখিলগোপৈঃ প্রভাবদৃষ্ট্যাতু আরব্ধা স্তুতিঃ শৌর্য্যবর্দ্ধনবিরুদস্য তথাবিধঃ সন্ তত্র স্বমহিমজ্ঞতয়া স্মিতমুখং রামং পুরোঽগ্রত এব দৃষ্ট্বা শালীনত্বেন নমিতাস্যো মধুরিপুর্জ্জয়তি পরমোৎকর্ষেণ ভক্ত-হৃদয়ে স্ফুরত্বিত্যর্থঃ। তত্র কস্মাৎ ক কিল বিলসতি ?, স্মিতমুখং দৃষ্ট্বা

অথ হ্রীমান্ ॥ ৩৬ ॥

স্মর রহস্যের অর্থাৎ কন্দর্পকেলির অভাবেও যদি অন্য কর্ত্তৃক জ্ঞাত হয় অথবা অন্য কর্ত্তৃক স্তব কৃত হইলে যে ব্যক্তি আপনার অধৃষ্টতা হেতুক সঙ্কুচিত হয়, পণ্ডিতগণ তাহাকে হ্রীমান্ বলিয়া উল্লেখ করেন ॥

যথা ললিতমাধবে ॥

শ্রীকৃষ্ণ গোবর্দ্ধনধারণ পূর্ব্বক অবস্থিত হইলে গোপী-গণ শ্রীকৃষ্ণের হস্তের প্রতি একদৃষ্টিতে অবলোকন করিতে-ছিলেন, ইতিমধ্যে ঐ সকল গোপীগণের স্তন পরিসর অর্থাৎ স্তনতট নেত্র গোচর হওয়াতে তদীয় হস্ত ঈষৎ কম্পিত

করোৎকম্পাদীষচ্চলতি কিল গোবর্দ্ধনগিরৌ।
ভয়ার্ত্তৈরারব্ধস্তুতিরখিলগোপৈঃ স্মিতমুখং
পুরো দৃষ্ট্বা রামং জয়তি নমিতাস্যো মধুরিপুঃ॥

শরণাগতপালকঃ॥ ৩৭॥

পালয়ন্ শরণাপন্নান্ শরণাগতপালকঃ॥

যথা—

নমিতাস্য ইত্যুৎপ্রেক্ষা তামিত্যপেক্ষায়ামুক্তং দরোদঞ্চদিতি। দরেত্যাদিলক্ষণাৎ কম্পাদ্গোবর্দ্ধনগিরৌ ঈষচ্চলতি সতি। কিলেত্যুৎপ্রেক্ষিতমেব, বস্তুতস্তু অনেন রামাজ্ঞাতত্তাদৃশনিজস্মররহস্যত্বেঽপি শালীনত্বেনৈব সঙ্কুচতি। স্মেতি ধ্বনিতং। তদগ্রজরামস্য তৎকৃততদীয়স্তনাস্তদর্শনানুসন্ধানস্যানৌচিত্যং। গাম্ভীর্য্যগুণেন চ পূর্ব্বোক্ততদলক্ষ্যতাদৃশতদ্ভাবত্বং। পূর্ব্বার্দ্ধে চ কিলেত্যুক্ত্যা তদর্থস্যোৎপ্রেক্ষিতমাত্রত্বমিতি ব্যাখ্যান্তরং নাঙ্গীকৃতং॥ ৬৯॥

হইতেছিল, তাহাতে গোবর্দ্ধনও চলিত হইতে লাগিল, ইহা দেখিয়া গোপগণ ভয়ার্ত্ত হইয়া শ্রীকৃষ্ণের স্তব করিতে আরম্ভ করিলে,বলরাম সহসা হাস্য করিলেন,কিন্তু শ্রীকৃষ্ণের মনোমধ্যে আশঙ্কা হইল যে, অগ্রজ বুঝি আমার আন্তরিক ভাব অবগত হইয়া থাকিবেন, অতএব ঐরূপ অভিপ্রায়ে লজ্জাবিনম্রবদন শ্রীকৃষ্ণ জয়যুক্ত হউন॥

অথ শরণাগত পালক॥ ৩৭॥

যে ব্যক্তি শরণাপন্ন লোককে পালন করেন তাঁহাকে শরণাগতপালক কহা যায়॥

যথা—

জ্বর! পরিহর বিত্রাসং ত্বমত্র সমরে কৃতাপরাধোঽপি।
সদ্যঃপ্রপদ্যমানে যদিন্দবতি যাদবেন্দ্রোঽয়ং॥

সুখী॥ ৩৮॥

ভোক্তা চ দুঃখগন্ধৈরপ্যস্পৃষ্টশ্চ সুখী ভবেৎ॥ ৬৯॥

তত্রাদ্যো যথা॥

রত্নালঙ্কারভারস্তবধনদমনো রাজ্যবৃত্ত্যাপ্যলভ্যঃ
স্বপ্নে দম্ভোলিপাণেরপি দুরধিগমং দ্বারি তৌর্য্যত্রিকঞ্চ।

রত্নেতি বন্দিজনস্তুতিঃ। স্বপক্ষে শশিকলা নখাগ্রো নখাগ্রভাগা বা। গৌর্য্যাস্তু এবৈকব শশিকলা চন্দ্ররেখা। স্বপক্ষে কান্তসম্বন্ধীনি মনোহরাণি বা সর্ব্বাঙ্গানি ভজন্তে যা স্তাঃ। গৌরীতু স্বকান্তস্যার্দ্ধঙ্গভাগিতি শ্লেষেণ যুক্তত্ব-

---

ওহে জ্বর! তুমি সমরে অপরাধী হইলেও বিশেষরূপে ত্রাস পরিত্যাগ কর, কারণ শরণাপন্ন জনের প্রতি এই যাদবেন্দ্র সদ্যই চন্দ্রতুল্য আচরণ করিয়া থাকেন অতএব তোমার কোন শঙ্কা নাই॥

অথ সুখী॥ ৩৮॥

যে ব্যক্তি ভোগী এবং যাহাকে দুঃখের গন্ধমাত্রও স্পর্শ করিতে পারে না এই দুই ব্যক্তিকে সুখী বলে॥ ৬৯॥

তন্মধ্যে ভোগী যথা॥

বন্দিজন স্তুতি করিয়া কহিলেন হে যদুবর! তোমার যে সকল রত্নালঙ্কার দেখিতেছি তাহা ধনদ কুবেরেও মানসিকী রাজ্যবৃত্তিদ্বারা অলভ্য, ত্বদীয় দ্বারে যে সকল নৃত্য গীত হইতেছে, বজ্রপাণি ইন্দ্র তাহা স্বপ্নেও অধিগম করিতে

পার্শ্বে গৌরীগরিষ্ঠাঃ প্রচুরশশিকলাঃ কান্তসর্ব্বাঙ্গভাজঃ
সীমন্তিন্যশ্চ নিত্যং যদুবর ভুবনে কস্তদন্যোঽস্তি ভোগী॥৭০

দ্বিতীয়ো যথা ॥

ন হানিং ন গ্লানিং ন নিজগৃহকৃত্য-ব্যসনিতাং
ন ঘোরং নোদ্ঘূর্ণাং ন কিল কদনং বেত্তি কিমপি।

মেব গৌরীগরিষ্ঠত্বমিতি দর্শিতং ॥ ৭০ ॥

ন হানিমিতি যজ্ঞপত্নীঃ প্রতি কস্যাশ্চিৎ শ্রীগোপীকৃষ্ণদূত্যাঃ স্নেহবশাৎ তাস্বপি গতাগতং কুর্ব্বত্যা রহস্যোক্তিঃ। ঘোরং ভয়হেতুং। ততো ভয়ন্ত সর্ব্বথৈব নেতি ব্যঞ্জিতং। উদ্ঘূর্ণাং চিন্তাং সাঙ্গীকৃতাঃ পূর্ণিতাঃ সুহৃদঃ সহচর্য্যো যত্র তাদৃক্ অনঙ্গো যাসাং। অত্র তত্তদ্ব্যাকারে সত্যপি তত্তদজ্ঞানোক্তি র্ন সম্ভবতি

পারেন না। এবং যে সকল সীমন্তিনীর (সুন্দরী স্ত্রীর) অঙ্গ প্রচুর চন্দ্রকলার ন্যায় কমনীয় ও যাহারা গৌরী অপেক্ষাও গরিষ্ঠা, নিরন্তর তাহারা তোমার পার্শ্বে অবস্থিতি করিতেছে, অতএব হে যাদবেন্দ্র! ভুবনমধ্যে তোমার সদৃশ আর ভোগী কে হইতে পারে ? ॥ ৭০ ॥

দুঃখগন্ধে অস্পৃষ্ট যথা ॥

শ্রীকৃষ্ণের কোন দূতী যজ্ঞপত্নীদিগের নিকট গতাগতি করিতে ২ স্নেহ বশতঃ তাঁহাদিগকে কহিলেন, হে দ্বিজপত্নীগণ! কোন দুঃখের গন্ধও শ্রীকৃষ্ণকে স্পর্শ করিতে পারে না, কারণ, না তাঁহার হানি আছে, না তাঁহার গ্লানি আছে, না তাঁহার গৃহকার্য্য ব্যাপারেই ব্যসনিতা দেখিতে পাই, না তাঁহার ভয়ের হেতু কিছু লক্ষ্য হয়, না তাঁহার কোন চিন্তার বিষয়ই

বরাঙ্গীভিঃ সঙ্গীকৃতসুহৃদনঙ্গাভিরভিতো
হরির্বৃন্দারণ্যে পরমনিশমুচ্চৈ র্বিহরতি ॥

ভক্তসুহৃৎ ॥ ৩৯ ॥

সুসেব্যো দানবন্ধুশ্চ দ্বিধা ভক্তসুহৃন্মতঃ ॥ ৭১ ॥

তত্রাদ্যো যথা বিষ্ণুধর্ম্মে ॥

তুলসীদলমাত্রেণ জলস্য চুলকেন চ।
বিক্রীণীতে স্বমাত্মানং ভক্তেভ্যো ভক্তবৎসলঃ ॥ ৭২ ॥

ইত্যর্থান্তরসংক্রমিতবাচ্যধ্বনিনা তত্র তত্রাবৈয়গ্র্যকারিপরমতেজস্বিত্বমেব বিবক্ষিতমিতি জ্ঞেয়ং ॥ ৭১ ॥

তত্রাদ্যো যথা বিষ্ণুধর্ম্ম ইত্যেষ পাঠঃ। বিক্রীণীতে। মুহুরপি বশীকরোতীত্যর্থঃ ॥ ৭২ ॥

কিছু উপস্থিত হয় এবং কদন কাহাকে বলে তাহাও তিনি জানেন না, কেবল অনঙ্গ-(কন্দর্প)-সৌহৃদ্যে পরিপূর্ণা বরাঙ্গণাগণ কর্ত্তৃক পরিবৃত হইয়া নিরন্তর বৃন্দাবনে বিহার করিতেছেন ॥

অথ ভক্তসুহৃৎ ॥ ৩৯ ॥

ভক্ত সুহৃদ্ দুই প্রকার সুসেব্য এবং দাসবন্ধু ॥ ৭১ ॥

তন্মধ্যে সুসেব্য যথা বিষ্ণুধর্ম্মে ॥

ভক্তগণ যদি বিষ্ণুকে একদলমাত্র তুলসী অথবা এক গণ্ডূষ মাত্র জল প্রদান করেন তাহা হইলে ঐ ভক্তবৎসল ভগবান্ ভক্তজনের সমীপে আপনার আত্মা বিক্রয় করিয়া থাকেন ॥ ৭২ ॥

দ্বিতীয়ো যথা প্রথমে ॥

স্বনিগমমপহায় মৎপ্রতিজ্ঞা-
মৃতমধিকর্ত্তুমবপ্লুতো রথস্থঃ।

স্বনিগম ইত্যন্তিমসময়ে শ্রীভীষ্মবাক্যং। স্বনিগমং শস্ত্রসন্ন্যাসলক্ষণাং স্বপ্রতিজ্ঞামপহায়। তমেতং শস্ত্রং গ্রাহয়িষ্যামীতি মৎপ্রতিজ্ঞাং সত্যাং কর্ত্তুং রথস্থোঽপি ধৃতচক্রঃ সন্ ভুবাবতীর্ণস্তত্শ্চাবেশেন স্খলিতোত্তরীয়-স্তেনৈব চাবিষ্কৃতবলতয়া চলন্তী গৌঃ পৃথিবী যেন তাদৃশো ভূত্বা মাং হন্তু-মাভিমুখ্যেন যঃ অগাৎ নত্ববধীৎ স মে মুকুন্দো গতি র্ভবত্বিত্যুত্তরেণান্বয়ঃ। কঃ কমিব ?, হরিঃ সিংহ ইভমিবেতি বাক্যার্থঃ। তদাস্বে তং প্রতি এতস্য পরম-মিত্রকৃষ্ণার্জ্জুনং প্রতি দুর্দ্দৈববশান্মহদপরাধবত্যপি ময়ি পুরাতনং ভক্তিলেশা-ভাসং ভক্তিত্বেনানুসন্ধায় য ইত্থং বন্ধুত্বং স্বমাহাত্ম্যহানিসহনেনাপি মন্মা-

---

দাসবন্ধু যথা—

প্রথমস্কন্ধে ৯ অধ্যায়ে ৩৪ শ্লোকে।

শ্রীকৃষ্ণ প্রতিজ্ঞা করিয়াছিলেন, কুরুপাণ্ডবদিগের যুদ্ধে কোন পক্ষে শস্ত্র গ্রহণ না করিয়া সাহায্যমাত্র করিবেন, আমারও দৃঢ় প্রতিজ্ঞা ছিল, ইহাঁকে অস্ত্র গ্রহণ করাইব, ইনি এমনই ভক্তবৎসল যে, আপনার প্রতিজ্ঞা পরিত্যাগ করিয়া আমার প্রতিজ্ঞা অধিক সত্য করিবার নিমিত্ত রথ হইতে অবতরণ-পূর্ব্বক আপনার পরমাস্ত্র চক্র ধারণ করেন এবং হস্তিবধার্থ যেমন সিংহ ধাবমান হয় তাহার ন্যায় আমার অভিমুখে ধাব-মান হইয়া আসিয়াছিলেন। তৎকালে ইহাঁর অতিশয় ক্রোধোদয় হওয়াতে মনুষ্যনাট্য (লীলা) বিস্মৃত হইয়াছিলেন,

ধৃতরথচরণোভ্যয়াচ্চলদ্গ্-
র্হরিরিব হন্তুমিভং গতোত্তরীয়ঃ ॥ ৭৩ ॥

প্রেমবশ্যঃ ॥ ৪০ ॥

প্রিয়ত্বমাত্রবশ্যো যঃ প্রেমবশ্যো ভবেদসৌ ॥

যথা শ্রীদশমে ॥

সখ্যুঃ প্রিয়স্য বিপ্রর্ষে রঙ্গসঙ্গাতিনির্বৃতঃ।
প্রীতো ব্যমুঞ্চদব্বিন্দূন্নেত্রাভ্যাং পুষ্করেক্ষণঃ ॥ ৭৪ ॥

যথাবা তত্রৈব ॥

হাস্যবর্দ্ধনলক্ষণং ব্যঞ্জিতবান্। সোঽয়ং সুহৃদ্দাসানাং সর্ব্বথৈব বন্ধুত্বং কুর্য্যাদিতি ভাবঃ ॥ ৭৩ ॥

প্রিয়ত্বমাত্রেণ বশ্যো নতু সেবাদ্যপেক্ষয়েত্যর্থঃ ॥ ৭৪ ॥

এ কারণ উদরস্থ সকল ভুবনের ভার বশত ইহাঁর প্রত্যেক পদে পৃথিবী কম্পিতা হয় এবং ক্রোধভরে ইহাঁর উত্তরীয় বসন পথে পড়িয়া যায় ॥ ৭৩ ॥

প্রেমবশ্য ॥ ৪০ ॥

যিনি সেবা-অপেক্ষা না করিয়া প্রিয়তামাত্রেই বশীভূত হয়েন, তাঁহাকে প্রেমবশ্য কহা যায় ॥

যথা শ্রীদশমে ৮০ অধ্যায়ে শ্রীদামচরিতে ১৩ শ্লোকে।

শ্রীকৃষ্ণের প্রিয়সখা শ্রীদাম ব্রাহ্মণের অঙ্গ স্পর্শে নির্বৃত (সুস্থ) ও প্রীত হইয়া নেত্রদ্বয় হইতে প্রেমচিহ্নস্বরূপ বারিধারা মোচন করিতে লাগিলেন ॥ ৭৪ ॥

যথাবা।

স্বমাতুঃ স্বিন্নগাত্রায়া বিস্রস্তকবরস্রজঃ।
দৃষ্ট্বা পরিশ্রমং কৃষ্ণঃ কৃপয়াসীৎ স্ববন্ধনে॥

সর্ব্বশুভঙ্করঃ॥ ৪১॥

সর্ব্বেষাং হিতকারী যঃ স স্যাৎ সর্ব্বশুভঙ্করঃ॥ ৭৫॥

যথা—

কৃতা কৃতার্থা মুনয়ো বিনোদৈঃ
খলক্ষয়েণাখিলধার্ম্মিকাশ্চ।
বপুর্বিমর্দ্দেন খলাশ্চ যুদ্ধে

তত্র প্রেমাতিশয়েন বশ্যতাধিক্যমপি দর্শয়তি যথাবেতি॥ ৭৫॥
কৃতা ইত্যুত্তরাবস্থায়াং শ্রীমদুদ্ধবোক্তিঃ। মুনয়ো আত্মারামাঃ বিনোদৈ-

শ্রীদশমে ৯ অধ্যায়ে ১৪ শ্লোকে॥

হে রাজন্! বন্ধনার্থ যত্ন করিতে করিতে যশোদার গাত্র ঘর্ম্মাক্ত হইল এবং তাঁহার কেশপাশ হইতে পুষ্পমালা বিশ্লিষ্ট হইয়া পড়িতে লাগিল,জননীর এই পরিশ্রম নিরীক্ষণ করিয়া শ্রীকৃষ্ণ কৃপাপরবশ হইয়া নিজেই বন্ধনস্থ হইলেন॥

অথ সর্ব্বশুভঙ্কর॥ ৪১॥

যে ব্যক্তি সকলেরই হিতকারী তাঁহাকে সর্ব্বশুভঙ্কর বলিয়া কীর্ত্তন করা যায়॥ ৭৫॥

যথা—

শ্রীকৃষ্ণের স্বধামগমনানন্তর উদ্ধব কহিলেন যিনি আপনার লীলাদ্বারা আত্মারাম মুনিগণকে এবং খলজনের ক্ষয় করিয়া ধার্ম্মিক জনগণকে তথা সমরে দেহপাত করত

ন কস্য পথ্যং হরিণা ব্যধায়ি ॥

প্রতাপী ॥ ৪২ ॥

প্রতাপী পৌরুষোদ্ভূতশক্রতাপি প্রসিদ্ধিভাক্ ॥ ৭৬ ॥

যথা—

ভবতঃ প্রতাপতপনে ভুবনং কৃষ্ণ প্রতাপয়তি।
ঘোরাসুরঘূকানাং শরণমভূৎ কন্দরাতিমিরং ॥

কীর্ত্তিমান্ ॥ ৪৩ ॥

গুদ্ধারকগুণপ্রচারৈঃ। আত্মারামাশ্চ মুনয় ইত্যাদেঃ ॥ ৭৬ ॥

প্রতাপয়তি প্রকাশয়তি সতি। উপমিষদ্বিশেষনৃসিংহতাপন্যাদিশব্দেষু তথৈব তপেরর্থঃ। প্রকাশয়তীত্যেব পাঠঃ। পূর্ব্বং স্থিতিরেব সর্ব্বজেত্রী সতী ভগবতঃ প্রভাব ইতি লক্ষিতং। প্রতাপস্তু তৎখ্যাতিরিতি ততো ভিদ্যতে

খলদিগকে কৃতার্থ করিয়াছেন, অতএব সেই হরি হইতে কাহার না হিত হইয়াছে? ॥

প্রতাপী ॥ ৪২ ॥

যিনি আপনার পৌরুষদ্বারা শক্রগণকে প্রতপ্ত করেন তাঁহাকে প্রতাপি কহা যায় ॥ ৭৬ ॥

যথা—

হে কৃষ্ণ! তোমার প্রতাপরূপ তপন (সূর্য্য) ভুবনকে প্রকাশিত করিতে থাকিলে ভয়ঙ্কর দানবরূপি ঘূক (পেচক গণ কন্দর (পর্ব্বতগুহার) তিমিরকে শরণ গ্রহণ করিল ॥

অথ কীর্ত্তিমান্ ॥ ৪৩ ॥

সাদ্গুণ্যৈ নির্ম্মলৈঃ খ্যাতঃ কীর্ত্তিমানিতি কীর্ত্যতে।

যথা—

ত্বদ্যশঃকুমুদবন্ধুকৌমুদী,-শুভ্রভাবমভিতো নয়ন্ত্যপি।
নন্দনন্দন কথং নু নির্ম্মমে; কৃষ্ণভাবকলিলং জগত্রয়ং॥৭৭

যথাবা ললিতমাধবে॥

ভীতা রুদ্রং ত্যজতি গিরিজা শ্যামমপ্রেক্ষ্য কণ্ঠং
শুভ্রং দৃষ্ট্বা ক্ষিপতি বসনং বিস্মিতো নীলবাসাঃ।

যথাসম্ভবমেব সাদ্গুণ্যৈ নির্ম্মলৈঃ খ্যাতঃ। কীর্ত্তিমানিত্যত্র সাদ্গুণ্যখ্যাতিরেব কীর্ত্তিরিতি প্রতিপদ্যতে নতু সাদ্গুণ্যমাত্রং তদ্বৎ॥ ৭৭॥

ভীতা রুদ্রমিত্যাদিকং কবিসময়ানুসারেণ নর্ম্মময়মেব নতু বস্তুতঃ। বস্তুতস্তেষাং তত্তত্ত্যাগাদিকন্তু তদ্যশঃশ্রবণাদেব। আভীরিকেত্যত্র আভীর-

---

যে ব্যক্তি স্বীয় নির্ম্মল সাদ্গুণ্যে (যশে) বিখ্যাত হয়েন তাঁহাকে কীর্ত্তিমান্ বলিয়া কীর্ত্তন করা যায়॥

যথা—

হে নন্দনন্দন! তোমার যশোরূপী কুমুদবন্ধু (চন্দ্র) চতুর্দ্দিকে শুভ্রতা প্রকাশ করাইলেও কি প্রকারে ঐ চন্দ্র জগত্রয়কে কৃষ্ণভাব প্রাপ্তি করাইল? ॥ ৭৭॥

যথাবা ললিতমাধবে॥

হে কৃষ্ণ! দেবর্ষি নারদ বীণাদ্বারা তোমার যশোগান করিতে প্রবৃত্ত হইলে, রুদ্রের কণ্ঠ নীলবর্ণ দেখিতে না পাইয়া গিরিজা ভীতিবশতঃ তাঁহাকে পরিত্যাগ করিলেন, নীলবাসা হলধর স্বীয় বসন শুভ্র দেখিয়া তাহা পরিত্যাগ করিলেন

ক্ষীরং গত্বা স্রপয়তি যমীনীরমাভীরিকোৎকা
গীতে দামোদর! যশসি তে বীণয়া নারদেন॥

রক্তলোকঃ॥ ৪৪॥

পাত্রং লোকানুরাগাণাং রক্তলোকং বিদুর্বুধাঃ॥ ৭৮॥

যথা প্রথমে॥

যর্হ্যম্বুজাক্ষাপসসার ভো ভবান্
কুরূন্মধূন্ বাথ সুহৃদ্দিদৃক্ষয়া।
তত্রাব্দকোটিপ্রতিমঃ ক্ষণো ভবে-

রাগেতি পাঠান্তরং॥ ৭৮॥
ন কেবলং ক্ষণএব তাদৃশো ভবেৎ কিন্তু রবিং বিনা যথাক্ষো র্মোহো-

এবং আভীরিকা (গোপাঙ্গনা) সকল উৎসুকা হইয়া দুগ্ধভ্রমে যমুনার নীর আবর্ত্তন করিতে আরম্ভ করিলেন, কি আশ্চর্য্য? হে দামোদর! ত্বদীয় যশঃকীর্ত্তনে ত্রিভুবনের পর্য্যন্তও ধাবল্য প্রাপ্তি হইল!॥

রক্তলোক॥ ৪৪॥

যিনি সমস্ত লোকের অনুরাগভাজন হয়েন তাঁহাকে রক্তলোক কহা যায়॥ ৭৮॥

যথা প্রথমে ১১ অ। ৮ শ্লোকে॥

হে কমললোচন! তুমি সুহৃদ্গণের সহিত সাক্ষাৎ করিবার বাসনায় যাবৎ হস্তিনাপুরে অথবা মথুরায় গমন করিয়াছিলে, তাবৎ কাল, সূর্য্যোদয় না হইলে নেত্রদ্বয়ের অন্ধতা হেতু যেমন ক্ষণকাল অসহ্য হয়, তদ্রূপ আমাদিগের এক এক ক্ষণ-

দ্রবিং বিনাক্ষোরিব ন স্তবাচ্যুত ॥ ৭৯ ॥

যথাবা—

আশীস্তথ্যা জয় জয় জয়েত্যাবিরাস্তে মুনীনাং
দেবশ্রেণীস্তুতিকলকলো মেদুরঃ প্রাদুরস্তি।
হর্ষাদ্ঘোষঃ স্ফুরতি পরিতো নাগরীণাং গরীয়ান্
কে বা রঙ্গস্থলভুবি হরৌ ভেজিরে নানুরাগং ॥

সাধুসমাশ্রয়ঃ ॥ ৪৫ ॥

সদেকপক্ষপাতী যঃ স স্যাৎ সাধুসমাশ্রয়ঃ ॥

ভবেত্তথৈব ত্বদীয়ানাং নোঽস্মাকং ভবেদিত্যর্থঃ ॥ ৭৯ ॥

আশীরিতি রঙ্গস্থলস্থঃ কশ্চিৎ বর্ত্তমানপ্রয়োগং মুহুরভ্যস্থ কিং বহুনেত্যাহ কেবেতি। অত্রচ সুখমোহানন্তরং পরোক্ষভূতত্বেন প্রযুংক্তে ভেজিরে ইতি

কোটি বৎসর তুল্য কষ্টে ক্ষপনীয় হইয়াছিল, হে অচ্যুত! আমরা তোমার, ইহাতে তোমার বিরহ অসহ্য হইবে বিচিত্র কি? ॥ ৭৯ ॥

যথাবা ॥

শ্রীকৃষ্ণ কংসের রঙ্গ ভূমিতে প্রবিষ্ট হইলে মুনিবৃন্দের বদন হইতে "জয় জয় জয়" ইত্যাকার আশীর্ব্বচন উদ্গীর্ণ হইতে লাগিল, দেবগণের স্তুতিরূপ কলধ্বনি প্রাদুর্ভূত হইতেছিল তথা নারীগণের গরিষ্ঠ হর্ষধ্বনি সকল দিক্ হইতে স্ফূর্ত্তি পাইতে লাগিল, অতএব ঐ শ্রীকৃষ্ণের প্রতি কে না অনুরাগভাজন হইয়াছিল ? ॥

অথ সাধুসমাশ্রয় ॥ ৪৫ ॥

যিনি সাধুজন সকলের অসাধারণ পক্ষপাতী তাঁহাকে সাধু সমাশ্রয় কহে ॥

যথা—

পুরুষোত্তম চেদবাতরিষ্য-
ভুবনে হস্মিন্ন ভবান্ ভুবঃ শিবায়।
বিকটাসুরমণ্ডলান্নজানে
সুজনানাং বত কা দশাভবিষ্যৎ ॥ ৮০ ॥

নারীগণমনোহারী ॥ ৪৬ ॥

নারীগণমনোহারী সুন্দরীবৃন্দমোহনঃ ॥ ৮১ ॥

যথা শ্রীদশমে ॥

নানুরাগং ভজন্তীতি পাঠস্তু সুগমঃ ॥ ৮০ ॥

নারীগণ মনোহারীতি যথা শীলার্থে গিনি ভুথৈব সুন্দরীত্যাদৌ লুট্ প্রযুক্তঃ। ততঃ স্বভাবেনৈব তাদৃশত্বাৎ সুরম্যাঙ্গত্বাদিভ্যোহধিক এবায়ং গুণঃ। যথোক্তং শ্রীব্রজদেবীভিঃ। কৃষ্ণং নিরীক্ষ্য বনিতোৎসবরূপশীল-মিতি গণবৃন্দশব্দাভ্যামত্র তাসাং সমূহবিশেষ উচ্যতে। তেন তদ্ভাবা-যোগ্যাসু নাতিব্যাপ্তিঃ ॥ ৮১ ॥

যথা—

হেপুরুযোত্তম! আপনি যদি পৃথিবীর মঙ্গলার্থ এই ভুবনে অবতীর্ণ না হইতেন, তাহা হইলে বিকট অসুরমণ্ডল হইতে সুজন সকলের যে কি দশা উপস্থিত হইত ?, আমি তাহা জানিতেও পারিতেছি না ॥ ৮০ ॥

অথ নারীগণমনোহারী ॥ ৪৬ ॥

যিনি সুন্দরীবৃন্দের মোহনকারী তাঁহাকে নারীগণ মনো-হারি কহা যায় ॥ ৮১ ॥

যথা দশমে ৯০ অধ্যায়ে ১৭ শ্লোকে ॥

শ্রুতমাত্রোঽপি যঃ স্ত্রীণাং প্রসহ্যাকর্ষতে মনঃ।
উরুগায়োরুগীতো বা পশ্যন্তীনাং কুতঃ পুনঃ ॥ ৮২ ॥

যথাবা—

ত্বং চুম্বকোঽসি মাধব, লোহময়ী নূনমঙ্গনা জাতিঃ।
ধাবতি ততস্ততোঽসৌ ; যতো যতঃ ক্রীড়য়া ভ্রমসি ॥

অতএব স্ত্রীণাং স্ত্রীবিশেষানাং শ্রুতমাত্রোঽপি যো মনঃ প্রসহ্যাকর্ষতি স এব উরুগায়ৈঃ ভক্তবিশেষৈরুরুধা গীতঃ সন্ তাসাং মনঃ প্রসহ্যাকর্ষতীতি কুতঃ পুনরিতি কিং পুনর্বক্তব্যং স এবচ পশ্যন্তীনাং তাসাং মনঃ প্রসহ্যাকর্ষতীতি কিন্তরাং বক্তব্যমিত্যর্থঃ ॥ ৮২ ॥

তাদৃশশীলত্বমেব দৃষ্টান্তেন স্পষ্টয়ন্নাহ যথাবেতি। অঙ্গনানাং জাতি স্তদ্বি

যিনি নাম শ্রবণমাত্র সহসা স্ত্রীগণের মনকেহরণ করেন, সেই উরুগায়োরুগীত অর্থাৎ নারদাদি মহদ্গণের বহু প্রকারে কীর্ত্তনীয় শ্রীকৃষ্ণকে যে মহিষীগণ সাক্ষাৎ দর্শন করেন, তাঁহাদিগের মন যে অপহৃত হইবে তাহাতে আর বলিবার কি আছে ?, যাঁহারা ভর্ত্তৃভাবে পাদসেবাদিদ্বারা প্রেম-সহকারে জগদ্গুরুর পরিচর্য্যা করেন, তাঁহাদিগের তপস্যা আর কি বর্ণন করিব ॥ ৮২ ॥

যথাবা—

হে কৃষ্ণ ! নিশ্চই তুমি চুম্বকমণি এবং অঙ্গনা জাতি লোহময়ী, কারণ তুমি ক্রীড়া করিতে করিতে যে যে দিকে গমন করিতেছ অঙ্গনাগণও সেই সেই দিকে ধাবমানা হই-তেছে, কারণ চুম্বক (অয়স্কান্ত মণি) ও ঠিক্ এইরূপ ॥

সর্ব্বারাধ্যঃ ॥ ৪৭ ॥

সর্ব্বেষামগ্রপূজ্যো যঃ স সর্ব্বারাধ্য উচ্যতে ॥

যথা প্রথমে ॥

মুনিগণনৃপবর্য্যসঙ্কুলে হন্তঃ-
সদসি যুধিষ্ঠিররাজসূয় এষাং ॥
অর্হণমুপপেদ ঈক্ষণীয়ো
মম দৃশি গোচর এষ আবিরাত্মা ॥

সমৃদ্ধিমান্ ॥ ৪৮ ॥

মহাসম্পত্তিযুক্তো যো ভবেদেষ সমৃদ্ধিমান্ ॥ ৮৩ ॥

শেষঃ ॥ ৮৩ ॥

অথ সর্ব্বারাধ্য ॥ ৪৭ ॥

যিনি সকলের অগ্রে পূজ্য তাঁহাকে সর্ব্বারাধ্য কহে ॥

যথা প্রথমে ৯ অধ্যায়ে ৩৮ শ্লোকে ॥

যুধিষ্ঠিরের রাজসূয়ে সভার মধ্যস্থানে মুনিগণে এবং রাজসমূহে সঙ্কীর্ত্তন হইয়াছিল, সেই সময়ে এই ভগবানই সকলের আশ্চর্য্য রূপ দর্শনীয় হইয়া সর্ব্বসমীপে পূজা প্রাপ্ত হয়েন, সেই এই জগদাত্মা আমার সমক্ষে বর্ত্তমান, আমার কি ভাগ্য আশ্চর্য্য নহে? ॥

অথ সমৃদ্ধিমান্ ॥ ৪৮ ॥

যে ব্যক্তি মহাসম্পত্তিশালী তাহাকে সমৃদ্ধিমান্ বলিয়া কীর্ত্তন করা যায় ॥ ৮৩ ॥

যথা—

ষট্ পঞ্চাশদ্যদুকুলভুবাং কোটয়স্ত্বাং ভজন্তে
বর্ষন্ত্যষ্টৌ কিমপি নিধয়শ্চার্থজাতং ভবানী।
শুদ্ধান্তশ্চ স্ফুরতি নবভি র্লক্ষিতঃ সৌধলক্ষৈ-
র্লক্ষ্মীং পশ্যন্মুরদমন তে নাত্র চিত্রায়তে কঃ॥

যথা বিল্বমঙ্গলে॥

চিন্তামণিশ্চরণভূষণমঙ্গনানাং
শৃঙ্গারপুষ্পতরবস্তরবঃ সুরাণাং।
বৃন্দাবনে ব্রজধনং ননু কামধেনু-
বৃন্দানি চেতি সুখসিন্ধুরহো বিভূতিঃ॥

ষট্ পঞ্চাশদিত্যত্র কোটয় ইতি বহুত্বং তত্তদবান্তরভেদবিবক্ষয়া। তদিদং

যথা—

হে যদুবর! যদুকুলোৎপন্ন ষট্পঞ্চাশৎ কোটি (৫৬ ছাপান্ন কোটি) লোক তোমায় ভজিতেছে, তোমার সম্বন্ধে অষ্ট নিধি নিরন্তর বর্ষণ করিতেছে এবং নবলক্ষে লক্ষিত ত্বদীয় বিশুদ্ধ অন্তঃপুরাদী স্ফুর্ত্তি পাইতেছে, অতএব হে মুরদমন! তোমার সম্পত্তি দেখিয়া কে না বিস্মিত হয়?॥

অথবা বিল্বমঙ্গলে (কৃষ্ণকর্ণামৃতে)॥

হে কৃষ্ণ! তোমার বৃন্দাবনের ঐশ্বর্য্যের কথা আর কি বর্ণন করিব, যে স্থানে গোপাঙ্গনাগণের চরণভূষণই চিন্তামণি, শৃঙ্গার অর্থাৎ বেশের উপযোগি পুষ্পময় বৃক্ষই পারিজাত বৃক্ষস্বরূপ, ধেনু কামধেনুর সদৃশ হইতেছে, অতএব কি আশ্চর্য্য! তোমার বিভূতিসুখ সিন্ধুস্বরূপ॥

বরীয়ান্ ॥ ৪৯ ॥

সর্ব্বেষামাভিমুখ্যো যঃ স বরীয়ানিতীর্য্যতে ॥

যথা—

ব্রহ্মন্নত্র পুরদ্বিষা সহ পুরঃ পীঠে নিষীদ ক্ষণং
তূষ্ণীং তিষ্ঠ সুরেন্দ্র চাটুভিরলং বারীশ দূরীভব।
এতে দ্বারি কথং মুহুঃ সুরগণাঃ কুর্ব্বন্তি কোলাহলং
হন্ত দ্বারবতীপতেরবসরো নাদ্যাপি নিষ্পাদ্যতে ॥

ঈশ্বরঃ ॥ ৫০ ॥

প্রকটলীলোদাহরণং উত্তরোদাহরণং তু প্রকটলীলাগর্ভমপি তত আরভ্য

বরীয়ান্ ॥ ৪৯ ॥

যিনি সকলেরই মধ্যে অতিশয় মুখ্য (শ্রেষ্ঠ) তাহাকে বরীয়ান্ বলিয়া কীর্ত্তন করা যায় ॥

যথা—

শিব ব্রহ্মাদি দেবগণ শ্রীকৃষ্ণদর্শনার্থী হইয়া দ্বারকার দ্বার-দেশে উপস্থিত হইলে, তাহাতে দ্বারপাল কহিল, ব্রহ্মন্! আপনি মহেশ্বরের সহিত এই পীঠের উপরি উপবেশন করুন, হে দেবেন্দ্র! আপনি আর স্তুতি পাঠ করিবেন না তূষ্ণীভূত হইয়া অবস্থিতি করুন, হে বরুণ! আপনি এস্থান হইতে দূরীভূত হন, হে দেবগণ! আপনারাই বা কেন দ্বারে মুহুর্মুহুঃ কোলাহল করিতেছেন, দ্বারকাপতির এখনও অবসর হইয়া উঠে নাই ॥

ঈশ্বর ॥ ৫০ ॥

দ্বিধেশ্বরঃ স্বতন্ত্রশ্চ দুল্লর্ঙ্ঘ্যাজ্ঞশ্চ কীর্ত্ত্যতে ॥ ৮৪ ॥

তত্র স্বতন্ত্রো যথা—

কৃষ্ণঃ প্রসাদমকরোদপরাধ্যতেঽপি
পাদাঙ্কমেব কিল কালিয়পন্নগায়।
ন ব্রহ্মণেদৃশমপি স্তবতেঽপ্যপূর্ব্বং
স্থানে স্বতন্ত্রচরিতো নিগমৈর্স্মৃতোঽয়ং ॥ ৮৫ ॥

দুল্লর্ঙ্ঘ্যাজ্ঞো যথা তৃতীয়ে ॥

নন্দস্তু ইত্যাদে স্বদিচ্ছয়া প্রকটমপি ভবেদিতি জ্ঞেয়ং ॥ ৮৪ ॥

কৃষ্ণ ইতি। তস্মাৎ স্থানে যুক্তমেবায়ং স্বতন্ত্রচরিততয়া নিগমৈর্স্মৃত ইত্যর্থঃ ॥ ৮৫ ॥

ত্রয়াণাং ব্রহ্মাদীনাং মহৎ স্রষ্ট্রাদীনাং বাধীশঃ। স্বারাজ্যং স্বেনৈব রাজ-

---

ঈশ্বর দুই প্রকার, এক স্বতন্ত্র (স্বাধীন), দ্বিতীয় দুল্লর্ঙ্ঘ্যাজ্ঞ অর্থাৎ কোন ব্যক্তি যাঁহার আজ্ঞা লঙ্ঘন করিতে সমর্থ হয় না ॥ ৮৪ ॥

তন্মধ্যে স্বতন্ত্রো যথা—

কালিয় নাগ অপরাধ করিলেও শ্রীকৃষ্ণ তাহার মস্তকে চরণচিহ্ন স্বরূপ প্রসন্নতা বিস্তার করিলেন, ব্রহ্মা অপূর্ব্ব স্তুতি পাঠ করিতে থাকিলেও তাঁহার প্রতি কটাক্ষ নিক্ষেপও করিলেন না। শ্রীকৃষ্ণের এরূপ ব্যবহার উপযুক্তই বটে, কেন না বেদে ঐ শ্রীকৃষ্ণকে স্বতন্ত্র বলিয়াই কীর্ত্তন করিয়াছেন ॥ ৮৫ ॥

দুল্লর্ঙ্ঘ্যাজ্ঞ যথা—

তৃতীয়ে ২ অধ্যায়ে ২১ শ্লোকে ॥

স্বয়ন্ত্বসাম্যাতিশয়স্ত্র্যধীশঃ
স্বারাজ্যলক্ষ্ম্যাপ্তসমস্তকামঃ।
বলিং হরদ্ভিশ্চিরলোকপালৈঃ
কিরীটকোটীড়িতপাদপীঠঃ ॥ ৮৬ ॥

যথা বা—

নব্যে ব্রহ্মাণ্ডবৃন্দে সৃজতি বিধিগণঃ সৃষ্টয়ে যঃ কৃতাজ্ঞো
রুদ্রৌঘঃ কালজীর্ণে ক্ষয়মবতনুতেঃ যঃ ক্ষয়ায়ানুশিষ্টঃ।
রক্ষাং বিষ্ণুস্বরূপা বিদধতি তরুণে রক্ষিণো যে ত্বদংশাঃ

নানন্দং তেন যা লক্ষ্মীঃ তয়া ঈড়িতত্বং বন্দিতত্বং ॥ ৮৬ ॥

কৃতাজ্ঞ ইতি অঙ্গীকৃতাজ্ঞ ইত্যর্থঃ। তস্মিন্নেব ব্রহ্মাণ্ডবৃন্দে কালজীর্ণে সতি। তস্মিন্নেব চ তরুণে সতি। তারুণ্যপশ্চান্নির্দ্দেশঃ সাম্প্রতং বৃত্ত-বিজ্ঞাপনাযামস্থাবধানং স্থিরীভবত্বিত্যপেক্ষয়া। সন্তীতি সর্গাদিসময়ে

উদ্ধব কহিলেন ওহে বিদুর! সেই ভগবান্ স্বয়ং গুণ-ত্রয়ের অধীশ্বর এবং পরমানন্দস্বরূপ সম্পত্তিদ্বারা সমস্ত ভোগ প্রাপ্ত হইয়াছিলেন, অতএব তাঁহার সমান অথবা তাঁহা-অপেক্ষা প্রধান কেহ ছিল না, লোকপাল সকলও তাঁহার অগ্রে আসিয়া কর (বা পূজোপহার) সমর্পণ পূর্ব্বক স্বস্বকিরীটাগ্র দ্বারা তদীয় পাদপীঠের স্তব করিত ॥ ৮৬ ॥

যথা বা—

হে কৃষ্ণ! "ব্রহ্মাণ্ড সৃষ্টি কর" এইরূপ তোমার আজ্ঞা প্রাপ্ত হইয়া বিধিগণ ব্রহ্মাণ্ড সকল সৃষ্টি করিতেছেন, বিনা-শের নিমিত্ত আজ্ঞা প্রাপ্ত হইয়া রুদ্রগণ কালজীর্ণ ব্রহ্মাণ্ড-

কংসারে সন্তি সর্ব্বে দিশি দিশি ভবতঃ শাসনেহজাণ্ডনাথাঃ॥

অথ সদাস্বরূপসম্প্রাপ্তঃ ॥ ৫১ ॥

সদাস্বরূপসম্প্রাপ্তো মায়াকার্য্যাবশীকৃতঃ ॥ ৮৭ ॥

যথা প্রথমে—

এতদীশনমীশস্য প্রকৃতিস্থোহপি তদ্গুণৈঃ।

ন যুজ্যতেহসদাত্মস্থৈর্যথাবুদ্ধিস্তদাশ্রয়া ॥

পালনাদ্যংশস্থ সত্তাবান্তরশাসনে সর্ব্বদা তে সন্ত্যেব কিন্তু নব্য ইত্যাদি-বিশেষেণ ত্বরং তু প্রাচুর্য্যেণৈবোক্তমিতি ভাবঃ ॥ ৮৭ ॥

ঈশস্য সর্ব্ববশীকারিণঃ শ্রীভগবতঃ এতদীশনং কিং তত্ত্বাহ। মায়াতৎ-কার্য্যাভ্যামবশীকৃতত্বমিত্যর্থঃ। যদসাবন্তর্যামিতয়া অবতীর্ণতয়া বা প্রকৃতৌ স্থিতোহপি তস্যা গুণৈঃ সত্ত্বাদিভিস্তৎকার্য্যৈশ্চ ন যুজ্যতে ন লিপ্যতে

চয়কে ক্ষয় করিতেছেন এবং রক্ষকস্বরূপ তোমার অংশ বিষ্ণুগণ নব্য নব্য ব্রহ্মাণ্ডের রক্ষা বিধান করিতেছেন অতএব হে কংসারাতি শ্রীকৃষ্ণ। অজাণ্ডনাথ (-ব্রহ্মাণ্ডপতি-) গণ তোমার আদেশে দিকে দিকে অবস্থিত আছেন ॥

অথ সদাস্বরূপসম্প্রাপ্ত ॥ ৫১ ॥

যিনি মায়িক কার্য্যকলাপে বশীভূত না হয়েন তাঁহাকে সদাস্বরূপসম্প্রাপ্ত কহা যায় ॥ ৮৭ ॥

যথা প্রথমে ১১ অধ্যায়ে ৩৪ শ্লোকে ॥

পরমেশ্বরের ইহাই ঈশ্বরত্ব যে, বুদ্ধি যেমন আত্মাকে আশ্রয় করিয়া থাকিলেও আত্মার গুণে (আনন্দাদিতে) সংযুক্ত নহে তাহার ন্যায়, তিনি প্রকৃতিস্থ হইয়াও প্রকৃতির গুণে (সুখদুঃখাদিতে) লিপ্ত হয়েন না ॥

সর্ব্বজ্ঞঃ ॥ ৫২ ॥

পরচিত্তস্থিতং দেশকালাদ্যন্তরিতং তথা।
যো জানাতি সমস্তার্থং স সর্ব্বজ্ঞো নিগদ্যতে ॥ ৮৮ ॥

যথা প্রথমে ॥

যো নো জুগোপ বনমেত্য দুরন্তকৃচ্ছ্রা-
দ্দুর্ব্বাসসোঽরিরচিতাদযুতাগ্রভুগ্ যঃ।

তত্র হেতুঃ অসন্তো যে আত্মনো জীবা তেষেব স্থিতৈরধিকারিভিঃ। তত্র দৃষ্টান্তো যথেতি। সএবাশ্রয়ো যস্যাঃ সা ভক্তানাং বুদ্ধি র্যথা ন লিপ্যতে তদ্বৎ। তস্মাৎ সদাস্বরূপসম্প্রাপ্তত্বং। স্বরূপশক্তিবিলাসলক্ষণরূপ-গুণাদ্যব্যভিচারিত্বং মায়াকার্য্যাবশীকৃতত্বমিত্যেব যাবৎ। তদুক্তং শ্রুতিভিঃ। স যদজয়াত্বজামিত্যাদিনা ॥ ৮৮ ॥

যো নো জুগোপেতি শ্রীমদর্জ্জুনবাক্যং। যঃ শ্রীকৃষ্ণোঽস্মাকং কৃচ্ছ্রং সর্ব্বজ্ঞ-ত্বাদেব জ্ঞাত্বা বনমেত্য অস্মান্ পাণ্ডবান্ জুগোপ। কস্মাদ্দুর্ব্বাসসো হেতো-র্যদ্দুরন্তং কৃচ্ছ্রং শাপময়ং তস্মাৎ। দুর্ব্বাসসঃ কীদৃশাৎ, অরিরচিতাদ্দুর্য্যোধন-

---

সর্ব্বজ্ঞ ॥ ৫২ ॥

পরচিত্তে যাহা অবস্থিত এবং দেশকালের যাহা অন্তর্গত ইত্যাদি সকল যিনি জানিতে পারেন তাঁহাকে সর্ব্বজ্ঞ বলা যায় ॥ ৮৮ ॥

যথা প্রথমে ১৫ অধ্যায়ে ১১ শ্লোকে ॥

যে দুর্ব্বাসা মুনি দশ সহস্র শিষ্যের অগ্রে তাঁহাদের সহিত এক পঙ্ক্তিতে বসিয়া ভোজন করিতেন, আমাদের শত্রুগণ সেই দুর্ব্বাসার দুরন্ত অভিশাপে আমাদিগকে

শাকান্নশিষ্টমুপযুজ্য যতস্ত্রিলোকীং
তৃপ্তামমংস্ত সলিলে বিনিমগ্নসংঘঃ ॥

নিত্যনূতনঃ ॥ ৫৩ ॥

সদানুভূয়মানোঽপি করোত্যননুভূতবৎ।
বিস্ময়ং মাধুরীভির্যঃ স প্রোক্তো নিত্যনূতনঃ ॥ ৮৯ ॥

প্রেরিতাদিত্যর্থঃ। কীদৃশো দুর্ব্বাসাঃ। যঃ অযুতসংখ্যানামগ্রভুক্ তৈঃ সহ যুধিষ্ঠিরেণ মন্ত্রিতস্তেন চ কামধুক্ স্থাল্যন্নসমাপকভোজনয়া দ্রৌপদ্যা ভুক্তং ন জ্ঞাতমিতি জ্ঞেয়ং স্ততঃ কুত্রাসৌ দুর্ব্বাসা গত স্তত্রাহ সলিলে বিনিমগ্নঃ স্বসহিতসংঘো যস্য সঃ তত্রাবশ্যককৃত্যার্থং চিরং স্থিতঃ ততঃ কিং কৃত্বা জুগোপ তত্রাহ। স্থালীলগ্নং শাকান্নশিষ্টমুপযুজ্যেতি। ভবতু তস্য তদুপ-যোজনং ততঃ কিং তত্রাহ যতস্তদুপযোগাদ্ধেতোঃ ত্রিলোকীমপি তৃপ্তামমংস্ত দুর্ব্বাসাঃ কিং পুনঃ স্বানিত্যর্থঃ ॥ ৮৯ ॥

নিক্ষেপ করিতে বাসনা করিয়াছিলেন, তাহাতে যিনি বনে গমন করিয়া ঐ ভয়ঙ্কর ঋষির শাপরূপ মহতী বিপদ্ হইতে আমাদিগকে রক্ষা করেন অর্থাৎ যিনি আসিয়া আমাদের ভোজন পাত্রে সংলগ্নাবশিষ্ট যৎকিঞ্চিৎ শাকান্নমাত্র নিজে ভোজন করিয়াছিলেন, তাহাতেই মধ্যাহ্নকালীন ক্রিয়ার্থ জলে নিমগ্ন মুনিগণ ত্রিলোকীকে পরিতৃপ্ত বোধ করিয়া পলায়ন করিয়াছিলেন ॥

অথ নিত্যনূতন ॥ ৫৩ ॥

যিনি সর্ব্বদা অনুভূয়মান হইয়াও আপন মাধুর্য্যদ্বারা অননুভূতের ন্যায় বিস্ময় প্রকাশ করেন তাঁহাকে নিত্য নূতন কহা যায় ॥ ৮৯ ॥

যথা প্রথমে॥

যদ্যপ্যসৌ পার্শ্বগতো রহোগত-
স্তথাপি তস্যাঙ্ঘ্রিযুগং নবং নবং।
পদে পদে কা বিরমেত তৎপদা-
চ্চলাপি যং শ্রী র্ন জহাতি কর্হিচিৎ॥ ৯০॥

যথাবা ললিতমাধবে॥

কুলবর তনুধর্ম্মগ্রাববৃন্দানি ভিন্দন্

চলাপীতি। পূর্ণস্বরূপতদাভাসয়োরভেদাভিপ্রায়েণোক্তং তচ্চ যা খল্বন্যত্র আভাসমাত্রেণাপি স্থিরা ন ভবতি সৈব স্বরূপেণ তত্র পরমস্থিরা ইতি তন্মা-হাত্ম্যবিশেষদর্শনায়॥ ৯০॥

মুহুঃ শ্রীকৃষ্ণমনুভূতবত্যাঃ শ্রীবৃন্দাবনেশ্বর্য্যাঃ কুলেতি বাক্যমিদং। তত্ত-স্তত্রত্যপ্রকরণবলাদেব নবত্বংগম্যতে অতোঽত্রাপ্যুদাহরণং কৃতং। ছটাত্র শৃঙ্খাগ্রভাগঃ। সটাচ্ছটাভিন্নঘনেতি মাঘকাব্যাৎ (১। ৭৪)। কক্ষা প্রকোষ্ঠং

যথা প্রথমে ১১ অধ্যায়ে ২৯ শ্লোকে॥

যদিও শ্রীকৃষ্ণ পত্নীদিগের সমীপে সর্ব্বদাই থাকিতেন তথাপি তাঁহার চরণদ্বয় প্রতিক্ষণ নূতন নূতন বোধ হইত, সুতরাং তদ্দর্শনে কোন্ অবলার বিরতি হইতে পারে? লক্ষ্মী স্বভাবতই চঞ্চলা হইয়াও তাহা ত্যাগ করিতে কখনই সমর্থ হইতে পারেন না॥ ৯০॥

যথাবা ললিতমাধবে॥

বারম্বার শ্রীকৃষ্ণকে অনুভব করিয়াও বৃন্দাবনেশ্বরী কহি-লেন, হে সুমুখি! অগ্রবর্ত্তী এ কোন অপূর্ব্ব বিশ্বকর্ম্মা, ইহার শিল্প নৈপুণ্য যে অতিশয় বিচিত্র দেখি, এ হেতু কুলাঙ্গনা-

সুমুখি নিশিতদীর্ঘাপাঙ্গটঙ্কচ্ছটাভিঃ।
যুগপদয়মপূর্ব্বঃ কঃ পুরো বিশ্বকর্ম্মা
মরকতমণিলক্ষৈ র্গোষ্ঠকক্ষাং চিনোতি ॥ ৯১ ॥

সচ্চিদানন্দসান্দ্রাঙ্গঃ ॥

সচ্চিদানন্দসান্দ্রাঙ্গশ্চিদানন্দঘনাকৃতিঃ ॥ ৯২ ॥

কক্ষা প্রকোষ্ঠ ইত্যমরনানার্থবর্গাৎ। মরকতমণিলক্ষৈরিতি তত্তুল্যং তদংশূনাং তত্ত্বয়া মননাৎ। কিন্তত্রাপূর্ব্বত্বং। তত্তু দুষ্করকর্ম্মণো যুগপন্নির্ম্মাণে ন তথা তাদৃগ্‌গ্রাববৃন্দানি ভিনত্তি মরকতমণিলক্ষৈস্তু গোষ্ঠকক্ষাং চিনোতীত্যপ্রয়োজনতত্তেদনেন জ্ঞেয়ং ॥ ৯১ ॥

সদিতি সর্ব্বকালদেশব্যাপকত্বাৎ। যোঽয়ং কালস্তস্যাতে ব্যক্তবন্ধো চেষ্টামাহুরিত্যাদ্যুক্তং। নচান্ত র্ন বহি র্যস্যেত্যাদি চ। চিদিতি স্বপ্রকাশত্বেনাজড়ত্বাৎ। তদুক্তং। পশ্যতোঽজস্য তৎক্ষণাৎ ব্যদৃশ্যন্তেতি। অত্র হি অজস্য কর্ত্তৃত্বাদিনির্দ্দেশাদ্ব্যদৃশ্যন্তেতি কর্ম্মকর্ত্তৃপ্রয়োগঃ। ন চক্ষুষা পশ্যতি রূপমস্য যমেবৈষ বৃণুতে তেন লভ্য স্তস্যৈষ আত্মা বিবৃণুতে তনুং স্বামিতি

গণের ধর্ম্মরূপ পাষাণসমূহ সুতীক্ষ্ণ ও দীর্ঘ অপাঙ্গ টঙ্কের (পাষাণবিদারণ অস্ত্রের) সূক্ষ্মাগ্র ভাগ দ্বারা ভেদ করিয়া এক কালীন লক্ষ লক্ষ মরকতমণি দিয়া গোষ্ঠপ্রকোষ্ঠ নিবদ্ধ করিতেছে ॥ ৯১ ॥

সচ্চিদানন্দসান্দ্রাঙ্গ ॥ ৫৪ ॥

চিদানন্দঘনাকৃতিকে সচ্চিদানন্দসান্দ্রাঙ্গ কহা যায় ॥

তাৎপর্য্য। সৎ শব্দে সর্ব্বকাল সর্ব্বদেশব্যাপী, চিৎ শব্দে স্বপ্রকাশ, সুতরাং অজড়, আনন্দশব্দে নিরুপাধি

যথা—

ক্লেশে ক্রমাৎ পঞ্চবিধে ক্ষয়ং গতে
যদ্ ব্রহ্মসৌখ্যং স্বয়মস্ফুরৎ পরং—
তদ্ব্যর্থয়ন্ কঃ পুরতো নরাকৃতিঃ
শ্যামোঽয়মামোদভরঃ প্রকাশতে ॥ ৯৩ ॥
যথা ব্রহ্মসংহিতায়ামাদিপুরুষরহস্যে ॥

শ্রুতেঃ। আনন্দেতি নিরুপাধিপ্রেমাস্পদসর্ব্বাংশত্বাৎ। কিমেতদদ্ভুতমিব বাসুদেবে হখিলাত্মনীত্যাদি। আনন্দং ব্রহ্মণো রূপমতি শ্রুতেঃ। শান্দ্রেতি তদিতরাস্পৃষ্টরূপত্বাৎ। তদুক্তং। ময়া ততমিদং সর্ব্বং জগদব্যক্তমূর্ত্তিনা। মৎস্থানি সর্ব্বভূতানি ন চাহং তেষবস্থিতঃ। নচ মৎস্থানি ভূতানি পশ্য মে যোগমৈশ্বরমিতি। চিদানন্দঘনাকৃতিরিতিচ তৎসমানার্থসচ্ছন্দাপ্রয়োগশ্চাত্র তত্তদ্রূপত্বেনোপলক্ষিতত্বান্ন কৃতঃ ॥ ৯২ ॥

ক্লেশ ইতি অবিদ্যা অস্মিতা রাগদ্বেষাভিনিবেশাঃ পঞ্চ ক্লেশাঃ (ইতি পাতঞ্জলদর্শনে সাধনপাদে ৩ সূত্রং)। ব্যর্থয়ন্নাবৃণ্বন্নিত্যর্থঃ ॥ ৯৩ ॥

প্রেমাস্পদের সর্ব্বাংশ, সান্দ্র শব্দে অন্য কর্ত্তৃক অস্পৃষ্ট ॥ ৯২

যথা—

ক্রমশঃ পঞ্চবিধ ক্লেশ অর্থাৎ অবিদ্যা, অস্মিতা, রাগ, দ্বেষ ও অভিনিবেশ ক্ষয় প্রাপ্ত হইলে কেবল যে ব্রহ্ম সুখ স্বয়ং স্ফূর্ত্তিশীল হয় তাহা আবরণ করত অগ্রবর্ত্তী এই নরাকৃতি শ্যাম আমার আমোদ প্রকাশ করিতেছেন ॥ ৯৩ ॥

যথা ব্রহ্মসংহিতায় আদিপুরুষরহস্যে ॥

যস্য প্রভাপ্রভাবতো জগদণ্ডকোটি-
কোটিষ্বশেষবসুধাদিবিভূতিভিন্নং।
তদ্ ব্রহ্মনিষ্কলমনন্তমশেষভূতং
গোবিন্দমাদিপুরুষং তমহং ভজামি ॥ ৯৪ ॥
অতঃ শ্রীবৈষ্ণবৈঃ সর্ব্বশ্রুতিস্মৃতিনিদর্শনৈঃ।
তদ্‌ব্রহ্ম শ্রীভগবতো বিভূতিরিতি কীর্ত্ত্যতে ॥ ৯৫ ॥

যস্য প্রেভেতি। পূর্ব্বং যোজিতমস্তি ততশ্চ প্রতাম্বে যোজিতে বিভূতিত্ব-মপি যোজিতং স্যাৎ। তথাচ শ্রুতিঃ। যস্য পৃথিবী শরীরং যস্যাত্মা শরীরং যস্যাব্যক্তশরীরং যস্যাক্ষরং শরীরং সর্ব্বভূতান্তরাত্মা দিব্যো দেব একো নারায়ণ ইত্যাদ্যা। যস্মাৎ ক্ষরমতীতোঽহমক্ষরাদপি চোত্তম ইতি শ্রীভগবদ্বচনিবদশ্চ। তথা চৈকাদশে শ্রীভগবতা বিভূতিপ্রসঙ্গ এব উক্তং। পৃথিবী বায়ুরাকাশ আপো জ্যোতিরহং মহান্। বিকারঃ পুরুষোঽব্যক্তং রজঃ সত্বং তমঃ পরমিতি টীকাচ পরং ব্রহ্ম চেত্যেষা ॥ ৯৪ ॥

অত ইতি। যদ্যপ্যেতৈ র্ব্রহ্মশব্দেনাপি ভগবানেব উচ্যতে। নির্ব্বি-শেষং ব্রহ্মতু পৃথক্ নাঙ্গীক্রিয়তে। তথাপি মতান্তরমঙ্গীকৃত্য তদিদং প্রোক্ত-মিতি জ্ঞেয়ং ॥ ৯৫ ॥ •

যিনি নিষ্কল অর্থাৎ কলারহিত, নিরুপাধি, অনন্ত, সর্ব্বময়, এবং কোটি কোটি ব্রহ্মাণ্ডে পৃথিব্যাদি বিভূতি রূপে ভিন্ন, সেই ব্রহ্ম যে প্রভাবশীলের অঙ্গ প্রভা,তাদৃশ গোবিন্দ আদি-পুরুষকে আমি ভজনা করি ॥ ৯৪ ॥

সুতরাং শ্রুতি স্মৃতি নিদর্শন দ্বারা বৈষ্ণব গণ সেই ব্রহ্মকে ভগবান্ গোবিন্দের বিভূতি বলিয়া কীর্ত্তন করেন ॥ ৯৫ ॥

তথাহি যামুনাচার্য্যস্তোত্রে—

যদণ্ডমণ্ডান্তরগোচরঞ্চ য-
দ্দশোত্তরাণ্যাবরণানি যানি চ।
গুণাঃ প্রধানং পুরুষঃ পরং পদং
পরাৎপরং ব্রহ্ম চ তে বিভূতয়ঃ॥

সর্ব্বসিদ্ধিনিষেবিতঃ॥ ৫৫॥

অবশাখিলসিদ্ধিঃ স্যাৎ সর্ব্বসিদ্ধিনিষেবিতঃ॥ ৯৬॥

যথা—

যদণ্ডমিতি। অণ্ডস্যান্তরং মধ্যভাগো গোচরো বিষয়ো যস্য তৎ সর্ব্ব-মিত্যর্থঃ। দশেতি। দশ দশ গুণানি উত্তরাণি উত্তরোত্তরপ্রমাণানি যেষাং তানি যানি। পুরুষঃ সমষ্টিজীবঃ। পরং পদং বৈকুণ্ঠং ব্রহ্মতু ভগবত এব ক্বচিদধিকারিণি নির্ব্বিশেষত্বেনাবির্ভাববিশেষঃ॥ ৯৬॥

যথা যামুনাচার্য্যস্তোত্রে—

হে ভগবন্! ব্রহ্মাণ্ড, ব্রহ্মাণ্ডান্তর্গত বস্তু, ক্রমশঃ দশগুণ বৃদ্ধি পৃথিব্যাদি আবরণ সকল, সত্ত্বাদি তিন গুণ, প্রকৃতি, পুরুষ, বৈকুণ্ঠ এবং পরাৎপর ব্রহ্ম ইত্যাদি সকল তোমারই বিভূতি বলিয়া কীর্ত্তন করা যায়॥

সর্ব্বসিদ্ধিনিষেবিত॥ ৫৫॥

নিখিল সিদ্ধিগণ যাঁহার বশীভূত তাঁহাকে সর্ব্বসিদ্ধি-নিষেবিত কহে॥ ৯৬॥

যথা—

দশভিঃ সিদ্ধিসখীভি, র্বৃতা মহাসিদ্ধয়ঃ ক্রমাদষ্টৌ।
অণিমাদয়ো লভন্তে; নাবসরং দ্বারি কৃষ্ণস্য ॥ ৯৭ ॥

অবিচিন্ত্যমহাশক্তিঃ ॥ ৫৬ ॥

দিব্যসর্গাদিকর্ত্তৃত্বং ব্রহ্মরুদ্রাদিমোহনং।
ভক্তপ্রারব্ধবিধ্বংস ইত্যাদ্যচিন্ত্যশক্তিতা ॥ ৯৮ ॥

তত্র দিব্যসর্গাদিকর্ত্তৃত্বং যথা—

আসীচ্ছায়াদ্বিতীয়ং প্রথমমথ বিভুর্বৎসডিম্বাদিদেহা-

দশভিঃ অণূর্ম্মিমত্ত্বাদিভিঃ ক্রমাৎ স্বস্বক্রমং প্রাপ্য সেবিতা ইত্যর্থঃ॥ সিদ্ধয়শ্চৈতা একাদশস্কন্ধে জ্ঞেয়াঃ ॥ ৯৭ ॥

দিব্যেত্যুত্তরোত্তরন্যূনক্রমঃ। ব্রহ্মরুদ্রাদিত্যাদিশব্দগ্রহণাৎ সঙ্কর্ষণোঽপি জ্ঞেয়ঃ। উত্তরোত্তরজ্ঞানপ্রকর্ষক্রমাদ্যথা তদ্বাক্যং। প্রায়ো মায়া তু মে ভর্ত্তু-র্নান্যা মেঽপি বিমোহিনীতি। দিব্যত্বমত্র ব্রহ্মাণ্ডান্তর্যামিপর্য্যন্তং জ্ঞেয়ং বিধ্বংস ইতি বিধ্বংসনমিত্যর্থঃ ॥ ৯৮ ॥

আসীচ্ছায়াদ্বিতীয় ইত্যনেন নরলীলাময়ত্বাৎ। স্বয়ং ভগবত্ত্বব্যঞ্জকাত্তি

অণূর্ম্মিমত্ত্বাদি দশটী সিদ্ধিরূপা সখীকর্ত্তৃক স্বস্বক্রমপ্রাপ্ত অণিমাদি অষ্ট মহাসিদ্ধি শ্রীকৃষ্ণের দ্বার দেশে প্রবেশের অবসর লাভ করিতেও সমর্থ হইতেছে না ॥ ৯৭ ॥

অথ অবিচিন্ত্যমহাশক্তি ॥ ৫৬ ॥

ব্রহ্মাণ্ডের অন্তর্যামি পর্য্যন্ত দিব্য সৃষ্টি কর্ত্তৃত্ব, ব্রহ্ম রুদ্রাদির মোহন এবং ভক্তজনের প্রারব্ধ খণ্ডন ইত্যাদিকে অবিচিন্ত্যশক্তি বলে ॥ ৯৮ ॥

তন্মধ্যে দিব্যসর্গাদিকর্ত্তৃত্ব যথা ॥

নরলীলাপ্রযুক্ত শরীরের ছায়াই যাঁহার দ্বিতীয় হইয়াছে,

মংশেনাংশেন চক্রে তদনু বহুচতুর্ব্বাহুতাং তেষু তেনে।
বৃত্তস্তত্ত্বাদিবীতৈরথ কমলভবৈঃ [illegible] হখিলাত্মা
তাবদ্ব্রহ্মাণ্ডসেব্যঃ স্ফুটমজনি ততোঽযঃ প্রপদ্যে তমীশং॥৯৯

ব্রহ্মরুদ্রাদিমোহনো যথা—

মোহিতঃ শিশুকৃতৌ পিতামহো
হস্তশম্ভুরপি জৃম্ভিতো রণে।•

তাৎকালিকত্বাচ্চ পূর্ব্বপ্রতিজ্ঞাতমদ্ভুতত্বমুদাহৃতং। এবমুত্তরত্রাপি। বৎস-ডিম্ভাদিদেহানংশেনেত্যেব পাঠঃ। তদেতচ্চ অদ্যৈব ত্বদৃতেঽস্য কিং মম ন ত ইত্যাদ্যনুসারেণাধিগম্যং। প্রকারান্তরমেতৎ পদ্যং তাক্তং॥ ৯৯॥

মোহিত ইতি বাণযুদ্ধানন্তরং কদাচিৎ পারিজাতপ্রত্যানয়নায় কৃত-প্রৌঢ়িপ্রলাপমিন্দ্রং প্রতি শ্রীনারদস্য হাস্যবচনং। অদ্যোতি। তস্য পূর্ব্ব-

---

সেই বিভু শ্রীকৃষ্ণ প্রথমে অংশাংশ দ্বারা বৎস ও বালকাদির দেহ রচনা করিয়া তৎপশ্চাৎ ঐ সকল বৎস বালকাদির দেহে অনেক চতুর্ব্বাহু মূর্ত্তি বিস্তার করিয়াছেন, তদনন্তর তত্ত্বজ্ঞান-পরিশূন্য অনেকানেক ব্রহ্মা-কর্ত্তৃক স্তুত হইয়া অখিলাত্মা শ্রীকৃষ্ণ ততসংখ্যক ব্রহ্মাণ্ডের সেব্য হইয়া প্রকাশ পায়েন অতএব আমি সেই ঈশ্বরের শরণাপন্ন হই॥ ৯৯॥

ব্রহ্মরুদ্রাদিমোহন যথা—

একদা পারিজাত প্রত্যানয়ন করিবার নিমিত্ত কৃতপ্রৌঢ়ি-প্রলাপ ইন্দ্রের প্রতি নারদ হাস্য প্রকাশ পূর্ব্বক কহিলেন, হে মহেন্দ্র! যিনি শিশুহরণ-বিষয়ে পিতামহকে মোহিত করিয়াছেন, যাঁহা কর্ত্তৃক বাণযুদ্ধে শম্ভু জৃম্ভিত হয়েন, সেই

যেন কংসরিপুণাদ্য তৎপুরঃ
কে মহেন্দ্র বিবুধা ভবদ্বিধাঃ ॥ ১০০ ॥

ভক্তপ্রারব্ধবিধ্বংসো যথা—

শ্রীদশমে ॥

গুরুপুত্রমিহানীতং নিজকর্ম্মনিবন্ধনং।
আনয়স্ব মহারাজ মচ্ছাসনপুরস্কৃতঃ ॥ ১০১ ॥
আদিশব্দেন দুর্ঘটঘটনাপি যথা ॥ ১০২ ॥

পরাজয়োঽপি স্বচিতঃ ॥ ১০০ ॥

নিজং তদীয়ং কর্ম্মৈব তন্নিবন্ধনং তন্নয়নে নিমিত্তং যস্য তং। তর্হি কথং তৎ-প্রারব্ধকর্ম্মাতিক্রমিতব্যং তত্রাহ মচ্ছাসনেতি। ভক্তত্বমস্য পিতৃসম্বন্ধাৎ জ্ঞেয়ং ॥ ১০১ ॥

দুর্ঘটঘটনানামস্বীয়হৃদ্গুহাবস্থিতেঃ প্রকাশনং ॥ ১০২ ॥

কংসরিপুর অগ্রে অদ্য তোমার মত দেবতা সকল কোথা-কার কে? ॥ ১০০ ॥

ভক্তপ্রারব্ধবিধ্বংস যথা—

দশমস্কন্ধে ৪৫ অধ্যায়ে ৩৪ শ্লোকে ॥

ভগবান্ যমরাজকে কহিলেন আমার গুরুপুত্র নিজ কর্ম্মের কারণ এখানে আনীত হইয়াছেন, হে মহারাজ! আমার আজ্ঞায় পুরস্কৃত হইয়া তাঁহাকে শীঘ্র আনিয়া দাও ॥

ইহার তাৎপর্য্য। যদিও তিনি নিজ কর্ম্ম প্রযুক্ত পরি-গৃহীত হইয়াছেন তথাচ আমার আদেশে আনয়ন করিয়া দিলে তোমার কোন দোষ হইবে না ॥ ১০১ ॥

আদি শব্দ প্রযুক্ত দুর্ঘট ঘটনা যথা ॥ ১০২ ॥

অপি জনিপরিহীনঃ সূনুরাভীরভর্ত্তু-
র্বিভুরপি ভুজযুগ্মোৎসঙ্গপর্য্যাপ্তমূর্ত্তিঃ।
প্রকটিতবহুরূপোঽপ্যেকরূপঃ প্রভু র্মে
ধিয়মযমবিচিন্ত্যানন্তশক্তি র্ধিনোতি ॥ ১০৩ ॥

কোটিব্রহ্মাণ্ডবিগ্রহঃ ॥ ৫৭ ॥

অগণ্যজগদণ্ডাঢ্যঃ কোটিব্রহ্মাণ্ডবিগ্রহঃ।

অপীতি শ্রীশুকদেব বাক্যং। অত্রচ অপি জনীতি। অজোঽপি জাতো জগতঃ শিবায়েতি শ্রীমদুদ্ধব-বচনাদিভ্যঃ সূনুরাভীরভর্ত্তুরিতি প্রাগয়ং বসুদেবস্য কচিজ্জাত স্তবাত্মজ ইত্যাদিগর্গবাক্যাৎ। স্বপ্রসূর্গর্ভ জন্মেতি তু পাঠান্তরং বিভুরপি তয়ৈব মূর্ত্ত্যা সর্ব্বং ব্যাপ্নুবন্নপি শ্রীজনন্যাদীনাং ভুজযুগ্মোৎ-সঙ্গেন পর্য্যাপ্তা পূর্ণত্বেন প্রকাশমানা মূর্ত্তি র্যস্য সঃ। নচান্ত র্ন বহির্যস্যেত্যাদেঃ প্রকটিতেতি। চিত্রং বতৈতদেকেন বপুষা যুগপৎ পৃথক্। গৃহেষু দ্ব্যষ্ট-সাহস্রং স্ত্রিয় এক উদাবহদিতি শ্রীনারদবাক্যাৎ ॥ ১০৩ ॥

অগণ্যৈর্জগদণ্ডৈরাঢ্যো যুক্ত ইত্যত্র ক্বাহং তম ইতি দর্শয়িষ্যং মহাপুরুষত্বেঽপি

শুকদেব কহিলেন যিনি জন্মরহিত হইয়া গোপরাজ নন্দের তনয় হইয়াছেন, যিনি সর্ব্বব্যাপক হইয়া জননাদির ভুজযুগ্মের অন্তর্গত ক্রোড় মধ্যে পর্য্যাপ্ত ভাবে অপূর্ণরূপে প্রকাশ পাইতেছেন এবং যিনি বহুরূপ প্রকটন করিয়াও এক-রূপী, সেই অবিচিন্ত্য অনন্তশক্তিশালী বিভু শ্রীকৃষ্ণ আমার বুদ্ধিকে মোহিত করিতেছেন ॥ ১০৩ ॥

অথ কোটিব্রহ্মাণ্ডবিগ্রহ ॥ ৫৭ ॥

অগণ্য জগদণ্ডযুক্ত বিগ্রহকে কোটি ব্রহ্মাণ্ডবিগ্রহ কহে

ইতি শ্রীবিগ্রহস্যাস্য বিভুত্বমনুকীর্ত্তিতং ॥

তথা তত্রৈব ॥

ক্বাহং তমো মহদহং খচরাগ্নিবার্ভূ-
সংবেষ্টিতাণ্ডঘটসপ্তবিতস্তি কায়ঃ।
ক্বেদৃগ্বিধা হবিগণিতাণ্ডপরাণুচর্য্যা-

সর্ব্বব্রহ্মাণ্ডব্যাপি [illegible] শ্রীকৃষ্ণস্য কৈমুত্যমানীতং তচ্চ সর্ব্ব-
[illegible] মহত্ত্বং
ময়া তত্তমিদং সর্ব্বাগত্যাদি। ক্বাহমিতি তু ব্যাখ্যায়তে। তমঃ প্রকৃতিঃ
মহৎ মহত্তত্ত্বং অহমহঙ্কারঃ খমাকাশং চরো বায়ুঃ ভূঃ পৃথ্বী সেয়ং ব্রহ্মাণ্ডখর্পর-
রূপৈবান্যত্র মন্যতে অত ততো ভিন্নত্বেন নির্দ্দেশস্তু শিলাপুত্রস্য শরীরমিতি
বজ্ক্ষ্যঃ। এতৈঃ সংবেষ্টিতো যদণ্ডঘটঃ ব্রহ্মাণ্ডঘটঃ তস্য চ সমষ্টি-
জীবরূপেণাভিমান্যহং ক্ব চতুর্মুখশরীরাভিমানিত্বেন সপ্তবিতস্তিকায়
রূপশ্চ সুতরামহং ক্ব বিশেষণয়োঃ কর্ম্মধারয়ঃ। ঈদৃগ্বিধেত্যাদিরূপস্য

ইহাই শ্রীবিগ্রহের বিভুত্ব কীর্ত্তন করা হইল ॥

যথা দশমে ১৪ অধ্যায়ে ১১ শ্লোকে—

ব্রহ্মা কহিলেন হে ভগবন্! প্রকৃতি, মহৎ, অহঙ্কার আকাশ, বায়ু, তেজঃ, জল এবং পৃথিবী এই সকলে পরিবেষ্টিত যে অণ্ড ঘট তাহাতে আত্মপরিমাণে সপ্তবিতস্তি-মাত্র পরিমিত আমার শরীর আমি কোথায়? আর তোমার মহিমাই বা কোথায়? অতএব ব্রহ্মাণ্ড বিগ্রহ বলিয়া আমি আপনাকে ঈশ্বর বলিতে পারি না। ব্রহ্মাণ্ড আমার শরীর বটে, কিন্তু এতাদৃশ অসংখ্য ব্রহ্মাণ্ডরূপ পরমাণু সকলের

বাতাধ্বরোমবিবরস্য চ তে মহিত্বং ॥ ১০৪ ॥

যথাবা ॥

তত্ত্বৈর্ব্রহ্মাণ্ডমাঢ্যং সুরকুলভুবনৈশ্চাঙ্কিতং যোজনানাং
পঞ্চাশৎকোট্যখর্ব্বক্ষিতিখচিতমিদং যচ্চ পাতালপূর্ণং।
তাদৃগ্‌ব্রহ্মাণ্ডলক্ষাযুতপরিচয়ভাগেককক্ষং বিধাত্রা
দৃষ্টং যস্যাত্র বৃন্দাবনমপি ভবতঃ কঃ স্তুতৌ তস্য শক্তঃ ॥১০৫

অবতারাবলীবীজং ॥ ৫৮ ॥

তে তব মহিত্বং ক তত্র পরমাণবস্তেষাং চর্য্যাতু পরমাণুপক্ষে বহিরন্তর্গত্যা গতিরূপা। ব্রহ্মাণ্ডপক্ষে যথাকালমাবির্ভাবলয়রূপা বাতাধ্বা গবাক্ষঃ। ভগবৎ পক্ষে রোমবিবরঃ সূক্ষ্মতমৈকদেশঃ। যদুক্তং বিষ্ণুপুরাণে। যস্যাযুতাযুতাংশাংশে বিশ্বশক্তিরিয়ং স্থিতেতি ॥ ১০৪ ॥

তদেতদেব বৃন্দাবনে দৃষ্টান্তেন দর্শয়তি যথাবেতি ॥ ১০৫ ॥

পরিভ্রমণার্থ গবাক্ষবৎ তোমার অঙ্গের প্রত্যেক রোমবিবর, সুতরাং আমি অতিতুচ্ছ, আমাকে অনুকম্পা কর ॥ ১০৪ ॥

যথাবা ॥

হে কৃষ্ণ! যে একটী ব্রহ্মাণ্ড প্রকৃতি ও মহৎ প্রভৃতি তত্ত্বে সম্মিলিত, দেবনিকরের ভুবন সমূহে অঙ্কিত, পঞ্চাশৎ কোটি যোজন ক্ষিতিমণ্ডলে খচিত এবং যাহা পাতাল দ্বারা পরিপূর্ণ, এমত অযুত লক্ষ ব্রহ্মাণ্ডের পরিচয় ভূমি স্বরূপ এক কক্ষ রূপে বিধাতা যাঁহার বৃন্দাবন দর্শন করিয়াছেন, তাদৃশ আপনাকে স্তব করিতে কে সমর্থ হইবে? ॥ ১০৫ ॥

অবতারাবলীবীজ যথা ॥ ৫৮ ॥

অবতারাবলীবীজমবতারী নিগদ্যতে ॥ ১০৬ ॥

যথা গীতগোবিন্দে ॥

বেদানুদ্ধরতে জগন্তি বহতে ভূগোলমুদ্বিভ্রতে
দৈত্যং দারয়তে বলিং ছলয়তে ক্ষত্রক্ষয়ং কুর্ব্বতে ।
পৌলস্ত্যং জয়তে হলং কলয়তে কারুণ্যমাতন্বতে

অবতারীতি ভূমার্থমত্বর্থীয়ঃ সর্ব্বেভ্যোঽবতারিভ্যঃ পূর্ণত্বাৎ। এতে চাংশকলাঃ পুংসঃ কৃষ্ণস্ত ভগবান্ স্বয়মিত্যুক্তেঃ ॥ ১০৬ ॥

তত্রাতিসিদ্ধপ্রমাণস্য পরমশাস্ত্রস্য শ্রীভাগবতবাক্যস্য তস্যৈব মহত্তি

যাঁহা হইতে অবতার সমূহ প্রকাশ পায় তাঁহাকে অবতারাবলীবীজ বলা যায় ॥ ১০৬ ॥

যথা গীতগোবিন্দে ॥

যিনি মৎস্যরূপে বেদ সকলকে উদ্ধার করিয়াছেন, কূর্ম্মরূপে পৃষ্ঠদেশে জগৎকে বহন করিয়াছেন, বরাহতনু পরিগ্রহপূর্ব্বক দন্তে ধরাকে ধারণ করিয়াছেন, নৃসিংহ মূর্ত্তিতে দৈত্যরাজ হিরণ্যকশিপুর বক্ষঃস্থল বিদীর্ণ করিয়াছেন, বামনমূর্ত্তিতে আবির্ভূত হইয়া বলিরাজকে ছলনা করিয়াছেন, পরশুরামরূপে ক্ষত্রিয়কুলকে নির্ম্মূল করিয়াছেন, রামরূপে অবতীর্ণ হইয়া রাক্ষসাধিপতি দশাননকে সংহার করিয়াছেন, বলরামরূপে হল (লাঙ্গলকে) গ্রহণ করিয়াছেন, বুদ্ধশরীরে পশুদিগের প্রতি করুণা বিস্তার করিয়াছেন, এবং যিনি কল্কিরূপে জন্ম পরিগ্রহ করিয়া ম্লেচ্ছ সকলকে সংহার করিয়াছেন, সেই দশাবতার

ম্লেচ্ছান্মূর্চ্ছয়তে দশাকৃতিকৃতে কৃষ্ণায় তুভ্যং নমঃ ॥ ১০৭ ॥

হতারিগতিদায়কঃ ॥ ৫৯ ॥

মুক্তিদাতা হতারীণাং হতারিগতিদায়কঃ ॥

যথা—

পরাভবং ফেনিল বক্ত্রতাঞ্চ
বন্ধঞ্চ ভীতিঞ্চ মৃতিঞ্চ কৃত্বা।
পবর্গদাতাপি শিখণ্ডমৌলে
ত্বং শাত্রবানামপবর্গদোঽসি ॥ ১০৮ ॥

লোকেঽপি দিগ্দর্শমস্তীত্যাহ তথা গীতগোবিন্দে ইতি ॥ ১০৭ ॥

মুক্তীত্যুপলক্ষণং পূতনাদিষু ভক্তিদাতৃত্বমপি জ্ঞেয়ং। তদেবমপ্যুক্তমমী কৃষ্ণে কিলাদ্ভুতা ইতি ॥ ১০৮ ॥

রূপ প্রকটনকারী শ্রীকৃষ্ণ তোমাকে নমস্কার করি ॥ ১০৭ ॥

হতারিগতিদায়ক যথা ॥

যিনি শত্রুগণকে বিনষ্ট করিয়া মুক্তি প্রদান করেন তাঁহাকে হতারিগতিদায়ক বলে ॥

যথা—

হে শিখণ্ডমৌলে! তুমি শত্রুগণের প্রতি পরাভব, ফেনিল (ফেনাযুক্ত) বদন, বন্ধন, ভয় ও মৃত্যু বিধান পূর্ব্বক পবর্গ প্রদান করিলেও, অর্থাৎ পরাভবের প, ফেনিল বক্ত্রের ফ, বন্ধনের ব, ভীতির ভ, এবং মৃতির ম, এই পঞ্চ পবর্গ প্রদ হইলেও, তাহাদিগকে মুক্তি প্রদান করিয়াছ ॥ ১০৮ ॥

যথা—

চিত্রং মুরারে সুরবৈরিপক্ষস্ত্বয়া সমন্তাদনুবদ্ধযুদ্ধঃ।
অমিত্রবৃন্দাম্ববিভেদ্য ভেদং মিত্রস্য কুর্ব্বন্নমৃতং প্রয়াতি॥১০৯

আত্মারামগণাকর্ষী॥

আত্মারামগণাকর্ষীত্যেতদ্ব্যক্তার্থমেব হি॥

যথা—

পূর্ণং পরমহংসং মাং মাধবলীলামহৌষধির্গ্রাতা।

অমিত্রবৃন্দাম্ববিভিদ্য ইত্যেব পাঠঃ। পক্ষে মিত্রঃ সূর্য্যঃ॥ ১০৯॥

সারঙ্গশ্চাতকো ভক্তশ্চ সারং গায়তীত্যুক্ত্যা সারঙ্গাণাং পদাম্বুজমিত্যুক্তেঃ। ভক্তপক্ষে সেতি পৃথক্ পদং। পক্ষান্তরে সারসং কমলং। তত্র চাতকী

যথাবা—

হে মুরারে! কি আশ্চর্য্যের বিষয়! দেব-বিপক্ষ অসুরগণ সর্ব্বতোভাবে তোমার সহিত যুদ্ধে উদ্যুক্ত হইয়াও শত্রুদিগকে ভেদ না করত মিত্রের ভেদপূর্ব্বক অর্থাৎ সূর্য্যমণ্ডল ভেদ করিয়া মোক্ষ লাভ করিয়াছে॥ ১০৯॥

অথ আত্মারামগণাকর্ষী॥ ৬০॥

আত্মারাম-গণাকর্ষির অর্থ স্পষ্টই বোধ হইতেছে, অর্থাৎ যিনি জ্ঞানিদিগকে আকর্ষণ করেন, তাঁহাকে আত্মারামগণাকর্ষি কহা যায়॥

যথা—

কি আশ্চর্য্যের বিষয়!, আমি পূর্ণ অর্থাৎ সর্ব্ব বিষয়ে আকাঙ্ক্ষাশূন্য এবং পরমহংস হইলেও, মাধবের লীলা-

কৃত্বা বত সারঙ্গং ব্যধিত কথং সারসে তৃষিতং ॥ ১১০ ॥

অথ অসাধারণচতুষ্কে লীলা যথা ॥ ৬১ ॥

বৃহদ্বামনে ॥

সন্তি যদ্যপি মে প্রাজ্যা লীলাস্তাস্তা মনোহরাঃ।
নহি জানে স্মৃতে রাসে মনো মে কীদৃশং ভবেৎ ॥

যথাবা ॥

পরিস্ফুরতু সুন্দরং চরিতমত্র লক্ষ্মীপতে-
স্তথা ভুবননন্দিনস্তদবতারবৃন্দস্য চ।
হরেরপি চমৎকৃতিপ্রকরবর্দ্ধনঃ কিন্তু মে

করণং তত্রাপি কমলে তৃষিতীকরণমিতি শ্লেষেহপি দ্বিগুণীভাবাশ্চর্য্যমিতং॥১১০

সন্তীত্যুদাহরণদ্বয়ং পরমোৎকর্ষদর্শনার্থমেব লীলাবিশেষময়তয়া দর্শিতং তদীয়লীলাসামান্যমপি সর্ব্বোৎকৃষ্টতয়া শ্রীভাগবতাদৌ প্রসিদ্ধমিতি তত্তু ন দর্শিতং। তথাহি শ্রীপরীক্ষিদ্বাক্যং। যেন যেনাবতারেণেতি যচ্ছৃণতো-

---

রূপ মহৌষধি আমাকর্ত্তৃক আঘ্রাত (আস্বাদনীয়) হইয়া আমাকে ভক্তরূপে বিধানকরত ভক্তিরসে তৃষিত করিল? ॥১১০

অথ অসাধারণ চারিটীর মধ্যে লীলা যথা ॥ ৬১ ॥

বৃহদ্বামনে ॥

ভগবান্ কহিলেন যদিচ আমার সেই সেই মনোহরলীলা-সকল প্রচুররূপে রহিয়াছে, তথাপি রাসলীলা স্মরণ হইলে আমার মন যে কি প্রকার হয়, তাহা আমি বলিতে পারি না ॥

যথাবা ॥

লক্ষ্মীপতি নারায়ণের, এবং জগদানন্দকারি-তদীয় অবতার সকলের চরিত্র সুন্দররূপে স্ফূর্ত্তি পাউক্, কিন্তু যাহা

বিভর্ত্তি হৃদি বিস্ময়ং কমপি রাসলীলারসঃ ॥ ১১ ॥

প্রেম্না প্রিয়াধিক্যং ॥ ৬২ ॥

যথা শ্রীদশমে ॥

অটতি যদ্ভবানহ্নি কাননং
ত্রুটি যুগায়তে ত্বামপশ্যতাং।
কুটিলকুন্তলং শ্রীমুখঞ্চ তে
জড় উদীক্ষতাং পক্ষ্মকৃদ্দৃশাং ॥ ১১২ ॥

হৈপত্যরতির্বিতৃক্ষেত্যাদি চ। প্রাজ্যাঃ প্রচুরাঃ ॥ ১১১ ॥

অটতীত্যুদাহরণমুৎকণ্ঠাদ্বারা তদ্বোধকং অন্যত্রাশ্রবণাৎ। বিশেষোদাহরণানি চৈতানি জ্ঞেয়ানি অহো ভাগ্যমিত্যাদি নেমং বিরিঞ্চ ইত্যাদি ইত্থং সতাং ব্রহ্মসুখানুভূত্যা ইত্যাদি, নায়ং শ্রিয়োহঙ্গ উ নিতান্তরতেঃ প্রসাদ ইত্যাদি চ ॥ ১১২ ॥

হরিরও আশ্চর্য্যরাশি বর্দ্ধনকারী সেই রাসলীলা রস আমার হৃদয়ে বিস্ময় ধারণ করিতেছে ॥ ১১১ ॥

প্রেমবশতঃ প্রিয়াধিক্য যথা ॥ ৬২ ॥

শ্রীদশমে ৩১ অধ্যায়ে ১৫ শ্লোকে ॥

হে প্রিয়! দিবসে যখন তুমি বৃন্দাবনে গমন কর, তখন তোমাকে না দেখাতে প্রাণিমাত্রের পক্ষে ক্ষণার্দ্ধ কালও যুগবৎ অতিশয় দুর্যাপণীয় বোধ হয় এবং দিনান্তে তুমি প্রত্যাগত হইলে তোমার শোভন বদন অবলোকন করিয়া নিমেষ মাত্র ব্যবধানও অসহ্য হওয়াতে সেই সকল প্রাণির নিকটে চক্ষুর পক্ষ্মকারী অর্থাৎ নেত্রাবরক লোমনির্ম্মাণকর্ত্তা ব্রহ্মা জড় বলিয়া গণ্য হয়েন ॥ ১১২ ॥

যথাবা ॥

ব্রহ্মরাত্রিততিরপ্যঘশত্রো
সা ক্ষণার্দ্ধবদগাত্তব সঙ্গে।
হা ক্ষণার্দ্ধমপি বল্লবিকানাং
ব্রহ্মরাত্রিততিবদ্বিরহেঽভূৎ ॥ ১১৩ ॥

বেণুমাধুর্য্যং ॥ ৬৩ ॥

যথা তত্রৈব ॥

সবনশস্তদুপধার্য্য সুরেশাঃ
শক্র-সর্ব্ব-পরমেষ্ঠি-পুরোগাঃ।

ব্রহ্মরাত্রীতি। কেষাঞ্চিদ্ ব্রহ্মরাত্র উপাবৃত্তে ইত্যস্য রাসান্তপদ্যস্য তথা ব্যাখ্যা-নাৎ। তথৈব চানুমতং শ্রীস্বামিচরণৈঃ। শশাঙ্কশ্চ সগণো বিস্মিতোঽভবদিত্যত্র কিন্তু তাস্তাঃ ক্ষপাঃ প্রেষ্ঠতমেনেত্যাদৌ শ্রীভগবদ্বাক্যং নির্ব্বিবাদমেব ॥ ১১৩ ॥

সবনশস্তদুপধার্য্যেত্যাদ্যন্তে নদ্যস্তদা তদুপধার্য্যেত্যাদীনি চ জ্ঞেয়ানি

যথাবা ॥

হে অঘনাশন! তোমার মিলনকালে বল্লবীগণের সম্বন্ধে ব্রহ্মরাত্রি সকলও ক্ষণার্দ্ধতুল্য গত হইয়াছিল, হায়! এক্ষণে তোমার বিরহে ঐ বল্লবীবৃন্দের ক্ষণার্দ্ধকালও ব্রহ্মরাত্রি সমূ-হের ন্যায় সুদীর্ঘ হইতেছে ॥ ১১৩ ॥

বেণুমাধুর্য্য যথা ॥ ৬৩ ॥

শ্রীদশমে ৩৫ অধ্যায় ৮ শ্লোকে ॥

গোপীগণ কহিলেন হে যশোদে! তোমার তনয় স্বর সকল যখন উন্নয়ন করেন তখন ইন্দ্র, রুদ্র, ব্রহ্মা প্রভৃতি দেবেশ্বরগণ আপনারা সুপণ্ডিত হইয়াও মোহ প্রাপ্ত হয়েন।

কবয় আনতকন্ধরচিত্তাঃ
কশ্মলং যযুরনিশ্চিততত্ত্বাঃ ॥ ১১৪ ॥

যথা বা বিদগ্ধমাধবে ॥

রুন্ধন্নম্বুভৃতশ্চমৎকৃতিপরং কুর্ব্বন্ মুহুস্তুম্বুরুং
ধ্যানাদন্তরয়ন্ সনন্দনমুখান্ বিস্মেরয়ন্ বেধসং।
ঔৎসুক্যাবলিভি র্বলিং চটুলয়ন্ ভোগীন্দ্রমাঘূর্ণয়ন্
ভিন্দন্নণ্ডকটাহভিত্তিমভিতো বভ্রাম বংশীধ্বনিঃ॥ ১১৫ ॥

তদ্বেণুগীতং সবনশঃ বারম্বারং কশ্মলং মোহং। অনিশ্চিততত্ত্বাঃ কিমিদমিতি নিশ্চেতুমশক্তাঃ ॥ ১১৪ ॥

রুন্ধন্নিত্যত্র ফলরূপত্বেনৈব সর্ব্বত্র প্রসরণমণ্ডকটাহভেদশ্চ জ্ঞেয়ঃ। তত্ত্ব তুম্বুরুচমৎকারাদিনা দর্শিতং। অলৌকিকস্বভাবত্বাৎ তচ্চোক্তং সবনশ ইত্যাদিনা। বিস্মেরয়ন্নিত্যত্র বিস্মায়য়ন্নিতি পাঠঃ শিষ্টঃ ॥ ১১৫ ॥

সে সময় গীতধ্বনি রাগে তাঁহাদের কন্ধর ও চিত্ত আনত হয়, হে সখি! ঐ সকল দেবতার মোহের কারণ এই, তাঁহারা সেই কল স্বরালাপের তত্ত্ব অর্থাৎ ভেদের নিশ্চয় করিতে পারেন নাই ॥ ১১৪ ॥

যথা বা বিদগ্ধমাধবে ॥

শ্রীকৃষ্ণের বংশীধ্বনি মেঘ সকলকে রোধ, তুম্বুরুকে আশ্চর্য্যান্বিত, সনন্দন প্রভৃতি যোগিগণকে ধ্যান হইতে বিচ্যুত, বিধাতাকে বিস্ময় প্রদান, উৎকণ্ঠার সহিত বলিকে চঞ্চল ও অনন্তদেবের শিরঃকম্প বিধানপূর্ব্বক ব্রহ্মাণ্ডকটাহের ভিত্তি ভেদ করিয়া সর্ব্বতোভাবে ভ্রমণ করিয়াছিল ॥ ১১৫ ॥

রূপমাধুর্য্যং ॥ ৬৪ ॥

যথা তৃতীয়ে ॥

যন্মর্ত্যলীলৌপয়িকং স্বযোগ-
মায়াবলং দর্শয়তা গৃহীতং।
বিস্মাপনং স্বস্য চ সৌভগর্দ্ধেঃ
পরং পদং ভূষণভূষণাঙ্গং ॥

যদ্রূপমিতি পূর্ব্বেণান্বয়ঃ। স্বযোগমায়া স্বরূপভূতা অচিন্ত্যশক্তিঃ তস্যা বলং দর্শয়তা এতাবদপ্যস্তীতি তৎ প্রকটয়তা গৃহীতং আকৃষ্টং জগত্যাং আনীতং প্রকটিতমিত্যর্থঃ। তদেবমেবম্ভূতং ভগবন্মর্ত্যলীলৌপয়িকম্মিতি তত্তল্লীলায়া অপি মাহাত্ম্যং তথাবিধমেব দর্শিতং। মর্ত্ত্যেষু লীলা মর্ত্যলীলা তস্যামৌপয়িকং তৎসদৃশলীলাযোগ্যদ্বিভুজাদিত্বাদতিমনোহরমিত্যর্থঃ। কিং বহুনা সর্ব্বকাল-দেশগত তত্তদ্রূপবেত্তুরপি স্বস্য চ বিস্মাপনং তাদৃগননুভবাৎ যতঃ সৌভগর্দ্ধেঃ পরং পদং পরমা প্রতিষ্ঠা। যৎ খলু ভূষণস্যাপি ভূষণমঙ্গং যত্র তাদৃশং ॥ ১১৮ ॥

রূপমাধুর্য্য যথা ॥ ৬৪ ॥

শ্রীমদ্ভাগবতে তৃতীয়স্কন্ধে ২ অধ্যায়ে ১২ শ্লোকে ॥

উদ্ধব বিদুরকে কহিলেন হে মহাশয়! সেই মূর্ত্তি অতি আশ্চর্য্য ছিল, ভগবান্ আপনার যোগমায়ার বল প্রদর্শন করিয়া তাহা গ্রহণ করিয়াছিলেন, সেই মূর্ত্তি মর্ত্যলীলার উপযুক্ত এবং সৌভাগ্য সম্পত্তির পরাকাষ্ঠা হওয়াতে তাঁহার আপনারও বিস্ময়জনক হইয়াছিল, অধিকন্তু সেই মূর্ত্তির অঙ্গ সকল এ রূপ শোভন ছিল যে, ভূষণ সকলকেও ভূষিত করিতে পারিত ॥

শ্রীদশমে ॥

কা স্ত্র্যঙ্গ তে কলপদামৃতবেণুগীত-

সম্মোহিতার্য্যচলিতান্ন চলেত্রিলোক্যাং।

ত্রৈলোক্যসৌভগমিদঞ্চ নিরীক্ষ্য রূপং

যদ্গোদ্বিজ-দ্রুম-মৃগাঃ পুলকান্যবিভ্রন্ ॥ ১১৬ ॥

যথা বা ললিতমাধবে ॥

অপরিকলিতপূর্ব্বঃ কশ্চমৎকারকারী

স্ফুরতি মম গরীয়ানেষ মাধুর্য্যপূরঃ।

অপরিকলিতেতি। মণিভিত্তৌ স্বপ্রতিবিম্বলব্ধাতিশয়ং স্ববপুশ্চিত্রঃ দৃষ্ট

দশমস্কন্ধের ২৯ অধ্যায়ে। ৩৭ শ্লোকে ॥

হে অঙ্গ! কুলাঙ্গনাদিগের ঔপপত্যভাব নিন্দনীয় সত্য, কিন্তু আপনকার কল অর্থাৎ অস্ফুট মধুর শব্দময় অমৃতায়মান যে বেণুগীত, তাহাতে সম্মোহিত হইলে ত্রিলোকীমধ্যে কোন্ অবলা নিজধর্ম্ম হইতে বিচলিত না হয়? তাহাতে মুগ্ধ হইয়া পুরুষেরাও স্বধর্ম্ম হইতে বিচলিত হইয়া পড়ে। অপর, আপনকার ত্রৈলোক্য সৌভগ এই রূপ নয়নগোচর করিয়া কাহার বিস্ময় না হয়? যে হেতু গাভী, হরিণ, পক্ষী ও বৃক্ষ সকলও পুলকে পূর্ণ হইল ॥১৬॥

যথাবা ললিতমাধবে ॥

এক দিবস শ্রীকৃষ্ণ মণিভিত্তিতে স্বীয় মূর্ত্তিকে প্রতিবিম্বিত দর্শন করিয়া কহিলেন, আহা! আমার এ কি গরিষ্ঠ মাধুর্য্য প্রবাহ স্ফূর্ত্তি পাইতেছে, এ প্রকার আশ্চর্য্যকারী মাধুর্য্য পূর্ব্বে কখনও অবলোকন করি নাই, কি আশ্চর্য্যের

অয়মহমপি হন্ত প্রেক্ষ্য যং লুব্ধচেতাঃ
সরভসমুপভোক্তুং কাময়ে রাধিকেব ॥
সমস্তবিবিধাশ্চর্য্যকল্যাণগুণবারিধেঃ।
গুণানামিহ কৃষ্ণস্য দিঙ্ মাত্রমুপদর্শিতং ॥ ১১৭ ॥
তথাচ শ্রীদশমে ॥
গুণাত্মনস্তেঽপি গুণান্ বিমাতুং
হিতাবতীর্ণস্য ক ঈশিরেঽস্য।
কালেন যৈর্ব্বা বিমিতাঃ সুকল্পৈ-
র্ভূপাংশবঃ খে মিহিকা দ্যুভাসঃ।

শ্রীভগবন্মনোরথঃ প্রতিক্ষণং নবনবায়মানতন্মাধুর্য্যত্বাৎ ॥ ১১৭ ॥

গুণাত্মনঃ স্বভাবা যস্য প্রকটিতপ্রাকৃতাতীতস্বাভাবিকানন্তগুণস্য তবাস্তাং তত্তদ্গুণানাং সমস্তানাং তথা প্রত্যেকমবান্তরবৃত্তিকোটীনাং গণনবার্ত্তা অস্য জগতো হিতাবতীর্ণস্য জগদ্গতানন্তজীবহিতায় তত্তদ্গুণৈকদেশমপ্যবতীর্য্য

বিষয় এই আমি যাহাকে অবলোকন করিয়া লুব্ধচিত্ত হওত শ্রীরাধার ন্যায় সহর্ষে উপভোগ করিতে অভিলাষ করিতেছি॥

সমস্ত বিবিধাশ্চর্য্য কল্যাণরূপ গুণের সমুদ্র শ্রীকৃষ্ণের গুণ সকলের মধ্যে কিঞ্চিন্মাত্র প্রদর্শিত হইল ॥ ১১৭ ॥

যথা দশমে ১৪ অধ্যায়ে ৭ শ্লোকে ॥

ব্রহ্মা কহিলেন হে দেব! তুমি এই বিশ্বের হিতার্থ গুণাবিষ্কার করত অবতীর্ণ এবং গুণসকলের অধিষ্ঠাতা, তোমার গুণের বিশেষ বিবরণ দূরে থাকুক, "তাহা এই পরিমাণ" ইহা বলিয়াও গণনা করিতে কোন্ ব্যক্তি সমর্থ হইবে? ভগবন্! যে সকল নিপুণ ব্যক্তি কর্ত্তৃক বহু জন্ম ও বহু কালে ভূমির

নিত্যগুণো বনমালী, যদপি শিখামণিরশেষনেতৄণাং।
ভক্তাপেক্ষিকমস্য, ত্রিবিধত্বং লিখ্যতে তদপি ॥
হরিঃ পূর্ণতমঃ পূর্ণতরঃ পূর্ণ ইতি ত্রিধা।
শ্রেষ্ঠমধ্যাদিভিঃ শব্দৈ র্নাট্যে যঃ পরিপঠ্যতে ॥ ১১৮ ॥
প্রকাশিতাখিলগুণঃ স্মৃতঃ পূর্ণতমো বুধৈঃ।
অসর্ব্বব্যঞ্জকঃ পূর্ণতরঃ পূর্ণোহল্পদর্শকঃ ॥ ১১৯ ॥

প্রকটয়তস্তব যে তে গুণাংশাস্তত্র তত্র প্রকটিতাস্তানপি গণয়িতুং ক ঈশিরে ন কোহপীত্যর্থঃ। তত্র সম্ভাবনানিরাসার্থমাহ যৈরেতি ॥ ১১৮ ॥

প্রকাশিতেতি। অত্রাখিলত্বমন্যত্বরাপেক্ষয়া জ্ঞেয়ং। ভক্তভক্ত্যানুরূপাধিকাধিকপ্রকাশাৎ। অসর্ব্বত্বং পূর্ব্বাপেক্ষয়া চাপলত্বঞ্চ স্বপূর্ব্বাপেক্ষয়া তথাপি পূর্ণতরত্বাদিকমন্যতরাপেক্ষয়া ॥ ১১৯ ॥

পরমাণু আকাশের হিমকণা এবং গগনস্থ নক্ষত্রাদির কিরণ পরমাণুরও গণনায় সমর্থ পরিগণিত হয়, তাহারাও তোমার গুণ গণনায় সমর্থ নহে ॥

অশেষ নায়কদিগের শিখামণি (শ্রেষ্ঠ) স্বরূপ বনমালী যদিচ নিত্যগুণশালী, তথাপি ইহাঁর ভক্তাপেক্ষিক তিন প্রকার গুণ লিখিতেছি ॥

নাট্য শাস্ত্রে শ্রেষ্ঠ মধ্যাদি ভেদে হরি পূর্ণতম, পূর্ণতর ও পূর্ণ বলিয়া সম্যক্‌রূপে কীর্ত্তিত হয়েন ॥ ১১৮ ॥

অখিলগুণ-প্রকাশক পূর্ণতম, তদপেক্ষা অল্পগুণ-প্রকাশক পূর্ণতর, তাহা অপেক্ষাও অল্পগুণ-প্রকাশক পূর্ণ, পণ্ডিতগণ এই ত্রিবিধরূপে কীর্ত্তন করিয়াছেন ॥ ১১৯ ॥

কৃষ্ণস্য পূর্ণতমতা ব্যক্তাভূদ্গোকুলান্তরে।
পূর্ণতা পূর্ণতরতা দ্বারকামথুরাদিষু।
স পুনশ্চতুর্বিধঃ স্যাদ্ধীরোদাত্তশ্চ ধীরললিতশ্চ।
ধীরপ্রশান্তনামা তথৈব ধীরোদ্ধতঃ কথিতঃ।
বহুবিধ গুণ ক্রিয়াণামাস্পদভূতস্য পদ্মনাভস্য।
তত্তল্লীলাভেদাদ্বিরুধ্যতে নহি চতুর্ব্বিধতা॥
তত্র ধীরোদাত্তঃ॥
গম্ভীরো বিনয়ী ক্ষন্তা করুণঃ সুদৃঢ়ব্রতঃ।

কৃষ্ণস্যেতি অত্র পূর্ণতমতাচৈশ্বর্য্যগতাঃ। তাবৎ সর্ব্বে বৎসপালাঃ পশ্যতোঽজস্য তৎক্ষণাৎ। ব্যদৃশ্যন্ত ঘনশ্যামাঃ পীতকৌশেয়বাসস ইত্যাদিষু মাধুর্য্যগতা। নন্দঃ কিমকরোদ্ব্রহ্মন্ শ্রেয় এবং মহোদয়মিত্যাদিষু। কৃপাগতা চ। অহো বকী যং স্তনকালকূটমিত্যাদিষু, দ্বারকামথুরাদিষ্বিতি ন যথাসংখ্যতয়া

গোকুল মধ্যে শ্রীকৃষ্ণের পূর্ণতমতা, মথুরায় পূর্ণতরতা এবং দ্বারকায় পূর্ণত্ব ব্যক্ত হইয়াছে।

সেই শ্রীকৃষ্ণ পুনরায় চতুর্ব্বিধরূপে কথিত হয়েন। যথা- ধীরোদাত্ত, ধীরললিত, ধীরপ্রশান্ত এবং ধীরোদ্ধত॥

যদি বল এক নায়কে চতুর্ব্বিধ গুণ কি রূপে প্রকাশ পাইতে পারে, তাহার উত্তর এই যে, ভগবান্ পদ্মনাভ বহু বিধ গুণ ও ক্রিয়ার আস্পদ স্বরূপ, সেই সেই লীলা ভেদে চতুর্ব্বিধতা বিরুদ্ধ হয় না অর্থাৎ লীলাবশতঃ সকলই সম্ভবে॥

তন্মধ্যে ধীরোদাত্ত যথা॥

যে ব্যক্তি গম্ভীর প্রকৃতি, বিনয়ান্বিত, ক্ষমাগুণশালী

অকত্থনো গূঢ়গর্ব্বো ধীরোদাত্তঃ সুসত্ত্বভৃৎ ॥ ১২০ ॥
যথা ॥
বীরম্মন্যমদপ্রহারি হসিতং ধৌরেয়মার্ত্তোদ্ধৃতৌ
নির্ব্যূঢ়ব্রতমুন্নতক্ষিতিধরোদ্ধারেণ ধীরাকৃতিং।
মষ্যুচ্চৈঃ কৃতকিল্বিষেঽপি মধুরং স্তুত্যা মুহুর্যন্ত্রিতং
প্রেক্ষ্য ত্বাং মম দুর্বিতর্ক্যহৃদয়ং ধীর্গীশ্চ নস্পান্দতে ॥১২১

প্রয়োগঃ সনসংখ্যত্বেনাপ্রয়োগাৎ কিন্তু যথাসম্ভব তত্রৈব কুত্রচিৎ কস্যাপি বিশেষ দর্শনাৎ ॥ ১২০ ॥

বীরমিতি। মহেন্দ্রবাক্যং তত্র বীরম্মন্যেতি গূঢ়গর্ব্বত্বং ধৌরেয়মিতি করুণত্বং নির্ব্যূঢ়েতি সুদৃঢ়ব্রতত্বং উন্নতেতি সুসত্ত্বভৃত্ত্বং। ময়ীতি ক্ষন্তৃত্বং স্তুত্যা ইতি বিনয়িত্বমকত্থনঞ্চ। দুর্ব্বিতর্ক্য হৃদয়মিতি গম্ভীরত্বং দর্শিতং। মম ধীরিত্যাদিরন্বয়ঃ ॥ ১২১ ॥

করুণ, দৃঢ়ব্রত, আত্মশ্লাঘাশূন্য, গূঢ়গর্ব্ব, ধীর এবং সুন্দরদেহধারী তাহাকেই ধীরোদাত্ত কহায়ায় ॥ ১২০ ॥

যথা ॥

যাঁহার হাস্য বীরাভিমানিদিগের গর্ব্বহরণ করে, যিনি আর্ত্তজনের উদ্ধার বিষয়ে ভারগ্রাহী, যিনি দৃঢ়প্রতিজ্ঞ, যিনি উন্নত ক্ষিতিধর (পর্ব্বত) উদ্ধরণ-বিষয়ে ধীরাকৃতি, আমি অতিশয় রূপে কৃতাপরাধ হইলেও যিনি মধুরাকৃতি, যিনি স্তবদ্বারা বশীভূত হইয়া থাকেন, তাদৃশ দুর্বিতর্ক্য হৃদয় আপনাকে অবলোকন করিয়া আমার বুদ্ধি অথবা বাক্য কিছুই স্ফূর্ত্তি পাইতেছে না ॥ ১২১ ॥

গম্ভীরত্বাদি-সামান্য-গুণা যদিহ কীর্ত্তিতাঃ।
তদেতেষু তদাধিক্য-প্রতিপাদনহেতবে।
ইদং হি ধীরোদাত্তত্বং পূর্ব্বৈঃ প্রোক্তং রঘূদ্বহে।
তত্তদ্ভক্তানুসারেণ তথা কৃষ্ণে বিলোক্যতে ॥ ১২২ ॥

অথ ধীরললিতঃ ॥

বিদগ্ধো নবতারুণ্যঃ পরিহাসবিশারদঃ।
নিশ্চিন্তো ধীরললিতঃ স্যাৎ প্রায়ঃ প্রেয়সীবশঃ ॥ ১২৩ ॥

গম্ভীরত্বাদীতি। এতেষু ধীরোদাত্তাদিষু তেষাং গাম্ভীর্য্যাদীনামাধিক্য প্রতি-পাদনহেতবে। তদন্যান্ সর্ব্বান্ গুণানুপমদ্য সমুদয়েনাবিভূ‌র্তানাং তেষাং স্পষ্টত্বজ্ঞাপনার্থমিত্যর্থঃ ॥ ১২১ ॥

প্রেয়সীনাং প্রেমবিশেষযুক্তানাং তারতম্যেন বশীভূতঃ। যথোক্তং। যা মা ভজন্ দুর্জরগেহশৃঙ্খলাঃ সংবৃশ্চ্য তদ্বঃ প্রতিযাতু সাধুনা। ইতি। অনয়ারাধিতো নূনমিত্যাদি চ ॥ ১২৩ ॥

এস্থলে গম্ভীরত্বাদি সামান্য গুণ সকল যাহা. কীর্ত্তন করা হইয়াছে, তাহা ধীরোদাত্তাদি সকলে আধিক্য প্রতিপাদনের নিমিত্ত জানিতে হইবে ॥

পূর্ব্বতন পণ্ডিতগণ শ্রীরামচন্দ্রে ধীরোদাত্তত্ব গুণ কীর্ত্তন করিয়াছেন, তদ্বৎ ভক্তানুসারে শ্রীকৃষ্ণেতে সেই সকল গুণ দেখিতে পাওয়া যায় ॥ ১২২ ॥

অথ ধীরললিত ॥

যে ব্যক্তির রসিকতা, নবযৌবন, পরিহাসপটুতা ও নিশ্চিন্ত্যতা প্রভৃতি গুণ সকল বিদ্যমান, তাহাকে ধীরললিত বলিয়া নির্দ্দেশ করাযায় এবং তিনি প্রায় প্রেয়সীর বশীভূত

যথা ॥

বাচা সূচিতশর্ব্বরীরতিকলাপ্রাগল্‌ভ্যয়া রাধিকাং
ব্রীড়াকুঞ্চিতলোচনাং বিরচয়ন্নগ্রে সখীনামসৌ।
তদ্বক্ষোরুহচিত্রকেলিমকরীপাণ্ডিত্যপারং গতঃ
কৈশোরং সফলীকরোতি কলয়ন্ কুঞ্জে বিহারং হরিঃ ॥
গোবিন্দে প্রকটং ধীরললিতত্বং প্রদৃশ্যতে।
উদাহরন্তি নাট্যজ্ঞাঃ প্রায়োঽত্র মকরধ্বজং ॥ ১২৪ ॥

বাচেতি। যজ্ঞপত্নীসদৃশীঃ প্রতি তত্তল্লীলান্তরঙ্গদূত্যা বাক্যং ॥ ১২৪ ॥

হইয়া থাকেন ॥ ১২৩ ॥

যথা ॥

যজ্ঞপত্নী সদৃশীর প্রতি তত্তল্লীলার অন্তরঙ্গ দূতী কহিলেন অহে সখীবৃন্দ! এক দিবস কুঞ্জমধ্যে শ্রীরাধা সহচরীমণ্ডলে পরিবেষ্টিত হইয়া রহিয়াছেন, এমত সময়ে শ্রীকৃষ্ণ ঐ সভায় আসিয়া উপস্থিত হইলেন, পরে উপবেশন পূর্ব্বক সখীগণের অগ্রে প্রাগল্‌ভ্য বচন দ্বারা রজনীবিলাস বৃত্তান্ত কীর্ত্তন করিতে লাগিলে, শ্রীরাধা লজ্জায় কুঞ্চিতলোচনা হইলেন, ইত্যবসরে শ্রীকৃষ্ণ তদীয় পয়োধর যুগলে বিচিত্র তিলক রচনার পাণ্ডিত্য প্রদর্শন করত কুঞ্জমধ্যে কৈশোর বিহার সফল করিয়াছিলেন ॥

শ্রীকৃষ্ণে প্রকট রূপেই ধীরললিতত্ব দেখাযায়, কিন্তু নাট্যশাস্ত্রজ্ঞেরা ধীরললিতত্ব বিষয়ে প্রায় কন্দর্পকেই উদাহরণ করিয়া থাকেন ॥ ১২৪ ॥

অথ ধীরশান্তঃ ॥

শমপ্রকৃতিকঃ ক্লেশসহনশ্চ বিবেচকঃ।
বিনয়াদিগুণোপেতো ধীরশান্ত উদীর্য্যতে ॥

যথা ॥

বিনয়মধুরমূর্ত্তির্মন্থরস্নিগ্ধতারো
বচনপটিমভঙ্গীসূচিতাশেষনীতিঃ।
অভিদধদিহ ধর্ম্মং ধর্ম্মপুত্রোপকণ্ঠে

ঃবিনয়মধুরমূর্ত্তিরিত্যত্র বিনয়েন তৎক্লেশসহনত্বমপি লক্ষ্যতে। যথোক্ত-স্তত্রৈব তথা তদ্ব্যবহারঃ সারথ্যপারিষদসেবনসখ্যদৌত্যবীরাসনানুগমনস্তবন-প্রণামং। স্নিগ্ধেষু পাণ্ডুষু জগৎপ্রণতিঞ্চ বিষ্ণোর্ভক্তিং করোতি নৃপতিশ্চরণার-

---

অথ ধীরশান্তঃ ॥

যে ব্যক্তি শান্ত প্রকৃতি, ক্লেশ সহিষ্ণু, বিবেচক ও বিনয়াদিগুণযুক্ত পণ্ডিতগণ তাহাকেই ধীরশান্ত বলিয়া কীর্ত্তন করেন ॥

যথা ॥

ধর্ম্মনন্দন যুধিষ্ঠিরের নিকট ধর্ম্মকীর্ত্তনকারি কংসবৈরি শ্রীকৃষ্ণকে সন্দর্শন করিয়া বোধ হইল তিনি যেন সাক্ষাৎ দ্বিজপতির ন্যায় প্রকাশ 'পাইতেছেন, আশ্চর্য্যের কথা কি বলিব, বিনয় বশতঃ তদীয় মূর্ত্তি অতিশয় মধুর, চক্ষুর্দ্বয়ের তারা মন্থর অথচ স্নিগ্ধ এবং বাক্ পটুতা ভঙ্গিদ্বারা অশেষ নীতি সকল সূচিত হইতেছিল ॥

পণ্ডিতগণ যুধিষ্ঠির প্রভৃতিকেও ধীরশান্ত বলিয়া কীর্ত্তন

দ্বিজপতিরিব সাক্ষাৎ প্রেক্ষ্যতে কংসবৈরী ॥
যুধিষ্ঠিরাদিকো ধীরৈ র্ধীরশান্তঃ প্রকীর্ত্তিতঃ ॥
অথ ধীরোদ্ধতঃ ॥
মাৎসর্য্যবানহঙ্কারী মায়াবী রোষণশ্চলঃ।
বিকত্থনশ্চ বিদ্বদ্ভির্ধীরোদ্ধত উদাহৃতঃ ॥ ১২৫ ॥
যথা ॥
আঃ পাপিন্ জবনেন্দ্র দর্দ্দুর পুন র্ব্যাঘুট্য সদ্যস্ত্বয়া
বাসঃ কুত্রচিদন্ধকূপকুহরক্রোড়েঽদ্য নির্ম্মীয়তাং।

বিন্দে ইতি। অত্র শৃণ্বন্নিতি পূর্ব্বেণান্বয়ঃ। বীরাসনং খড়্গহস্ততয়া স্থিতস্ত রাত্রৌ জাগরণং। নৃপতিঃ পরীক্ষিৎ। উদাহরণে ধর্ম্মপুত্রোপকণ্ঠ ইত্যেব পাঠঃ ॥ ১২৫ ॥

আঃ পাপিন্নিতি পত্রিকেয়ং ব্যাঘুট্য বিনিবৃত্য। হেলেত্যাদিনাত্র মায়া-

---

করিয়াছেন ॥

অথ ধীরোদ্ধত ॥

যে ব্যক্তি মাৎসর্য্যযুক্ত অহঙ্কারী, ক্রোধপরবশ, চঞ্চল এবং আত্মশ্লাঘী পণ্ডিতগণ তাহাকে ধীরোদ্ধত বলিয়া উদাহরণ করেন ॥ ১২৫ ॥

যথা ॥

শ্রীকৃষ্ণ কালজবনকে পত্র লিখিতেছেন, অরে পাপরূপি জবনেন্দ্র ভেক! এখনি নিবর্ত্ত হইয়া কোন অন্ধকূপের গর্ত্ত মধ্যে বাস স্থান নির্ম্মাণ কর, এখানে কৃষ্ণ নামক কৃষ্ণভুজগ স্বরূপ আমি তোকে গ্রহণ করিবার নিমিত্ত জাগরূক রহি-

হেলোত্তানিতদৃষ্টিমাত্রভসিতব্রহ্মাণ্ডভাণ্ডঃ পুরো
জাগর্ম্মি ত্বদুপগ্রহায় ভুজগঃ কৃষ্ণোঽত্র কৃষ্ণাভিধঃ॥
ধীরোদ্ধতস্তু বিদ্বদ্ভি র্ভীমসেনাদিরুচ্যতে॥ ১২৬॥
মাৎসর্য্যাদ্যাঃ প্রতীয়ন্তে দোষত্বেন যদপ্যমী।
লীলাবিশেষশালিত্বান্নির্দোষেঽত্র গুণাঃ স্মৃতাঃ॥
যথাবা॥
অম্ভোভারভর প্রণম্রজলদভ্রান্তিং বিতন্বন্নসৌ

বিস্বঙ্কায়াতং বস্তুতস্ত তথাত্বাভাবাৎ॥ ১২৬॥

লীলা বিশেষোঽত্র ভক্তরক্ষণায় দুষ্টদমনরূপঃ তৎশালিত্বাত্তদুপযোগিত্বা-দিত্যর্থঃ। অাঃ পাপিন্নিত্যত্র ভক্তিরসত্বাব্যক্তিসাশঙ্ক্যোদাহরণান্তরং মাৎসর্য্যা-ভাসময় তদ্রসত্বেন দর্শয়তি যথা বেতি। অম্ভোভারভর প্রণম্রইত্যেব পাঠঃ। পাঠান্তরে শত্রুত্বেন সহ তৎপুরুষেঽপি স্যাৎ। আড়ম্বরঃ সমারম্ভে গজগর্জিত-

---

য়াছি, আমার পরাক্রম জানিস্ না, আমি অবহেলা পূর্ব্বক ঊর্দ্ধদিকে দৃষ্টি নিক্ষেপ করিলেই ব্রহ্মাণ্ড ভস্ম হইয়া যায়॥

পণ্ডিতগণ ভীমসেন প্রভৃতিকে ধীরোদ্ধত বলিয়া কীর্ত্তন করিয়াছেন॥ ১২৬॥

যদিচ মাৎসর্য্য প্রভৃতি দোষত্ব রূপে প্রতীয়মান হয় তথাচ লীলা বিশেষ শালিত্ব প্রযুক্ত এই নির্দ্দোষ পাত্রে গুণ-রূপে পরিণত হয়॥

যথাবা॥

অরে শ্রীদাম কুরঙ্গ! (হরিণ) আমি জলদরাশির ভার-বাহি নম্রীভূত জলদপুঞ্জের ভ্রান্তি বিস্তার করিতে করিতে

ঘোরাড়ম্বরডম্বরঃ সুবিকটামুৎক্ষিপ্য হস্তার্গলাং।
দুর্ব্বারঃ পরবারণঃ স্বয়মহং লব্ধোঽস্মি কৃষ্ণঃ পুরো
রে শ্রীদাম কুরঙ্গসঙ্গরভুবো ভঙ্গং ত্বমঙ্গীকুরু ॥ ১২৭ ॥
মিথো বিরোধিনোঽপ্যত্র কেচিন্নিগদিতা গুণাঃ।
হরৌ নিরঙ্কুশৈশ্বর্য্যাৎ কোঽপি ন স্যাদসম্ভবঃ ॥
তথা চ কৌর্ম্মে
অস্থূলশ্চানণুশ্চৈব স্থূলোঽণুশ্চৈব সর্ব্বতঃ।
অবর্ণঃ সর্ব্বতঃ প্রোক্তঃ শ্যামো রক্তান্তলোচনঃ।

তূর্য্যয়োরিতি বিশ্বঃ। ততশ্চ ঘোরো ভয়ানক আড়ম্বরস্য ডম্বরস্তাটোপো যস্য সঃ ॥ ১২৭ ॥

পুনর্মাৎসর্য্যাদ্যা ইত্যাদিকং স্থাপয়ন্ গুণবৈচিত্রীং দর্শয়তি মিথ ইতি।

হস্তার্গল (শুণ্ড) উত্তোলন পূর্ব্বক গভীর গর্জনকারি কৃষ্ণনামক দুর্নিবার মহামতঙ্গজ স্বয়ং আসিয়া উপস্থিত হইলাম, অতএব তুই রঙ্গভূমি হইতে ভঙ্গ (পরাজয়) অঙ্গীকার কর ॥ ১২৭

এস্থলে যে সকল গুণ উক্ত হইল, তাহারা পরস্পর বিরুদ্ধ হইলেও নিরঙ্কুশ ঐশ্বর্য্য প্রযুক্ত হরিতে কোনই অসম্ভব নহে, সকলই সম্ভব হইতে পারে ॥

যথা কূর্ম্মপুরাণে ॥

ভগবান্ হরি স্থূলও নহেন, সূক্ষ্মও নহেন, কিন্তু সর্ব্বতোভাবে স্থূলও হয়েন, সূক্ষ্মও হয়েন, তিনি সর্ব্বথা অগুণ অথচ শ্যামবর্ণ ও রক্তান্তলোচন, ঐশ্বর্য্য যোগ হেতু বিরুদ্ধার্থকেও গ্রহণ করেন।

ঐশ্বর্য্যযোগাদ্ভগবান্ বিরুদ্ধার্থোঽভিধীয়তে।
তথাপি দোষাঃ পরমে নৈবাহার্য্যাঃ কথঞ্চন।
গুণা বিরুদ্ধা অপ্যেতে সমাহার্য্যাঃ সমন্ততঃ॥ ১২৮॥
মহাবারাহে॥
সর্ব্বে নিত্যাঃ শাশ্বতাশ্চ দেহাস্তস্য পরাত্মনঃ।
হানোপাদানরহিতা নৈব প্রকৃতিজাঃ ক্বচিৎ।
পরমানন্দসন্দোহা জ্ঞানমাত্রাশ্চ সর্ব্বতঃ।
সর্ব্বে সর্ব্বগুণৈঃ পূর্ণাঃ সর্ব্বদোষবিবর্জিতাঃ॥
বৈষ্ণবতন্ত্রে॥
অষ্টাদশমহাদোষৈ রহিতা ভগবত্তনুঃ।

নিরঙ্কুশৈশ্বর্য্যাৎ সর্ব্ববশীকারিত্বাৎ সর্ব্বাশ্রয়ত্বাদিত্যর্থঃ॥ ১২৮॥
শাশ্বতা জগতি পুনঃ পুনরাবির্ভাবিনঃ। সর্ব্বগুণৈরিত্যত্র স্বস্বাপেক্ষিতৈ-

---

যদিচ গুণ সকল পরস্পর বিরুদ্ধ তথাপি পরমপুরুষ হরিতে দোষ উদাহরণ করিতে নাই,সকলের সমাধান করিয়া উদাহরণ করা কর্ত্তব্য॥ ১২৮॥

মহাবরাহপুরাণে॥

ভগবান্ পরমাত্মার যে সমস্ত দেহ তৎসমুদায় নিত্য ও শাশ্বত অর্থাৎ পুনঃ পুনঃ আবির্ভাব বিশিষ্ট, সে সকলের ত্যাগও নাই এবং তাহা মায়াজনিতও নহে, সে সকল দেহ সর্ব্বতোভাবে পরমানন্দস্বরূপ ও জ্ঞানময়, সকলগুণে পরিপূর্ণ ও সর্ব্ব-দোষে বর্জিত॥

যথা বৈষ্ণবতন্ত্রে॥

ভগবদ্বিগ্রহ অষ্টাদশ মহাদোষে বিবর্জিত এবং তাহা

সর্ব্বৈশ্বর্য্যময়ী সত্যবিজ্ঞানানন্দরূপিণী ॥ ১২৯ ॥

অষ্টাদশ মহাদোষা যথা ॥

বিষ্ণুযামলে ॥

মোহস্তন্দ্রা ভ্রমো রুক্ষরসতা কাম উল্বণঃ।

নিতি জ্ঞেয়ং। এতেচাংশকলাঃ পুংস ইত্যুক্তেঃ ॥ ১২৯ ॥

মোহস্তন্দ্রেতি। ভক্তপ্রেমসম্বন্ধেন যেতে চ গুণতায় কল্পন্তে। যথা ততো বৎসানদৃষ্ট্বা পুলিনেঽপি চ বৎসপানিত্যাদৌ মোহঃ। ক্বচিৎ পল্লবতাম্রশু সিযুক্তশ্রমকর্ষিতঃ। বৃক্ষমূলাশ্রয়ঃ শেতে গোপোৎসঙ্গোপবর্হণ ইত্যাদৌ তন্দ্রা খেদশ্রমাঃ। তাবঙ্ঘ্রি যুগ্মমহুকৃষ্য ইত্যারভ্য অনুস্মৃত্য লোকং মুগ্ধপ্রভীতবদুপেয়তু-রঙ্কিমাত্রোরিত্যাদৌ ভ্রমঃ রুক্ষরসতা নাম প্রেমসম্বন্ধং বিনা রাগঃ। সতু নাস্ত্যেব। উল্বণো দুঃখদঃ কামো লৌকিকঃ। তস্য প্রেমরূপকামত্বাৎ সচ নাস্ত্যেব। লোলতা চাঞ্চল্যং। সা চ গুণো যথা। বৎসানুঞ্চন্ ক্বচিদসময়ে ইত্যাদৌ। মদোঽপি যথা। মদাবঘূর্ণিতলোচন ঈষদিত্যাদৌ। তথা মাৎসর্য্যং। লোকেশমানিনাং মৌঢ্যাদ্ধরিষ্যে শ্রীমদং তম ইত্যাদৌ। হিংসা তু স্ফুটৈব বহুত্র। অসত্যং। নাহং ভক্ষিতবানম্ব ইত্যাদৌ। জরাসন্ধচ্ছলনাদৌ চ ক্রোধোঽপি তত্র তত্র প্রসিদ্ধ এব। আকাঙ্ক্ষা। তাং স্তন্যকাম আসাদ্য ইত্যাদৌ। আশঙ্কা ক্বাপ্য-

---

সর্ব্বৈশ্বর্য্যময় ও সত্য জ্ঞান আনন্দস্বরূপ ॥ ১২৯ ॥

অষ্টাদশ মহাদোষ যথা ॥

বিষ্ণুযামলে ॥

মোহ, তন্দ্রা (খেদবিষয়ক শ্রম) ভ্রম, রুক্ষরস, উল্বণ-কাম অর্থাৎ দুঃখপ্রদ লৌকিক কাম, লোলতা (চাঞ্চল্য) মদ, মাৎসর্য্য, হিংসা, খেদ, পরিশ্রম, অসত্য, ক্রোধ, আকাঙ্ক্ষা

লোলতা মদমাৎসর্য্যে হিংসা খেদপরিশ্রমৌ।
অসত্যং ক্রোধ আকাঙ্ক্ষা আশঙ্কা বিশ্ববিভ্রমঃ।
বিষমত্বং পরাপেক্ষা দোষা অষ্টাদশোদিতাঃ ইতি ॥১৩০॥
ইত্থং সর্ব্বাবতারেভ্যস্ততোঽপ্যত্রাবতারিণঃ।
ব্রজেন্দ্রনন্দনে সুষ্ঠু মাধুর্য্যভর ঈরিতঃ ॥ ১৩১ ॥
তথাচ ব্রহ্মসংহিতায়ামাদিপুরুষরহস্যে ॥

দৃষ্টান্তবিপিন ইত্যাদৌ। বিশ্ববিভ্রমজগদাবেশঃ। সচ ব্রহ্মাদিভক্তসম্বন্ধেন জগৎপালনেচ্ছাময়ঃ বৈষম্যং সমোঽহং সর্ব্বভূতেষু ন মে দ্বেষ্যোঽস্তি ন প্রিয়ঃ। যে ভজন্তি তু মাং ভক্ত্যা ময়ি তে তেষু চাপ্যহমিত্যাদৌ। পরাপেক্ষা চ। অহং ভক্তপরাধীন ইত্যাদাবিতি। তস্মাৎ ক্ব শোকমোহৌ স্নেহো বা ভয়ম্বা যেঽজ্ঞসম্ভবা-ইত্যত্র অজ্ঞসম্ভবা যে তএব ন সন্তি নতু বিজ্ঞসম্ভবাঃ স্নেহপীতি মন্তং। বিজ্ঞসম্ভবস্তু তেষাং শ্রী[illegible]দেবাদিষু তৎস্মারিতানত্তহৃতাখিলেন্দ্রিয় ইত্যাদ্যুক্তেঃ ভগবৎপ্রেমমোহাদৌ দৃষ্ট ইতি ॥ ১৩০ ॥

পূর্ব্বোক্তপূর্ণতমত্বং ব্যঞ্জয়ন্নুপসংহরতি ইত্থমিতি পূর্ব্বোক্তপ্রকারেণেত্যর্থঃ। ততস্তস্মাৎপ্রসিদ্ধাদবতারিণো নানাবতারকর্ত্তুর্মহাবিষ্ণুতোঽপি। অত্র সুষ্ঠ্বিতি মাধুর্য্যস্য প্রাচুর্য্যাদেবোক্তিরৈশ্বর্য্যমপি জ্ঞেয়মিত্যর্থঃ ॥ ১৩১ ॥

বিশ্ববিভ্রম অর্থাৎ ব্রহ্মাদি ভক্তসম্বন্ধবশতঃ জগৎপালনেচ্ছাময়, বৈষম্য ও পরাপেক্ষা অর্থাৎ পরের অপেক্ষা করা, এই অষ্টাদশ দোষ কথিত হইল ॥ ১৩০ ॥

এইরূপ সমুদায় অবতার হইতে শ্রেষ্ঠ সর্ব্বাবতারকারি মহাবিষ্ণু অপেক্ষা ব্রজেন্দ্রনন্দনে সুন্দরমাধুর্য্যরাশি বর্ণিত হইল, ইহাতে ঐশ্বর্য্যও জানিতে হইবে ॥ ১৩১ ॥

যথা ব্রহ্মসংহিতায় আদিপুরুষরহস্যে ॥

যস্যৈকনিশ্বসিতকালমথাবলম্ব্য
জীবন্তি রোমবিলজা জগদণ্ডনাথাঃ।
বিষ্ণুর্মহান্ স ইহ যস্য কলাবিশেষো
গোবিন্দমাদিপুরুষং তমহং ভজামি॥ ১৩২॥
অথাষ্টাবনুকীর্ত্ত্যন্তে সদ্গুণত্বেন বিশ্রুতাঃ।
মঙ্গলালংক্রিয়া রূপাঃ সত্ত্বভেদাস্তু পৌরুষাঃ।
শোভা বিলাসো মাধুর্য্যং মাঙ্গল্যং স্থৈর্য্যতেজসী।

তদেবাহ তথাচেতি। যস্যৈকনিশ্বসিতকালমিত্যত্র চ গোবিন্দশব্দেন চ তত্র শ্রীব্রজেন্দ্রনন্দন এবোচ্যতে। সুরভীরপি পালয়ন্তমিত্যাদিনা বেণুং ক্বণন্তমিত্যাদিনা চ পূর্ব্বং তস্যৈব বর্ণনাৎ ততস্তন্মহামাধুর্য্যমপি সূচিতং। ন চায়ং শ্রীনন্দনন্দনাদন্য এব মন্তব্যঃ। গৌতমীয়ে দশার্ণাষ্টাদশার্ণয়োর্ব্যাখ্যায়ামনেকজন্মসিদ্ধানাং গোপীনাং পতিরেব বা। নন্দনন্দন ইত্যুক্তস্ত্রৈলোক্যানন্দবর্দ্ধন ইতি বহুষ্বপ্যর্থেষ্বপ্যস্যৈবার্থস্য পর্য্যবসায়িত্বাৎ। সকললোকমঙ্গলো নন্দগোপতনয়ো দেবতা ইতি ঋষ্যাদিস্মরণাচ্চ॥ ১৩২॥

সত্ত্বভেদাঃ অন্তকরণবৃত্তিবিশেষাঃ। মঙ্গলেতি। মঙ্গলস্বরূপশোভাভূতা

যাঁহার এক নিশ্বসিত কাল অবলম্বন করিয়া জগদণ্ড নাথ সকল জীবিত থাকেন, সেই মহাবিষ্ণুও যাঁহার কলাবিশেষ, এমত গোবিন্দ আদিপুরুষকে ভজনা করি॥ ১৩২ ॥

অনন্তর যাহা সদ্গুণত্ব রূপে বিশ্রুত এবং মঙ্গলের অলঙ্কার স্বরূপ পুরুষ সম্বন্ধীয় সত্ত্ব ভেদ কীর্ত্তন করিতেছি। যথা। শোভা, বিলাস, মাধুর্য্য, মাঙ্গল্য, স্থৈর্য্য, তেজঃ, ললিত ও

ললিতৌদার্য্যমিত্যেতে সত্ত্বভেদাস্তু পৌরুষাঃ॥ ১৩৩॥

তত্র শোভা॥

নীচে দয়াঽধিকে স্পর্দ্ধা শৌর্য্যোৎসাহৌ চ দক্ষতা।

সত্যঞ্চ ব্যক্তিমায়াতি যত্র শোভেতি তাং বিদুঃ॥১৩৪॥

যথা॥

স্বর্গধ্বংসং বিধিৎসুর্ব্রজভুবি কদনং সুষ্ঠু বীক্ষ্যাতিবৃষ্ট্যা

নীচানালোচ্য পশ্চান্নমুচিরিপুমুখানূঢ়কারুণ্যবীচিঃ।

অপ্রেক্ষ্য স্বেন তুল্যং কমপি নিজরুষামত্র পর্য্যাপ্তিপাত্রং

ইত্যর্থঃ॥ ১৩৩॥

তত্রাধিক ইত্যধিকস্মিন্ন ইত্যর্থঃ। যত্র মঙ্গলালংক্রিয়ায়াং॥ ১৩৪॥

তথাপি দুর্জ্জনমুখ্যমেকং মারয়ন্থিত্যাশঙ্ক্যাহ অপ্রেক্ষ্যেতি॥ ১৩৫॥

ঔদার্য্য এই সকল পুরুষসম্বন্ধীয় সত্ত্ব ভেদ॥ ১৩৩॥

তন্মধ্যে শোভা যথা॥

যে স্থানে নীচে দয়া, অধিকে স্পর্দ্ধা, শৌর্য্য, উৎসাহ দক্ষতা এবং সত্য প্রকাশ পায় তাহাকে শোভা বলে॥ ১৩৪॥

যথা॥

ইন্দ্রকর্ত্তৃক অতিবৃষ্টি দ্বারা ব্রজভূমরি পীড়ন সুন্দররূপে অবলোকন করিয়া শ্রীকৃষ্ণের ইচ্ছা হইল স্বর্গ বিনষ্ট করিয়া ফেলি, কিন্তু পশ্চাৎ নমুচিশক্র ইন্দ্র প্রভৃতিকে নীচ বিবেচনা করিয়া কারুণ্যতরঙ্গে পরিপূর্ণ হইলেন, কারণ স্বীয় ক্রোধের পর্য্যাপ্তিপাত্র আত্মতুল্য কাহাকেও দেখিতে না পাইয়া সত্যপ্রতিজ্ঞ হরি বন্ধুগণকে আনন্দ প্রদান করত

বন্ধূনানন্দয়িষ্যন্নুদহরত হরিঃ সত্যসন্ধো মহাদ্রিং ॥১৩৫॥

অথ বিলাসঃ ॥

বৃষভস্যেব গম্ভীরা গতি ধীরঞ্চ বীক্ষণং।
সস্মিতঞ্চ বচো যত্র স বিলাস ইতীর্য্যতে ॥ ১৩৬ ॥

যথা ॥

মল্লশ্রেণ্যামবিনয়বতীং মন্থরাং ন্যস্য দৃষ্টিং
ব্যাধুন্বানো দ্বিপ ইব ভুবং বিক্রমাড়ম্বরেণ।
বাগারম্ভে স্মিতপরিমলৈঃ ক্ষালয়ন্মঞ্চকক্ষাং
তুঙ্গে রঙ্গস্থলপরিসরে সারসাক্ষঃ সসার ॥

মাধুর্য্যং ॥

বৃষভস্যেতি গতৌ বীক্ষণে চ যোজ্যং ॥ ১৩৬ ॥

যস্তো মন্থরা নম্রতা বৈয়গ্র্যাদিশূন্যা তত এবাবিনয়বতীতি। দ্বিপ ইবে-

---

মহাদ্রি গোবর্দ্ধন উত্তোলন করিলেন ॥ ১৩৫ ॥

অথ বিলাস ॥

যে স্থলে বৃষভের ন্যায় গম্ভীর গতি, স্থির নিরীক্ষণ ও সহাস্য বাক্য, তাহাকে বিলাস বলা যায় ॥ ১৩৬ ॥

যথা ॥

পদ্মনেত্র শ্রীকৃষ্ণ মল্লশ্রেণিতে বিনয়শূন্য স্থিরদৃষ্টি নিক্ষেপ পূর্ব্বক বিক্রম ঘটাদ্বারা হস্তির ন্যায় ভূকম্প বিধান করতঃ বাক্যারম্ভে হাস্য পরিমলদ্বারা মঞ্চ পৃষ্ঠ ক্ষালন করিয়া অত্যুচ্চ রঙ্গস্থল পরিসরে গমন করিলেন ॥

অথ মাধুর্য্য ॥

তন্মাধুর্য্যং ভবেদ্যত্র চেষ্টাদেঃ স্পৃহণীয়তা ॥ ১৩৭ ॥

যথা ॥

বরামধ্যাসীনস্তটভুবমবষ্টম্ভরুচিভিঃ
কদম্বৈঃ প্রালম্বং প্রবলিতবিলম্বং বিরচয়ন্।
প্রপন্নায়ামগ্রে মিহিরদুহিতুস্তীর্থপদবীং
কুরঙ্গীনেত্রায়াং মধুরিপুরপাঙ্গং বিকিরতি ॥

মাঙ্গল্যং ॥

মাঙ্গল্যং জগতামেব বিশ্বাসাস্পদতা মতা ॥ ১৩৮ ॥

ত্যত্র বৃষ ইবেতি পাঠান্তরং ॥ ১৩৭ ॥

অবষ্টম্ভঃ সুবর্ণং। প্রালম্বং ঋজুলম্বিমাল্যং প্রবলিতো বিলম্বো যত্র তদ্যথা স্যাত্তদ্ব্যাজেনৈব তত্র স্থিতিঃ স্যাদিত্যভিপ্রায়াদিতি ভাবঃ। পাঠান্তরন্তু নাত্যুপযুক্তং ॥ ১৩৮ ॥

যে স্থলে চেষ্টাদির স্পৃহণীয়তা হয়, তাহাকে মাধুর্য্য বলে ॥ ১৩৭ ॥

যথা।

এক দিবস শ্রীকৃষ্ণ শ্রীরাধার দর্শন প্রত্যাশায় যমুনার প্রশস্ত কূলে উপবেশন পূর্ব্বক বিলম্ব যাহাতে হয় এমত ভাবে স্বর্ণবর্ণ কদম্বকুসুম দ্বারা ঋজুলম্বি-মাল্য রচনা করিতেছিলেন, ইতোমধ্যে কুরঙ্গীনেত্রা শ্রীরাধা সূর্য্যপুত্রীর তীর্থ পদবীতে আসিয়া উপস্থিত হইলে, মুররিপু তাহাঁর প্রতি অপাঙ্গ নিক্ষেপ করিলেন ॥

অথ মাঙ্গল্য ॥

যে ব্যক্তি জগতের বিশ্বাসস্থল তাহাকে মাঙ্গল্য বলে ॥১৩৮

যথা ॥

অন্যায্যং ন হরাবিতি ব্যপগতদ্বারার্গলা দানবা
রক্ষী কৃষ্ণ ইতি প্রমত্তমভিতঃ ক্রীড়াসু রক্তাঃ সুরাঃ।
সাক্ষী বেত্তি স ভক্তিমিত্যবনতব্রাতাশ্চ চিন্তোজ্‌ঝিতাঃ
কে বিশ্বম্ভর ন ত্বদঙ্ঘ্রিযুগলে বিস্রম্ভিতাং ভেজিরে ॥

স্থৈর্য্যং ॥

ব্যবসায়াদচলনং স্থৈর্য্যং বিঘ্নাকুলাদপি।

কৃষ্ণ ইতত্র সোঽয়মিতি বা পাঠঃ। প্রমত্তমনবহিতং যথা স্যাত্তথা। রক্তা ইতি প্রমাদরূপকর্ত্তৃধর্ম্মঃ। ক্রিয়ায়ামারোপ্যতে। ক্রিয়াকর্ত্রোরাসক্ত্যা তাদাত্ম্য বোধনা৩। ভক্তির্যথা কথঞ্চিদাশ্রয়মাত্রং সাক্ষী বেত্তি মমাপ্যসাবগতিস্তামিত্যাশ্রিতাঃ স্বস্থিতা ইতি বা তৃতীয়শ্চরণঃ ॥ ১৩৯ ॥

যথা।

হরিতে কোন অন্যায় নাই এই বিবেচনায় দানবগণ দ্বারের অর্গল মোচন করিয়াছে, অর্থাৎ দ্বারোদ্ঘাটনপূর্ব্বক অবস্থিতি করিতেছে, কৃষ্ণ রক্ষাকর্ত্তা এই জ্ঞানে দেববৃন্দ প্রমত্ত ভাবে ক্রীড়া তৎপর হইয়াছেন, তিনি সাক্ষী স্বরূপ, ভক্তিমাত্র গ্রহণ করেন, এই বলিয়া ব্রাত্য অর্থাৎ দশসংস্কার হীন পুরুষগণ চিন্তা হইতে পরিত্যক্ত হইয়াছে, অতএব হে বিশ্বম্ভর! তোমার চরণযুগলে কে না বিশ্বাস প্রাপ্ত হইয়াছে ॥

স্থৈর্য্য।

কার্য্য বিঘ্নাকুল হইলেও তাহা হইতে যে বিচলিত না হওয়া তাহার নাম স্থৈর্য্য ॥

যথা ॥

প্রতিকূলেঽপি সশূলে শিবে শিবায়াং নিরংশুকায়াঞ্চ ॥

ব্যলূনাদেব মুকুন্দো বিন্ধ্যাবলিনন্দনস্য ভুজান্ ॥

তেজঃ ॥

সর্ব্বচিত্তাবগাহিত্বং তেজঃ সদ্ভিরুদীর্য্যতে ॥

যথা শ্রীদশমে ॥

মল্লানামশনি র্নৃণাং নরবরঃ স্ত্রীণাং স্মরো মূর্ত্তিমান্

গোপানাং স্বজনোঽসতাং ক্ষিতিভুজাং শাস্তা স্বপিত্রোঃ শিশুঃ।

শূলহস্ত শিব এবং বিবসনা শিবা প্রতিকূল-ভাব অবলম্বন করিলেও শ্রীকৃষ্ণ বিন্ধ্যাবলিনন্দন বাণাসুরের ভুজ সকল ছেদন করিয়া দিলেন ॥

তেজঃ ॥

সমুদায় লোকের চিত্তভাব পরিজ্ঞানকে পণ্ডিতেরা তেজঃ কহিয়া থাকেন ॥

যথা দশমে ৪৩ অধ্যায়ে, ১৪ শ্লোকে ॥

হে রাজন্! যে ভগবান্ মল্লদিগের অশনি, মানবদিগের নরবর, যুবতীদিগের মূর্ত্তিমান্ মদন, গোপদিগের স্বজন, অসৎ নরপতিদিগের শাসন কর্ত্তা, নিজ পিতা মাতার নিকট শিশু, ভোজপতি কংসের সাক্ষাৎ মৃত্যু, অবিদ্বজ্জনের পক্ষে জড় স্বরূপ, যোগিদিগের পরমতত্ত্ব, বৃষ্ণিদিগের পরম দেবতা বলিয়া বিখ্যাত, তিনি অগ্রজ সহিত রঙ্গ মধ্যে সমাগত হইয়া

মৃত্যুর্ভোজপতের্বিরাড়বিদুষাং তত্ত্বং পরং যোগিনাং
বৃষ্ণীনাং পরদেবতেতি বিদিতো রঙ্গং গতঃ সাগ্রজঃ ॥
যথা ॥
তেজো বুধৈরবজ্ঞাদেরসহিষ্ণুত্বমুচ্যতে ॥ ১৩৯ ॥
যথা ॥
আক্রুষ্টে প্রকটং দিদণ্ডয়িষুণা চণ্ডেন রঙ্গস্থলে
নন্দে চানকদুন্দুভৌ চ পুরতঃ কংসেন বিশ্বদ্রুহা।
দৃষ্টিং তত্র সুরারিমৃত্যুকুলটাসম্পর্কদূতীং ক্ষিপন্

তত্র কংসে সুরারীণাং যা মৃত্যুরূপা কুলটা তস্যাঃ সম্পর্কায় দূতীরূপাং দৃষ্টিং

বিবিধ ভাবে প্রকাশমান হইলেন। অর্থাৎ ভগবান্ শৃঙ্গারাদি সর্ব্বরসকদম্ব মূর্ত্তি, পরন্তু রঙ্গ মধ্যস্থ হইয়া পৃথক্ পৃথক্ ভাবে ভিন্ন ভিন্ন ব্যক্তির নিকট ভিন্ন ভিন্ন রূপে প্রকাশ পাইতে লাগিলেন, সকলের নিকট এক ভাবে প্রকাশিত হইলেন না ॥

অথবা ॥

অবজ্ঞাদির অসহিষ্ণুতাকে পণ্ডিতগণ তেজ বলিয়া থাকেন ॥ ১৩৯ ॥

যথা ॥

রঙ্গস্থলে দর্শক লোক সকল কহিল বিশ্বদ্রোহি প্রচণ্ড কংস সম্মুখে দণ্ড দিবার অভিপ্রায়ে নন্দ এবং বসুদেবের প্রতি আক্রোশ অর্থাৎ অরে কে আছিস্ দুর্ম্মতি নন্দকে বন্ধন কর, অসত্তম বসুদেবকে এখনি বধ করিয়া ফেল, এই বাক্য বলিতে থাকিলে, শ্রীকৃষ্ণ কংসের প্রতি দৈত্যগণের মৃত্যু-

মঞ্চস্যোপরি সঙ্কুকুর্দ্দিষুরসৌ পশ্যাচ্যুতঃ প্রাঞ্চতি ॥

ললিতং ॥

শৃঙ্গারপ্রচুরা চেষ্টা যত্র তং ললিতং বিদুঃ ॥

যথা ॥

বিধত্তে রাধায়াঃ কুচমুকুলয়োঃ কেলিমকরীং
করেণাব্যগ্রাত্মা সরভসমসব্যেন রসিকঃ।
অরিষ্টে সাটোপং কটু রুবতি সব্যেন বিহস-
ন্নদঞ্চদ্রোমাঞ্চং রচয়তি চ কৃষ্ণঃ পরিকরং ॥

ঔদার্য্যং ॥

ক্ষিপন্ প্রেরয়ন্নিত্যনুসারেণৈব পাঠস্তেষামভীষ্টঃ। দানববর্য্যাদিশব্দাস্তু কংসস্ত

স্বরূপ কুলটা স্ত্রী সম্পর্কীয়া দূতীরূপা দৃষ্টি নিক্ষেপ পূর্ব্বক মঞ্চের উপরে কূর্দ্দন (লম্ফ) দিবার অভিপ্রায়ে গমন করিতেছেন দর্শন কর ॥

ললিত ॥

যে স্থলে প্রচুর রূপে শৃঙ্গারের চেষ্টা প্রকাশ পায় তাহাকে ললিত বলিয়া জানিবে ॥

যথা ॥

রসিকরাজ শ্রীকৃষ্ণ স্থির চিত্তে কৌতুকের সহিত দক্ষিণ হস্তদ্বারা শ্রীরাধার কুচমুকুলে তিলকরচনা করিতেন, দর্পের সহিত অরিষ্টাসুর কটু শব্দ করিতে থাকিলে সরোমাঞ্চ কলেবরে হাঁসিতে হাঁসিতে বাম হস্তদ্বারা কটিবন্ধন করিতে লাগিলেন ॥

ঔদার্য্য ॥

আত্মাদ্যর্পণকারিত্বমৌদার্য্যমিতি কীর্ত্যতে ॥

যথা ॥

বদান্যঃ কো ভবেদত্র বদান্যঃ পুরুষোত্তমাৎ ॥

অকিঞ্চনায় যেনাত্মা নির্গুণায়াপি দীয়তে ॥ ১৪০ ॥

সামান্যা নায়কগুণাঃ স্থিরতাদ্যা যদপ্যমী।

তথাপি পূর্ব্বতঃ কিঞ্চিদ্বিশেষাৎ পুনরীরিতাঃ

অথাস্য সহায়াঃ ॥

অস্য গর্গাদয়ো ধর্ম্মে যুযুধানাদয়ো যুধি।

নাগকর্ষব্যঞ্জকাঃ ॥ ১৪০ ॥

পূর্ব্বত আফলোদয়কৃৎ স্থির ইত্যাদিতঃ কিঞ্চিদ্বিশেষাৎ পরস্পরপোষ-

---

আত্মসমর্পণকারিত্বকে ঔদার্য্য বলিয়া কীর্ত্তন্ করাযায় ॥

যথা ॥

বল দেখি, পুরুষোত্তম হইতে অন্য কোন্ ব্যক্তি বদান্য হইবে, যিনি অকিঞ্চন নির্গুণ ব্যক্তিকেও আত্ম সমর্পণ করিয়া থাকেন ॥ ১৪০ ॥

যদিচ স্থিরতা প্রভৃতি সামান্য নায়ক গুণ সকল বর্ণিত হইল তথাপি পূর্ব্ব হইতে কিঞ্চিৎ বিশেষ প্রযুক্ত পুনর্ব্বার নায়কের অন্য গুণ সকল কীর্ত্তন করিতেছি ॥

অথ শ্রীকৃষ্ণের সহায় ॥

শ্রীকৃষ্ণের ধর্ম্মাদি বিষয়ে গর্গাদি ঋষিগণ সহায়, যুদ্ধ বিষয়ে যুযুধান (সাত্যকি) প্রভৃতি এবং মন্ত্রণাবিষয়ে উদ্ধবাদি

উদ্ধবাদ্যাস্তথা মন্ত্রে সহায়াঃ পরিকীর্ত্তিতাঃ ॥ ১৪১ ॥

অথ কৃষ্ণভক্তাঃ ॥

তদ্ভাবভাবিতস্বান্তাঃ কৃষ্ণভক্তা ইতীরিতাঃ ॥ ১৪২ ॥

যে সত্যবাক্য ইত্যাদ্যা হ্রীমানিত্যন্তিমা গুণাঃ।
প্রোক্তাঃ কৃষ্ণেঽস্য ভক্তেষু তে বিজ্ঞেয়া মনীষিভিঃ॥১৪৩

তে সাধকাশ্চ সিদ্ধাশ্চ দ্বিবিধাঃ পরিকীর্ত্তিতাঃ ॥

তত্র সাধকাঃ ॥

ণাং। কুত্রাপি স্বতঃ পোষণাচ্চ পুনঃ সত্ত্বভেদেষ্বীরিতাঃ ॥ ১৪১ ॥

তদ্ভাবেতি। তেন সর্ব্বোৎকৃষ্টেন নিজাভীষ্টেন ভাবেন রত্যাদি বিশেষেণ ভাবিতং বাসিতং স্বান্তং যেষাং তে তথা সজাতীয়তদীয়মহাভক্তবিশেষা আলম্বনা ইত্যর্থঃ। অন্যত্তূদ্দীপনা ইতি ভাবঃ তথৈবোদ্দীপনেষ্বপি ভক্তা গণয়িষ্যন্তে ॥ ১৪২ ॥

বিজ্ঞেয়া বিশেষেণ জ্ঞেয়া ইত্যন্যেপি যথা সম্ভবং জ্ঞেয়া ইত্যর্থঃ ॥ ১৪৩ ॥

সহায় রূপে পরিকীর্ত্তিত হয়েন ॥ ১৪১ ॥

অথ কৃষ্ণভক্ত ॥

কৃষ্ণভাবে ভাবিতান্তঃকরণকে কৃষ্ণভক্ত বলাযায় ॥ ১৪২ ॥

শ্রীকৃষ্ণ বিষয়ে সত্য বাক্য আদি করিয়া হ্রীমান্ পর্য্যন্ত, যে সকল গুণ উল্লিখিত হইয়াছে, পণ্ডিতগণ কৃষ্ণভক্তেতেও সেই সকল গুণ কীর্ত্তন করিয়াছেন ॥ ১৪৩ ॥

কৃষ্ণভক্ত দুই প্রকারে পরিকীর্ত্তিত হয়েন সাধক এবং সিদ্ধ ॥

তন্মধ্যে সাধক যথা ॥

উৎপন্নরতয়ঃ সম্যক্ নৈর্ব্বিঘ্ন্যমনুপাগতাঃ।
কৃষ্ণসাক্ষাৎকৃতৌ যোগ্যাঃ সাধকাঃ পরিকীর্ত্তিতাঃ ॥
যথৈকাদশে ॥
ঈশ্বরে তদধীনেষু বালিশেষু দ্বিষৎসু চ।
প্রেমমৈত্রীকৃপোপেক্ষা যঃ করোতি স মধ্যমঃ ॥ ১৪৪ ॥
যথা বা ॥
সিক্তাপ্যশ্রুজলোৎকরেণ ভগবদ্বার্ত্তানদীজন্মনা
তিষ্ঠত্যেব ভবাগ্নিহেতিরিতি তে ধীমন্নলং চিন্তয়া।
হৃদ্ব্যোমন্যমৃতস্পৃহা হরকৃপাবৃষ্টেঃ স্ফুটং লক্ষ্যতে

তদ্বৈশিষ্ট্যং জ্ঞাপনার্থং ভক্তভেদান্দর্শয়তি তে সাধকা ইতি ॥ ১৪৪ ॥
পূর্ব্বস্ত বিঘ্নকারণাভাবমাশঙ্ক্যাস্তহৃদাহরণমাহ যথাবেতি। হেতি জ্বালা। পক্ষে

যাহাদের কৃষ্ণবিষয়ে রতি উৎপন্ন হইয়াছে কিন্তু সম্যক্ রূপে বিঘ্ন নিবৃত্তি পায় নাই এবং কৃষ্ণসাক্ষাৎকার বিষয়ে যোগ্য, তাহারাই সাধক বলিয়া পরিকীর্ত্তিত হয় ॥

যথা একাদশে ২ অধ্যায়ে ৪৫ শ্লোকে।

যিনি ঈশ্বরে প্রেম, তদধীন ব্যক্তিতে মিত্রতা, অজ্ঞানের প্রতি কৃপা এবং বিদ্বেষির প্রতি উপেক্ষা করেন, এইরূপ ভেদ দর্শন জন্য তিনি মধ্যম ॥ ১৪৪ ॥

যথাবা।

হে ধীমন্! ভগবানের বার্ত্তা নদী জনিত অশ্রুজলে সিক্ত হইয়া ভবাগ্নি শিখা যে থাকিবেক এমত চিন্তায় কোন ফল নাই, গাত্রে যখন লোম সকলের নৃত্য দেখিতেছি, তখন

নেদিষ্ঠঃ পৃথুরোমতাণ্ডবভরাৎ কৃষ্ণাম্বুদস্যোদ্গমঃ ॥
বিল্বমঙ্গলতুল্যা যে সাধকাস্তে প্রকীর্ত্তিতাঃ ॥ ১৪৫ ॥

অথ সিদ্ধাঃ ॥

অবিজ্ঞাতাখিলক্লেশাঃ সদা কৃষ্ণাশ্রিতক্রিয়াঃ।
সিদ্ধাঃ স্যুঃ সন্ততপ্রেমসৌখ্যাস্বাদপরায়ণাঃ ॥
সংপ্রাপ্তসিদ্ধয়ঃ সিদ্ধা নিত্যসিদ্ধাশ্চ তে দ্বিধা ॥

তত্র সংপ্রাপ্তসিদ্ধয়ঃ ॥

সাধনৈঃ কৃপয়া চাস্য দ্বিধা সংপ্রাপ্তসিদ্ধয়ঃ।

তত্র সাধনসিদ্ধাঃ ॥

পৃথুরোমাণো মৎস্যাঃ ॥ ১৪৫ ॥

অথ মহাভক্তান্ দর্শয়তি অথ সিদ্ধা ইতি ॥ ১৪৬ ॥

অমৃত স্পৃহাহারী কৃপাবৃষ্টিশীল কৃষ্ণাম্বুদ তোমার হৃদয়াকাশের নিকটবর্ত্তি হইয়াছে, বিল্বমঙ্গলতুল্য সকলই সাধক বলিয়া কীর্ত্তিত হয় ॥ ১৪৫ ॥

অথ সিদ্ধ ॥

যাহাদের কিছুমাত্র ক্লেশ অনুভব হয় না, সর্ব্বদা কৃষ্ণসম্বন্ধীয় কর্ম্ম করে এবং যাহারা সর্ব্বতোভাবে প্রেম সৌখ্যাদির আস্বাদবিষয়ে পরায়ণ, তাহারাই সিদ্ধ ॥

সিদ্ধ দুই প্রকার সংপ্রাপ্তসিদ্ধি রূপসিদ্ধ এবং নিত্যসিদ্ধ ॥

তন্মধ্যে সংপ্রাপ্তসিদ্ধি রূপসিদ্ধ যথা ॥

সাধনদ্বারা এবং ভগবৎকৃপা বশতঃ সংপ্রাপ্তসিদ্ধি রূপসিদ্ধ দুই প্রকার ॥

তন্মধ্যে সাধনসিদ্ধ যথা।

যথা তৃতীয়ে ॥
যচ্চ ব্রজন্ত্যনিমিষামৃষভানুবৃত্ত্যা
দূরে যমাহ্যুপরি নঃ স্পৃহণীয়শীলাঃ।
ভর্ত্তুর্মিথঃ সুযশসঃ কথনানুরাগ-
বৈক্লব্যবাষ্পকলয়া পুলকীকৃতাঙ্গাঃ ॥ ১৪৬ ॥
যে ভক্তিপ্রভবিষ্ণুতা কবলিতক্লেশোর্ম্ময়ঃ কুর্ব্বতে
দৃক্‌পাতেঽপি ঘৃণাং কৃতপ্রণতিষু প্রায়েণ মোক্ষাদিষু।

প্রায়েণেতি কথঞ্চিদ্যদি বাঞ্ছতীতিবৎ ॥ ১৪৭ ॥

তৃতীয়ে ১৫ অধ্যায়ে ২৫ শ্লোকে ॥

হে অমরবৃন্দ! যে সকল ব্যক্তি নিরহঙ্কারত্ব হেতু আমাদের অপেক্ষাও অধিক যোগী তাঁহারাই সেই বৈকুণ্ঠে গমন করিতে পারেন। তাঁহারা দেবশ্রেষ্ঠ হরির নিরন্তর অনুবৃত্তি করাতে এবম্বিধ প্রভাবশালী যে, যমও তাঁহাদিগের নিকট যাইতে অসমর্থ, তাঁহাদের ভক্তির কথা কি বলিব পরস্পর বসিয়া পরস্পর যশঃ কথনে এমত অনুরাগ প্রকাশ করেন যে, তজ্জন্য অবশতা ও বাষ্পোদ্গম হওয়াতে অঙ্গ পুলকে পরিপূর্ণ হয় এই নিমিত্ত তাঁহাদের করুণাদিশীল সকলেরই স্পৃহণীয় ॥ ১৪৬ ॥

যথাবা ॥

যাঁহাদের ভক্তি প্রভাব দ্বারা ক্লেশ পরম্পরা কবলিত (গ্রস্ত) হইয়াছে, যাঁহারা ধর্ম্মার্থ কাম মোক্ষ রূপ পুরুষার্থ

তান্ প্রেমপ্রসরোৎসবস্তবকিতস্বান্তান্ প্রমোদাশ্রুভি-
র্নির্ধৌতাস্যতটান্মুহুঃ পুলকিনো ধন্যান্নমস্কুর্ম্মহে ॥
মার্কণ্ডেয়াদয়ঃ প্রোক্তাঃ সাধনৈঃ প্রাপ্তসিদ্ধয়ঃ ॥
অথ কৃপাসিদ্ধাঃ ॥
যথা শ্রীদশমে ॥
নাসাং দ্বিজাতিসংস্কারো ন নিবাসো গুরাবপি।
ন তপো নাত্মমীমাংসা ন শৌচং ন ক্রিয়াঃ শুভাঃ।
তথাপিহ্যুত্তমঃশ্লোকে কৃষ্ণে যোগেশ্বরেশ্বরে।

চতুষ্টয় চরণে প্রণত হইলেও তাহাদের প্রতি দৃষ্টিপাত করিতে ঘৃণা বোধ করেন, যাঁহাদের উত্তরোত্তর বৃদ্ধিশীল প্রেমোৎসবে অন্তঃকরণ প্রফুল্লিত হইতেছে, যাঁহাদের আনন্দাশ্রুদ্বারা বদনপ্রান্ত ধৌত এবং অঙ্গ পুলকিত হইতেছে সেই ধন্য সিদ্ধগণকে নমস্কার করি ॥

পণ্ডিতগণ মার্কণ্ডেয়াদি ঋষিগণকে সাধনদ্বারা সিদ্ধিপ্রাপ্ত বলিয়া নির্দ্দেশ করিয়াছেন ॥

অথ কৃপাসিদ্ধ ॥

যথা শ্রীদশমে ২৩ অধ্যায়ে ৩৪ শ্লোকে ॥

যাজ্ঞিক ব্রাহ্মণেরা কহিলেন কি আশ্চর্য্য। এই অবলাদিগের উপনয়নাদি সংস্কার হয় নাই, ইহারা ব্রহ্মচর্য্যার্থ গুরুকুলে বাসও করে নাই, ইহাদের তপস্যা অথবা আত্মবিচার কিম্বা শৌচাচার অথবা সন্ধ্যোপনাদি শুভ ক্রিয়াও কিছুই নাই, তথাপি যোগেশ্বরদিগের ঈশ্বর যে ভগবান্

ভক্তির্দৃঢ়া নচাস্মাকং সংস্কারাদিমতামপি ॥ ১৪৭ ॥
যথা বা ॥
ন কাচিদভবদ্গুরোর্ভজনযন্ত্রণেঽভিজ্ঞতা.
ন সাধনবিধৌ চ তে শ্রমলবস্য গন্ধোঽপ্যভূৎ।
গতোঽসি চরিতার্থতাং পরমহংসমৃগ্যশ্রিয়া
মুকুন্দপদপদ্মযোঃ প্রণয়সীধুনো ধারয়া ॥ ১৪৮ ॥
কৃপাসিদ্ধা যজ্ঞপত্নী-বৈরোচনি-শুকাদয়ঃ ॥ ১৪৯ ॥

তাসু ভগবদ্গুণকথক-সৎসঙ্গকারণমনুস্মৃত্য সংস্কারাদীনাং প্রেমসাধনত্বঞ্চ সন্দিহ্যাহ যথাবেতি। নংকাচিদিতি শ্রীশুকদেবমুদ্দিশ্য শ্রীনারদবাক্যং ॥ ১৪৮ ॥
কৃপাসিদ্ধা যজ্ঞপত্নীতি। যদুক্তং। তত্ত্বাপাততঃ প্রতীত্যপেক্ষয়েতি জ্ঞেয়ং ॥১৪৯

উত্তমঃশ্লোক শ্রীকৃষ্ণ, তাঁহার প্রতি ইহাদের দৃঢ়া ভক্তি হইয়াছে, আমরা সংস্কারাদিমন্ত হইয়াও লাভ করিতে পারিলাম না ॥ ১৪৭ ॥

যথাবা ॥

শুকদেবকে উদ্দেশ করিয়া নারদ কহিলেন হে মুনে! তুমি গুরুকুলে বাস পূর্ব্বক গুরুসেবার্থ যন্ত্রণা ভোগ না করিয়াই অভিজ্ঞতা লাভ করিয়াছ, সাধন বিধিতে তোমার শ্রমলবের গন্ধমাত্রও দেখিতেছি না, কি আশ্চর্য্য! যাহার শোভা পরমহংসগণেরও প্রার্থনীয় সেই মুকুন্দচরণপদ্মের প্রেম সুধার প্রবাহদ্বারাই কেবল চরিতার্থতা প্রাপ্ত হইয়াছ ॥১৪৮॥

যজ্ঞপত্নী; বিরোচননন্দন বলি এবং শুকদেব প্রভৃতি কৃপাসিদ্ধ ॥ ১৪৯ ॥

অথ নিত্যসিদ্ধাঃ ॥

আত্মকোটিগুণং কৃষ্ণে প্রেমাণং পরমং গতাঃ।
নিত্যানন্দগুণাঃ সর্ব্বে নিত্যসিদ্ধা মুকুন্দবৎ ॥ ১৫০ ॥

যথা পাদ্মে শ্রীভগবৎসত্যভামাদেবীসম্বাদে ॥

অথ ব্রহ্মাদিদেবানাং তথা প্রার্থনয়া ভুবঃ।
আগতোঽহং গণাঃ সর্ব্বে জাতাস্তেঽপি ময়া সহ।
এতে হি যাদবাঃ সর্ব্বে মদ্গণা এব ভামিনি।

মুকুন্দবদেব নিত্যানন্দগুণাস্তে নিত্যসিদ্ধা ইত্যন্বয়ঃ। নিত্যাশ্চ আনন্দস্বরূপাশ্চ গুণাস্তদুপলক্ষিতদেহাশ্চ যেষাং তে ইতি। তেষাং মুখ্যলক্ষণমাহ আত্মেতি। আত্মপ্রেমতোঽপি কোটিগুণমিত্যর্থঃ। মধ্যপদলোপাৎ ॥ ১৫০ ॥

মৎপ্রিয়া ইতি অহমেব প্রিয়ো যেষাং ন তথাত্মাদয় ইত্যর্থঃ। অহো ভাগ্যমহোভাগ্যমিতি বিস্ময়াধিক্যে বীপ্সা। তেন দ্বয়োরেব পদয়োর্ন পৌনরুক্ত্যং। অথবা নন্দগোপব্রজৌকসাং ভাগ্যং ভাগ্যমহঃ প্রকাশকং যাবদ্ভাগ্যদ্যোতক-

---

অথ নিত্যসিদ্ধ ॥

যাহাদের গুণ মুকুন্দের ন্যায় নিত্য ও আনন্দ স্বরূপ এবং যাহারা আপনা অপেক্ষা শ্রীকৃষ্ণে কোটিগুণ প্রেমবিধান করেন, তাঁহারা নিত্যসিদ্ধ ॥ ১৫০ ॥

পদ্মপুরাণে ভগবান্ ও সত্যভামাদেবীর সম্বাদে যথা ॥

ভগবান্ কহিলেন হে দেবি! ব্রহ্মাদি দেববৃন্দ এবং পৃথিবী ইহাঁদের প্রার্থনায় আমি আগমন করিয়াছি আমার গণ সকলও আমার সহিত জন্ম গ্রহণ করিয়াছে, হে ভামিনি! এই যে সকল যাদব দেখিতেছ ইহারা আমারই গণ, অতএব

সর্ব্বদা মৎপ্রিয়া দেবি মত্তুল্যগুণশালিনঃ ॥

শ্রীদশমে ॥

অহোভাগ্যমহোভাগ্যং নন্দগোপ ব্রজৌকসাং।

যন্মিত্রং পরমানন্দং পূর্ণং ব্রহ্ম সনাতনং ॥

তত্রৈব ॥

দুস্ত্যজশ্চানুরাগোঽস্মিন্ সর্ব্বেষাং নো ব্রজৌকসাং।

মিত্যর্থঃ। অহো ইতি বিস্ময়ে যদস্মাদেষাং বা ব্রহ্ম। ষং মিত্রং। কীদৃশং। ব্রহ্ম পূর্ণং মূর্ত্তপূর্ণানন্দত্বাৎ।৬ অমূর্ত্তানন্দস্তু তথা পূর্ণো ভবতি তদপেক্ষয়া শ্রীবিগ্রহস্যৈব প্রচুরানন্দত্বাৎ তথাচ। সংক্ষোভমক্ষরজুষামপি চিত্ততন্বোরিতি ব্রহ্মজ্ঞাননিপুণানামপি চিত্ততনু সংক্ষোভসূচনাৎ। পুনঃ কীদৃশত্বং ব্রহ্ম পরমানন্দং পরম আনন্দো যস্মাৎ। অমূর্ত্তানন্দাৎ মূর্ত্তানন্দস্য পরমত্বং শ্রেষ্ঠত্বং উক্তপ্রকারসনকাদ্যুক্তেঃ। অতোঽত্র পূর্ণত্বং পরমানন্দত্বঞ্চ স্বয়মেব মূর্ত্তানন্দবোধকং। অন্যথা ব্রহ্মেত্যনেনৈব তদুভয়মুপলভ্যেত কিমপরং তয়ো নির্দ্দেশেনৈব ব্রহ্মণো বিশেষণত্বমুক্ত্বা মিত্রবিশেষণমাহ সনাতনমিতি কীদৃশং মিত্রং সনাতনং নিত্যং

ইহাদের পরাক্রম সামান্য নহে, ইহারা সর্ব্বদা আমার প্রিয় ও আমার তুল্য গুণশালী ॥

শ্রীদশমে ১৪ অধ্যায়ে ৩০ শ্লোকে ॥

অহো নন্দগোপ এবং ব্রজবাসিদিগের কি আশ্চর্য্য ভাগ্য পরমানন্দরূপী সনাতন পূর্ণব্রহ্ম তাঁহাদের মিত্র হইয়াছেন ॥

দশমে ২৬ অধ্যায়ে ১০ শ্লোকে ॥

শ্রীকৃষ্ণ গোবর্দ্ধনপর্ব্বত ধারণ করিলে গোপগণ বিস্ময়া-

নন্দ তে তনয়েঽস্মাসু তস্যাপ্যৌৎপত্তিকঃ কথং ॥ ১৫১॥
সনাতনং মিত্রমিতি তস্যাপ্যৌৎপত্তিকঃ কথং।
স্নেহোঽস্মাস্বিতি চৈতেষাং নিত্যপ্রেষ্ঠত্বমাগতং।
ইত্যতঃ কথিতা নিত্যপ্রিয়া যাদববল্লভাঃ।

ত্রৈকালিকমিতি যাবৎ। যথা ত্বং ত্রিকালসিদ্ধস্তথা ব্রজলোকোঽপীতি ভাবঃ। যন হি তেষাং সনাতনং মিত্রং ত্বমসি অত এষাং ভাগ্যং কিং বক্তব্যমিতি ভাবঃ॥ ১৫১॥

সনাতনং মিত্রমিতীত্যেতাদৃশযোজনয়েত্যর্থঃ। অন্যথা সনাতনপদবৈয়র্থ্যং স্যাৎ। পূর্বত্বেনৈব তৎসিদ্ধেঃ। যদিচ ব্রহ্মণেঽ বিশেষণং তৎ স্যাত্তাপি মিত্রতা বৈশিষ্ট্যার্থমেব তদ্বিশিষ্যাত ইতি সমানমেব। মনোরমং সুবর্ণমিদং গুণং জাতমিত্যত্র যথা কুণ্ডলস্যৈব মনোরমত্বং সাধ্যং তদ্বত্তস্যাপীতি স্বভাবস্বন্ধ সূচনান্নিত্যত্বমাক্ষিপ্যতে। এবমত্র তস্মাদস্মচ্ছরণং গোষ্ঠমিত্যাদ্যাপি

পন্ন হইয়া নন্দের নিটক আগমন করত জিজ্ঞাসা করিলেন, হে নন্দ! তোমার এই তনয়ের প্রতি আমাদের সকল ব্রজবাসির দুস্ত্যজ অনুরাগ এবং ইহাঁরও আমাদের প্রতি স্বাভাবিক স্নেহ কেন হইয়াছে, ইনি ত সকলের আত্ম নহেন?॥ ১৫১॥

সনাতন মিত্র ও অস্মৎ কুলে জন্ম এবং অস্মদাদি সকলে স্নেহ ইত্যাদি বিশেষণ দ্বারা যাদব ও ব্রজবাসিগণের নিত্য প্রেষ্ঠতা উপলব্ধি হইতেছে, এজন্য যাদব ও গোপ সকল নিত্যসিদ্ধ বলিয়া কথিত হইয়াছেন, যেমন লীলাবশতঃ মুরারি জন্মাদি গ্রহণ করিয়া থাকেন, তদ্রূপ যাদব ও গোপ-

এষাং লৌকিকবচ্চেষ্টা লীলা মুররিপোরিব ১৫২ ॥

তথাহি পাদ্মোত্তরখণ্ডে ॥

যথা সৌমিত্রিভরতৌ যথা সঙ্কর্ষণাদয়ঃ।

তথা তেনৈব জায়ন্তে নিজলোকাদযদৃচ্ছয়া।

পুনস্তেনৈব গচ্ছন্তি তৎপদং শাশ্বতং পরং।

ন কর্ম্মবন্ধনং জন্ম বৈষ্ণবানাঞ্চ বিদ্যতে ॥ ইতি ॥

যে প্রোক্তাঃ পঞ্চপঞ্চাশৎ ক্রমাৎ কংসহরেগুর্ণাঃ।

তে চান্যে চাপি সিদ্ধেষু সিদ্ধিদত্বাদয়ো মতাঃ ॥ ১৫৩ ॥

জ্ঞেয়ং। অত্র বিশেষজিজ্ঞাসা চেৎ কৃষ্ণসন্দর্ভো দৃশ্যঃ ॥ ১৫২ ॥

তেনৈব ভগবতা সহ জায়ন্তে যাদবাদয় ইতি শেষঃ। যদৃচ্ছয়া স্বৈরিতেত্য-মরঃ ॥ ১৫৩ ॥

দিগেরও লৌকিক চেষ্টা জানিতে হইবে ॥ ১৫২ ॥

যথা পদ্মপুরাণে উত্তরখণ্ডে ॥

যেমন লক্ষ্মণ, ভরত, ও সঙ্কর্ষণ প্রভৃতি ভগবানের সহিত জন্ম গ্রহণ করেন, তদ্রূপ যাদব ও গোপগণ লীলা বশতঃ ভগবানের সহিত জন্ম গ্রহণ করেন এবং পুনর্ব্বার ভগবানের সহিত নিত্যধামে গমন করিয়া থাকেন, অতএব বৈষ্ণবদিগের জন্ম ও কর্ম্মবন্ধন নাই ॥

কংসরিপুর যে পঞ্চ পঞ্চাশৎ গুণ ক্রমান্বয়ে কথিত হই-য়াছে সেই সকল গুণ ও অন্যান্য সিদ্ধিপ্রদত্বাদি গুণ সকলও সিদ্ধগণে বিদ্যমান আছে ॥ ১৫৩ ॥

ভক্তাস্তু কীর্ত্তিতাঃ শান্তাস্তথাদাসসুতাদয়ঃ।
সখায়ো গুরুবর্গাশ্চ প্রেয়স্যশ্চেতি পঞ্চধা ॥
অথোদ্দীপনাঃ ॥
উদ্দীপনাস্তু তে প্রোক্তা ভাবমুদ্দীপয়ন্তি যে।
তেতু শ্রীকৃষ্ণচন্দ্রস্য গুণাশ্চেষ্টা প্রসাধনং ॥
স্মিতাঙ্গসৌরভে বংশ-শৃঙ্গ-নূপুর-কম্ববঃ ॥
পদাঙ্ক-ক্ষেত্র-তুলসী-ভক্ত-তদ্বাসরাদয়ঃ ॥
তত্র গুণাঃ ॥
গুণাস্তু ত্রিবিধাঃ প্রোক্তাঃ কায় বাঙ্মানসাশ্রয়াঃ ॥ ১৫৪ ॥

অথ ভাবভেদেন তেষামেব ভেদান্তরাণ্যাহ ভক্তাস্ত্বিতি। অত্র দাসাদয়ো দ্বিধা ভাবময়াঃ সাক্ষাৎ প্রাপ্তদাস্তাদয়শ্চ। তত্রোত্তরেষামেব সম্যগালম্বনত্বমভিপ্রেতং ॥ ১৫৪ ॥

শান্ত, দাসসুতাদি, সখা, গুরুবর্গ ও প্রেয়সীগণ এই পাঁচ প্রকার কৃষ্ণভক্ত বলিয়া কীর্ত্তিত হইয়াছেন ॥

অথ উদ্দীপন ॥

যাহারা ভাব প্রকাশ করে তাহাদিগকে উদ্দীপন কহে, তৎ সমুদায় যথা—শ্রীকৃষ্ণের গুণ, চেষ্টা ও প্রসাধন অর্থাৎ কঙ্কতিকা প্রভৃতি, তথা হাস্য, অঙ্গগন্ধ, বংশী, শৃঙ্গ, নূপুর, শঙ্খ, পদচিহ্ন, ক্ষেত্র, তুলসী, ভক্ত, তদ্বাসর অর্থাৎ একাদশী প্রভৃতি, উদ্দীপন বলিয়া কথিত হইয়াছে ॥

তন্মধ্যে গুণ যথা ॥

কায়িক, বাচিক ও মানসিক ভেদে গুণ তিন প্রকার হয় ॥ ১৫৪ ॥

তত্র কায়িকাঃ ॥

বয়ঃসৌন্দর্য্যরূপাণি কায়িকা মৃদুতাদয়ঃ ॥ ১৫৫ ॥

গুণাঃ স্বরূপমেবাস্য কায়িকাদ্যা যদপ্যমী।
ভেদং স্বীকৃত্য বর্ণ্যন্তে তথাপ্যুদ্দীপনা ইতি ॥
অতস্তস্য স্বরূপস্য স্যাদালম্বনতৈব হি।
উদ্দীপনত্বমেব স্যাদ্ভূষণাদেস্তু কেবলং ॥ ১৫৬ ॥

এষামালম্বনত্বঞ্চ তথোদ্দীপনতাপি চ ॥

বয়ঃসৌন্দর্য্যরূপাণি কায়িকা গুণা মৃদুতাদয়শ্চ কায়িকা গুণা ইত্যর্থঃ ॥১৫৫॥

গুণাঃ স্বরূপমেবেতি স্বরূপধর্ম্মত্বাৎ স্বরূপান্তঃ প্রবিষ্টা ইত্যর্থঃ। ভেদং স্বরূপাদত্যন্ত পৃথক্ত্বং স্বীকৃত্যোপচর্য্যেত্যর্থঃ। যথা। শ্রীকৃষ্ণঃ সুরম্যাঙ্গ ইতি ভাব্যতে তদালম্বনকোটৌ প্রবেশঃ যদাতু কৃষ্ণস্য সুরম্যাঙ্গত্বমিতি ভাব্যতে তদোদ্দীপনকোটৌ প্রবেশ ইতি ভাবঃ। অত ইতি স্বরূপস্য শ্রীবিগ্রহরূপস্যেত্যর্থঃ ॥ ১৫৬ ॥

এষাং গুণানাং বিশিষ্টস্যালম্বনত্বাদ্বিশেষণ রূপেষু গুণেষ্বপ্যংশেনালম্বনত্বং

তন্মধ্যে কায়িক যথা ॥

বয়স্, সৌন্দর্য্য, রূপ এবং মৃদুতা প্রভৃতিকে কায়িক বলে ॥ ১৫৫ ॥

যদিচ শ্রীকৃষ্ণের কায়িক গুণ সকল স্বরূপই বটে, তথাপি ভেদ স্বীকার করিয়া উদ্দীপন রূপে কথিত হইয়াছে। অতএব তদীয় স্বরূপের আলম্বনতাই সিদ্ধ হয়, কিন্তু ভূষণাদির কেবল উদ্দীপনত্ব রূপেই ব্যবহৃত হয় ॥ ১৫৬ ॥

পূর্ব্বোক্ত গুণ সকল আলম্বন ও উদ্দীপন রূপে কথিত হয় ॥

তত্রৈব বয়ঃ॥

বয়ঃ কৌমারপৌগণ্ডং কৈশোরমিতি তত্ত্রিধা ॥ ১৫৭ ॥
কৌমারং পঞ্চমাব্দান্তং পৌগণ্ডং দশমাবধি।
আষোড়শাচ্চ কৈশোরং যৌবনং স্যাত্ততঃ পরং ॥ ১৫৮ ॥
ঔচিত্যাত্তত্র কৌমারং বক্তব্যং বৎসলে রসে।
পৌগণ্ডং প্রেয়সি তথা তত্তৎখেলাদিযোগতঃ॥
শ্রৈষ্ঠমুজ্জ্বল এবাস্য কৈশোরস্য তথাপ্যদঃ।
প্রায়ঃ সর্ব্বরসৌচিত্যাদত্রোদাহ্রিয়তে ক্রমাৎ ॥ ১৫৯ ॥

প্রবর্ত্ততে ইতি ভাবঃ ॥ ১৫৭ ॥

কৌমারমিত্যাদিকং দৃষ্টান্তমাত্রং শ্রীকৃষ্ণেতু বিশেষো জ্ঞেয়ঃ। যথা কালেনাল্পেন রাজর্ষে রামঃ কৃষ্ণশ্চ গোকুলে। অঘৃষ্টজানুভিঃ পদ্ভির্বিচক্রমতুরোজসে-ত্যাদিকং ॥ ১৫৮ ॥

তত্র তত্তৎখেলাদিযোগতো যদৌচিত্যং যোগ্যতাতিশয়স্তস্মাদিতি ত্রিষপি যোজনীয়ং। প্রায়ো বাহুল্যেন ॥ ১৫৯ ॥

তন্মধ্যে বয়স্ যথা ॥

বয়স্ তিনপ্রকার কৌমার, পৌগণ্ড ও কৈশোর ॥ ১৫৭॥ পাঁচ বৎসর পর্য্যন্ত বয়সের নাম কৌমার, দশ বৎসর পর্য্যন্ত পৌগণ্ড, পঞ্চদশ বৎসর পর্য্যন্ত কৈশোর, তৎপরে ষোড়শ বৎসর হইতে যৌবন ॥ ১৫৮ ॥

ক্রীড়াভেদে বৎসলরসে কৌমারবয়স্ ও সখ্যরসে পৌগণ্ড বয়স্ উচিত হয়, কিন্তু মধুররসে কৈশোরবয়সই শ্রেষ্ঠ। শ্রীকৃষ্ণ প্রায় সর্ব্বরসাশ্রয় বলিয়া ক্রমশ ঐ সকলের উদাহরণ করিতেছি ॥ ১৫৯ ॥

আদ্যং মধ্যং তথা শেষং কৈশোরং ত্রিবিধং ভবেৎ ॥
তত্রাদ্যং কৈশোরং ॥
বর্ণস্যোজ্জ্বলতা ক্বাপি নেত্রান্তে চারুণচ্ছবিঃ।
রোমাবলিপ্রকটতা কৈশোরে প্রথমে সতি ॥ ১৬০ ॥
যথা ॥
হরতি শিতিমা কোঽপ্যঙ্গানাং মহেন্দ্রমণিশ্রিয়ং
প্রবিশতি দৃশোরন্তে কান্তির্মনাগিব লোহিনী।
সখি তনুরুহাং রাজিঃ সূক্ষ্মা দরাস্য বিরোহতে

শিষ্যতে নিত্যমেকরূপতয়া তিষ্ঠতীতি শেষং পরমপূর্ণাবস্থমিত্যর্থঃ। তদেবং নিরুক্তিবলাদ্বক্ষ্যমাণেন চরমশব্দেনাপি তাদৃগবস্থং বাচনীয়ং। চরতি স্বাবির্ভাবোত্তরং সর্ব্বকালং সঞ্চরতি নতু কৌমারাদিবদ্ব্যভিচরতি সা লক্ষ্মী যস্মিন্নিতি ॥ ১৬০ ॥

কৈশোর তিন প্রকার, আদি, মধ্য ও শেষ ॥
তন্মধ্যে আদিকৈশোর যথা ॥

প্রথম কৈশোরে বর্ণের অনির্ব্বচনীয় উজ্জ্বলতা, নেত্রান্তে অরুণবর্ণ কান্তি ও লোমাবলীর প্রকাশ ॥ ১৬০ ॥

যথা ॥

কুন্দলতা স্বীয় সখীকে কহিলেন হে সখি! সম্প্রতি বনমালির তনুতে আশ্চর্য্য শোভা স্ফূর্ত্তি পাইতেছে অবলোকন কর, আহা! তদীয় অঙ্গ সকলের শ্যামলতা ইন্দ্রনীলমণির শোভা হরণ করিতেছে, নয়নদ্বয়ের অন্তে ঈষৎ লোহিতবর্ণ কান্তি প্রবেশ করিয়াছে এবং অল্প অল্প সূক্ষ্ম লোমরাজি

স্ফূরতি সুষমা নব্যেদানীং তনৌ বনমালিনঃ ॥
বৈজয়ন্তী শিখণ্ডাদি নটপ্রবরবেশতা।
বংশীমধুরিমা বস্ত্রশোভা চাত্র পরিচ্ছদঃ ॥
যথা শ্রীদশমে ॥
বর্হাপীড়ং নটবরবপুঃ কর্ণয়োঃ কর্ণিকারং
বিভ্রদ্বাসঃ কনককপিশং বৈজয়ন্তীঞ্চ মালাং।
রন্ধ্রান্ বেণোরধরসুধয়া পূরয়ন্ গোপবৃন্দৈ-
র্বৃন্দারণ্যং স্বপদরমণং প্রাবিশদ্গীতকীর্ত্তিঃ ॥ ১৬১ ॥

শিতিমা শ্যামতাতিশয়ঃ। তালব্যাদিরয়ং। শিতী ধবলমেচকাবিত্যমরঃ। লোহিনী রক্তবর্ণা তদিদং তস্যাগ্রজভ্রাতৃজায়ায়া বচনং ॥ ১৬১ ॥

উদ্গত হওয়াতে অপূর্ব্ব সৌন্দর্য্য প্রকাশ পাইতেছে ॥

বৈজয়ন্তী, ময়ূরপুচ্ছাদি, নটবরবেশ, বংশীমাধুর্য্য, বস্ত্র-শোভা এবং পরিচ্ছদ সকলও উদ্দীপনরূপে কথিত হয় ॥১৬১॥

যথা শ্রীদশমে ২১ অ, ৫ শ্লোকে।

শুকদেব কহিলেন হে রাজন্! কি প্রকারে শ্রীকৃষ্ণের স্মরণে ব্রজাঙ্গনাদিগের মনঃ ক্ষুব্ধ হইল বলি শ্রবণ কর। গোপীগণ মনে করিলেন শ্রীকৃষ্ণ নটবর শরীর ধারণ করিয়া স্বীয় পদে অঙ্কিত রমণীয় বৃন্দারণ্যে প্রবেশ করিলেন। তাঁহার মস্তকে ময়ূরপুচ্ছময় মুকুট, কর্ণদ্বয়ে কর্ণিকার, পরিধান কনকবৎ কপিশবর্ণ বসন, গলদেশে বৈজয়ন্তী মালা। তিনি স্বয়ং অধরসুধা দিয়া বেণুরন্ধ্র পূরণ করিতেছেন, আর গোপগণ চারিদিকে তদীয় কীর্ত্তি গান করিতেছে ॥ ১৬১ ॥

খরতাত্র নখাগ্রাণাং ধনুরান্দোলিতা ভ্রুবোঃ।
রদানাং রঞ্জনং রাগচূর্ণৈরিত্যাদি চেষ্টিতং॥
যথা॥
নবং ধনুরিবাতনো র্নটদঘদ্বিষো ভ্রূযুগং
শরালিরিব শাণিতা নখররাজিরগ্রে খরা।
বিরাজতি শরীরিণীরুচির দন্তলেখারুণা
ন কা সখি সমীক্ষণাদ্যুবতিরস্য বিত্রস্যতি॥ ১৬২॥
অস্য মোহনতা যথা॥

নাখাগ্রাণাং খরতা রদানাং রঞ্জনমিতি তচ্ছোভাবিশেষজ্ঞাপনায় লোকরীতি-কথনমাত্রং। তত্র তু স্বভাবত এব তাদৃশনখসৌষ্ঠবং শিখরমণিলাবণ্য-তিরস্কারিদন্তলাবণ্যং চাবির্ভবতীতি জ্ঞেয়ং। অতএবৈতে পরিচ্ছদমধ্যে ন পঠিতে ধনুষী ইব আন্দোলিন্যৌ তয়ো র্ভাবঃ ধনুরান্দোলিতা॥ ১৬২॥

তীক্ষ্ণ নখাগ্র, চঞ্চল ভ্রূধনু ও চূর্ণ খদিরদ্বারা দন্ত রঞ্জিত ইত্যাদি চেষ্টা সকলকেও উদ্দীপন বলে॥

যথা॥

হে সখি! অঘরিপুর আশ্চর্য্য মূর্ত্তি দর্শন কর, ইহাঁর ভ্রূযুগল তনুহীন কন্দর্পের নব ধনুর ন্যায় নৃত্য করিতেছে, নখশ্রেণীর অগ্রভাগ এরূপ খরতর যে, শাণিত শর সমূহের ন্যায় বোধ হইতেছে, দন্ত সকল এরূপ অরুণবর্ণ দেখাইতেছে যে ক্রোধই যেন শরীর ধারণ করিয়া বিরাজ করিতেছে, অতএব ইহাঁকে দেখিয়া কোন্ যুবতি না ত্রাসযুক্ত হয়॥১৬২

শ্রীকৃষ্ণের মোহনতা যথা॥

কর্ত্তুং মুগ্ধাঃ স্বয়মচটুলা ন ক্ষমস্তেঽভিযোগং
ন ব্যাদাতুং ক্বচিদপি জনে বক্ত্রমপ্যুৎসহন্তে।
দৃষ্ট্বা তাস্তে নবমধুরিম স্মেরতাং মাধবার্ত্তাঃ
স্বপ্রাণেভ্যস্ত্রয়মুদসৃজন্মদ্য তোয়াঞ্জলীনাং॥

অথ মধ্যং॥

উরুদ্বয়স্য বাহ্বোশ্চ কাপি শ্রীরুরসস্তথা।
মূর্ত্তের্মধুরিমাদ্যঞ্চ কৈশোরে সতি মধ্যমে॥

কর্ত্তুমিতি বৃন্দায়া বচনং। তত্র প্রথমং তস্য সন্দেহং বিরচয্যোৎকণ্ঠাং বর্দ্ধয়ন্তী কারণং বিনৈব কার্য্যমাহ পূর্ব্বার্দ্ধেন। ততশ্চ কুত ইতি তৎপ্রশ্নানন্তরং তদেব কারণত্বে বিন্যস্য সম্যগাদ্রয়ন্ত্যাহ তৃতীয়েন চরণেন। পুনশ্চ তর্হি কিং কুর্ব্বন্তীতি সগদ্গদং তৎপ্রশ্নানন্তরং তমতি ব্যাকুলয়ন্ত্যাহ চতুর্থেনেতি। যোজনীয়ং অভিযোগং ভাবাভিব্যক্তিং॥ ১৬৩॥

বৃন্দা শ্রীকৃষ্ণকে কহিলেন হে মাধব! তোমার নব মাধুর্য্যশালি হাস্য সন্দর্শন করিয়া মুগ্ধা গোপীগণ আপন মনোগত ভাব প্রকাশ করিতে স্বয়ং অক্ষম হইতেছেন, কোন ব্যক্তির সহিত আলাপ করিতেও সক্ষম হইতেছেন না। অধিক কি বলিব এরূপ পীড়িতা হইয়াছেন যে, স্বীয় প্রাণের প্রতি তিন অঞ্জলি জল প্রদান করিয়াছেন অর্থাৎ জীবিতাশা একেবারেই বিসর্জন দিয়াছেন॥

অথ মধ্যকৈশোর॥

মধ্যকৈশোরে উরুদ্বয়, বাহুদ্বয় ও বক্ষঃস্থলের কোন অনির্ব্বচনীয় শোভা, তথা মূর্ত্তির মধুরিমাদি প্রকাশ পাইয়া থাকে॥

যথা ॥

স্পৃহয়তি করিশুণ্ডাদণ্ডনায়োরুযুগ্মং
গরুড়মণিকবাটী সখ্যমিচ্ছত্যুরশ্চ।
ভুজযুগমপি ধিৎসত্যর্গলাবর্গনিন্দা-
মভিনব তরুণিম্নঃ প্রক্রমে কেশবস্য।
মুখং স্মিতবিলাসাঢ্যং বিভ্রমোত্তরলে দৃশৌ।
ত্রিজগন্মোহনং গীতমিত্যাদিরিহ মাধুরী ॥
যথা ॥
অনঙ্গনয়চাতুরীপরিচয়োত্তরঙ্গে দৃশৌ
মুখাম্বুজমুদঞ্চিতস্মিতবিলাসরম্যাধরং।

যথা ॥

শ্রীকৃষ্ণের অভিনব তারুণ্যারম্ভে তদীয় ঊরুদ্বয় করিশুণ্ডকে দণ্ড দিবার নিমিত্ত স্পৃহা করিতেছে, বক্ষঃস্থল গরুড়-মণি অর্থাৎ মরকতমণি নির্ম্মিত কবাটের সহিত সখ্য বিধান করিতে বাসনা করিতেছে এবং ভুজযুগল অর্গলাবর্গকে নিন্দা করিতেছে, অতএব কেশবের কি আশ্চর্য্য শোভা ॥

মন্দ হাস্যযুক্ত মুখ, বিলাসান্বিত চঞ্চল লোচন, তথা ত্রিজগন্মোহনকারী গীত ইত্যাদি মধ্যকৈশোরের মাধুরী ॥

যথা ॥

আহা! শ্রীকৃষ্ণের প্রথম তারুণ্যাবস্থায় কি আশ্চর্য্য মাধুর্য্য প্রকাশ পাইতেছে, তদীয় লোচনদ্বয় চঞ্চল হইয়া

অচঞ্চলকুলাঙ্গনাব্রতবিড়ম্বিসঙ্গীতকং
হরেস্তরুণিমাঙ্কুরে স্ফুরতি মাধুরী কাপ্যভূৎ ॥
বৈদগ্ধীসারবিস্তারঃ কুঞ্জকেলি মহোৎসবঃ।
আরম্ভো রাসলীলাদেরিহ চেষ্টাদি সৌষ্ঠবং ॥
যথা ॥
ব্যক্তালক্তপদৈঃ ক্বচিৎ পরিলুঠৎ পিঞ্ছাবতংসৈঃ ক্বচি-
ত্তল্পৈর্বিচ্যুতকাঞ্চিভিঃ ক্বচিদসৌ ব্যাকীর্ণকুঞ্জোৎকরা।
প্রোদ্যন্মণ্ডলবন্ধতাণ্ডব ঘটালক্ষোল্লসৎ সৈকতা
গোবিন্দস্য বিলাসবৃন্দমধিকং বৃন্দাটবী শংসতি ॥ ১৬৩ ॥

কন্দর্পকেলী চাতুর্য্যের পরিচয় প্রদান করিতেছে, হাস্যবিলাস-যুক্ত অধরপল্লবে বদনপদ্ম শোভিত হইয়া রহিয়াছে, তাঁহার সঙ্গীতের এ রূপ চমৎকার শক্তি যে, তদ্দারা ধীর-স্বভাবা কুলকামিনীগণের পাতিব্রত্য ব্রত বিনষ্ট হইতেছে ॥

মধ্যকৈশোরের চেষ্টা যথা—রসিকতার সার বিস্তার, কুঞ্জক্রীড়ামহোৎসব এবং রাসলীলাদির আরম্ভ ॥

যথা ॥

বৃন্দাবন কোন স্থানে সুস্পষ্ট যাবকযুক্ত পদ চিহ্ন দ্বারা, কোন স্থানে লুণ্ঠিত ময়ূরপুচ্ছের শিরোভূষণ দ্বারা, কোন স্থানে স্খলিত ক্ষুদ্রঘণ্টিকান্বিত শয্যাশালি কুঞ্জগৃহ দ্বারা এবং কোথাও বা মণ্ডলীবন্ধ তাণ্ডব ঘটায় উৎফুল্ল বালুকা দ্বারা ভূষিত হইয়া গোবিন্দের বিলাস সকল সূচনা করিয়া দিতেছেন ॥ ১৬৩ ॥

তন্মোহনতা যথা ॥

বিদূরাম্মারাগ্নিং হৃদয়-রবিকান্তে প্রকটয়-
ন্নুদস্যন্ ধর্ম্মেন্দুং বিদধদভিতো রাগপটলং।
কথং হা ন স্ত্রাণং সখি মুকুলয়ন্ বোধকুমুদং
তরস্বী কৃষ্ণাবভ্রে মধুরিমভরার্কোঽভ্যুদয়তে ॥

অথ শেষকৈশোরং ॥

পূর্ব্বতোঽপ্যধিকোৎকর্ষং বাঢ়মঙ্গানি বিভ্রতি।
ত্রিবলিব্যক্তিরিত্যাদ্যং কৈশোরে চরমে সতি ॥ ১৬৪ ॥

বিদূরাদিতি অবভ্রং নভঃ রাগোঽত্র মারাগ্নিকৃৎতৃষ্ণাতিশয়ঃ ॥ ১৬৪ ॥

মধ্যকৈশোরের মোহনতা যথা ॥

হে সখি! অকস্মাৎ কৃষ্ণাকাশে এ কোন্ বেগবান্ মাধুর্য্য পূর্ণ সূর্য্য দেবের উদয় হইল, ইনি আমাদের ধর্ম্মরূপি চন্দ্রকে অস্তমিত করিয়া সর্ব্বতোভাবে রাগপটল অর্থাৎ অনুরাগ সমূহ বিধান করিতে করিতে দূর হইতে হৃদয় রূপ সূর্য্যকান্ত মণিতে কামাগ্নি নিক্ষেপ পূর্ব্বক জ্ঞান কুমুদকে মুদ্রিত করিয়াদিলেন, অতএব হে সখি! আমাদের আর ত্রাণের উপায় দেখিতেছি না ॥

অথ শেষকৈশোর ॥

চরম কৈশোর প্রবৃত্ত হইলে অঙ্গ সকল পূর্ব্বাপেক্ষা অতিশয় উৎকর্ষ ধারণ করে এবং তাহাতে স্পষ্ট রূপে ত্রিবলি রেখা প্রকাশ পায় ॥ ১৬৪ ॥

যথা ॥

মরকতগিরের্গণ্ডগ্রাবপ্রভাহরবক্ষসং
শতমখমণিস্তম্ভস্তারম্ভপ্রমাথি ভুজদ্বয়ং।
তনুতরণিজাবীচিচ্ছায়াবিরম্বিবলিত্রয়ং
মদনকদলীসাধিষ্ঠোরুং স্মরাম্যসুরান্তকং ॥

তন্মাধুর্য্যং যথা ॥

দশার্দ্ধশরমাধুরীদমনদক্ষয়াঙ্গশ্রিয়া
বিধূনিতবধূধৃতিং বরকলাবিলাসাস্পদং।
দৃগঞ্চলচমৎকৃতিক্ষপিতখঞ্জরীট-দ্যুতিং

সাধিষ্ঠত্বং পরমাতিশয়িত্বং ॥ ১৬৫ ॥

যথা ॥

যাঁহার বক্ষঃস্থল মরকত পর্ব্বতীয় বৃহৎ পাষাণ খণ্ডের প্রভা হরণ করিতেছে, যাঁহার ভুজদ্বয় ইন্দ্রনীলমণির স্তম্ভকে ন্যক্কার করিতেছে, যাঁহার তনুত্রিবলি যমুনার তরঙ্গমালাকে বিড়ম্বিত করিতেছে, এবং যাঁহার উরু রাগরম্ভা হইতেও পরম সুন্দর দেখাইতেছে, সেই অসুরান্তক শ্রীকৃষ্ণকে আমি চিন্তা করিতেছি ॥

অন্ত্য কৈশোরের মাধুর্য্য যথা ॥

হে তরুণি! পীতাম্বরকে সন্দর্শন কর, ইনি পঞ্চশরের (কন্দর্পের) মাধুরী দমনদক্ষ অঙ্গশ্রী দ্বারা বধূগণের ধৈর্য্য বিনষ্ট করিতেছেন, ইহাঁর অঙ্গ শিল্পনৈপুণ্যের ক্রীড়াস্থান হইয়াছে, নয়নাঞ্চলের চমৎকৃতি দ্বারা খঞ্জনের নৃত্যগর্ব্ব খর্ব্ব

স্ফুরত্তরুণিমোদ্গমং তরুণি পশ্য পীতাম্বরং ॥
ইদমেব হরেঃ প্রাজ্ঞৈর্নবযৌবনমুচ্যতে ॥ ১৬৫ ॥
অত্র গোকুলদেবীনাং ভাবসর্ব্বস্বশালিতা।
অভূতপূর্ব্বকন্দর্পতন্ত্রলীলোৎসবাদয়ঃ ॥ ১৬৬ ॥
যথা ॥
কান্তাভিঃ কলহায়তে ক্বচিদয়ং কন্দর্পলেখান্ ক্বচিৎ
কীরৈরর্পয়তি ক্বচিদ্বিতনুতে ক্রীড়াভিসারোদ্যমং।

ভাবস্য যৎ সর্ব্বস্বং সর্ব্বোৎপ্যর্থস্তেন প্রশংসাবত্তা ॥ ১৬৬ ॥

অত্র কৈশোরে ভেদাশ্চতুর্দ্ধা বর্ণ্যন্তে লক্ষণেন পরিচ্ছদেন চেষ্টিতেন মোহনতাবৈশিষ্ট্যেন চ। তত্র যদ্যপি পরিচ্ছদাদীন্যপি লক্ষণান্যেব তথাপি বিশেষতত্ত্বজ্ঞাপয়িতুমেব পৃথক্ নির্দ্দেশঃ। তদেবমাদ্য কৈশোরে তানি স্পষ্টান্যেব মধ্যশেষয়োস্তু পরিচ্ছদস্য প্রায়ঃ সর্ব্বত্র সমানত্বাৎ পৃথক্ নোক্তিঃ

হইতেছে অতএব ইহাঁর সুন্দর তারুণ্যের কথা আর কি বলিব ॥

পণ্ডিতগণ ইহাকেই হরির নবযৌবন বলিয়া কীর্ত্তন করিয়াছেন ॥ ১৬৫ ॥

এই অন্ত্য কৈশোরে ব্রজদেবী সকলের অপূর্ব্ব কন্দর্প ক্রীড়া রূপ লীলানন্দভাব সমুদায় প্রকাশ পাইয়া থাকে ॥ ১৬৬

যথা ॥

এই কুঞ্জরাজ শ্রীকৃষ্ণ কামক্রীড়ায় ষড়্গুণ (সন্ধি, বিগ্রহ, গমন সাধন, আসন, ভেদ ও আশ্রয়) বিশিষ্ট হইয়া অত্যুৎকৃষ্ট শৃঙ্গার রাজ্য শাসন করিতেছেন, যথা—কোন স্থানে

সখ্যা ভেদয়তি কচিৎ স্মরকলাষাড়্গুণ্যবানীহতে
সন্ধিঃ কাপ্যনুশাস্তি কুঞ্জনৃপতিঃ শৃঙ্গাররাজ্যোত্তমং ॥১৬৭
তন্মোহনতা যথা ॥

মাধুরী চ মোহনতায়া এব কারণাবস্থা পৃথক্ দর্শিতা। সা চাদ্যেপি ব্যঞ্জিতাস্তি। নবমধুরিমস্মেরতামিতাননেন নবং ধনুরিবাতনো নটদখঞ্জিবোভ্রূযুগমিত্যনেন রন্ধ্রান্ বেণোরধরসুধয়া পূরয়ন্নিতানেন চ। মধ্যে চেষ্টাদিসৌষ্ঠবমিতি চেষ্টায়া আদিঃ শ্রৈষ্ঠ্যং সৌষ্ঠবমিত্যর্থঃ। চরমেঽপি চাত্র গোকুলেতি মোহনতা। তস্মাৎ সৌষ্ঠবমাধুর্য্যমোহনতানাং ভেদেঽপ্যভেদনির্দেশঃ পরস্পরমব্যতিরেকিতয়াবগন্তব্যঃ। অত্র সৌষ্ঠবং তদ্দয়ো র্যোগ্যাঙ্গশোভাবিশেষঃ মাধুর্য্যং তেন রোচকতা। মোহনতাতু তয়ানুভবান্তরমাচ্ছিদ্য কর্ষিতেতি জ্ঞেয়ং। তদেবং প্রকরণার্থো ব্যাখ্যাতঃ। অভূতপূর্ব্বেতি চেষ্টিতমুদ্দিষ্টং। তত্রচ সন্তি যথা কান্তাভিরিত্যাদিনা চেষ্টিতমুদাহরতি ষাড়্গুণ্য ইতি। কচিৎ শৃঙ্গাররাজ্যোত্তমানুশাসনে ইত্যেব লভ্যতে। অত্র নীতিশাস্ত্রানুসারো জ্ঞেয়ঃ। যথোক্তং। সন্ধি র্না বিগ্রহো যানমাসনং দ্বৈধমাশ্রয়ঃ ষড়্গুণা ইতি। অত্র কান্তাভিরিতি বিগ্রহঃ। কন্দর্পলেখানিতি দ্বৈধং। ক্রীড়েতি যানং। সখ্যেত্যাশ্রয়ঃ। সন্ধিমিতি সন্ধিঃ। কুঞ্জনৃপতিরিত্যাসনমিতি ষট্কং ব্যঞ্জিতং ॥ ১৬৭ ॥

সুন্দরী সকলের সহিত কলহ উপস্থিত করিতেছেন, কোথাও শুকপক্ষি-দ্বারা নখচিহ্নরূপ দ্বৈধ বিধান করিতেছেন, কোথাও ক্রীড়ার নিমিত্ত গমনোদ্যত হইতেছেন এবং কোথাও বা সখার সহিত সন্ধি ও আশ্রয় বিধান করিতেছেন ॥ ১৬৭ ॥

শ্রীকৃষ্ণের মোহনতা যথা ॥

কর্ণাকর্ণি সখীজনেন বিজনে দূতীস্তুতিপ্রক্রিয়া
পত্যুর্বঞ্চনচাতুরী গুণনিকা কুঞ্জপ্রয়াণে নিশি।
বাধির্য্যং গুরুবাচি বেণুবিরুতাবুৎকর্ণতেতিব্রতান্
কৈশোরেণ তবাদ্য কৃষ্ণ গুরুণা গৌরীগণঃ পাঠ্যতে॥ ১৬৮
নেতুঃ স্বরূপমেবোক্তং কৈশোরমিহ যদ্যপি।
নানাকৃতিপ্রকটনাত্তথাপ্যুদ্দীপনং মতং ॥ ১৬৯ ॥

অথ মোহনতামুদাহরতি তন্মোহনতা যথেতি। তদেবং ত্রিষপি কৈশোরেষু সাম্যেনৈব বর্ণনং জ্ঞেয়ং। কর্ণাকর্ণীতি প্রণয়েন বিসম্বাদপ্রায়ত্বাৎ। পরস্পরং কর্ণেন কর্ণেন যুদ্ধং বৃত্তমিত্যর্থঃ॥ ১৬৮ ॥

পূর্ব্বং গুণাঃ স্বরূপমিত্যাদিনাযং ভেদমঙ্গীকৃত্য গুণানামুদ্দীপনত্বং দর্শিতং তমেব কৈশোরমুপলক্ষ্য স্থাপয়ংস্তেষাং স্বত উদ্দীপনত্বমেবেতি দ্রঢ়য়তি নেতুরিতি। স্বরূপধর্ম্মত্বাদযদ্যপি নেতুর্নায়কস্য স্বরূপমেব কৈশোরং তথাপি নানাকৃতীনাং কৌমারপৌগণ্ড কৈশোরাণাং যথাবসরমেব প্রকটনাৎ প্রাকট্যাৎ কৃষ্ণাখ্যধর্ম্মিণস্তু তত্র তত্রানুগতত্বাৎ কৈশোরমপ্যুদ্দীপনমেবেত্যর্থঃ। আলম্বনঃ খলু সর্ব্বদানুগত এব। উদ্দীপনাস্তু কাদাচিৎকা ইতি॥ ১৬৯ ॥

হে কৃষ্ণ! অদ্য তোমার কৈশোরবয়স্ গোপীগণের গুরু পদবীতে আরোহণ করিয়া তাঁহাদিগকে সখীজনের সহিত কর্ণাকর্ণি, নির্জনে দূতীদিগকে স্তব করিবার রীতি, পতিবঞ্চনা বিষয়ে চাতুর্য্য; রজনীযোগে কুঞ্জগমনে অভ্যাস; গুরুবাক্যে বধিরতা ও বেণুধ্বনিতে উৎকর্ণতা, ইত্যাদি ব্রত সকল পাঠ করাইতেছে॥ ১৬৮ ॥

যদিচ এস্থলে কৈশোরবয়স্‌কে নায়কের স্বরূপ বলিয়া উল্লেখ করা হইয়াছে তথাপি নানা রূপের প্রকটন বশত ঐ কৈশোর উদ্দীপনরূপে সম্মত হইয়া থাকে॥ ১৬৯ ॥

বাল্যেঽপি নবতারুণ্যপ্রাকট্যং শ্রূয়তে ক্বচিৎ।
তন্নাতিরসবাহিত্বান্ন রসজ্ঞৈরুদাহৃতং॥ ১৭০॥

অথ সৌন্দর্য্যং॥

ভবেৎ সৌন্দর্য্যমঙ্গানাং সন্নিবেশো যথোচিতং॥ ১৭১॥

যথা॥

মুখং তে দীর্ঘাক্ষং মরকতভটীপীবরমুরো
ভুজদ্বন্দ্বং স্তম্ভদ্যুতিসুবলিতং পার্শ্বযুগলং।

শ্রূয়ত ইতি। বাল্যেঽপি ভগবান্ কৃষ্ণ স্তরুণং রূপমাশ্রিতঃ। রেমে বিহারৈর্বিবিধৈঃ প্রিয়য়া সহ রাধয়েত্যাদি ব্রহ্মরত্নাকরধৃতভবিষ্যপুরাণাদৌ। তন্নাতিরসবাহিত্বাদিতি। ক্রমযোগেনৈব রসাঃ সম্পদ্যন্তে নেতরথেতি ভাবঃ॥ ১৭০॥

তত্র সৌন্দর্য্যং সুরম্যাঙ্গত্বপর্য্যায়ং॥ ১৭১॥

মুখমিতি লহর্য্যত্র উত্তরোত্তরমাধুর্য্যাবির্ভাবঃ। জঘনশব্দঃ পুংস্কট্যগ্রভাগেঽপি যুজ্যতে। মহীতলং তজ্জঘনমিতি দ্বিতীয়স্কন্ধে বিরাড়্বর্ণনাৎ।

কোন স্থানে বাল্যাবস্থাতেও শ্রীকৃষ্ণের নবতারুণ্য প্রকাশ হইয়াছে, শুনিতে পাওয়া যায় কিন্তু রসপোষক না হওয়াতে রসজ্ঞেরা তাহার উদাহরণ করেন নাই॥ ১৭০॥

অথ সৌন্দর্য্য॥

অঙ্গ সকলের যথাযোগ্য সন্নিবেশকে সৌন্দর্য্য বলে॥১৭১

যথা॥

হে কংসারে! তোমার দীর্ঘ নয়নযুক্ত বদনমণ্ডল, মরকতমণি কবাটাপেক্ষা স্থূল, বক্ষঃ স্তম্ভসদৃশ ভুজদ্বয়, সুন্দর

তত্র রাসো যথা ॥

নৃত্যদ্গোপনিতম্বিনীকৃতপরীরম্ভস্য রম্ভাদিভি-
র্গীর্ব্বাণীভিরনঙ্গরঙ্গবিবশং সংদৃশ্যমানশ্রিয়ঃ।
ক্রীড়াতাণ্ডবপণ্ডিতস্য পরিতঃ শ্রীপুণ্ডরীকাক্ষ তে
রাসারম্ভরসার্থিনো মধুরিমা চেতাংসি নঃ কর্ষতি ॥১৭৭॥

দুষ্টবধো যথা ললিতমাধবে ॥

শম্ভুর্ব্বৃষং নয়তি মন্দরকন্দরান্ত-
র্ম্লানঃ সলীলমপি যত্র শিরো ধুনানে।

নৃত্যদ্গোপনিতম্বিনীতি। শ্রীব্রজদেবীভি র্মথুরায়াং প্রেষিতা পত্রীয়ং ॥ ১৭৭ ॥
শম্ভুরিতি। আঃ ইতি কোপে। কোপশ্চায়মন্যচিত্তং শ্রোতারং প্রত্যেব আস্ত

তন্মধ্যে রাস যথা ॥

শ্রীকৃষ্ণের মথুরায় অবস্থিতি কালে ব্রজদেবীগণ পত্রিকা প্রেরণ করিলেন, যথা—হে পুণ্ডরীকাক্ষ! তুমি নৃত্য ক্রীড়ায় সুপাণ্ডিত্য প্রকাশ পূর্ব্বক যে সময়ে রাসরসার্থী হইয়া নৃত্য-শালিনী গোপনিতম্বিনীগণের সহিত আলিঙ্গন করিয়াছিলে, তৎকালে রম্ভা প্রভৃতি দেবীগণ অনঙ্গরঙ্গে বিবশা হইয়া তোমার শোভা দর্শন করিতেছিল। এক্ষণে সেই মধুরিমা আমাদের চিত্ত আকর্ষণ করিতেছে ॥ ১৭৭ ॥

দুষ্টবধ যথা ॥

ললিতমাধবে ॥

আঃ কি আশ্চর্য্য !, যে বৃষাসুর লীলাবশতঃ মস্তক কম্পিত করাতে দেবদেব শম্ভু ম্লান হইয়া বৃষকে মন্দরগিরির গুহা

আঃ কৌতুকং কলয় কেলিলবাদরিষ্টং
তং দুষ্টপুঙ্গবমসৌ হরিরুন্মমাথ ॥

অথ প্রসাধনং ॥

কথিতং বসনাকল্পমণ্ডনাদ্যং প্রসাধনং ॥ ১৭৮ ॥

তত্র বসনং ॥

নবার্করশ্মিকাশ্মীরহরিতালাদিসন্নিভং।
যুগং চতুষ্কং ভূয়িষ্ঠং বসনং ত্রিবিধং হরেঃ ॥

তত্র যুগং ॥

পরিধানং সসংব্যানং যুগরূপমুদীরিতং ॥ ১৭৯ ॥

স্যাং কোপ পীড়য়োরিতি কোষকারাঃ ॥ ১৭৮ ॥

চতুষ্কমিত্যত্রোত্তরীয়মপি কদাচিজ্‌জ্ঞেয়ং। বসনস্ত যুগত্বাদিভেদাঃ সময়-বিশেষোচিতত্বাৎ ॥ ১৭৯ ॥

মধ্যে স্থাপন করেন, কৌতুক দেখ, শ্রীকৃষ্ণ অবলীলাক্রমে সেই দুষ্ট অরিষ্টকে বিনষ্ট করিলেন ॥

অথ প্রসাধন ॥

বসন, সজ্জা ও ভূষণাদিকে প্রসাধন বলে ॥ ১৭৮ ॥

তন্মধ্যে বসন যথা ॥

অরুণ, কুঙ্কুম ও হরিতাল বর্ণ বিশিষ্ট যুগ, চতুষ্ক ও ভূয়িষ্ঠ ভেদে শ্রীকৃষ্ণের বসন তিন প্রকার হয় ॥

তন্মধ্যে যুগবসন যথা ॥

পরিধান ও উত্তরীয়কে যুগবসন বলে ॥ ১৭৯ ॥

যথা স্তবাবল্যাং মুকুন্দাষ্টকে ॥

কনকনিবহশোভানিন্দিপীতং নিতম্বে
তদুপরি নবরক্তং বস্ত্রমিত্থং দধানঃ।
প্রিয়মিব কিল বর্ণং রাগযুক্তং প্রিয়ায়াঃ ॥
প্রণয়তু মম নেত্রাভীষ্টপূর্ত্তিং মুকুন্দঃ ॥

চতুষ্কং ॥

চতুষ্কং কঞ্চুকোষ্ণীষতুন্দবন্ধান্তরীয়কং ॥

যথা ॥

স্মেরাস্যঃ পরিহিতপাটলাম্বরশ্রী-

ইত্থং বস্ত্রং দধান ইতি যদুক্তং তৎ কথং তত্রাহ কনকেতি। কনকনিবহ-শোভানিন্দি বস্ত্রং নিতম্বে পরিদধন্ পরিষ্টান্নব্যবাহ্লীক বস্ত্র। তনুরুচিমনুরাগে-ণান্বিতাং বা প্রিয়ায়া ইতি বা পাঠান্তরং ॥ ১৮০ ॥

যথা স্তবাবলীর মুকুন্দাষ্টকে ॥

মুকুন্দ নিতম্বদেশে স্বর্ণরাশির শোভাহারি পীতবসন ও তদুপরি প্রিয়তমার অনুরাগ যুক্ত দেহ প্রভার ন্যায় নূতন রক্তবস্ত্র পরিধান করিয়া আমার নয়নের অভীষ্ট পূর্ণ করিতেছেন ॥

চতুষ্ক বসন যথা ॥

প্রায় ইতি প্রথমমর্দ্ধং। মৃতিরত্রেতি দ্বিতীয়ং। কিন্ত্বিতি তৃতীয়মিতি ক্রমঃ। অত্র প্রাণত্যাগস্য ভাবত্বাভাবাদপরিতুষ্যন্নাহ প্রায় ইতি। মৃতিঃ প্রাণত্যাগস্তত্রানুভাবঃ স্যাৎ। কেনচিদিতি স্বয়মেবেত্যর্থঃ। তত্রচ পূতনাবর্ণনে বিশেষাদপরিতুষ্যন্নাহ কিন্ত্বিতি ॥ ৫০ ॥

কালরাত্রি রূপা পূতনার প্রাণ স্বরূপ গাঢ়ান্ধকার কৃষ্ণ-সূর্য্য কর্ত্তৃক নিপীত হইলে, উহার ঘূকপক্ষীর শব্দতুল্য কণ্ঠ-ধ্বনি ও খদ্যোত সদৃশ দীপ্তিশালি দৃষ্টি ক্ষণকাল মধ্যে তিরোহিত হইয়াছিল ॥ ৪৯ ॥

মরণের পূর্ব্ব চিত্তবৃত্তিকেই প্রায় মৃতি কহা যায়, কোন কোন পণ্ডিত অনুভাবকেই মৃতি কহেন, কিন্তু নায়কের পরাক্রম নিমিত্ত শত্রুতে মরণ উক্ত হইয়াছে ॥ ৫০ ॥

অথ আলস্য ॥

সামর্থস্যাপি সদ্ভাবে ক্রিয়ানুম্মুখতা হি যা।
তৃপ্তিশ্রমাদিসম্ভূতা তদালস্যমুদীর্য্যতে।
অত্রাঙ্গভঙ্গো জৃম্ভাচ ক্রিয়াদ্বেষোঽক্ষিমর্দ্দনং।
শয্যাসনৈকপ্রিয়তা তন্দ্রী নিদ্রাদয়োঽপি চ॥
তত্র তৃপ্তের্যথা॥
বিপ্রাণাং নস্তথা তৃপ্তিরাসীদ্গোবর্দ্ধনোৎসবে।
নাশীর্বাদেঽপি গোপেন্দ্র যথা স্যাৎ প্রভবিষ্ণুতা॥ ৫১॥
শ্রমাদ্যথা॥
সুষ্ঠু নিঃসহতনুঃ সুবলোঽভূৎ
প্রীতয়ে মম বিধায় নিযুদ্ধং।

সদ্ভাবে আগ্রহেণ সমুদ্ভাবয়িতুং শক্যত্বে॥ ৫১॥
সুষ্ঠ্বিত্যাদৌ নিঃসহত্বং কিঞ্চিদপি কর্ত্তুমক্ষমত্বং। সহসাহম্মতানুমিত্যেব পাঠঃ। নিযুদ্ধং বাহুযুদ্ধং॥ ৫২॥

তৃপ্তি ও শ্রমাদি নিবন্ধন সামার্থ্য সত্ত্বেও যে কার্য্য না করণ তাহার নাম আলস্য। এই আলস্যে অঙ্গমোটন, জৃম্ভা (হাঁই) কার্য্যের প্রতি দ্বেষ, চক্ষুমর্দ্দন, শয়ন, উপবেশন, তন্দ্রা ও নিদ্রা প্রভৃতি হইয়া থাকে॥

তন্মধ্যে তৃপ্তিহেতু আলস্য যথা॥

হে গোপেন্দ্র! আমরা ব্রাহ্মণজাতি, আমাদের আশীর্ব্বাদ করিতে যাদৃশী তৃপ্তি, গোবর্দ্ধনযাত্রায় তদ্রূপ নাই॥৫১

শ্রমহেতু আলস্য যথা॥

* শ্রীকৃষ্ণ সখাগণকে কহিলেন, অহে বয়স্যগণ! আমার প্রীতির নিমিত্ত সুবল আমার সহিত বাহুযুদ্ধ করিয়া বিকশ

মোটয়ন্তমভিতো নিজমঙ্গং
নাহবায় সহসাহ্বয়তামুং ॥ ৫২ ॥
অথ জাড্যং ॥
জাড্যমপ্রতিপত্তিঃ স্যাদিষ্টানিষ্টশ্রুতীক্ষণৈঃ।
বিরহাদ্যৈশ্চ তন্মোহাৎ পূর্ব্বাবস্থাপরাপি চ।
অত্রানিমিষতা তূষ্ণীম্ভাববিস্মরণাদয়ঃ।
অত্রেষ্টশ্রুত্যা যথা শ্রীদশমে ॥
গাবশ্চ কৃষ্ণমুখনির্গতবেণুগীত-
পীযূষমুত্তভিতকর্ণপুটৈঃ পিবন্ত্যঃ।

অপ্রতিপত্তির্বিচারশূন্যতা। তৎ জাড্যং মোহাৎ পূর্ব্বাবস্থাপ্যপরাপ্যবস্থা

তনুতে অঙ্গমোটন করিতেছে, অতএব তোমরা উহাকে আর যুদ্ধার্থ আহ্বান করিও না ॥ ৫২ ॥

অথ জাড্য ॥

ইষ্ট ও অনিষ্টের শ্রবণ, দর্শন এবং বিরহাদি জনিত বিচার শূন্যের নাম জাড্য, ইহা মোহের পূর্ব্বাবস্থা ও পরাবস্থা। এই জাড্যে অনিমিষনয়ন, তূষ্ণীম্ভাব ও বিস্মরণ প্রভৃতি হয় ॥

তন্মধ্যে ইষ্টশ্রবণ জনিত জাড্য যথা ॥

শ্রীদশমে ২১ অধ্যায়ে ১৩ শ্লোকে ॥

গোপীগণ পরস্পর কহিলেন এই সকল গাভী উন্নমিত কর্ণপুট দ্বারা শ্রীকৃষ্ণের বদনারবিন্দ-বিনির্গত বেণুগীতামৃত পান করিতে করিতে এবং এই সমস্ত শাবক স্তনক্ষরিত ক্ষীর গ্রাস মুখে করিতে করিতে বিস্মৃতক্রিয় হইয়া পরিতেছে,

শাবাঃ স্মৃতস্তনপয়ঃ কবলাঃ স্ম তস্থু-
র্গোবিন্দগাত্মনি দৃশাশ্রুকলাঃ স্পৃশন্ত্যঃ ॥ ৫৩ ॥
অনিষ্টশ্রুত্যা যথা ॥
আকলয্য পরিবর্ত্তিতগোত্রাং
কেশবস্য গিরমর্পিতশল্যাং।
বিদ্ধধীরধিকনির্নিমিষাক্ষী
লক্ষ্মণা ক্ষণমবর্ত্তত তূষ্ণীং ॥
ইষ্টেক্ষণেন যথা শ্রীদশমে ॥
গোবিন্দং গৃহমানীয় দেবদেবেশমাদৃতঃ।

যথা তাদৃশীত্যর্থঃ। তস্য স্বতন্ত্রত্বাৎ ॥ ৫৩ ॥
গোত্রং নাম ইতি ॥ ৫৪ ॥

ইহার কারণ এই বোধ হয়, ইহারা দৃষ্টি পথদ্বারা মনোমধ্যে যেন শ্রীকৃষ্ণকে আলিঙ্গন করিতেছে, তাহাতেই ইহাদের লোচনে অশ্রুলেশ দৃষ্ট হইতেছে ॥ ৫৩ ॥

অনিষ্টশ্রবণহেতু জাড্য যথা ॥

অন্যনামে আহ্বান করায়, শেলতুল্য ব্যথাপ্রদ শ্রীকৃষ্ণের বাক্য শ্রবণ করিয়া লক্ষ্মণা অস্থির চিত্তে নিমেষ শূন্য হইয়া ক্ষণকাল তূষ্ণীভূত হইয়া রহিলেন ॥

ইষ্টদর্শননিমিত্ত জাড্য যথা ॥

শ্রীদশমে ৭১ অধ্যায়ে ৩৫ শ্লোকে ॥

রাজা যুধিষ্ঠির দেবদেব গোবিন্দকে সমাদর পূর্ব্বক গৃহে আনয়ন করতঃ আহ্লাদে হতবুদ্ধি হইয়া তাঁহার পূজা বিষয়ে

পূজায়াং নাবিদৎ কৃত্যং প্রমোদোপহতো নৃপঃ ॥
অনিষ্টেক্ষণেন যথা তত্রৈব ॥
যাবদালক্ষ্যতে কেতু র্যাবদ্রেণূ রথস্য চ।
অনুপ্রস্থাপিতাত্মানো লেখ্যানীবোপলক্ষিতাঃ ॥ ৫৪ ॥
বিরহেণ যথা ॥
মুকুন্দবিরহেণ তে বিধুরিতাঃ সখায়শ্চিরা-
দলঙ্কৃতিভিরুজ্‌ঝিতা ভুবি নিবিশ্য তত্র স্থিতাঃ।
স্খলন্মলিনবাসসঃ শবলরুক্ষগাত্রশ্রিয়ঃ
স্ফুরন্তি খলদেবলদ্বিজগৃহে সুরার্চ্চা ইব ॥ ৫৫ ॥

শবলং মলদূষিতং। দেবাজীবী তু দেবলঃ ॥ ৫৫ ॥

প্রকার বিশেষ বিস্মৃত হইয়া গেলেন ॥

অনিষ্টদর্শন জন্য জাড্য যথা ॥

শ্রীদশমে ৩৯ অধ্যায়ে ৩৪ শ্লোকে ॥

যে পর্য্যন্ত রথের পতাকা ও রেণু লক্ষ্য হইল তাবৎকাল গোপীগণ চিত্রার্পিত পুত্তলিকার ন্যায় নিশ্চল হইয়া দাঁড়াইয়া রহিলেন ॥ ৫৪ ॥

বিরহহেতু জাড্য যথা ॥

হে মুকুন্দ। তোমার চিরবিরহে তোমার সখাসকল কাতর হইয়া যেমন দুষ্ট দেবল (দেব-পূজোপজীবী) ব্রাহ্মণ গৃহে দেবপ্রতিমা সকল অনলঙ্কৃত, মলিন বসন এবং ভস্মবর্ণ ও রুক্ষগাত্র শ্রীতে অবস্থান করেন, তদ্রূপ ভূমিতলে পড়িয়া রহিয়াছেন ॥ ৫৫ ॥

অথ ব্রীড়া॥

নবীনসঙ্গমাকার্য্যস্তবাবজ্ঞাদিনা কৃতা।
অধৃষ্টতা ভবেদ্ব্রীড়া তত্র মৌনং বিচিন্তনং।
অবগুণ্ঠনভূলেখৌ তথাধোমুখতাদয়ঃ॥ ৫৬॥

তত্র নবীনসঙ্গমেন যথা পদ্যাবল্যাং॥

গোবিন্দে স্বয়মকরোঃ সরোজনেত্রে
প্রেমান্ধা বরবপুরর্পণং সখি ত্বং।
কার্পণ্যং ন কুরু দরাবলোকদানে
বিক্রীতে করিণি কিমঙ্কুশে বিবাদঃ॥ ৫৭॥

অধৃষ্টতাত্র ধৃষ্টতাবিরোধী ভাবঃ॥ ৫৬॥

বিক্রীত ইতি যথা তস্মিন্ বিক্রীতেঽপ্যঙ্কুশদানে বিবাদঃ ক্রিয়তে তথাত্র কিং ক্রিয়তে নৈবেত্যর্থঃ॥ ৫৭॥

অথ ব্রীড়া অর্থাৎ লজ্জা॥

নবসঙ্গম, অকার্য্য (নিন্দিত কর্ম্ম) স্তব ও অবজ্ঞাদি দ্বারা যে অধৃষ্টতা উৎপন্ন হয়, তাহাকে ব্রীড়া বলে। ইহাতে মৌন, চিন্তা, মুখাচ্ছাদন, ভূমিলিখন এবং অধোমুখতা প্রভৃতি হইয়া থাকে॥ ৫৬॥

তন্মধ্যে নবসঙ্গমহেতু ব্রীড়া যথা॥
পদ্যাবলীতে॥

হে পঙ্কজনেত্রে! হে সখি! তুমি প্রেমে অন্ধ হইয়া স্বীয় উত্তমাঙ্গ স্বয়ং গোবিন্দে সমর্পণ করিয়াছ, অতএব এখন শ্রীকৃষ্ণের প্রতি ঈষৎ অবলোকন দানে কৃপণতা করিও না, হস্তী বিক্রয় করিয়া অঙ্কুশ বিক্রয়ের নিমিত্ত বিবাদ করা কি উচিত?॥ ৫॥

অকার্য্যেণ যথা ॥

ত্বমবাগিহ মা শিরঃ কৃথা

বদনঞ্চ ত্রপয়া শচীপতে।

নয় কল্পতরুং নচেচ্ছচীং

কথমগ্রে মুখমীক্ষয়িষ্যসি ॥

স্তবেন যথা ॥

ভূরিসাদ্‌গুণ্যভারেণ স্তূয়মানস্য শৌরিণা।

উদ্ধবস্য ব্যরোচিষ্ট নম্রীভূতং তদা শিরঃ ॥

অবজ্ঞয়া যথা হরিবংশে সত্যাদেবীবাক্যং ॥

ত্বমবাগিতি শ্রীকৃষ্ণস্য বাক্যং শিরোঽবাক্ নম্রীভূতং বদনঞ্চাবাক্ বচনরহিতং ॥ ৫৮ ॥

অকার্য্যনিমিত্ত লজ্জা যথা ॥

শ্রীকৃষ্ণ কহিলেন অহে শচীপতে! তুমি লজ্জা প্রযুক্ত এখানে মস্তক অবনত ও বদন বচন শূন্য করিও না, এই পারিজাততরু গ্রহণ কর, নতুবা কি রূপে শচীর নিকট মুখ দেখাইবে ॥

স্তবনিমিত্ত লজ্জা যথা ॥

শ্রীকৃষ্ণ যখন বহু২ সদ্গুণ উল্লেখ করিয়া উদ্ধবের প্রশংসা করিতে লাগিলেন, তখন ক্রমশঃ উদ্ধবের বদন অবনত হইয়া অপূর্ব্ব শোভা ধারণ করিয়াছিল ॥

অবজ্ঞাহেতু লজ্জা যথা ॥

হরিবংশে সত্যভামার বাক্য ॥

বসন্তকুসুমৈশ্চিত্রং সদা রৈবতকং গিরিং।
প্রিয়া ভূত্বাপ্রিয়া ভূতা কথং দ্রক্ষ্যামি তং পুনঃ॥ ৫৮॥
অথাবহিত্থা॥
অবহিত্থাকারগুপ্তি র্ভবেদ্ভাবেন কেনচিৎ।
অত্রাঙ্গাদেঃ পরাভ্যূহস্থানস্য পরিগূহনং।
অন্যত্রেক্ষা বৃথা চেষ্টা বাগ্‌ভঙ্গীত্যাদয়ঃ ক্রিয়াঃ॥ ৫৯॥
তথা চোক্তং॥
অনুভাবপিধানার্থোঽবহিত্থম্ভাব উচ্যতে॥ ৬০॥

কেনচিদ্ভাবেন ভাবপারবশ্যেন হেতুনা আকারস্য গোপ্যভাবানুভাবস্য গুপ্তিঃ কৃত্রিমভাবান্তরব্যঞ্জনয়া করণরূপয়া সম্বরণং যস্মিন্ স তদ্‌গুপ্তীচ্ছারূপো ভাবোঽবহিত্থা ইত্যর্থঃ॥ ৫৯॥

অনুভাবেতি। অনুভাবপিধানার্থো ভাবোঽবহিত্থমুচ্যতে॥ ৬০॥

রৈবতক পর্ব্বত সর্ব্বদা বসন্ত কুসুমে মনোহর বটে, কিন্তু যখন আমি প্রিয়া হইয়া অপ্রিয়া হইলাম, তখন পুনরায় কি রূপে ঐ পর্ব্বত অবলোকন করিব?॥ ৫৮॥

অথ অবহিত্থা॥

কোন কৃত্রিম ভাব দ্বারা গোপনীয় ভাবের অনুভাব সম্বরণ করাকে অবহিত্থা কহে। ইহাতে ভাব প্রকাশক অঙ্গাদির গোপন, অন্যদিকে দৃষ্টিপাত, বৃথাচেষ্টা এবং বাগ্‌ভঙ্গী প্রভৃতি হইয়া থাকে॥ ৫৯॥

প্রাচীনদিগের মত এই যে, অনুভাবের সংগোপক ভাবকে অবহিত্থা কহে॥ ৬০॥

তত্র জৈহ্ম্যেন যথা শ্রীদশমে ॥

সভাজয়িত্বা তমনঙ্গদীপনং
সহাসলীলেক্ষণবিভ্রমভ্রুবা।
সংস্পর্শনেনাঙ্ককৃতাঙ্ঘ্রিহস্তয়োঃ
সংস্তুত্য ঈষৎ কুপিতা বভাষিরে ॥

দাক্ষিণ্যেন যথা ॥

সাত্রাজিতীসদনসীমনি পারিজাতে
নীতে প্রণীতমহসা মধুসূদনেন।
দ্রাঘীয়সীমপি বিদর্ভভুবস্তদের্ষ্যাং

জৈহ্ম্যেন মতিকৌটিল্যেন হেতুনা।

তন্মধ্যে কটিলতা নিমিত্ত অবহিত্থা যথা ॥
শ্রীদশমে ৩২ অধ্যায়ে ১৪ শ্লোকে ॥

হে রাজন্! সেই সকল গোপীর ঈক্ষণ হাস্য লীলায় সুশোভন এবং ভ্রূ বিলাসবিভ্রমে বিভূষিত। তাঁহারা অনঙ্গ-দীপন সেই শ্রীকৃষ্ণের কর ও চরণ স্বীয় ক্রোড় দেশে স্থাপন পূর্ব্বক সম্মর্দ্দন দ্বারা সেবা ও স্তব করিয়া ঈষৎ কোপাবেশে কহিতে লাগিলেন ॥

দাক্ষিণ্যনিমিত্ত অবহিত্থা যথা ॥

কৌতুক কারী শ্রীকৃষ্ণ সত্যভামার গৃহসীমায় পারিজাত তরু রোপণ করিলে বিদর্ভরাজ-দুহিতা রুক্মিণীর যদিচ সুদীর্ঘ ঈর্ষ্যা উৎপন্ন হইয়াছিল, তথাপি তাঁহার সুশীলতা নিবন্ধন

সৌশীল্যতঃ কিল ন কোঽপি বিদাম্বভূব ॥

হ্রিয়া যথা প্রথমে ॥

তমাত্মজৈর্দৃষ্টিভিরন্তরাত্মনা

দুরন্তভাবাঃ পরিরেভিরে পতিং।

নিরুদ্ধমপ্যস্রবদম্বুনেত্রয়ো-

র্বিলজ্জতীনাং ভৃগুবর্য্য বৈক্লবাৎ ॥

জৈহ্ম্যহ্রীভ্যাং যথা ॥

কা বৃষস্যতি তং গোষ্ঠে ভুজঙ্গং কুলপালিকা।

দূতি যত্র স্মৃতে মূর্ত্তি ভীত্যা রোমাঞ্চিতা মম ॥ ৬১ ॥

বৃষস্যতি কাময়তে। লক্ষ্মণং সা বৃষস্যন্তীতিবৎ *। কুলস্ত্রী কুলপালিকা ॥ ৬১ ॥

কেহই তাহা জানিতে সমর্থ হয় নাই ॥

লজ্জানিমিত্ত অবহিত্থা যথা ॥

প্রথমস্কন্ধে ১১ অধ্যায়ে ২৮ শ্লোকে ॥

মহিষী সকলের অভিপ্রায় অতিশয় দুর্জ্ঞেয়, তাঁহারা দূর-হইতে আগত পতিকে দর্শনের পূর্ব্বেই মানোদ্বারা আলিঙ্গন দিলেন, পরে দৃষ্টিগোচর হইলে দৃষ্টিদ্বারা আশ্লেষ করিলেন, অনন্তর সমীপবর্ত্তী হইলে পুত্রদ্বারা আলিঙ্গন করিলেন। অপর লজ্জাবশতঃ যদিও তাঁহারা অশ্রুজল নিরোধ করিয়া-ছিলেন তথাপি বৈবশ্যহেতু তাহা পতিত হইতে লাগিল॥৬০

কৌটিল্য ও লজ্জা নিমিত্ত অবহিত্থা যথা ॥

হে দূতি! সেই গোষ্ঠলম্পটকে কোন্ স্ত্রী কামনা করিয়া থাকে, যাঁহাকে স্মরণ হওয়ায় ভীতিবশতঃ আমার এই তনু লোমাঞ্চিত হইয়া উঠিল ॥ ৬১ ॥

---

*."লক্ষ্মণং সা বৃষস্যন্তী মহোক্ষং গৌরিবাগমৎ" সা-সূর্পনখা। ইতি ভট্টিকাব্যে।

সৌজন্যেন যথা ॥ ৬২ ॥
গূঢ়া গাম্ভীর্য্যসম্পত্তির্মনোগহ্বরগর্ভগা।
প্রৌঢ়াপ্যস্যা রতিঃ কৃষ্ণে দুর্ব্বিতর্কা পরৈরভূৎ ॥
গৌরবেণ যথা ॥
গোবিন্দে সুবলমুখৈঃ সমং সুহৃদ্ভিঃ
স্মেরাস্যৈঃ স্ফুটমিহ নর্ম্মনির্ম্মিমাণে।
আনম্রীকৃতবদনঃ প্রমোদমুগ্ধো
যত্নেন স্মিতমথ সম্বরায় পত্রী ॥ ৬৩ ॥

সৌজন্যেনেতি। দক্ষিণ্যং মতেঃ কারণং সারল্যং সৌজন্যন্তু ধৈর্য্যলজ্জাদি-যুক্তত্বমিত্যনয়োর্ভেদঃ ॥ ৬২ ॥

মনোগহ্বরগর্ভগা অত্যন্তগুপ্তা যা রতিঃ সা প্রৌঢ়াপি গাম্ভীর্য্যসম্পত্তি-র্গূঢ়া সতী দুর্বিতর্কাভূৎ ॥ ৬৩ ॥

সৌজন্যহেতু যথা ॥ ৬২ ॥

শ্রীরাধার কৃষ্ণ বিষয়ে প্রগাঢ় অনুরাগ থাকিলেও সে অনু-রাগ গাম্ভীর্য্য সম্পত্তি দ্বারা মনোরূপ গুহার গর্ত্তগামী হইয়া-ছিল, এ নিমিত্ত অন্য কেহ তাহা লক্ষ্য করিতে পারে নাই ॥

গৌরবনিমিত্ত অবহিত্থা যথা ॥

হাস্যবদন সুবল প্রভৃতি সুহৃদ্গণের সহিত গোবিন্দ স্পষ্টাক্ষরে পরিহাস আরম্ভ করিলে পত্রী নামা তদীয় ভৃত্য আমোদ মুগ্ধ হইয়া বদন অবনত করত যত্ন সহকারে হাস্য সম্বরণ করিয়াছিলেন ॥ ৬৩ ॥

হেতুঃ কশ্চিদ্ভবেৎ কশ্চিদ্গোপ্যঃ কশ্চন গোপনঃ।
ইতি ভাবত্রয়স্যাত্র বিনিয়োগঃ সমীক্ষ্যতে।

হেতুরিতি। যথা সভাজয়িত্বেত্যাদৌ হেতু র্জৈহ্ম্যং তচ্চ স্বগিরৈবায়ং ব্যক্তং দোষঃ স্যাদিতি মতিকৌটিল্যং। তচ্চ তাদৃশভ্রূবিলাসেনৈবাত্র ব্যক্তং। গোপ্যোঽসূয়ামর্ষঃ সচ ঈষৎ কুপিতা ইত্যনেন ব্যক্তঃ। গোপয়ত্যনেনেতি গোপনঃ স চাত্র সংস্তবসংস্পর্শাভ্যাং প্রত্যায়িতং হর্ষবৈকল্যং। সহাসাদিত্বঞ্চ জৈহ্ম্যময়মপি তদিব প্রত্যায়য়তি সর্ব্বত্র গোপনানুভাবঃ কৃত্রিম এব। গোপনভাবস্তু মৃগতৃষ্ণাজলবৎ প্রতীতিমাত্রশরীরঃ তস্মাদস্য গোপনত্বমপি প্রাতীতিকমেব কিন্ত্বনুভাবস্যৈব বাস্তবত্বমিতি জ্ঞেয়ং। সাত্রাজিতীত্যাদৌ মতিময়ং দাক্ষিণ্যং হেতুঃ। তদত্র তস্যাঃ প্রসিদ্ধমিতি নোক্তং। ঈর্ষা গোপ্যা ইয়ঞ্চ শব্দলব্ধা। সৌশীল্যন্তু কৃত্রিমসুষ্ঠু ব্যবহারঃ। তৎপ্রত্যায়িতো হর্ষাভাসো গোপনঃ।

এই স্থলে কোন ভাবহেতু, কোন ভাব গোপ্য এবং কোন ভাব গোপন, এইরূপে ভাবত্রয়ের নিয়োগ দেখা যায়, এস্থলে প্রায় সকল ভাবের এক বা অনেক রূপে হেতুত্ব, গোপনত্ব ও গোপ্যত্ব সম্ভব হয়॥

তাৎপর্য্য। সভাজয়িত্বা তমনঙ্গদীপনং ইত্যাদি দশমস্কন্ধীয় ৩২ অধ্যায়ের ১৪ শ্লোকে জৈহ্ম্য অর্থাৎ কুটিলতাহেতু, কেন না ঐ জৈহ্ম্য নিজবাক্য দ্বারা ব্যক্ত করা দোষ এ নিমিত্ত এস্থলে বুদ্ধির কৌটিল্য অর্থাৎ ভ্রূবিলাস দ্বারাই প্রকাশ হইল। এই পদ্যে গোপ্যভাব, অসূয়া ও অমর্ষ, ঈষৎ কুপিতা এই পদদ্বারাই ইহা প্রকাশ পাইল। গোপন অর্থাৎ যদ্দ্বারা ভাব সম্বরণ করাযায়। সংস্তব এবং স্তব ইহা

হেতুত্বং গোপনত্বঞ্চ গোপ্যত্বঞ্চাত্র সম্ভবেৎ ।
প্রায়েণ সর্ব্বভাবানামেকশোঽনেকশোঽপি চ ॥ ৬৪ ॥

তমাত্মজৈরিত্যাদৌ বিলজ্জাহেতুঃ । দুরন্তভাবোঽত্র সম্ভোগাখ্যো রসো গোপ্যো গোপনস্বশ্রুনিরোধেন প্রত্যায়িতো ধৃত্যাভাসঃ তথাপ্যশ্রুস্রবো গোপন আত্মজদ্বারা পরিবস্তণেন সম্ভোগবশাবর্ত্তকঃ পত্যুচিত্তমৈত্রীমাত্রাত্মকঃ । তত্র পাঠব্যুৎক্রমেণ্যর্থক্রমশ্চায়ং । প্রথমং দৃষ্টিভি স্ততোঽন্তরাত্মনা তত আত্মজৈঃ পরিরেভির ইতি । কা বৃষস্যতীত্যাদৌ জৈহ্ম্যমপি তস্যাঃ স্বাভাবিকমিতি হেতুরেব গোপ্যো হর্ষঃ বচনমাত্রাভাষিতা ভীতি র্গোপনী । গূঢ়েত্যাদৌ সৌজন্যং হেতুর্গম্যঃ । গোবিন্দ ইত্যাদৌ গৌরবং হেতুঃ । যত্নমাত্রা ভাষিতা ধৃতি র্গোপনী । চাপলং গোপ্যমিতি ॥ ৬৪ ॥

দ্বারা হর্ষ প্রকাশ । "সহাসলীলেক্ষণবিভ্রমভ্রুবা" ইহার দ্বারা কুটিলতাময় ভাব অভিব্যক্ত হইল । সকল স্থানেই গোপনরূপ ভাব কৃত্রিম । সাত্রাজিতী এই পদ্যে রুক্মিণীর মতিময় দাক্ষিণ্যভাবহেতু, ঈর্ষা, গোপ্যভাব, শৈথিল্য অর্থাৎ কৃত্রিম সদ্ব্যবহার দ্বারা হর্ষাভাব গোপন । প্রথমস্কন্ধীয় তমাত্মজৈরিত্যাদি পদ্যে বিলজ্জা হেতু দুরন্ত ভাবশব্দে সম্ভোগাখ্য রস গোপ্য, অশ্রুনিরোধ দ্বারা ভাব গোপন ॥

"কা বৃষস্যতী" এই পদ্যে তাঁহার স্বাভাবিক কৌটিল্যহেতু, হর্ষ গোপ্য, ভয় গোপন । "গূঢ়গর্ব্ব" ইত্যাদি পদ্যে সৌজন্য হেতু, গোবিন্দ ইত্যাদি পদ্যে গৌরব হেতু, যত্ন, এই স্থলে ধৃত্যাভাস গোপন, চাঞ্চল্য গোপ্য ॥ ৬৪ ॥

অথ স্মৃতিঃ ॥

যা স্যাৎ পূর্ব্বানুভূতার্থপ্রতীতিঃ সদৃশেক্ষয়া।
দৃঢ়াভ্যাসাদিনা বাপি সা স্মৃতিঃ পরিকীর্ত্তিতা।
ভবেদত্র শিরঃকম্পো ভ্রূবিক্ষেপাদয়োঽপি চ ॥

তত্র সদৃশেক্ষয়া যথা ॥

বিলোক্য শ্যামমম্ভোদমম্ভোরুহবিলোচনা।
স্মারং স্মারং মুকুন্দ ত্বাং স্মারং বিক্রমমন্বভূৎ ॥ ৬৫ ॥

দৃঢ়াভ্যাসেন যথা ॥

প্রণিধানবিধিমিদানীমকুর্ব্বতোঽপি প্রমাদতো হৃদি মে।
হরিপদপঙ্কজযুগলং ক্বচিৎ কদাচিৎ পরিস্ফুরতি ॥ ৬৬ ॥

প্রীতিবত্রাহ্নসন্ধানং ॥ ৬৫ ॥

প্রমাদতস্তদ্ধেতোকপদ্রবতঃ। উপদ্রবাদিতি বা পাঠঃ ॥ ৬৬ ॥

অথ স্মৃতিঃ ॥

সদৃশ বস্তু দর্শন অথবা দৃঢ় অভ্যাস জনিত পূর্ব্বানুভূত অর্থের যে প্রতীতি অর্থাৎ জ্ঞান, তাহার নাম স্মৃতি। এই স্মৃতিতে শিরঃকম্প এবং ভ্রূবিক্ষেপাদি হইয়া থাকে ॥

তন্মধ্যে সদৃশদর্শননিমিত্ত স্মৃতি যথা ॥

হে মুকুন্দ! পদ্মাক্ষি শ্রীরাধা শ্যামবর্ণ জলধর অবলোকন করিয়া তোমাকে বারম্বার স্মরণ করিয়াছিলেন, তাহাতেই তাঁহার কাম বিকার অনুভব হইয়াছিল ॥ ৬৫ ॥

দৃঢ়াভ্যাসনিমিত্ত স্মৃতি যথা ॥

আমি প্রমাদবশতঃ মনোযোগ না করিলেও কোথাও কোন সময়ে হরিপাদপদ্মযুগল আমার হৃদয়ে স্ফূর্ত্তিশীল হয় ॥ ৬৬ ॥

অথ বিতর্কঃ ॥

বিমর্শাৎ সংশয়াদেশ্চ বিতর্কস্তূহ উচ্যতে।
এষ ভ্রূক্ষেপণশিরোঽঙ্গুলিসঞ্চালনাদিকৃৎ ॥ ৬৭ ॥

তত্র বিমর্শাদ্যথা বিদগ্ধমাধবে ॥

ন জানীষে মূর্দ্ধ্নশ্চ্যুতমপি শিখণ্ডং যদখিলং

বিমর্শো হেতুপরামর্শঃ যথা পর্ব্বতোঽয়ং বহ্নিমান্ ধূমাদিতি। সংশয়ঃ কোটিদ্বয়ং স্পৃশন্নির্ণেতুমশক্তং জ্ঞানং। যথা স্থাণুর্ব্বা পুরুষো বেতি। আদিগ্রহণাৎ অতস্মিংস্তদ্বুদ্ধিরূপো বিপর্য্যাসঃ। যথা শুক্তৌ রজতমিতি। তস্মাত্তস্মাচ্চেতি তত্তদনন্তরং য ঊহো বস্তুন স্তত্ত্ব বিনির্ণযায় বিচারঃ স বিতর্ক উচ্যতে ইত্যর্থঃ। তত্র হেতুপরামর্শানন্তরং বিচারো ব্যাপ্তিগ্রহণং। যথা ধূমপরামর্শানন্তরং যত্র যত্র ধূমস্তত্র তত্র বহ্নিরিতি যথা মহানস ইতি। তস্মাদ্বহ্নিমানিত্যেতল্লক্ষণো নির্ণয়োঽত্র জ্ঞেয়ঃ। সংশয়ানন্তরং তু বিচারঃ হেতুপরামর্শঃ। তথা বিপর্য্যাসানন্তরঞ্চ স ক্বচিদ্দৃশ্যতে ইতি ॥ ৬৭ ॥

ন জানীষ ইতি অত্র ব্যাপ্তিগ্রহণং পূর্ব্বপূর্ব্বানুভাবেন জ্ঞেয়ং। উন্নীতমিতি

অথ বিতর্ক ॥

বিমর্শ অর্থাৎ হেতু পরামর্শ এবং সংশয়াদি নিমিত্ত যে তর্ক উপস্থিত হয়, তাহাকে ঊহ কহে। এই ঊহতে ভ্রূক্ষেপ এবং শিরঃ ও অঙ্গুলিচালনাদি হইয়া থাকে ॥ ৬৭ ॥

তন্মধ্যে বিমর্শহেতু বিতর্ক যথা ॥

বিদগ্ধমাধবে ॥

মধুমঙ্গল কহিলেন, বন্ধো! তোমার মস্তক হইতে যে ময়ূরপুচ্ছ সকল ভূমিতে পতিত হইয়াছে তাহাও তুমি অব-

ন কণ্ঠে যন্মাল্যং কলয়সি পুরস্তাৎ কৃতমপি।
তদুন্নীতং বৃন্দাবনকুহরলীলাকলভ হে
স্ফুটং রাধানেত্রভ্রমরবরবীর্য্যোন্নতিরিয়ং ॥ ৬৮ ॥
সংশয়াদ্যথা ॥
অসৌ কিং তাপিঞ্ছো নহি যদমলশ্রীরিহ গতিঃ
পয়োদঃ কিম্বায়ং ন যদিহ স্থিরঙ্কো হিমকরঃ।
জগন্মোহারম্ভোদ্ধুরমধুরবংশীধ্বনিরিতো

জ্ঞাতত্বা নির্দ্দেশস্তস্যাবহিত্থা খণ্ডনার্থমেব কৃতঃ। নমু বস্তুতঃ। তত্রচ সতি তদিদমসৌ ঙ্গিতান্নির্ণেষ্যত ইতি বিতর্ক এব পর্য্যবস্যতি এবমুত্তরত্রাপি জ্ঞেয়-মিত্যত্র চ সএব। অত্রতু বাধেতি নির্ণয়ঃ প্রকরণবলাৎ ॥ ৬৮ ॥

অসাবিত্যাদি বিচারেণ পূর্ব্বং সংশয় এবাসীদিতি গম্যতে সোঽয়ং তাপিঞ্ছো বা পয়োদো বা মুকুন্দো বেতি লক্ষণো গম্যঃ তাপিঞ্ছস্য বাত্যাদিনা দোলায়-মানতারূপা যৎকিঞ্চিদ্গতিঃ প্রতীয়তাং নাম। ইহতু অমলশ্রীঃ স্পষ্টৈব গতিঃ তথা

গত নহ এবং এই মাত্র কণ্ঠে যে মালা অর্পণ করিয়াছিলে তাহাও কি তুমি জানিতেছ না? অতএব হে বৃন্দাবন-গুহা-বিলাসি মাতঙ্গ! আমি নিশ্চয় জানিয়াছি শ্রীরাধার নেত্ররূপ ভ্রমরযুগলই তোমাকে এ রূপ বিহ্বল করিয়াছে ॥ ৬৮ ॥

সংশয়হেতু বিতর্ক যথা ॥

হে সখি! এ কি তামাল বৃক্ষ, না, তাহা হইলে ইহার এ রূপ নির্ম্মল শোভা এবং গমন শক্তি হইবে কেন?। তবে কি মেঘ, না, তাহাও হইতে পারে না, যে হেতু ইহাতে নিষ্কলঙ্ক চন্দ্র দেখিতেছি, অতএব হে বিধুমুখি। নিশ্চয়

ধ্রুবং মূর্দ্ধন্যদ্রে বিধুমুখি মুকুন্দো বিহরতি।
বিনির্ণয়ান্ত এবায়ং তর্ক ইত্যুচিরে পরে ॥ ৬৯ ॥

অথ চিন্তা ॥

ধ্যানং চিন্তা ভবেদিষ্টানাপ্ত্যনিষ্টাপ্তিনির্ম্মিতং।
শ্বাসাধোমুখ্য-ভূলেখ-বৈবর্ণ্যোন্নিদ্রতা ইহ।
বিলাপোত্তাপকৃশতাবাষ্পদৈন্যাদয়োঽপি চ ॥

তত্রেষ্টানাপ্ত্যা যথা শ্রীদশমে ॥

পয়োদে স্বতস্তদাবৃতত্বাচ্চ কলঙ্কী হিমকরঃ সম্ভবতু ইহ তুভয়থাপি নিষ্কলঙ্কঃ স প্রতীয়ত ইতি ন সচ মচেত্যর্থঃ ॥ ৬৯ ॥

ধ্যানমত্র বিচারঃ। তচ্চ নিজেষ্টানাপ্ত্যোত্যাদিলক্ষণং চেচ্চিন্তা কথ্যতে তদেবাহ ধ্যানমিত্যাদিনা ॥ ৭০ ॥

বোধ হইতেছে যাহার মধুরবংশীধ্বনি দ্বারা ত্রিভুবন বিমোহিত হয় সেই মুকুন্দই এই পর্ব্বতাগ্রে বিহার করিতেছেন ॥

কোন কোন পণ্ডিতের মত এই যে, নিশ্চয়করণের পর তর্ক হইয়া থাকে ॥ ৬৯ ॥

অথ চিন্তা ॥

অভিলষিত বিষয়ের অপ্রাপ্তি ও অনভিলষিত বিষয়ের প্রাপ্তি নিবন্ধন যে ভাবনা তাহার নাম চিন্তা। ইহাতে নিশ্বাস, অধোবদন, ভূমিবিদারণ, নিদ্রাশূন্যতা, বিলাপ, উত্তাপ, কৃশতা, বাষ্প এবং দৈন্য প্রভৃতি হইয়া থাকে ॥

তন্মধ্যে অভিলষিতবিষয়ের অপ্রাপ্তি
নিবন্ধন চিন্তা যথা ॥

কৃত্বা মুখান্যবশুচঃ শ্বসনেন শুষ্য-
দ্বিম্বাধরাণি চরণেন ভুবং লিখিন্ত্যঃ।
অস্ত্রৈরুপাত্তমসিভিঃ কুচকুঙ্কুমানি
তস্থুর্মৃজন্ত্য উরুদুঃখভরাঃ স্ম তূষ্ণীং॥ ৭০॥
যথাবা॥
অরতিভিরতিক্রম্য ক্ষামা প্রদোষমদোষধীঃ।
কথমপি চিরাদধ্যাসীনা প্রঘাণমঘান্তক।
বিধুরিতমুখী ঘূর্ণত্যন্তঃ প্রসূস্তব চিন্তয়া

অদোষধীঃ তদ্রূপত্বাৎ সর্ব্বত্রাপি স্নিগ্ধস্বভাবা কিমুত স্বয়ীত্যর্থঃ। প্রঘাণ-

শ্রীদশমে ২৯ অধ্যায়ে ২৬ শ্লোকে॥

শ্রীকৃষ্ণের মুখে অপ্রিয় বাক্য শ্রবণ করিয়া গোপীদিগের গুরুতর দুঃখ জন্মিল, অতএব শোক হইতে উদ্গত নিশ্বাস দ্বারা যাহাতে বিম্বফল তুল্য অধর শুষ্ক হইতেছিল, তাদৃশ বদন অবনত করিয়া তূষ্ণীভূত হইয়া রহিলেন, কেবল চরণ দ্বারা ভূমি বিলিখিত ও অশ্রুজলে কুচকুঙ্কুম প্রক্ষালিত করিতে লাগিলেন, ঐ অশ্রু দ্বারা নয়নের কজ্জল ধৌত হইয়াছিল॥ ৭০॥

যথাবা॥

হে মুরনাশন! স্নিগ্ধস্বভাবা তোমার জননী তোমার চিন্তায় কৃশা ও বিষণ্ণা হইয়া বিরতিসমূহ সহকারে কষ্ট সৃষ্টে কথঞ্চিৎ প্রদোষ কাল অতিক্রম করিয়াছেন এবং বহু-ক্ষণ যাবৎ গৃহদ্বার সংলগ্ন বেদিকার উপর উপবেশন করিয়া অন্তরে ঘূর্ণিতা হইতেছেন। অতএব কি আশ্চর্য্য! হে

কিমহহ গৃহং ক্রীড়ালুব্ধ ত্বয়াদ্য বিসস্মরে ॥ ৭১ ॥

অনিষ্ট্যাপ্ত্যা যথা ॥

গৃহিণি গহনয়াস্তশ্চিন্তয়োন্নিদ্রনেত্রা

গ্লপয় ন মুখপদ্মং তপ্তবাষ্পপ্লবেন।

নৃপপুরমনুবিন্দন্ গান্ধিনেয়েন সার্দ্ধং

তব সুতমহমেব দ্রাক্ পরাবর্ত্তয়ামি ॥

অথ মতিঃ ॥

শাস্ত্রাদীনাং বিচারোত্থমর্থনির্দ্ধারণং মতিঃ।

মলিন্দং গৃহদ্বারাগ্রলগ্নবেদিকারূপং। অত্র চ নকারস্থ মূর্দ্ধণ্যত্বমেব বহূনাং মতং ॥ ৭১ ॥

গ্লপয়েত্যাদৌ গ্লপয়মুখপদ্মং তপ্তবাষ্পপ্লবেনেত্যেব পাঠঃ। দ্রাক্ পরাবর্ত্তয়ামীত্যত্রানিষ্টশঙ্কাতু সর্ব্বথা ন কর্ত্তব্যা গর্গাদিবাক্যাদিতি ভাবঃ। তস্মাদনিষ্টমত্র কংসবধানন্তরং তত্রাবস্থানমেব ॥ ৭২ ॥

ক্রীড়ালুব্ধ! তুমি অদ্য গৃহ বিস্মৃত হইয়া রহিয়াছ ॥ ৭১ ॥

অনিষ্ট প্রাপ্তিনিমিত্ত চিন্তা যথা ॥

ব্রজরাজ নন্দ কহিলেন, হে গৃহিণি! তুমি নিবিড় চিন্তায় উন্নিদ্র নেত্র হইয়া তপ্ত বাষ্পসমূহে মুখপদ্মকে গ্লানিযুক্ত করিও না, আমি অক্রূরের সহিত রাজপুরী গমন করিয়া শীঘ্র তোমার পুত্রকে আনয়ন করিতেছি ॥

অথ মতি ॥

শাস্ত্রাদির বিচারোৎপন্ন অর্থ নির্দ্ধারণকে মতি কহে। ইহাতে সংশয় ও ভ্রমের ছেদন হেতু কর্ত্তব্য করণ, শিষ্য-

অত্র কর্ত্তব্যকরণং সংশয়ভ্রময়োশ্ছিদা।
উপদেশশ্চ শিষ্যাণামূহাপোহাদয়োঽপি চ ॥ ৭২ ॥
যথা পাদ্মে বৈশাখমাহাত্ম্যে ॥
ব্যামোহায় চরাচরস্য জগতস্তে তে পুরাণাগমা-
স্তাং তামেবহি দেবতাং পরমিকাং জল্পন্তু কল্পাবধি।
সিদ্ধান্তে পুনরেক এব ভগবান্ বিষ্ণুঃ সমস্তাগম-
ব্যাপারেষু বিবেচনব্যতিকরং নীতেষু নিশ্চীয়তে ॥ ৭৩ ॥

ব্যামোহায়েতি সর্ব্বপুরাণাগমরূপমহাবাক্যস্য সম্যগ্বিচারাযোগ্যপুরুষান্ প্রতি খণ্ডশো বদন্তীত্যর্থঃ। যতঃ সিদ্ধান্ত ইত্যাদি। ব্যাপারা রূঢ়্যাদি বৃত্তয়ঃ। বিবেচনং বিচারঃ। ব্যতিকর আসঙ্গ স্তং নীতেষু তদ্ব্যাপারেষু যঃ সিদ্ধান্ত-স্তস্মিন্নেক এব ভগবান্নিশ্চীয়তে। চরাচরা জঙ্গমাস্তে চাত্র মনুষ্যা এব মনুষ্যা-ধিকারিত্বাৎ শাস্ত্রস্য ॥ ৭৩ ॥

দিগকে উপদেশ দেওয়া এবং তর্ক বিতর্কপ্রভৃতি হইয়া থাকে ॥ ৭২ ॥

যথা পাদ্মে বৈশাখমাহাত্ম্যে ॥

যে সকল শাস্ত্রে ভগবান্ বিষ্ণুর মাহাত্ম্য বর্ণন নাই, সেই সেই পুরাণ ও তন্ত্রসকল চরাচর জগতের মোহের নিমিত্ত হয় এবং তাহারা কল্পপর্য্যন্ত সেই সেই দেবতাকে শ্রেষ্ঠ বলিয়া কীর্ত্তন করে করুক। কিন্তু সমুদায় আগমের রূঢ়িপ্রভৃতি বৃত্তি সকলে বিচার প্রসঙ্গ উপস্থিত হইলে, সেই রূঢ়্যাদি বৃত্তিতে যে সিদ্ধান্ত নিষ্পন্ন হইল তাহাতে এক ভগবান্ বিষ্ণুই আরাধ্যরূপে নিশ্চিত হইলেন ॥ ৭৩ ॥

যথা বা শ্রীদশমে ॥

ত্বং ন্যস্তদণ্ডমুনিভির্গদিতানুভাব-

আত্মাত্মদশ্চ জগতামিতি মে বৃতোঽসি।

হিত্বা ভবদ্ভ্রুব উদীরিতকালবেগ-

ধ্বস্তাশিষোঽব্জভবনাকপতীন্ কুতোঽন্যে ॥ ৭৪ ॥

অথ ধৃতিঃ ॥

ধৃতিঃ স্যাৎ পূর্ণতাজ্ঞানদুঃখাভাবোত্তমাপ্তিভিঃ।

ত্বং ন্যস্তেতি। ক্ষীরোদমথনাচরিত নিজচরিতমনুসন্ধায় শ্রীরুক্মিণ্যাহ পূর্ব্ব-পূর্ব্বমেবেদং ময়া নিশ্চিতমিত্যুপলক্ষয়িতুং তত্র ন্যস্তদণ্ডত্বং সর্ব্বসঙ্গসর্ব্বাভিলাষ রহিতত্বং গময়তি। সঙ্গাৎ সংজায়তে কামঃ কামাৎ ক্রোধোঽভিজায়তে ইত্যাদি ॥ ৭৪ ॥

জ্ঞানেন ভগবদনুভবেন তথা ভগবৎসম্বন্ধেন যো দুঃখাভাবস্তেন তথা

যথাবা শ্রীদশমে ৬০ অধ্যায়ে ৩৮ শ্লোকে ॥

রুক্মিণীদেবী কহিলেন বিষয়বাসনাশূন্য মুনিগণ কর্ত্তৃক তোমার মাহাত্ম্য কথিত হইয়াছে এবং তুমি জগতের আত্মা ও আত্মপর্য্যন্ত দান করিয়া থাক, এ নিমিত্ত তোমার ভ্রূবিক্ষেপে উদিতকালবেগে নষ্ট মঙ্গল, ব্রহ্মা ও স্বর্গপতি ইন্দ্র প্রভৃতিকে পরিত্যাগ করিয়াও আমি তোমাকে বরণ করিয়াছি, অন্যের কথা আর কি বলিব? ॥ ৭৪ ॥

অথ ধৃতি ॥

জ্ঞান, দুঃখাভাব ও উত্তম বস্তু প্রাপ্তি অর্থাৎ ভগবৎসম্বন্ধীয় প্রেম লাভ দ্বারা মনের যে পূর্ণতা (অচাঞ্চল্য) তাহার

অপ্রাপ্তাতীতনষ্টার্থানভিসংশোচনাদিকৃৎ॥ ৭৫॥
তত্র জ্ঞানেন যথা ভর্তৃহরেঃ বৈরাগ্যশতকে ৫৬ শ্লোকঃ॥
অশ্নীমহি বয়ং ভিক্ষামাশাবাসো বসীমহি।
শয়ীমহি মহীপৃষ্ঠে কুর্ব্বীমহি কিমীশ্বরৈঃ॥ ৭৬॥
দুঃখাভাবেন যথা॥
গোষ্ঠং রমাকেলিগৃহঙ্ককান্তি

উত্তমস্য ভগবৎসম্বন্ধিতয়া পরমপুরুষার্থস্য প্রেম্নঃ প্রাপ্ত্যাচ যা পূর্ণতা মনসো হচঞ্চাল্যং সা ধৃতিরিত্যর্থঃ॥ ৭৫॥
অশ্নীমহীত্যত্র ভগবৎসম্বন্ধি জ্ঞানমাহাত্ম্যং ঈশ্বরৈ রাজাদিভিঃ॥ ৭৬॥
গোষ্ঠমিতি শ্রীগোষ্ঠমহেন্দ্রবাক্যং। পরঃ পরার্দ্ধাঃ পরার্দ্ধতোঽপি পরসংখ্যা

নাম ধৃতি। ইহাতে অপ্রাপ্ত ও অতীতনষ্ট অর্থাৎ যাহা পূর্ব্বে নষ্ট হইয়া গিয়াছে সেই বিষয়ের নিমিত্ত দুঃখ হয় না॥ ৭৫॥

তন্মধ্যে জ্ঞান দ্বারা ধৃতি যথা বৈরাগ্যশতকে ৫৬ শ্লোকে।
ভর্তৃহরির বাক্য।

ভগবৎ সম্বন্ধি জ্ঞান লাভ করিতে পারিলে যদি ভিক্ষান্ন ভোজন করিতে হয় সেহ ভাল, যদি বিবসনে থাকা যায় সেহ উত্তম, এবং যদি ভূমিতলে শয়ন করিয়া থাকিতে হয় তাহাও শ্রেয়স্কর, তথাপি ঐশ্বর্য্যশালি রাজাদিগের সেবায় প্রয়োজন নাই॥ ৭৬॥

দুঃখাভাব নিমিত্ত ধৃতি যথা॥

গোপরাজ নন্দ কহিলেন আমার গোষ্ঠ লক্ষ্মীদেবীর

গাবশ্চ ধাবন্তি পরঃ পরার্দ্ধাঃ।
পুত্রস্তথা দীব্যতি দিব্যকর্ম্মা
তৃপ্তি র্ম্মমাভূদ্‌গৃহমেধিসৌখ্যে॥
উত্তমাপ্ত্যা যথা॥
হরিলীলাসুধাসিন্ধোস্তটমপ্যধিতিষ্ঠতঃ।
মনো মম চতুর্ব্বর্গং তৃণায়াপি ন মন্যতে॥ ৭৭॥
অথ হর্ষঃ।
অভীষ্টেক্ষণলাভাদি জাতা চেতঃ প্রসন্নতা

ইত্যর্থঃ। কথং তত্তজ্জাতং তত্রাহ পুত্রস্তথেতি। যেন প্রকারেণ তত্তজ্জায়তে তেনৈব প্রকারেণ দিব্যকর্ম্মা পুত্রো দীব্যতীত্যর্থঃ। তৃপ্তি র্ম্মমাভূদিত্যত্রাতৃপ্তিময়দুঃখধ্বংসো ব্যঞ্জিতঃ॥ ৭৭॥

প্রসন্নতা প্রকাশঃ প্রফুল্লতেতি যাবৎ॥ ৭৮॥

ক্রীড়াগৃহ রূপে বিরাজমান এবং পরার্দ্ধের অধিক সংখ্যা পরিমিত গোসকলও চতুর্দ্দিকে ধাবমান হইতেছে, তথা সুকর্ম্মা পুত্রও গৃহে ক্রীড়া করিতেছে অতএব আমি গার্হস্থ্য সুখে পরিতৃপ্ত হইয়াছি আর তাহাতে প্রয়োজন নাই॥

উত্তমপ্রাপ্তি নিমিত্ত ধৃতি যথা

আমি হরিলীলা রূপ সুধা সমুদ্রের তটে অবস্থিতি করিতেছি, সুতরাং আমার মন ধর্ম্মার্থ কাম মোক্ষরূপ চতুর্ব্বর্গকে তৃণতুল্য জ্ঞান করে না॥ ৭৭॥

অথ হর্ষ॥

অভীষ্টদর্শন ও লাভাদি জনিত চিত্তের প্রসন্নতার নাম হর্ষ।

হর্ষঃ স্যাদিহ রোমাঞ্চঃ স্বেদোঽশ্রুমুখফুল্লতা।
আবেগোন্মাদজড়তাস্তথা মোহাদয়োঽপি চ॥
তত্রাভীষ্টেক্ষণেন যথা শ্রীবিষ্ণুপুরাণে॥
তৌ দৃষ্ট্বা বিকসদ্বক্ত্রসরোজঃ স মহামতিঃ।
পুলকাঞ্চিতসর্ব্বাঙ্গস্তদাক্রূরোঽভবন্মুনে॥
অভীষ্টলাভেন যথা শ্রীদশমে॥
তত্রৈকাংসগতং বাহুং কৃষ্ণস্যোৎপলসৌরভং।
চন্দনালিপ্তমাঘ্রায় হৃষ্টরোমা চুচুম্ব হ॥ ৭৮॥
অথৌৎসুক্যং॥

ইহাতে রোমাঞ্চ, ঘর্ম্ম, অশ্রু, মুখপ্রফুল্ল, ত্বরা উন্মাদ, জড়তা এবং মোহপ্রভৃতি হইয়া থাকে॥

তন্মধ্যে অভীষ্টদর্শন জন্য হর্ষ যথা॥

বিষ্ণুপুরাণে॥

হে মুনে! মহামতি অক্রূর রাম কৃষ্ণকে সন্দর্শন করায় তাঁহার বদনপদ্ম প্রফুল্ল ও সর্ব্বাঙ্গ পুলকাঞ্চিত হইয়াছিল॥

অভীষ্টলাভ নিমিত্ত হর্ষ যথা॥

শ্রীদশমে ৩৩ অধ্যায়ে ১২ শ্লোকে॥

সেই রাসমণ্ডলীতে কোন গোপী আপনার স্কন্ধস্থিত শ্রীকৃষ্ণের বাহু (যাহাতে উৎপলের সৌরভ এবং চন্দন লিপ্ত ছিল) আঘ্রাণ করিয়া পুলকাকুল কলেবরে তদীয় গণ্ডমণ্ডলে চুম্বন প্রদান করিলেন॥ ৭৮॥

অথ ঔৎসুক্য॥

কালাক্ষমত্বমৌৎসুক্যমিষ্টেক্ষাপ্তিস্পৃহাদিভিঃ।
মুখশোষ ত্বরা চিন্তা নিশ্বাস স্থিরতাদিকৃৎ॥
তত্রেষ্টেক্ষা স্পৃহয়া যথা শ্রীদশমে॥
প্রাপ্তং নিশম্য নরলোচনপানপাত্র-
মৌৎসুক্যবিশ্লথিতকেশদুকূলবন্ধাঃ।
সদ্যো বিসৃজ্য গৃহকর্ম্ম পতীংশ্চ তল্পে
দ্রষ্টুং যযু র্যুবতয়ঃ স্ম নরেন্দ্রমার্গে॥

কালাক্ষমত্বং কালযাপনায়ামসমর্থত্বং॥ ৭৯॥

অভীষ্ট বস্তুর দর্শনস্পৃহা ও প্রাপ্তিস্পৃহা নিমিত্ত যে কালবিলম্বের অসহিষ্ণুতা, তাহাকে ঔৎসুক্য বলে। ইহাতে মুখশোষ, ত্বরা, চিন্তা, দীর্ঘ-নিশ্বাস এবং স্থিরতাদি হইয়া থাকে॥

তন্মধ্যে ইষ্টদর্শন নিমিত্ত স্পৃহা যথা॥
শ্রীদশমে ৭১ অধ্যায়ে ২৯ শ্লোকে॥

শ্রীকৃষ্ণ দ্বারকা হইতে ইন্দ্রপ্রস্থে আগমন করায় তত্রস্থ যুবতিগণ নয়নের পানীয় বিষয় স্বরূপ শ্রীকৃষ্ণের আগমন বার্ত্তা শ্রবণ করায় উৎসুকতা নিবন্ধন তাহাদের কেশ ও পরিধেয় বসনের বন্ধন শ্লথ হইয়া পড়িল, আনন্দে শিথিলী কৃত বস্ত্র ও কেশ বন্ধন করিতে করিতে গৃহকর্ম্ম এবং শয্যায় পতিকে পরিত্যাগ করত দর্শনার্থ রাজমার্গে গমন করিতে লাগিল॥

যথা বা স্তবাবল্যাং ॥
প্রকটিতনিজবাসং স্নিগ্ধবেণুপ্রণাদৈ-
র্দ্রুতগতিহরিমারাৎ প্রাপ্য কুঞ্জে স্মিতাক্ষী।
শ্রবণকুহরকণ্ডুং তন্বতী নম্রবক্ত্রা
স্নপয়তি নিজদাস্যে রাধিকা মাং কদা নু ॥
ইষ্টাপ্তিস্পৃহা যথা ॥
নর্ম্ম-কর্ম্মঠতয়া সখীগণে
দ্রাঘয়ত্যঘহরাগ্রতঃ কথাং।
গুচ্ছক-গ্রহণ-কৈতবাদসৌ

যথাবা ॥

শ্রীকৃষ্ণ বংশীবাদ্যদ্বারা স্বীয় অবস্থিতি প্রকাশ করিলে হাস্য বিকসিতনয়না শ্রীরাধা দ্রুতগতি কুঞ্জগৃহে গিয়া শ্রীকৃষ্ণকে দেখিতে পাইলেন, তাহাতে তাঁহার এ রূপ হর্ষোদয় হইয়াছিল যে তদ্দ্বারা তিনি কর্ণকুহরের কণ্ডূয়ন বিস্তার করিতে লাগিলেন, আহা! সেই শ্রীরাধা কবে আমাকে স্বীয় দাস্যে নিযুক্ত করিবেন ॥

ইষ্টপ্রাপ্তিনিমিত্ত স্পৃহা যথা স্তবালীয়তে ॥

পরিহাস কুশল সখীগণ শ্রীকৃষ্ণের অগ্রে কথা বিস্তার করিলে শ্রীকৃষ্ণ পুষ্পস্তবক গ্রহণচ্ছলে দ্রুতগতি গুহাপ্রদেশে গমন করিলেন ॥

অথ উগ্রতা ॥

অপরাধ ও দুরুক্ত্যাদিজনিত ক্রোধকে উগ্রতা কহে,

গহ্বরং দ্রুতপদক্রমং যযৌ ॥

অথৌগ্র্যং ॥

অপরাধদুরুক্ত্যাদিজাতং চণ্ডত্বমুগ্রতা।

বধবন্ধশিরঃকম্প ভৎর্সনোত্তাড়নাদিকৃৎ ॥

তত্রাপরাধাদ্যথা ॥

স্ফুরতি ময়ি ভুজঙ্গীগর্ভবিশ্রংসিকীর্ত্তৌ

বিরচয়তি মদীশে কিল্বিষং কালিয়োঽপি।

হুতভুজি বত কুর্য্যাং জাঠরে বৌষড়েনং

সপদি দনুজহন্তুঃ কিন্তু রোষাদ্বিভেমি ॥

দুরুক্তিতো যথা ॥

প্রভবতি বিবুধানামগ্রিমস্যাগ্রপূজাং

ইহাতে বধ, বন্ধ, শিরঃকম্প, ভৎর্সন ও তাড়নাদি হইয়া থাকে॥

তন্মধ্যে অপরাধহেতু উগ্রতা যথা ॥

কালিয় শ্রীকৃষ্ণকে দংশন করিলে গরুড় ক্রোধভরে অধীর হইয়া কহিলেন, কি আশ্চর্য্য! যাহার প্রতাপে ভুজঙ্গী-গণের গর্ভপাত হয় সেই আমি উপস্থিত থাকিতে কালিয় আমার প্রভুর প্রতি অনিষ্টাচরণ করিল, অতএব ইচ্ছা হয় ক্ষণকাল মধ্যে ইহাকে জঠরানলে আহুতি প্রদান করি, কিন্তু দৈত্যারি যদি রুষ্ট হয়েন এই ভয়ে সমর্থ হইতেছি না ॥

দুরুক্তিনিমিত্ত উগ্রতা যথা ॥

যে ব্যক্তি, অতিশয় কীর্ত্তিশালী দেবাগ্রগণ্য দৈত্যারির অগ্রপূজা সহ্য করিতে সমর্থ না হয়, আমি তাহার বিস্তৃত মস্ত-

নহি দনুজরিপোর্যঃ প্রৌঢ়কীর্ত্তের্বিসোঢ়ুং।
কটুতরযমদণ্ডোদ্দণ্ডরোচি র্ময়াসৌ
শিরসি পৃথুনি তস্য ন্যস্যতে সব্যপাদঃ॥ ৭৯॥
যথাবা॥
রতাঃ কিল নৃপাসনে ক্ষিতিপলক্ষভুক্তোজ্ঝিতে
খলাঃ কুরুকুলাধমাঃ প্রভুমজাণ্ডকোটিশ্বমী।
হহা বত বিড়ম্বনা শিবশিবাদ্য নঃ শৃণ্বতাং
হঠাদিহ কটাক্ষয়ন্ত্যখিলবন্দ্যমপ্যচ্যুতং॥
অথামর্যঃ॥
অধিক্ষেপাপমানাদেঃ স্যাদমর্ষোঽসহিষ্ণুতা।

রতা ইতি কটাক্ষয়ন্তি কুটিলদৃষ্টিবিষয়ীকুর্ব্বন্তি অবজানন্তীত্যর্থঃ॥ ৮০॥

কের উপর প্রচণ্ড যমদণ্ড অপেক্ষাও উগ্রতর এই বামপাদ নিক্ষেপ করি॥ ৭৯॥

যথাবা॥

শিব শিব! লক্ষ লক্ষ ক্ষিতিপালগণ যে রাজাসন উপভোগ করিয়া পরিত্যাগ করিয়াছেন, এই সকল কুরুকুলাধম দুর্জনেরা সেই রাজাসনে উপবেশন পূর্ব্বক আজি আমাদিগকে শুনাইয়া শুনাইয়া কোটিব্রহ্মাণ্ডের প্রভু ও সকল জনের বন্দনীয় শ্রীকৃষ্ণের প্রতি ছল ক্রমে হঠাৎ কটাক্ষপাত করিতেছে, হায়! ইহার তুল্য আর বিড়ম্বনা কি?॥

অথ অমর্ষ।

তিরস্কার এবং আপমানাদি জন্য অসহিষ্ণুতার নাম অমর্ষ,

তত্র স্বেদঃ শিরঃকম্পো বিবর্ণত্বং বিচিন্তনং।
উপায়ান্বেষণাক্রোশবৈমুখ্যোত্তাড়নাদয়ঃ ॥
তত্রাধিক্ষেপাদ্যথা বিদগ্ধমাধবে ॥
নির্ধৌতানামখিলধরণীমাধুরীণাং ধুরীণা
কল্যাণী মে নিবসতি বধূঃ পশ্য পার্শ্বে নবোঢ়া।
অন্তর্গোষ্ঠে চটুলনটয়ন্নত্র নেত্রত্রিভাগং
নিঃশঙ্কস্ত্বং ভ্রমসি ভবিতা নাকুলত্বং কুতো মে ॥ ৮০ ॥
অপমানাদ্যথা ॥
কদম্ব-বন-তস্কর। দ্রুতমপেহি কিং চাটুভি—

তারাখ্যয়েতি শ্রীরাধাং সূচয়তি ॥ ৮১ ॥

ইহাতে ঘর্ম্ম, শিরঃকম্পন, বিবর্ণতা, চিন্তা, উপায়ান্বেষণ, আক্রোশ, বিমুখতা ও তাড়না প্রভৃতি হইয়া থাকে ॥

তন্মধ্যে অধিক্ষেপ নিমিত্ত অমর্ষ যথা—

বিদগ্ধমাধবে ॥

জটিলা কহিল কৃষ্ণ! নিরীক্ষণ কর, যাহার রূপমাধুর্য্যে নিখিল জগতের মধুরতা তিরস্কৃত হইতেছে, সেই নবোঢ়া বধূ আমার পার্শ্বে অবস্থিত রহিয়াছে এবং তুমিও এই গোকুল মধ্যে মনোহর নেত্রপ্রান্ত নৃত্য করাইয়া নির্ভয়ে ভ্রমণ করিতেছ, সুতরাং ইহাতে আমার ব্যাকুলতা না হইবে কেন? ॥ ৮০ ॥

অপমান নিমিত্ত অমর্ষ যথা ॥

অহে কদম্ববনতস্কর! তুমি শীঘ্র এস্থান হইতে প্রস্থান

র্জনে ভবতি মদ্বিধে পরিভবোহি নাতঃ পরঃ ।
ত্বয়া ব্রজমৃগীদৃশাং সদসি হন্ত চন্দ্রাবলী
বরাপি যদযোগ্যয়া স্ফুটমদূষি তারাখ্যয়া ॥
আদিশব্দাদ্বঞ্চনাদপি যথা শ্রীদশমে ॥
পতিসুতান্বয়াভ্রাতৃবান্ধবা—
নতিবিলঙ্ঘ্য তেঽন্ত্যচ্যুতাগতাঃ।
গতিবিদস্তবোদ্গীতমোহিতাঃ
কিতব যোষিতঃ কস্ত্যজেন্নিশি ॥

কর, আর চাটুবাক্যে প্রয়োজন নাই, মাদৃশ জনে ইহার তুল্য পরাভব আর কি আছে ? হায় ! চন্দ্রাবলী প্রধানা হইলেও তুমি কি প্রকারে ব্রজহরিণলোচনাদিগের সভায় স্পষ্টরূপে অযোগ্য রাধা নাম দ্বারা তাহাকে দূষিত করিয়াছ ॥

আদিশব্দপ্রযুক্ত বঞ্চনানিমিত্ত অমর্ষ যথা ॥

শ্রীদশমে ৩১ অধ্যায়ে ১৬ শ্লোকে ॥

কৃষ্ণ ! তোমার অদর্শনে অতুল দুঃখ এবং দর্শনে পরম সুখ প্রত্যক্ষে নিরীক্ষণ করিয়া পতি, পুত্র, জ্ঞাতি, ভ্রাতৃ, বান্ধব সমুদায় পরিত্যাগ করিয়া আমারা তোমার সমীপে আসিয়াছি । হে অচ্যুত ! তুমি আমাদের আগমন কারণ জান, তোমারই উচ্চ গীতে আমরা মোহিত হইয়াছি । হে কিতব ! রাত্রিকালে স্বয়ং আগতা এবম্বিধ যোষিৎদিগকে তোমা ব্যতিরেকে কোন্ পুরুষ পরিত্যাগ করে ? অর্থাৎ কেহই করে না ॥

অথাসূয়া ॥

দ্বেষঃ পরোদয়েঽসূয়া স্যাৎ সৌভাগ্যগুণাদিভিঃ।
তত্রের্ষানাদরাক্ষেপা দোষারোপো গুণেষ্বপি ॥
অপবৃত্তিস্তিরো বীক্ষা ভ্রুবোর্ভঙ্গুরতাদয়ঃ ॥

তত্রান্যসৌভাগ্যেন যথা পদ্যাবল্যাং ॥

মা গর্ব্বমুদ্বহ কপোলতলে চকাস্তি
কৃষ্ণ স্বহস্তলিখিতা নবমঞ্জরীতি।
অন্যাপি কিং ন সখি ভাজনমীদৃশীনাং
বৈরী ন চেদ্ভবতি বেপথুরন্তরায়ঃ ॥

অথ অসূয়া ॥

সৌভাগ্য এবং গুণাদি দ্বারা পরের উন্নতি বিষয়ক দ্বেষ করার নাম অসূয়া, ইহাতে ঈর্ষা, অনাদর, আক্ষেপ, গুণ-সকলে দোষারোপ, অপবাদ, বক্রদৃষ্টি ও ভ্রূকুটিল প্রভৃতি হইয়া থাকে ॥

তন্মধ্যে অন্যের সৌভাগ্যনিমিত্ত
অসূয়া যথা পদ্যাবলীতে ॥

সখি! শ্রীকৃষ্ণ স্বহস্তে তোমার কপোলদেশে তিলক লিখিয়াছেন বলিয়া তুমি গর্ব্বিতা হইও না, ইহাদের মধ্যে অন্যের কি আর এরূপ সৌভাগ্য হয় না? তিলক লিখিতে লিখিতে তদীয় সৌন্দর্য্যে মুগ্ধ হইয়া শ্রীকৃষ্ণের হস্তকম্পন রূপ বিঘ্ন যদি শত্রু না হয়, তাহা হইলে অন্যেও সৌভাগ্যবতী হইতে পারে অর্থাৎ শ্রীকৃষ্ণ তোমা অপেক্ষা অন্যের সৌন্দর্য্য দর্শনে মুগ্ধ হইয়া পড়েন, সুতরাং এরূপ লিখিতে সমর্থ হয়েন না ॥

যথাবা শ্রীদশমে ॥
তস্যা অমূনি নঃ ক্ষোভং কুর্ব্বন্ত্যুচ্চৈঃ পদানি যৎ।
যৈকাপহৃত্য গোপীনাং ধনং ভুঙ্ক্তেঽচ্যুতাধরং ॥
গুণেন যথা ॥
স্বয়ং পরাজয়ং প্রাপ্তান্ কৃষ্ণপক্ষান্ বিজিত্য নঃ।
বলিষ্ঠা বলপক্ষাশ্চেদ্দুর্ব্বলাঃ কে ততঃ ক্ষিতৌ ॥
অথ চাপলং ॥
রাগদ্বেষাদিভিশ্চিত্তলাঘবং চাপলং ভবেৎ।
তত্রাবিচারপারুষ্যস্বচ্ছন্দাচরণাদয়ঃ ॥

যথাবা শ্রীদশমে ৩০ অধ্যায়ে ২৬ শ্লোকে ॥

অন্য গোপীগণ কহিতে লাগিলেন, হে সখীবৃন্দ! সেই রমণীর এই সকল পদচিহ্ন আমাদের অতিশয় দুঃখ জন্মাইতেছে, কারণ সে একা গোপীদিগের সর্ব্বস্ব হরণ করিয়া নির্জনে শ্রীকৃষ্ণের অধর সুধা পান করিতেছে ॥

গুণহেতু অসূয়া যথা ॥

আমরা কৃষ্ণপক্ষ, স্বয়ং পরাজয় প্রাপ্ত হইয়া রহিয়াছি, আমাদিগকে জয় করিয়া যদি বলদেবের পক্ষ বলিষ্ঠ হয়, তাহা হইলে এ ভূমণ্ডলে দুর্ব্বল আর কে হইবে ॥

অথ চাপল ॥

রাগ ও দ্বেষাদি নিমিত্ত চিত্তের যে লঘুতা তাহার নাম চপলতা। ইহাতে অবিচার, নিষ্ঠুর বাক্য ও স্বচ্ছন্দচারিতা প্রভৃতি হইয়া থাকে ॥

তত্র রাগেণ যথা শ্রীদশমে ॥

শ্বোভাবিনি ত্বমজিতোদ্বহনে বিদর্ভান্
গুপ্তঃ সমেত্য পৃতনাপতিভিঃ পরীতঃ।
নির্ম্মথ্য চৈদ্যমগধেশ—বলং প্রসহ্য
মাং রাক্ষসেন বিধিনোদ্বহ বীর্য্যশুল্কাং ॥

দ্বেষেণ যথা ॥

বংশীপূরেণ কালিন্দ্যাঃ সিন্ধুং বিন্দতু বাহিতা।
গুরোরপি পুরো নীবীং যা ভ্রংশয়তি সুভ্রুবাং ॥ ৮১ ॥

অথ নিদ্রা ॥

তন্মধ্যে রাগনিমিত্ত চপলতা যথা ॥
শ্রীদশমে ৫২ অধ্যায়ে ৩৩ শ্লোকে ॥

হে অজিত! কল্য বিবাহের দিন, অতএব তুমি প্রথমে গোপনে বিদর্ভে আগমন পূর্ব্বক পরে সেনাপতিতে পরিবৃত হইয়া চৈদ্যাধিপতি ও মগধরাজের বল সমুদায় নির্ম্মন্থন করত হঠাৎ বীর্য্য স্বরূপ শুল্ক দ্বারা রাক্ষস বিধান অনুসারে আমাকে বিবাহ কর ॥

দ্বেষ নিমিত্ত চপলতা যথা

বংশী কালিন্দীর প্রবাহ দ্বারা সমুদ্রে গিয়া প্রবেশ করুকন যে হেতু ঐ বংশী গুরুজনের সমক্ষে সুন্দরীগণের নীবীবন্ধ, মোচনকরিয়া দেয় ॥ ৮১ ॥

অথ নিদ্রা ॥

চিন্তালস্য-নিসর্গ-ক্লমাদিভিশ্চিত্তমীলনং নিদ্রা।
তত্রাঙ্গভঙ্গ-জৃম্ভা-জাড্য-শ্বাসাক্ষিমীলনানি স্যুঃ॥
তত্র চিন্তয়া যথা॥
লোহিতায়তি মার্ত্তণ্ডে বেণুধ্বনিমশৃণ্বতী।
চিন্তয়াক্রান্তহৃদয়া নিদদ্রৌ নন্দগেহিনী॥
আলস্যেন যথা॥
দামোদরস্য বন্ধন কর্ম্মভি—
রতিনিঃসহাঙ্গ লতিকেয়ং।
দরবিঘূর্ণিতোত্তমাঙ্গা

চিত্তস্য মীলনং বহির্বৃত্ত্যভাবঃ॥ ৮২॥

চিন্তা, আলস্য স্বভাব ও শ্রমাদি দ্বারা চিত্তের যে মীলন অর্থাৎ বাহ্যবৃত্তির অভাব তাহার নাম নিদ্রা, ইহাতে অঙ্গভঙ্গ, জৃম্ভা, জড়তা, নিশ্বাস ও নেত্রনিমীমন প্রভৃতি হইয়া থাকে॥

তন্মধ্যে চিন্তা নিমিত্ত নিদ্রা যথা॥

সূর্য্যদের লোহিতবর্ণ হইলে বেণুধ্বনি শ্রবণ করিতে না পাইয়া নন্দপত্নী যশোদা চিন্তাকুল চিত্তে নিদ্রায় অভিভূত হইলেন॥

আলস্যনিমিত্ত নিদ্রা যথা॥

যাহার অঙ্গলতিকায় কিছুমাত্র সহ্য হয় না, সেই ব্রজেশ্বরী যশোদা শ্রীকৃষ্ণকে বন্ধন করাতে, তাঁহার মস্তক ঘূর্ণিত

কৃতাঙ্গভঙ্গা ব্রজেশ্বরী স্ফুরতি ॥

নিসর্গেণ যথা ॥

অঘহর তব বীর্য্যপ্রোষিতাশেষচিন্তাঃ
পরিহৃত গৃহবাস্ত দ্বারবন্ধানুবন্ধাঃ।
নিজনিজমিহ রাত্রৌ প্রাঙ্গনং শোভয়ন্তঃ
সুখমবিচলদঙ্গাঃ শেরতে পশ্য গোপাঃ ॥

ক্রমেন যথা ॥

সংক্রান্তধাতুচিত্রা সুরতান্তে সা নিতান্ততান্তাদ্য।
বক্ষসি নিক্ষিপ্তাঙ্গী হরে বিশাখা যযৌ নিদ্রাং ॥ ৮২ ॥
যুক্তাস্যস্ফূর্ত্তিমাত্রেণ নির্ব্বিশেষেণ কেনচিৎ।

নন্থ পূর্ব্বং চিত্তমীলনং নিদ্রেত্যুক্তং সাচ তমোগুণেন চিত্তবৃত্তি রূপৈব

ও অঙ্গসকল বিবশ হইয়াছিল ॥

স্বভাব নিমিত্ত নিদ্রা যথা ॥

হে অঘনাশন! তোমার পরাক্রমে অশেষ চিন্তা দূরীভূত হওয়ায় গোপগণ গৃহদ্বার বন্ধনের অনুরোধ পরিত্যাগ করিয়াছে এবং রজনীযোগে স্বীয় স্বীয় প্রাঙ্গন সুশোভিত করত নিশ্চলাঙ্গে সুখে শয়ন করিয়া রহিয়াছে, অবলোকন কর।

শ্রমহেতু নিদ্রা যথা।

বিশাখা অদ্য সম্ভোগান্তে কৃষ্ণাঙ্গ ধৃত গৈরিকাদি ধাতু দ্বারা চিত্রিতা হইয়া তদীয় বক্ষঃস্থলে অঙ্গনিক্ষেপ পূর্ব্বক সুখে নিদ্রা যাইতেছে ॥ ৮২ ॥

দিগের হৃদয়ে যে কোনরূপে শ্রীকৃষ্ণের স্ফূর্ত্তি হইলে

হৃন্মীলনাৎ পুরো হবস্থা নিদ্রা ভক্তেষু কথ্যতে ॥ ৮৩ ॥
অথ সুপ্তিঃ ॥

প্রসিদ্ধা সাচ পরমভক্তানাং ন সম্ভবতি গুণাতীতচিত্তত্বাৎ। তর্হি কেন তদা-বৃত্তিরিয়ং নিদ্রা তত্রাহ যুক্তেতি। অস্য শ্রীকৃষ্ণস্য উত্তমভক্তানাং ভগবৎসমাধি-রূপৈব নিদ্রা নতু প্রাকৃতী যুজ্যত ইতি ভাবঃ গুণাতীতভাবত্বাৎ। যথোক্তং গারুড়ে। জাগ্রৎস্বপ্নসুষুপ্তেষু যোগস্থস্য চ যোগিনঃ। যা কাচিন্মনসো বৃত্তিঃ সা ভবেদচ্যুতাশ্রয়া। অতএব শ্রীকৃষ্ণস্য স্ফূর্ত্তিময়ত্বাদ্ধৃন্মীলনাৎ পুরোহবস্থৈব নিদ্রোচ্যতে নতু হৃন্মীলনমাত্রং। যত্তু পূর্ব্বং চিত্তমীলনং নিদ্রেত্যুক্তং তৎ খল্বাপাতত এব নিবোধায়েতি ভাবঃ ॥ ৮৩ ॥

নিদ্রায়া এবাবস্থাবিশেষে সংজ্ঞান্তরমাহ সুপ্তিরিতি। বিবিধো ভাবো ভাবনা

হৃন্মীলনের অর্থাৎ চিত্তবৃত্তি শূন্যের পূর্ব্বাবস্থাকে নিদ্রা বলে।

তাৎপর্য্য। নিদ্রা তমোগুণ দ্বারা চিত্তের চেষ্টা শূন্য রূপে প্রসিদ্ধ আছে কিন্তু ইহা একান্ত ভক্তে সম্ভব হয় না, কারণ ভক্ত সকলের চিত্ত গুণাতীত, যদি বল তবে নিদ্রা হয় কেন, তাহার উত্তর এই, শ্রীকৃষ্ণের উত্তম ভক্ত সকলের ভগবৎ সমাধি স্বরূপকেই নিদ্রা বলা যায়, নতুবা প্রাকৃতী নিদ্রা ভক্তে সম্ভব হয় না। এই বিষয়ে গরুড় পুরাণের বচন এই যে জাগ্রৎ, স্বপ্ন ও সুষুপ্তি দশায় যোগযুক্ত যোগির যে কোন মনের বৃত্তি, তাহা অচ্যুতাশ্রয় হইয়া থাকে, এই কারণে ভগবদ্ভক্তের প্রাকৃতী নিদ্রা নাই, তবে যে দেখা যায় তাহা কেবল ভগবৎসমাধি মাত্র ॥ ৮৩ ॥

অথ সুপ্তি ॥

স্বপ্তি র্নিদ্রা বিভাবা স্যান্নানার্থানুভবাত্মিকা।
ইন্দ্রিয়োপরতি-শ্বাস-নেত্র-সংমীলনাদিকৃৎ ॥ ৮৪ ॥

যথা ॥

কাগং তামরসাক্ষকেলিরভিতঃ প্রাদুষ্কৃতা শৈশবী
দর্পঃ সর্পপতেস্তদস্য তরসা নির্দ্ধূয়তামুদ্ধুরঃ ॥
ইত্যুৎস্বপ্নগিরা চিরাদ্‌যদুসভাং বিস্মায়য়ন্‌ স্মায়য়-
ন্নিঃশ্বাসেন দরোত্তরঙ্গতুদরং নিদ্রাং গতো লাঙ্গলী ॥ ৮৫ ॥

যস্যাঃ সা বিভাবা ন কেবলং তাদৃশী অপিতু নানার্থেত্যাদি বিশিষ্টা চ অতস্তদ্বিধৈব নিদ্রা স্বপ্তিঃ স্বপ্ন উচ্যতে ইত্যর্থঃ ॥ ৮৪ ॥

কেলিবিততিঃ ক্রীড়াবিস্তারঃ। কেলিরহিত ইতি পাঠশ্চ সঙ্গতঃ। কেলিশব্দস্য স্ত্রীত্বমপি দৃশ্যত ইতি। তথাহুর্মাপতিধরঃ। রত্নচ্ছায়াচ্ছুরিতজলধৌ-বিত্যাদৌ রাধাকেলীপরিমলভরধ্যানমূর্চ্ছা মুরারেরিতি। যদুসভাং তদন্তঃসভাগামিনং কিয়ন্তমপি যদুগণং বিস্মায়য়ন্‌ স্মায়য়ংশ্চ ॥ ৮৫ ॥

নানা প্রকার চিন্তা ও নানা বিষয় অনুভব স্বরূপ নিদ্রার নাম স্বপ্তি অর্থাৎ স্বপ্ন। ইহাতে ইন্দ্রিয়ের অবসন্নতা, নিশ্বাস ও চক্ষু নিমীলনাদি হইয়া থাকে ॥ ৮৪ ॥

যথা ॥

হে পদ্মলোচন! তুমি বাসুকির দর্প খর্ব্ব করিয়া সম্পূর্ণ রূপে বাল্য ক্রীড়া বিস্তার করিয়াছ, এই রূপ স্বপ্ন বাক্য দ্বারা বলদেব যদুসভাকে বিস্মিত ও হাস্যযুক্ত করিয়া নিশ্বাস বেগ দ্বারা ঈষৎ উদরের তরঙ্গ বিস্তার করত সুখে নিদ্রা যাইতেলাগিলেন ॥ ৮৫ ॥

অথ বোধঃ ॥

অবিদ্যামোহনিদ্রাদের্ধ্বংসোদ্বোধঃ প্রবুদ্ধতা ॥ ৮৬ ॥

তত্রাবিদ্যাধ্বংসতঃ ॥

অবিদ্যাধ্বংসতো বোধো বিদ্যোদয়পুরঃসরঃ।
অশেষক্লেশবিশ্রান্তিস্বরূপাবগমাদিকৃৎ ॥

যথা ॥

প্রবুদ্ধতা জ্ঞানাবির্ভাবঃ ॥ ৮৬ ॥

অবিদ্যাধ্বংসত ইত্যত্র বোধত্বম্পদার্থলক্ষিতস্য তৎপদার্থলক্ষিতস্য চ জ্ঞানং স্বরূপবিগমস্তয়োরভেদজ্ঞানং বিদ্যা তেষু নিদিধ্যাসনরূপং সাধনং প্রথমং নিদিধ্যাসনং তস্মাদবিদ্যাধ্বংসস্ততঃ ক্রমাৎ পদার্থদ্বয়জ্ঞানং ততস্তয়োরভেদজ্ঞানমিতি ক্রমো জ্ঞেয়ঃ অবিদ্যাধ্বংসতো যো বোধঃ স বিদ্যোদয়পুরঃসরো ভবতি সচাশেষক্লেশবিশ্রান্তি র্যত্র তাদৃশস্বরূপাবগমাদিকৃত্তবতীত্যন্বয়ঃ। আদিগ্রহণাত্তত্ত্বাববোধকৃত্তবতীতি জ্ঞেয়ং। এবম্ভূতো বোধঃ খলু কেষাঞ্চিদ্ভক্তিসহায়ো ভবতীতি সঞ্চারীত্যর্থঃ। ব্রহ্মভূতঃ প্রসন্নাত্মেতি শ্রীগীতাভ্যঃ ॥ ৮৭ ॥

অথ বোধ ॥

অবিদ্যা (অজ্ঞান) মোহ ও নিদ্রাদির ধ্বংস জন্য যে প্রবুদ্ধতা অর্থাৎ জ্ঞানাবির্ভাব তাহার নাম বোধ ॥ ৮৬ ॥

অবিদ্যাধ্বংসনিমিত্ত বোধ যথা ॥

অবিদ্যা ধ্বংস হইলেই বিদ্যা শক্তিকে অগ্রে করিয়া বোধের উদয় হয়, এই বোধ অশেষ ক্লেশের নিবারণ এবং জীব ও পরমেশ্বর তত্ত্ব বোধ করায় ॥

যথা ॥

বিন্দন্ বিদ্যাদীপিকাং স্বস্বরূপং
বুদ্ধ্বা সদ্যঃ সত্যবিজ্ঞানরূপং।
নিষ্প্রত্যূহস্তৎ পরং ব্রহ্ম মূর্ত্তং
সান্দ্রানন্দাকারমন্বেষয়ামি ॥

মোহধ্বংসতঃ ॥

বোধো মোহক্ষয়াচ্ছব্দগন্ধস্পর্শরসৈর্হরেঃ।
দৃগুন্মীলনরোমাঞ্চধরোত্থানাদিকৃদ্ভবেৎ ॥ ৮৭ ॥

তত্র শব্দেন যথা ॥

প্রথমদর্শনরূঢ়সুখাবলী-
কবলিতেন্দ্রিয়বৃত্তিরভূদিয়ং।

ইয়ং শ্রীরাধা। অঘভিদ ইতি পূর্ব্বত্র পরত্র চান্বিতং ॥ ৮৮ ॥

আমি বিদ্যাদীপকে লাভ করত সত্য বিজ্ঞান রূপ স্বীয় স্বরূপকে অবগত হইয়া নির্ব্বিঘ্নে সেই মূর্ত্তিমান্ পরব্রহ্মকে অন্বেষণ করি ॥

মোহ ধ্বংসহেতু বোধ যথা ॥

মোহ বিনষ্ট হইলে শব্দ, গন্ধ, স্পর্শ ও রস দ্বারা ভগবদ্বিষয়ক জ্ঞান হয়। ইহাতে রোমাঞ্চ, চক্ষু উন্মীলন ও পৃথিবী হইতে উত্থানাদি হইয়া থাকে ॥

তন্মধ্যে শব্দনিমিত্ত বোধ যথা ॥

শ্রীরাধা প্রথম শ্রীকৃষ্ণকে দর্শন করিয়া যে সুখসমূহ অনুভব করিয়াছিলেন, তাহাতেই তাঁহার ইন্দ্রিয়ের বৃত্তি সকল বিলুপ্ত হইয়াছিল, পরে ললিতা যখন ত্বদীয় কর্ণে কৃষ্ণনাম

অঘভিদঃ কিল নাম্নু্যদিতে শ্রুতৌ
ললিতয়োর্দনিমীলদিহাক্ষিণী ॥ ৮৮ ॥
গন্ধেন যথা ॥
অচিরমঘহরেণ ত্যাগতঃ শ্রস্তগাত্রী
বনভুবি শবলাঙ্গী শান্তনিশ্বাসবৃত্তিঃ।
প্রসরতি বনমালাসৌরভে পশ্য রাধা
পুলকিততনুরেষা পাংশুপুঞ্জাদুদস্থাৎ ॥ ৮৯ ॥
স্পর্শেন যথা ॥
অসৌ পাণিস্পর্শো মধুরমসৃণঃ কস্য বিজয়ী

অচিরমিতি। কদাচিৎ পরিহাসপূর্ব্বক-শ্রীকৃষ্ণান্তর্দ্ধানে চরিতং ॥ ৮৯ ॥

কীর্ত্তন করিলেন তখনই তিনি (ললিতা) লোচনদ্বয় উন্মীলন করিয়াছিলেন ॥ ৮৮ ॥

গন্ধনিমিত্ত বোধ যথা ॥

সখি! একদা শ্রীকৃষ্ণ পরিহাস ছলে শ্রীরাধাকে কহিলেন প্রিয়ে! আমি তোমাকে পরিত্যাগ করিলাম এই বলিয়া অন্তর্দ্ধান হইলে শ্রীরাধা তৎক্ষণাৎ কৃষ্ণত্যাগ নিমিত্ত বিবর্ণা হইয়া বনভূমিতে পতিত হইয়াছিলেন এবং তৎকালীন তাঁহার নিশ্বাসবৃত্তি একরূপ শান্ত হইয়াছিল, অনন্তর বনমালার প্রসরণশীল সৌরভে পুলকিতাঙ্গী হইয়া ঐ দেখ পাংশুপুঞ্জ হইতে গাত্রোত্থান করিলেন ॥ ৮৯ ॥

স্পর্শনিমিত্ত বোধ যথা ॥

সখি! এ কোন্ ব্যক্তির হস্তস্পর্শ, ইহা যে অতিশয় মধুর

বিশীর্য্যন্ত্যাঃ সৌরীপুলিনবনমালোক্য মম যঃ।
দুরন্তামুদ্ধূয় প্রসভমভিতো বৈশসময়ীং
ক্রুতং মূর্চ্ছামন্তঃ সখি সুখময়ীং পল্লবয়তি॥ ৯০॥

রসেন যথা॥

অন্তর্হিতে ত্বয়ি বলানুজ! রাসকেলৌ
স্রস্তাঙ্গ-যষ্টিরজনিষ্ট সখী বিসংজ্ঞা।
তাম্বূলচর্ব্বিতমবাপ্য তবাম্বুজাক্ষী
ন্যস্তং ময়া মুখপুটে পুলকোজ্জ্বলাসীৎ॥

মধুরঃ স্বভাবাদেবানন্দদায়কঃ মসৃণত্বচো গুণতঃ কোমলঃ। পল্লবয়তীতি বর্ত্তমানসামীপ্যে বর্ত্তমানবত্বং॥ ৯০॥

তাম্বূলেষু যচ্চর্বিতং তদবাপ্য। সম্বন্ধবিবক্ষযা ষষ্ঠী। ত্বচ্চর্ব্বিতং মুখমনু প্রতিপদ্য গৌরী, তাম্বূলমর্পিতমুদস্রতযা চিচেত। ইতি পাঠান্তরং॥ ৯১॥

এবং সর্ব্বজয়ী, আমি যমুনাপুলিনস্থ বন অবলোকন করিয়া বিশীর্ণ হইতে ছিলাম এমত সময়ে ঐ স্পর্শ বলপূর্ব্বক পীড়াময়ী দুরন্ত মূর্চ্ছাকে বিনষ্ট করিয়া সুখময়ী মূর্চ্ছাকে অঙ্কুরিত করিয়াদিল॥ ৯০॥

রসনিমিত্ত বোধ যথা॥

হে বলানুজ! তুমি রাসক্রীড়ায় অন্তর্দ্ধান হইলে প্রিয়সখী ভূতলে পতিত হইয়া জ্ঞানশূন্য হইয়াছিলেন, পরে আমি তোমার চর্ব্বিত তাম্বূল প্রাপ্ত হইয়া তদীয় মুখপুটে অর্পণ করিলে তাঁহাতেই পদ্মনয়না পুলকাকুল কলেবর হইয়াছিলেন॥

নিদ্রাধ্বংসতঃ ॥
বোধো নিদ্রাক্ষয়াৎ স্বপ্ন-নিদ্রাপূর্ত্তিস্বনাদিভিঃ
অত্রাক্ষি-মর্দ্দনং শয্যামোক্ষোঽঙ্গবলনাদয়ঃ ॥
তত্র স্বপ্নেন যথা ॥
ইয়ং তে হাসশ্রী র্বিরমতু বিমুঞ্চাঞ্চলমিদং
ন যাবদ্বৃদ্ধায়ৈ স্ফুটমভিদধে ত্বচ্চটুলতাং।
ইতি স্বপ্নে জল্পন্ত্যচিরমববুদ্ধা গুরুমসৌ
পুরো দৃষ্ট্বা গৌরী নমিতমুখবিম্বা মুহুরভূৎ ॥
নিদ্রাপূর্ত্ত্যা যথা ॥

নিদ্রাধ্বংসনিমিত্ত বোধ যথা ॥

স্বপ্ন, নিদ্রার পূর্ণতা ও শব্দাদি দ্বারা নিদ্রা ক্ষয় হইলে, বোধ হয়, ইহাতে চক্ষুমর্দ্দন, শয্যাত্যাগ এবং অঙ্গবলন অর্থাৎ গাত্রমোড়া প্রভৃতি হইয়া থাকে ॥

তন্মধ্যে স্বপ্নহেতু বোধ যথা ॥

অহে কৃষ্ণ! তুমি আর পরিহাস করিও না ক্ষান্ত হও, বস্ত্রাঞ্চল ত্যাগ কর, নতুবা আমি নিশ্চয় বলিতেছি বৃদ্ধার নিকট তোমার এই চপলতা প্রকাশ করিব, স্বপ্নে এই কথা বলিতে বলিতে শ্রীরাধা অকস্মাৎ জাগরিত হইয়া সম্মুখে গুরুজন অবলোকন করত লজ্জায় বদন অবনত করিয়া রহিলেন ॥

নিদ্রাপূর্ণহেতুবোধ যথা ॥

দূতী চাগাত্তদাগারং জজাগার চ রাধিকা।
তূর্ণং পুণ্যবতীনাং হি তনোতি ফলমুদ্যমঃ॥
স্বনেন যথা॥
দূরাদ্বিদ্রাবয়ন্নিদ্রামরালী র্গোপসুভ্রুবাং।
সারঙ্গরঙ্গদং রেজে বেণুবারিদগর্জ্জিতং।
ইতি ভাবাস্ত্রয়স্ত্রিংশৎ কথিতা ব্যভিচারিণঃ।
শ্রেষ্ঠমধ্যকনিষ্ঠেষু বর্ণনীযা যথোচিতং।
মাৎসর্য্যোদ্বেগদম্ভের্ষ্যা বিবেকো নির্ণযস্তথা।
ক্লৈব্যং ক্ষমা চ কুতুকমুৎকণ্ঠা বিনযোঽপি চ।
সংশয়ো ধার্ষ্ট্যমিত্যাদ্যা ভাবা যে স্যুঃ পরোঽপি চ।

যখন গৃহে দূতী আসিযা উপস্থিত হইলেন শ্রীরাধাও তখনি জাগরিত হইয়াছিলেন, যাহা হউক পুণ্যবতীদিগের উদ্যম শীঘ্রই ফল সাধন করে॥

শব্দহেতু বোধ যথা॥

কুরঙ্গরঙ্গপ্রদ মুরলীরূপ বারিদ গর্জন, গোপসুন্দরীদিগের নিদ্রারূপা হংসীকে দূরীকৃত করিযা বিরাজিত হইয়াছিল॥

এই ত্রয়স্ত্রিংশৎ ব্যভিচারি ভাব কথিত হইল, উত্তম, মধ্যম ও কনিষ্ঠ ভেদে উক্ত ভাব সকলকে যথাযোগ্য বর্ণন করা কর্ত্তব্য॥

মাৎসর্য্য, উদ্বেগ, দম্ভ, ঈর্ষা, বিবেক, নির্ণয়, বিক্লবতা, ক্ষমা, কৌতুক, উৎকণ্ঠা, বিনয, সংশয় ও ধৃষ্টতা প্রভৃতি যে সকল অতিরিক্ত ভাব আছে, তৎসমুদায়কেও পূর্ব্বোক্ত

উক্তেম্বন্তর্ভবন্তীতি ন পৃথক্ত্বেন দর্শিতাঃ ॥ ৯১ ॥

তথাহি ॥

অসূয়ায়াং তু মাৎসর্য্যং ত্রাসেঽপ্যুদ্বেগ এব তু।
দম্ভস্তথাবহিত্থায়ামীর্ষ্যামর্ষে মতাবুভৌ।
বিবেকো নির্ণয়শ্চেমৌ দৈন্যে ক্লৈব্যং ক্ষমাধৃতৌ।
ঔৎসুক্যে কুতুকোৎকণ্ঠে লজ্জায়াং বিনয়স্তথা।
সংশয়োঽন্তর্ভবেত্তর্কে তথা ধার্ষ্ট্যঞ্চ চাপলে।

অসূয়ায়ামিত্যাদিষু পরোদয়ে দ্বেষো মাৎসর্য্যং স এব গুণেষপি দোষারোপ ণায়ামব্যভিচারিত্বাদসূয়েতি। তড়িদাদিভিঃ সহসা ভয়ং ত্রাসঃ তত্রাসহি- ষ্ণুত্বমুদ্বেগ ইতি। আকারগুপ্তিরবহিত্থা। দম্ভস্বসতঃ স্বীয়োত্তমত্বস্য ব্যঞ্জনং তস্মাদুভয়মপি কপটময়মিতি। পরাপরাধাসহনমমর্ষঃ পরোৎকর্ষাসহন-

---

ভাব সকলের অন্তর্বর্ত্তি জানিতে হইবে, এ কারণ আর পৃথক্ উদাহরণ করা হইল না ॥ ৯১ ॥

উক্তার্থের প্রমাণ।

অসূয়াতে মাৎসর্য্য অন্তর্ভূ্ত আছে, কারণ, পরশ্রীতে দ্বেষ করার নাম মাৎসর্য্য, আর পর গুণে দোষারোপণের নাম অসূয়া, সুতরাং মাৎসর্য্য ও অসূয়া এই দুইয়ে পরস্পর ভেদ নাই। অপর বিদ্যুতাদি নিমিত্ত সহসা যে ভয় হয় তাহার নাম ত্রাস এবং ঐ ত্রাসে অসহিষ্ণুতার নাম উদ্বেগ অতএব ত্রাসের মধ্যেই উদ্বেগ অন্তর্ভূ্ত হইয়াছে। আকার গোপনের নাম অবহিত্থা এবং স্বীয় উত্তমতা প্রকাশের নাম দম্ভ, এই উভয়ই কপটময়, সুতরাং অবহিত্থাতে দম্ভ অন্তর্ভূ্ত হইয়া রহিয়াছে।

এষাং সঞ্চারিভাবানাং মধ্যে কশ্চন কস্যচিৎ।
বিভাবশ্চানুভাবশ্চ ভবেদত্র পরস্পরং।
নির্ব্বেদে তু যথের্ষ্যায়া ভবেদত্র বিভাবতা।
অসূয়ায়াং পুনস্তস্যা ব্যক্তযুক্তানুভাবতা।
ঔৎসুক্যং প্রতিচিন্তায়াঃ কথিতাত্রানুভাবতা।
নিদ্রাং প্রতি বিভাবত্বমেবং জ্ঞেয়াঃ পরেঽপ্যমী।
এষাঞ্চ সাত্ত্বিকানাঞ্চ তথা নানাক্রিয়াততেঃ।

মীর্ষ্যা তদেতদুভয়মপ্যসহনাত্মকমিতি। অর্থনির্দ্ধারণং মতিস্তদেব নির্ণয়ঃ। তস্য কারণং বিচারস্তু বিবেকঃ। সোঽয়ং কারণত্বান্মতাবন্তর্ভূত ইতি। আত্মন্যতি নিকৃষ্টতা মননং দৈন্যমনুৎসাহঃ ক্লৈব্যং। তত্তু তদঙ্গমেবেতি। মনসোঽচাঞ্চল্যং ধৃতিঃ। ক্ষমাতু সহিষ্ণুত্বং তদঙ্গমেবেতি। কালযাপনাযা

পরের অপরাধ অসহনের নাম অমর্ষ, পরের উৎকর্ষ অসহনের নাম ঈর্ষ্যা এই উভয়ই অসহ্য স্বরূপ, সুতরাং অমর্ষে ঈর্ষ্যা অন্তর্ভূত হইয়াছে। অর্থ নির্দ্ধারণের নাম মতি ও মতির নামই নির্ণয, নির্ণয়ের কারণ বিচার এবং বিচারের নামধ বিবেক, সুতরাং নির্ণয়েতে বিবেক অন্তর্ভূত হইয়া রহিয়াছে। অপর আপনাতে নিকৃষ্ট জ্ঞানের নাম দৈন্য এবং অনুৎসাহের নাম ক্লৈব্য, সুতরাং দৈন্যে ক্লৈব্য অন্তর্ভূত আছে। মনের অচাঞ্চল্যের নাম ধৃতি এবং সহিষ্ণুতার নাম ক্ষমা, সুতরাং ধৃতির অন্তর্ভূত ক্ষমা রহিয়াছে। কালযাপনে অসমর্থতার নাম ঔৎসুক্য এবং আশ্চর্য্য দর্শনের নাম কুতুক, কোন সময়ে কুতুকও ঔৎসুক্যের কারণ হয়, এ নিমিত্ত ঔৎসুক্যে কুতুক

কার্য্যকারণভাবস্তু জ্ঞেয়ঃ প্রায়েণ লোকতঃ।
নিন্দায়াস্তু বিভাবত্বং বৈবর্ণ্যামর্ষয়োর্মতং।
অসূয়ায়াং পুনস্তস্যাঃ কথিতৈবানুভাবতা।

মসমর্থত্বযৌৎসুক্যং আশ্চর্য্যদর্শনেচ্ছা কুতুকং তচ্চ কচিত্তৎ কারণাত্তত্রানু-
শ্যূতং স্যাদুৎকণ্ঠাচ তস্যৈব সূক্ষ্মাবস্থেতি। লজ্জায়ামপি বিনয়স্যাবশ্যক-

---

অন্তর্ভূত আছে। ঔৎসুক্যের সূক্ষ্মাবস্থার নাম উৎকণ্ঠা, সুতরাং ঔৎসুক্যে উৎকণ্ঠাও অন্তর্ভূত আছে। লজ্জাতে বিনয়ের আবশ্যকতা, এ কারণ লজ্জাতে বিনয় অন্তর্ভূত আছে। সংশয় তর্কের অন্তর্ভূত, ধৃষ্টতার পরেই চপলতা হইয়া থাকে, সুতরাং চপলতায় ধৃষ্টতা অন্তর্ভূত আছে॥

উক্ত সঞ্চারি ভাব সকলের মধ্যে যে সমুদায় ভাব অন্তর্ভূত আছে তাহাদের মধ্যে কেহ কাহারও সম্বন্ধে পরস্পর ভাব ও অনুভাব হইয়া থাকে॥

নির্ব্বেদে অসূয়ার যে রূপ বিভাবতা হয়, পুনরায় অসূয়াতেও নির্ব্বেদের অনুভাবতা যুক্ত হইয়া থাকে। অপর ঔৎসুক্যের প্রতি চিন্তার অনুভাবতা এবং নিদ্রার প্রতিও ঐ রূপ চিন্তার বিভাবত্ব হয়, এই রূপে অন্যান্য ভাবেরও জানিতে হইবে॥

এই সকল সাত্ত্বিক, তথা নানাবিধ ক্রিয়ার পরস্পর কার্য্য কারণ ভাব প্রায় লোকব্যবহারানুসারে জ্ঞেয় হয়॥

নিন্দায় বৈবর্ণ্য ও অমর্ষ এই দুইয়ের বিভাবত্ব, আবার অসূয়াতে ঐ নিন্দার বিভাবতা কথিত হয়। সংমোহ ও

প্রহারস্য বিভাবত্বং সংমোহপ্রলয়ৌ প্রতি।
ঔগ্র্যং প্রত্যনুভাবত্বমেবং জ্ঞেয়াঃ পরেঽপি চ ॥ ৯২ ॥
ত্রাস-নিদ্রা-শ্রমালস্য-মদভিদ্বোধবর্জ্জিনাং।
সঞ্চারিণামিহ ক্বাপি ভবেদ্রত্যনুভাবতা ॥ ৯৩ ॥
সাক্ষাদ্রতে র্ন সম্বন্ধঃ ষড়্ভিস্ত্রাসাদিভিঃ সহ।

ইতি। বিমর্শস্তর্কঃ সংশয়ানন্তরভাবীতি চাপলঞ্চ ধার্ষ্ট্যানন্তরং। ভাবীতি। প্রথমে পর পরেষাং প্রবেশো ভাব্যতে ॥ ৯২ ॥

মদভিৎ মধুপানজো মদভেদঃ রত্যনুভাবতা রতিকার্য্যত্বং ॥ ৯৩ ॥

তত্র তে ত্রাসাদয়ো ন কদাচিদ্রতিমতাং শ্রীকৃষ্ণাজ্জায়ন্তে। তস্য তচ্ছমক স্বভাবত্বেনৈবানুভূয়মানত্বাৎ। কিন্তু বিরোধ্যাদিভ্যএব তে জায়ন্তে। তেভ্য এব তেষামনুভূয়মানত্বাৎ। ততশ্চ সাক্ষাদিতি যথা হর্ষাদয়ো ভাবাঃ কেবলং শ্রীকৃষ্ণং বিভাবীকৃত্য জায়ন্তে তথা ত্রাসাদয়ো ন। কিন্তু বিরোধ্যাদিসম্বলিত মিতি কেবলায়া রতে র্ন সম্বন্ধঃ। কিন্তু বিরোধ্যাদিগত তত্তদ্ভাবস্যা পীতি-পরম্পরয়া তত্তৎসম্বলনয়া রতেঃ সম্বন্ধঃ স্যাদিত্যর্থঃ। কিন্তু ত্রাসাদয়ো

প্রলয়ের প্রতি প্রহারের বিভাবত্ব এবং উগ্রের প্রতি ঐ প্রহারেরই অনুভাবতা। এই রূপ অন্যান্য ভাবকেও জানিতে হইবে ॥ ৯২ ॥

ত্রাস, নিদ্রা, শ্রম, আলস্য, মধুপানজন্য মত্ততা ও অজ্ঞানতা প্রভৃতি সঞ্চারি ভাবের কোন স্থানে রতি অনুভাবতা অর্থাৎ রতির কার্য্য হইবে। ৯৩ ॥

ঐ ত্রাসাদি ছয়টীর সহিত রতির সাক্ষাৎ সম্বন্ধ নাই

স্যাৎ পরম্পরয়া কিন্তু লীলানুগুণতাকৃতে ॥ ৯৪ ॥
বিতর্কমতিনির্ব্বেদধৃতীনাং স্মৃতিহর্ষয়োঃ।
বোধভিদ্দৈন্যসুপ্তীনাং কচিদ্রতিবিভাবতা ॥ ৯৫ ॥
পরতন্ত্রাঃ স্বতন্ত্রাশ্চেত্যুক্তাঃ সঞ্চারিণো দ্বিধা ॥
তত্র পরতন্ত্রাঃ ॥
বরাবরতয়া প্রোক্তাঃ পরতন্ত্রা অপি দ্বিধা ॥ ৯৬ ॥
তত্র বরঃ ॥
সাক্ষাদ্ব্যবহিতশ্চেতি বরোপ্যেষ দ্বিধোদিতঃ ॥

ভয়াদীনামপ্যপলক্ষণানি। স্বাপবাধাদি সম্বলনময়া তৈঁহপি স্যুরিতি ॥ ৯৪ ॥
বোধভিৎ অবিদ্যাক্ষেষজো বোধঃ। বিতর্কাদীনাং রতের্বিভাবত্বেতি পরম্পরয়া জ্ঞেয়ং। শ্রীকৃষ্ণানুভবস্যৈব সাক্ষাত্তত্বৎ কারণত্বাৎ ॥ ৯৫ ॥
পরতন্ত্রা মুখ্যগৌণরতিবশাঃ স্বতন্ত্রা তদ্বিপরীতা ইতি জ্ঞেয়ং ॥ ৯৬ ॥
অত্র বর ইতি জাত্যৈকত্বং। তস্য চ লক্ষণং রসদ্বয়স্য যোঽঙ্গত্বং প্রাপ্নোতি

কিন্তু পরম্পরায় লীলার অনুগামী হইবে ॥ ৯৪ ॥

বিতর্ক, মতি, নির্ব্বেদ, ধৃতি, স্মৃতি, হর্ষ, অজ্ঞানতা, দীনত্ব ও সুষুপ্তি ইত্যাদি ভাব সকলের কোন স্থানে রতি বিভাবত্ব হইয়া থাকে ॥ ৯৫ ॥

সঞ্চারি-ভাব দুই প্রকার হয়, পরতন্ত্র এবং স্বতন্ত্র ॥

তন্মধ্যে পরতন্ত্র যথা ॥

বর ও অবর ভেদে অর্থাৎ শ্রেষ্ঠ কনিষ্ঠ ভেদে পরতন্ত্র ভাবও দুই প্রকার হয় ॥ ৯৫ ॥

তন্মধ্যে বর পরতন্ত্র যথা ॥

সাক্ষাৎ এবং ব্যবধান ভেদে বরপরতন্ত্রও দুইরূপে কথিত হয় ॥

তত্র সাক্ষাৎ ॥

মুখ্যামেব রতিং পুষ্ণন্ সাক্ষাদিত্যভিধীয়তে ॥ ৯৭ ॥

যথা ॥

তনূরুহালী চ তনুশ্চ নৃত্যং
তনোতি মে নাম নিশম্য যস্য।
অপশ্যতো মাথুরমণ্ডলং ত—
দ্ব্যর্থেন কিং হন্ত দৃশো র্দ্বয়েন ॥

সাক্ষাদেষ নির্ব্বেদঃ।

স রবোমত ইতি জ্ঞেয়ং। বক্ষ্যমাণাহববলক্ষণানুসারেণ ॥ ৯৭ ॥

তনূরুহালীচেতি। মাথুরমণ্ডলদিদৃক্ষা চেয়ং শ্রীভগবদ্রতিমষ্যেব। তস্মাৎ সাক্ষাদ্রতিমেব পুষ্ণাতীতি ভাবঃ ॥ ৯৮ ॥

তন্মধ্যে সাক্ষাৎ যথা ॥

যে ভাব মুখ্যরতিকে পুষ্ট করে তাহাকে সাক্ষাৎ বলা যায় ॥ ৯৭ ॥

যথা ॥

হায়! যাহার নাম শ্রবণ মাত্রেই আমার লোমাবলী ও তনু নৃত্য বিস্তার করিতেছে সেই মথুরা মণ্ডলকে যে চক্ষু অবলোকন করিল না, তাহাতে প্রয়োজন কি? ॥

উক্ত পদ্যে মথুরামণ্ডল দর্শনেচ্ছা ভগবৎ রতি স্বরূপা এ কারণ সাক্ষাৎ রতিকে পুষ্ট করিল ॥

এ স্থলে নির্ব্বেদ সাক্ষাৎ ভাব ॥

অথ ব্যবহিতঃ ॥

পুষ্ণাতি যো রতিং গৌণীং সতু ব্যবহিতো মতঃ ॥

যথা ॥

ধিগস্তু মে ভুজদ্বন্দ্বং ভীমস্য পরিঘোপমং।
মাধবাক্ষেপিণং দুষ্টং যৎ পিনষ্টি ন চেদিপং ॥ ৯৮ ॥

নির্ব্বেদঃ ক্রোধবশ্যত্বাদয়ং ব্যবহিতো রতেঃ।

অথাবরঃ।

নির্ব্বেদ ইতি ক্রোধোহত্র ক্রোধরতিঃ সচ রৌদ্ররসস্য গৌণস্য স্থায়ি ইতি গৌণী পোষণং। জিষ্ণুরত্রার্জ্জুনঃ ॥ ৯৯ ॥

অথ ব্যবহিত অর্থাৎ ব্যবধান ॥

যে ভাব গৌণী রতিকে পুষ্ট করে তাহাকে ব্যবহিত বলিয়া জানিতে হইবেক ॥

যথা ॥

আমি ভীম, আমার বাহুদ্বয় পরিঘ সদৃশ, ইহারা যখন কৃষ্ণদ্বেষাকারি দুষ্ট শিশুপালকে পেষণ করিতে সমর্থ হইল না তখন এ ভুজদ্বয়কে ধিক্ ॥ ৯৮ ॥

এ স্থলে ক্রোধের বশীভূত প্রযুক্ত এই নির্ব্বেদকে রতির ব্যবহিত জানিতে হইবে। উক্ত পদ্যে ক্রোধকেই ক্রোধ রতি বলা যায়, ক্রোধরতি গৌণ রৌদ্র রসের স্থায়িভাব, ইহা গৌণী রতিকে পোষণ করিল ॥

অথ অবর ॥

রসদ্বয়স্যাপ্যঙ্গত্বমগচ্ছন্নবরো মতঃ ॥
যথা ॥
লেলিহ্যমানং বদনৈর্জ্জলদ্ভি—
র্জগন্তি দংষ্ট্রা স্ফুটদুত্তমাঙ্গৈঃ।
অবেক্ষ্য কৃষ্ণং ধৃতবিশ্বরূপং
ন স্বং বিশুষ্যন্ স্মরতি স্ম জিষ্ণুঃ ॥ ৯৯ ॥
ঘোরক্রিয়াদ্যনুভাবাদাচ্ছাদ্য সহজাং রতিং।

ঘোরেতি। ততঃ স্বাপরিচিততদীযঘোবরূপাৎ সর্ব্বভক্ষণাশঙ্কামযং ভযমেব কেবলং নতু ভয়রতিঃ। রূপং মহত্তে বহু বক্ত্রনেত্রমিত্যাবভ্য দৃষ্ট্বা লোকাঃ প্রব্যথিতাস্তথাহমিতি তদ্বাক্যাদ্রতেবত্যস্তাস্ফূর্ত্তেঃ। স্থানে হৃষী কেশ তব প্রকীর্ত্ত্যা জগৎ প্রহৃষ্যত্যনুবজ্যতে চেত্যাদিকং ত্ববস্থাভেদাঃ।

যে ভাব দুইটী রসের অঙ্গত্ব প্রাপ্ত হয না, তাহাকে অবর বলা যায় ॥

যথা ॥

যাহাতে সুস্পষ্ট রূপে দন্ত সকল গর্জন করিতেছে এমত বদন সমুহ দ্বারা জগদাস্বাদনকারি জাজ্জ্বল্যমান ধৃত বিশ্বরূপ কৃষ্ণকে সন্দর্শন করিয়া অর্জ্জুনের বদন শুষ্ক হইয়া গেল এবং তৎ কালীন তিনি আপনাকেও জানিতে পারেন নাই অর্থাৎ ভয়ে আত্ম বিস্মৃত হইয়াছিলেন ॥ ৯৯ ॥
ভয়ানককার্য্যাদির অনুভব হেতু সহজ রতিকে আবৃত করিয়া যে দুর্ব্বার ভীতির আবির্ভাব হয, তাহার নাম ভয়া-

দুর্ব্বারাবিরভূদ্ভীতি র্মোহোঽয়ং ভীবশস্ততঃ॥ ১০০ ॥

অথ স্বতন্ত্রাঃ॥

সদৈব পারতন্ত্র্যেঽপি ক্বচিদেষাং স্বতন্ত্রতা।
ভূপাল-সেবকস্যেব প্রবৃত্তস্য করগ্রহে।
ভাবজ্ঞৈরতিশূন্যশ্চ রত্যনুস্পর্শনস্তথা।
রতিগন্ধিশ্চ তে ত্রেধা স্বতন্ত্রাঃ পরিকীর্ত্তিতাঃ॥

অতো গৌণরতেরপি নাঙ্গত্বং॥ ১০০ ॥

শোক রতি হয় ॥

যথা শ্রীদশমে ৭ অধ্যায়ে ২২ শ্লোকে ॥

অনন্তর কক্ষণ পরে যখন পবনের ধূলিবর্ষণ বেগ উপরত হইল তখন গোপীগণ রোদনের ধ্বনি শ্রবণ করিয়া ব্যস্ত সমস্তে সেই স্থানে যশোদার নিকট আগমন করিলেন এবং নন্দনন্দনকে দেখিতে না পাওয়াতে সন্তপ্তচিত্ত তথা অশ্রু-জল পূর্ণমুখ হইয়া আর্ত্তস্বরে রোদন আরম্ভ করিলেন ॥ ৩৫ ॥

যথা ॥

যশোদা শোকাকুল চিত্তে কহিলেন, সহস্র প্রাণাপেক্ষাও প্রিয়তম তনয়কে যখন কালিয়নাগের ভোগ দ্বারা বন্ধন-

ধিগিমাং মর্ত্যতনোঃ কঠোরতাং ॥

অথ ক্রোধরতিঃ ॥

প্রাতিকূল্যাদিভিশ্চিত্তজ্বলনং ক্রোধ ঈর্য্যতে।
পারুষ্য ভ্রুকুটীনেত্র লৌহিত্যাদি বিকারকৃৎ।
এতং পূর্ব্বোক্তবৎ সিদ্ধং বিদুঃ ক্রোধরতিং বুধাঃ।
দ্বিধাঽসৌ কৃষ্ণতদ্বৈরি বিভাবত্বেন কীর্ত্তিতা ॥ ৩৬ ॥

তত্র কৃষ্ণবিভাবা যথা ॥

কণ্ঠসীমনি হরের্দ্যুতিভাজং
রাধিকামণিসরং পরিচিত্য।

কণ্ঠেতি। অত্র শ্বশ্রূমন্যায়াঃ জটিলায়াঃ ক্রোধঃ শ্রীকৃষ্ণরতিমূলকত্বেনাপি

গ্রস্ত দেখিয়া আমার হৃদয় দ্বিধা হইয়া বিদীর্ণ হইল না, তখন মর্ত্যদেহের কঠোরতাকে ধিক্ ॥

অথ ক্রোধরতি ॥

প্রতিকূল ভাবদ্বারা চিত্তের যে জ্বলন তাহাকে ক্রোধ কহে। ইহাতে কঠোরতা, ভ্রূকুটী এবং নেত্রলৌহিত্যাদি বিকার হইয়া থাকে। পূর্ব্বোক্ত রূপে সম্পন্ন হইলে পণ্ডিত-গণ ইহাকে ক্রোধরতি কহেন ॥

এই ক্রোধ রতি কৃষ্ণবিভাব এবং কৃষ্ণবৈরিবিভাব ভেদে দুই প্রকার হয় ॥ ৩৬ ॥

তন্মধ্যে কৃষ্ণবিভাব যথা ॥

শ্রীকৃষ্ণের কণ্ঠদেশে শ্রীরাধার তেজোময় মণিহার চিনিতে

তং চিরেণ জটিলা বিকটভ্রূ
ভঙ্গভীমতরদৃষ্টি দদর্শ ॥ ৩৭ ॥
তদ্বৈরিবিভাবা যথা ॥
অথ কংসসহোদরোগ্রদাবে
হরিমভ্যুদ্যতি তীব্রহেতিভাজি।
রভসাদলিকাম্বরে প্রলম্ব
দ্বিষতো হভূদ্ ভ্রুকুটী পয়োদরেখা ॥
অথ ভয়রতিঃ ॥
ভয়ং চিত্তাতিচাঞ্চল্যং মন্তুঘোরেক্ষণাদিভিঃ।

সম্ভবতি শ্রীকৃষ্ণস্যাপি মঙ্গলকামনয়া স্ববধূসম্বন্ধনিবর্ত্তনাৎ। এবং সর্ব্বত্র জ্ঞেয়ঃ ॥ ৩৭ ॥

অথ কংসেতি হেতিরস্ত্রং আলাচ অলিকং ললাটং ॥ ৩৮ ॥

পারিয়া জটিলা বিকট ভ্রূভঙ্গে ভয়ঙ্কর দৃষ্টিতে শ্রীকৃষ্ণকে অবলোকন করিতে লাগিল ॥ ৩৭ ॥

কৃষ্ণবৈরিবিভাব যথা ॥

রঙ্গক্ষেত্রে কংস সহোদর কঙ্কন্যগ্রোধ প্রভৃতির তীব্রজ্বালাশালি বনাগ্নিতে শ্রীকৃষ্ণকে পরিবেষ্টিত দেখিয়া প্রলম্বদ্বেষী বলদেবের ললাটরূপ গগণে ভ্রুকুটী স্বরূপ মেঘশ্রেণী প্রকাশ পাইয়াছিল ॥

অথ ভয়রতি ॥

অপরাধ ও ঘোর দর্শনাদি দ্বারা চিত্তের অতিশয় চাঞ্চল্যের নাম ভয়, ইহাতে আত্মগোপন হৃদয়শোষ, পলায়ন

আত্মগোপন হৃচ্ছোষ বিদ্রবভ্রমণাদিকৃৎ।
নিষ্পন্নং পূর্ব্ববদিদং বুধা ভয়রতিং বিদুঃ।
এষাপি ক্রোধরতিবদ্দ্বিবিধা কথিতা বুধৈঃ॥
তত্র কৃষ্ণবিভাবজা যথা॥
যাচিতঃ পটিমভিঃ স্যমন্তকং
শৌরিণা সদসি গান্ধিনীসুতঃ।
বস্ত্রগূঢ়মণিরেষ মূঢ়ধী
স্তত্র শুষ্যদধরঃ ক্লমং যযৌ॥
দুষ্টবিভাবজা যথা॥
ভৈরবং রুবতি হন্ত গোকুল
দ্বারি বারিদনিভে বৃষাসুরে।
পুত্রগুপ্তিধৃতযত্নবৈভবা
কম্প্রমূর্ত্তিরভবদ্ব্রজেশ্বরী॥ ৩৮॥

এবং ভ্রমণাদি হইয়া থাকে। পূর্ব্ববৎ নিষ্পন্ন হইলে পণ্ডিতগণ ইহাকে ভয়রতি বলেন। ইহাও ক্রোধরতির ন্যায় দুই প্রকার হয়॥

তন্মধ্যে কৃষ্ণবিভাবজনিত ভয়রতি যথা॥

শ্রীকৃষ্ণ চাতুরি দ্বারা সভামধ্যে অক্রূরকে স্যমন্তকমণি যাজ্ঞা করিলে অক্রূর ঐ মণি বস্ত্রাচ্ছাদন করিয়া ভ্রান্তবুদ্ধি ও শুষ্কবদনে ক্লেশ প্রাপ্ত হইয়াছিলেন॥

দুষ্ট বিভাবজনিত ভয়রতি যথা॥

বারিদ সদৃশ বৃষাসুর গোকুলের দ্বারে ভয়ঙ্কর গর্জন করিলে, পুত্র রক্ষায় যত্নবতী ব্রজেশ্বরী কম্পিত মূর্ত্তি হইয়াছিলেন॥৩৮

অথ জুগুপ্সা রতিঃ॥

জুগুপ্সা স্যাদহৃদ্যানুভবাচ্চিত্তনিমীলনং।
তত্র নিষ্ঠীবনং বক্ত্রকূণনং কুৎসনাদয়ঃ।
রতেরনুগ্রহাজ্জাতা সা জুগুপ্সা রতির্মতা॥

যথা॥

যদবধি মম চেতঃ কৃষ্ণপাদারবিন্দে
নব নব রসধামন্যুদ্যতং রন্তুমাসীৎ।
তদবধি বত নারীসঙ্গমে স্মর্য্যমাণে
ভবতি মুখবিকারঃ সুষ্ঠু নিষ্ঠীবনঞ্চ॥ ৩৯॥

বক্ত্রকূণনং মুখস্য কুটিলীকরণং॥ ৩৯॥

অথ জুগুপ্সা রতি॥

নিন্দিত বিষয় হইতে চিত্তের যে সঙ্কোচ তাহার নাম জুগুপ্সা। ইহাতে নিষ্ঠীবন (থুঁতু ফেলা) মুখ কুটিলীকরণ এবং কুৎসন প্রভৃতি হইয়া থাকে॥

রতির অনুগ্রহ হইতে উৎপন্ন হয় বলিয়া ইহাকে জুগুপ্সা রতি বলে॥

যথা॥

যে অবধি আমার মন নব নব রসের আলয় স্বরূপ শ্রীকৃষ্ণ চরণারবিন্দে রমণ করিতে উদ্যত হইয়াছে, সেই অবধি নারী-সঙ্গম স্মরণ হওয়ায় আমার মুখবিকৃতি ও নিষ্ঠীবন হই-তেছে॥ ৩৯॥

রতিস্থাৎ প্রথমৈকৈব সপ্ত হাসাদয়স্তথা।
ইত্যষ্টৌ স্থায়িনো যাবদ্রসাবস্থাং নসংশ্রিতাঃ॥ ৪০॥
চেৎ স্বতন্ত্রা স্ত্রয়স্ত্রিংশত্তবেয়ুর্ব্যভিচারিণঃ।
ইহাষ্টৌ সাত্ত্বিকাশ্চেতে ভাবাখ্যা স্তানসংখ্যকাঃ॥ ৪১॥
কৃষ্ণান্বয়াদ্‌গুণাতীত প্রৌঢ়ানন্দময়া অপি।
ভান্ত্যমী ত্রিগুণোৎপন্ন সুখ দুঃখ ময়া ইব।

প্রথমা মুখ্যা যাবদিতি রসাবস্থায়াং তু রসা এবোচ্যন্তে ইত্যর্থঃ॥ ৪০॥

স্বতন্ত্রাঃ স্থায্যঙ্গতয়া রসাস্বতামাগতাশ্চেত্তবেয়ু স্তদা ব্যভিচারিণস্ত্রয়স্ত্রিংশৎ। তানা ঊনপঞ্চাশৎ তৎ সংখ্যকাঃ॥ ৪১॥

কৃষ্ণান্বয়াদিতাস্যায়মর্থঃ কৃষ্ণস্ফুরণময়ত্বাদ্ধর্ষাদয় স্তাবদপ্রাকৃত সুখময়া এব কিন্তু তদন্বয়াৎ বিষাদাদয়শ্চ তাদৃশ সুখময়া এব বক্তব্যাঃ। দুঃখময়ত্বেন

রতি প্রযুক্ত এক মুখ্যা রতি এবং হাসাদি সাত, এই আটটী স্থায়ীভাব রসাবস্থাকে আশ্রয় করে না॥ ৪০॥

যদি স্থায়ীভাবের অঙ্গরূপে রসবত্তা প্রাপ্ত হয়, তাহা হইলে তেত্রিশটী ব্যভিচারী এবং এই আটটী ও সাত্ত্বিক আটটী একত্র মিলিত হইয়া ভাব সংজ্ঞা লাভ করত ঊনপঞ্চাশৎ সংখ্যক হয়॥ ৪১॥

এই ঊনপঞ্চাশৎ ভাব কৃষ্ণস্ফূর্ত্তিময়ত্ব প্রযুক্ত গুণাতীত এবং অতিশয় আনন্দময় হইলেও ত্রিগুণোৎপন্ন সুখ দুঃখ বিশিষ্টের ন্যায় প্রকাশ পাইয়া থাকে॥

এই সকলের মধ্যে লজ্জা, বোধ এবং উৎসাহাদি সাত্ত্বিকের ন্যায় তথা গর্ব্ব, হর্ষ সুপ্তি ও হাসাদি রাজসের ন্যায়

তত্র স্ফুরন্তি হ্রীবোধোৎসাহাদ্যাঃ সাত্ত্বিকা ইব।
তথা রাজসবদ্গর্ব্ব হর্ষ সুপ্তি হসাদয়ঃ।
বিষাদ দীনতা মোহ শোকাদ্যা স্তামসা ইব ॥ ৪২ ॥
প্রায়ঃ সুখময়াঃ শীতা উষ্ণা দুঃখময়া ইহ।

তেষাং স্ফুরণন্তু তদপ্রাপ্ত্যাদি ভাবনা রূপেপোপাধিনোপাদানেনৈব জায়তে কৃষ্ণস্ফুরণন্তু তত্র নিমিত্ত মাত্রং ভক্তানামারত্যাং তৎ প্রাপ্ত্যাদয়স্ত্বাবশ্যকা এব প্রাপ্ত্যাদিষুচ জাতেষু তদ্ভাবনারূপস্যোপাধেরুপাদানস্যাপগমাদ্ধর্ষস্থ পোষণাচ্চ বুভুক্ষাদিবদ্বিষাদাদয়োঽপি সুখময়ত্বেনৈব স্ফুরন্তীতি দুঃখময়া ইব নতু দুঃখ ময়াঃ। তেচ ভক্তগতে সুখ দুঃখে অভক্তানাং ত্রিগুণোৎপন্নে এতে ইতি প্রতীত্যাস্পদে ভবতঃ বস্তু তস্তু ন তাদৃশে যথোক্তমেকাদশে। কৈবল্যং সাত্ত্বিকং জ্ঞানমিত্যাদৌ মন্নিষ্ঠং নির্গুণং স্মৃতমিতি ॥ ৪২ ॥

প্রায়ো বিতর্কে শীতা হর্ষাদয়ঃ। উষ্ণা বিষাদাদয়ঃ রতেঃ স্বত উষ্ণত্বন্তু উৎকণ্ঠা শঙ্কা প্রধানত্বাৎ। যথোক্তং। অদৃষ্টে দর্শনোৎকণ্ঠা দৃষ্টে বিচ্ছেদ

এবং বিষাদ, দীনতা, মোহ ও শোকাদি তামসের ন্যায় প্রকাশ পাইয়া থাকে ॥ ৪২ ॥

এ স্থলে শীত স্বরূপা হর্ষাদি ভাব প্রায় সুখময় এবং উষ্ণ স্বরূপ বিষাদাদি ভাব প্রায় দুঃখময় হয়, কিন্তু আশ্চর্য্য এই যে উষ্ণা রতি নিবিড় পরমানন্দ স্বরূপ ॥

তাৎপর্য্য, রতিতে উৎকণ্ঠা এবং শঙ্কার প্রাধান্য বলিয়া স্বভাবতই রতির উষ্ণত্ব হয়।

এই বিষয়ে প্রাচীনদিগের বাক্য এই যে, হে ভগবন্! তোমাকে দেখিতে না পাইলে দর্শনোৎকণ্ঠা উৎপন্ন হয় এবং দেখিতে পাইলে বিচ্ছেদের ভয় জন্মে অতএব তুমি দর্শন ও

চিত্রেয়ং পরমানন্দ সান্দ্রাপ্যুষ্ণা রতির্মতা ॥ ৪৩ ॥
শীতৈর্ভাবৈ র্বলিষ্ঠৈস্তু পুষ্টা শীতায়তেহসৌ।
উষ্ণৈস্তু রতিরত্যুষ্ণা তাপয়ন্তীব ভাসতে।
বিপ্রলম্ভে ততো দুঃখভরাভাসকৃদুচ্যতে ॥ ৪৪ ॥
রতির্দ্বিধাপি কৃষ্ণাদ্যৈঃ শ্রুতৈরবগতৈঃ স্মৃতৈঃ।

ভীরুতা নাদৃষ্টেন নদৃষ্টেন ভবতা লভ্যতে সুখমিতি ॥ ৫৩॥

শীতৈর্ভাবৈঃ শীতায়তে হর্ষাদিভিঃ সহাভেদং প্রাপ্নোতীত্যর্থঃ। উষ্ণৈরিতি স্বস্যাত্যুষ্ণত্বাভাবায় স্বয়ং তাপয়তি কিন্তূষ্ণৈ র্বিষাদাদিভি র্ভাবৈরত্যুষ্ণেব সতী তাপয়ন্তীব ভাসতে প্রতীয়তে বিয়োগাদ্যুত্থানাং তেষাং গুণা এব তস্যামারোপ্যন্ত ইত্যর্থঃ। যথাযোগরাজাদ্যাহ্বয়ং বহুগুণমৌষধং তত্তদনুপদ্রব্যৈরিবেতি ভাবঃ। আভাসত্বমাদ্যস্তয়োরস্থায়িত্বাৎ বিয়োগলক্ষণমুপাধিমন্বেব মধ্যেঽন্যথা প্রতীয়মানত্বাৎ ॥ ৪৪ ॥

মুখ্যা গৌণী বিভেদেন দ্বিধা অভিনয়াদৌ কৃষ্ণত্বাদিনাবগতৈঃ। যদ্ভিঃ

অদর্শনে কোন কালেই সুখ প্রদান কর না। ॥ ৪৩ ॥

উষ্ণা রতি বলিষ্ঠ শীতাদি ভাব দ্বারা পুষ্ট হইয়া শীতা হয় অর্থাৎ হর্ষাদির সহিত অভেদ প্রাপ্ত হয় এবং উষ্ণা রতি অত্যন্ত উষ্ণত্বের অভাব প্রযুক্ত স্বয়ং তাপ দিতে পারে না, কিন্তু বিষাদাদি অত্যুষ্ণ ভাবের সহিত মিলিত হইলে অত্যুষ্ণের ন্যায় হইয়া তাপ প্রদান করত প্রকাশ পাইয়া থাকে। অপর এই উষ্ণা রতি বিপ্রলম্ভে দুঃখাতিশয়ের আভাস মাত্র কারিণী হয় ॥ ৪৪ ॥

মুখ্য ও গৌণভেদে রতি দুই প্রকার হইলেও অভিনয়াদি

তৈর্বিভাবাদিতাং প্রাপ্তৈস্তদ্ভক্তেষু রসো ভবেৎ।
যথা দধ্যাদিকং দ্রব্যং শর্করামরিচাদিভিঃ।
সংযোজনবিশেষেণ রসালাখ্যো রসো ভবেৎ।
তদত্র সর্ব্বথা সাক্ষাৎ কৃষ্ণাদ্যনুভবাদ্ভুতঃ।
প্রৌঢ়ানন্দচমৎকারো ভক্তৈঃ কোঽপ্যনুরস্যতে।
স রত্যাদিবিভাবাদ্যৈরেকীভাবময়োঽপি সন্।
স্ফুরত্তদ্বিশেষশ্চ তত্তদ্ভেদতো ভবেৎ।
যথাচোক্তং॥
প্রতীয়মানাঃ প্রথমং বিভাবাদ্যাস্তু ভাগশঃ।
গচ্ছন্তো রসরূপত্বং মিলিতা যান্ত্যখণ্ডতাং।

প্রাপ্নুবন্তি॥ ৪৫॥

স্থলে কৃষ্ণাদি রূপে শ্রুত, অবগত এবং স্মৃত দ্বারা বিভাবাদি প্রাপ্ত হইয়া ঐ রতি কৃষ্ণভক্তে রসস্বরূপ হয়। যেমন দধ্যাদি দ্রব্যে শর্করা ও মরীচাদি ভাগ বিশেষে সংযোজন হইলে রসালা নামে রস হয়। সেই রূপ এখানে কৃষ্ণাদির সাক্ষাৎ অনুভব হেতু ভক্তগণকর্ত্তৃক সর্ব্ব প্রকারে কোন অদ্ভুত গাঢ় আনন্দ চমৎকার রস আস্বাদনীয় হয়। ঐ রস রতি এবং বিভাবাদির একভাব স্বরূপ হইলেও সেই সেই বিভাবাদির প্রকাশ হেতু তত্তৎ বিশেষ রূপে জ্ঞেয় হয়॥

এই বিষয়ে প্রাচীনদিগের মত যথা॥

প্রথমে বিভাবাদি ভাব ভিন্ন ভিন্ন রূপে প্রতীয়মান হয়, পরে একত্র মিলিত হইলে অখণ্ড রসরূপত্ব প্রাপ্ত হইয়া থাকে,

যথা মরীচখণ্ডাদেরেকীভাবে প্রপানকে ।
উল্লাসঃ কস্যচিৎ কাপি বিভাবাদেস্তথা রসে । ইতি ।
রতেঃ কারণভূতা যে কৃষ্ণকৃষ্ণপ্রিয়াদয়ঃ ।
স্তম্ভাদ্যাঃ কার্য্যভূতাশ্চ নির্ব্বেদাদ্যাঃ সহায়কাঃ ।
হিত্বা কারণকার্য্যাদিশব্দবাচ্যত্বমত্র তে ।
রসোদ্বোধে বিভাবাদিব্যপদেশত্বমাপ্নুয়ুঃ ॥ ৪৫ ॥
রতেস্তু তত্তদাস্বাদবিশেষায়াতিযোগ্যতাং ।
বিভাবয়ন্তী কুর্ব্বন্তীত্যুক্তা ধীরৈর্বিভাবকাঃ ॥ ৪৬ ॥

রতেস্থিতি। স্পষ্টতার্থমেবোক্তস্যাপ্যপকাদোঽয়ং বিভাবয়ন্তীত্যেব ব্যাচষ্টে রতেস্তু তত্তদাস্বাদ বিশেষায়াতিযোগ্যতাং কুর্ব্বন্তীতি পরত্রাপ্যেবমূহ্যেয়ং ॥ ৪৬ ॥

অর্থাৎ এক রসস্বরূপ হইয়া যায়, যেমন মরীচ ও শর্করা পানীয় দ্রব্যে একত্র মিশ্রিত হইলে কোথাও কাহারও সম্বন্ধে অন্য রূপ রস আস্বাদনীয় হয়, তদ্রূপ বিভাবাদির রস বিষয়ে আস্বাদ বিশেষ হইয়া থাকে ॥

যে সকল রতির কারণ স্বরূপ কৃষ্ণ এবং কৃষ্ণভক্তাদি, কার্য্য স্বরূপ স্তম্ভাদি ও সহায় রূপ নির্ব্বেদাদি, ইহারা সকল কার্য্য কারণ শব্দ বাচ্যাদি পরিত্যাগ করিয়া রসকালীন বিভাবাদি আখ্যা প্রাপ্ত হয় ॥ ৪৫ ॥

যে সকল ভাব রতির তত্তৎ আস্বাদ বিশেষে অতিশয় যোগ্যতা বিধান করে, পণ্ডিতগণ তাহাদিগকে বিভাব নামে কীর্ত্তন করেন ॥ ৪৬ ॥

তাঞ্চানুভাবয়ন্ত্যন্তস্তম্বন্ত্যা স্বাদনির্ভরাং।
ইত্যুক্তা অনুভাবাস্তে কটাক্ষাদ্যাঃ সসাত্ত্বিকাঃ ॥ ৪৭ ॥
সঞ্চারয়ন্তি বৈচিত্রীং নয়ন্তে তাং তথাবিধাং।
যে নির্ব্বেদাদয়ো ভাবাস্তে তু সঞ্চারিণো মতাঃ ॥ ৪৮ ॥
এতেষাস্তু তথাভাবে ভগবৎকাব্যনাট্যয়োঃ।
সেবামাহুঃ পরং হেতুং কেচিত্তৎপক্ষরাগিণঃ ॥ ৪৯ ॥
কিন্তু তত্র স্বতুস্তর্কমাধুর্য্যাদ্ভুতসম্পদঃ।

তাং বিভাবিতাং রতিমনুভাবয়ন্তি অন্তর্মনস্যাস্বাদনির্ভরাং তথন্তি কুর্ব্বন্তীতি স্বয়ন্তেস্তদ্রূপেণাতিবিকাশাৎ ॥ ৪৭ ॥

তথাবিধাং বিভাবিতামনুভাবিতাঞ্চ ॥ ৪৮ ॥

তথাভাবে বিভাবাদিত্বে ॥ ৪৯ ॥

অস্যাঃ শ্রীভগবৎসম্বন্ধিন্যা। অয়ং বক্ষ্যমাণঃ প্রকারঃ ॥ ৫০ ॥

অপর যে সকল সাত্ত্বিক কটাক্ষাদি ভাব পূর্ব্বোক্ত বিভাবিতা রতিকে মনোমধ্যে আস্বাদাতিশয় অনুভব করায়, একারণ তাহাদিগকে অনুভাব বলে ॥ ৪৭ ॥

যে সকল নির্ব্বেদাদি ভাব বিভাবিতা রতিকে সঞ্চার করে এবং বিচিত্রতা প্রাপ্ত করায় এ নিমিত্ত তাহারা সঞ্চারী ভাব বলিয়া সম্মত হয় ॥ ৪৮ ॥

ভগবৎ সম্বন্ধীয় কাব্য নাট্য শাস্ত্রানুরাগিগণ সেবাকেই পরম কারণ বলিয়া থাকেন অর্থাৎ যে ব্যক্তি যে রূপ সেবা করে তাহার সম্বন্ধে সেবারূপী ভাবোদয় হয় ॥ ৪৯ ॥

কিন্তু এস্থলে অতর্ক্য অদ্ভুত মাধুর্য্য সম্পদ্শালিনী এই

রতেরস্যাঃ প্রভাবোঽয়ং ভবেৎ কারণমুত্তমং ॥ ৫০ ॥
মহাশক্তিবিলাসাত্মা ভাবোঽচিন্ত্যস্বরূপভাক্।
রত্যাখ্য ইত্যয়ং যুক্তো নহি তর্কেণ বাধিতুং।
ভারতাদ্যুক্তিরেষা হি প্রাক্তনৈরপ্যুদাহৃতা ॥
যথোক্তমুদ্যমপর্ব্বণি ॥
অচিন্ত্যাঃ খলু যে ভাবা ন তাংস্তর্কেণ যোজয়েৎ।

নমু দেবতান্তররতিবদেবেয়মপি সৎকবিনিবদ্ধতয়াপি রসত্বং নাপদ্যেত কিমুত তাং বিনেত্যাশঙ্ক্যাহ মহাশক্তীতি। হ্লাদিনীবিলাসরূপঃ অতএবাচিন্ত্য-স্বরূপভাক্ যা খলু মোক্ষানন্দমপি তিরস্করোতি শ্রীভগবন্তমপ্যানন্দয়তীতি ভাবঃ। নহি তর্কেণ বাধিতুমিতি। কিন্তু শ্রীভাগবতাদিশাস্ত্রানুসার্য্যনুভবেনৈব গ্রহীতুং যুক্ত ইত্যর্থঃ। তর্কেণাবাধে হেতুমাহ। ভারতাদ্যুক্তিরেষা হি প্রাক্তনৈরপ্যুদাহৃতেতি। প্রাক্তনৈঃ শারীরকভাষ্যকারাদিভিঃ শাস্ত্রবিদ্ভিঃ। শাস্ত্রঞ্চেদং। এবং ব্রতঃ স্বপ্রিয়নাম কীর্ত্ত্যা জাতানুরাগো দ্রুতচিত্তউচ্চৈঃ। হসত্যথো রোদিতি রৌতি গায়ত্যুন্মাদবন্নৃত্যতি লোকবাহ্যঃ। কচিদ্রুদন্ত্যচ্যুতচিন্তয়া কচিদ্ধসন্তি নন্দন্তি বদন্ত্যলৌকিকাঃ। নৃত্যন্তি গায়ন্ত্যনুশীলয়ন্ত্যজং ভবন্তি তুষ্ণীং পরমেত্য নির্বৃতা ইত্যাদি ॥ ৫১ ॥

ভগবদ্বিষয়া রতির বক্ষ্যমাণ প্রকার উত্তম কারণ হয় ॥ ৫০ ॥

হ্লাদিনী শক্তির বিলাস রূপ হেতু এই অবিচিন্ত্য স্বরূপ বিশিষ্ট রতিনামক ভাবকে তর্কদ্বারা বাধিত করা উপযুক্ত নহে কারণ শারীরিক ভাষ্যকার শাস্ত্রজ্ঞ শ্রীমৎ শঙ্করাচার্য্য প্রভৃতি পণ্ডিতবর্গও ভরতাদি মুনির উক্তি উদাহরণ করিয়াছেন ॥

উদ্যমপর্ব্বে উক্তি যথা ॥

অচিন্ত্য ভাব সকলকে তর্ক দ্বারা যোজনা করিবে না।

প্রকৃতিভ্যঃ পরং যচ্চ তদচিন্ত্যস্য লক্ষণমিতি ॥ ৫১ ॥
বিভাবতাদীনীত্মীয় কৃষ্ণাদীন্মঞ্জুলা রতিঃ।
এতৈরেব তথাভূতৈঃ স্বসম্বর্দ্ধরতে স্ফুটং।
যথা স্বৈরেব সলিলৈঃ পরিপূর্য্য বলাহকান্।
রত্নালয়ো ভবত্যেভি র্বৃষ্টৈ স্তৈরেব বারিধিঃ ॥ ৫২ ॥
নবে রত্যঙ্করে জাতে হরিভক্তস্য কস্যচিৎ।
বিভাবত্বাদিহেতুত্বং কিঞ্চিৎ কাব্যনাট্যয়োঃ ॥ ৫৩ ॥

প্রভাবমেব বিবৃণোতি বিভাবতাদীনিতি শেষঃ। তথা ভূতৈর্বিভাবাদিত্বং প্রাপ্তৈঃ ॥ ৫২ ॥

তর্হি কাব্যনাট্যয়ো র্বৈয়র্থ্যং স্যাত্তত্রাহ নব ইতি। হরিভক্তস্য কস্যচিৎ কাব্যাদ্যর্থচর্ব্বণবিজ্ঞস্য। ইত্যধিকরণে সম্বন্ধবিবক্ষা। তত্র হর্য্যাশ্রয়কাব্যনাট্যয়োর্বিভাবতাদিকারণত্বং স্যাৎ তচ্চ কিঞ্চিৎ স্যাৎ। জাতরতৌ তু প্রকারান্তরস্যাপি যথা তৎকারণত্বং ন তথেত্যর্থঃ ॥ ৫৩ ॥

যাহা প্রকৃতির পর অর্থাৎ অপ্রাকৃত তাহার নাম অচিন্ত্য ॥৫১

মনোহরা রতি কৃষ্ণাদিকে বিভাবতা প্রাপ্ত করাইয়া ঐ কৃষ্ণাদি বিভাবের সহিত স্পষ্টরূপে আপনাকে বর্দ্ধিত করে। যেমন রত্নাকর আপনার সলিল দ্বারা মেঘ সকলকে পূর্ণ করিয়া পরে ঐ মেঘ সকলের বৃষ্ট জলের সহিত আপনাকে বারিধি রূপে বিধান করে, তদ্রূপ ॥ ৫২ ॥

যদি বল কাব্য নাট্যের ব্যর্থতা হইল, তাহার সমাধান এই যে, কাব্যাদির অর্থ চর্ব্বণাভিজ্ঞ কোন হরিভক্তের নূতন রত্যঙ্কুর উৎপন্ন হইলে তৎসম্বন্ধে হর্য্যাশ্রিত কাব্য নাট্যের বিভাবাদি কিঞ্চিৎ কারণ স্বরূপ হয় ॥ ৫৩ ॥

হরেরীষচ্ছ্রুতিবিধৌ রসাস্বাদঃ সতাং ভবেৎ।
রতেরেব প্রভাবোঽয়ং হেতুস্তেষাং তথাকৃতৌ ॥ ৫৪ ॥
মাধুর্য্যাদ্যাশ্রয়ত্বেন কৃষ্ণাদীংস্তনুতে রতিঃ।
তথানুভূয়মানাস্তে বিস্তীর্ণাং কুর্ব্বতে রতিং।
অতস্তস্য বিভাবাদিচতুষ্কস্য রতেরপি।
অত্র সাহায়কং ব্যক্তমিথোঽজস্রমবেক্ষ্যতে ॥ ৫৫ ॥

ন্তর্হি কথমারূঢ়ভাবেষু তত্তদপ্রয়োজকং স্যাৎ নেত্যাহ হরেরিতি। ঈষৎ শ্রুতিবিধাবপি স্যাৎ। তাভ্যাং তত্তদনুভবপ্রাচুর্য্যে সুতরামেবেতি ভাবঃ। শ্রীহনুমদাদীনাং নিত্যমেব রামায়ণশ্রবণপ্রসিদ্ধেঃ। নৈযাতিতৃঃসহা ক্ষুন্মা- মিত্যাদি শ্রীপরীক্ষিৎপ্রভৃতিবচনাৎ। তব কথামৃতং তপ্তজীবনং কবিভি- রীড়িতমিতি শ্রীব্রজদেবীনামভিলাষাচ্চ। নচ তেন বিনা তেষু তদুৎপত্তি- র্ন সম্ভাব্যেত্যাশঙ্ক্যাহ তেষাং কারণাদীনাং তথাকৃতৌ বিভাবত্বাদিপ্রাপণে হেতুরয়ং পূর্ব্বোক্তবতেঃ প্রভাব এব স্যাৎ ॥ ৫৪ ॥

তনুতে প্রকাশয়তি ॥ ৫৫ ॥

তবে কি প্রকারে আরূঢ় ভাব সকল কাব্য নাট্যাদির কারণত্ব না হইবে, উত্তর এই যে, হরির ঈষৎ শ্রবণ মাত্রে সৎসকলের রসাস্বাদ হয়, কৃষ্ণাদির বিভাবত্বাদি নির্ব্বাহে রতিরই প্রভাব হেতু হইয়া থাকে ॥ ৫৪ ॥

রতি মাধুর্য্যাদির আশ্রয় প্রযুক্ত কৃষ্ণাদিকে প্রকাশ করে এবং কৃষ্ণাদিও অনুভব গোচর হইয়া রতিকে বিস্তীর্ণ করিয়া থাকেন। অতএব বিভাবাদি চতুষ্টয় এবং রতি এই উভয়ের এস্থলে নিরন্তর সহায়ত্ব দৃষ্ট হয় ॥ ৫৫ ॥

কিন্ত্বেতস্যাঃ প্রভাবোঽপি বৈরূপ্যে সতি কুঞ্চতি।
বৈরূপ্যন্তু বিভাবাদেরনৌচিত্যমুদীর্য্যতে ॥ ৫৬ ॥
অলৌকিক্যা প্রকৃত্যেয়ং সুদুরূহা রসস্থিতিঃ।
যত্র সাধারণতয়া ভাবাঃ সাধু স্ফুরন্ত্যমী।
এষাং স্বপরসম্বন্ধনিয়মানির্ণয়ো হি যঃ।

বিভাবাদেরিতি বিভাবোঽত্র শ্রীকৃষ্ণভক্তবিশেষঃ শ্রীকৃষ্ণশ্চ তদাদের্বৈরূপ্যমনুপযুক্তাবস্থত্বং ॥ ৫৬ ॥

অথ তাদৃশীরতিরেব প্রাচীনভক্তানাং ভাবৈঃ সহার্ব্বাচীনানাং ভাবান্ সাধারণ্যমানয়তি যেন রসস্থিতিরপি তাদৃশী স্যাদিত্যাহ অলৌকিক্যেত্যাদিনা প্রতিপদ্যত ইত্যন্তেন। ভাবা অত্র বিভাবাদয়ো রত্যাদয়শ্চ। যদুক্তং। ব্যাপারোঽস্তি বিভাবাদের্নাম্না সাধারণী কৃতিঃ। তৎপ্রভাবাৎ পরস্যাসন্ পাথোধিপ্লবনাদয়ঃ। উৎসাহাদিসমুদ্বোধঃ সাধারণ্যাভিমানতঃ। নৃণামপি সমুদ্রাদিলঙ্ঘনাদৌ ন দুষ্যতি। সাধারণ্যেন রত্যাদিরপি তদ্বৎ প্রতীয়তে। পরস্য ন পরস্যেতি মমেতি ন মমেতি চ। তদাস্বাদের্বিভাবাদেঃ পরিচ্ছেদো ন বিদ্যতে। ইতি প্লবনাদয়স্তাদৃশচেষ্টাঃ রত্যাদেরপি স্বাত্মগতত্বেন ব্রীড়াতঙ্কাদির্ভিবেৎ। পরগতত্বেন রসতা ন স্যাদিতি ভাবঃ। মুনিবাক্যেতু ভেদাংশঃ স্বয়মস্ত্যেবেত্য-

---

রতির বিরূপতা ঘটিলে তদীয় প্রভাব সঙ্কুচিত হয় কিন্তু কৃষ্ণভক্ত এবং শ্রীকৃষ্ণ রূপ বিভাবাদির বৈরূপ্য উপযুক্ত হয় না, সুতরাং তাঁহাদের সঙ্কোচ নাই ॥ ৫৬ ॥

অলৌকিকী প্রকৃতি দ্বারা এই সুদুরূহা রসস্থিতি হয়, যে রসস্থিতিতে সামান্যাকারে স্পষ্ট রূপে ভাব সকল স্ফূর্ত্তি পাইয়া থাকে। এই ভাব সকলের স্বরূপ সম্বন্ধের যে অনির্ণয়

সাধারণ্যং তদেবোক্তং ভাবানাং পূর্ব্বসূরিভিঃ ॥
তদুক্তং শ্রীভরতেন ॥
শক্তিরস্তি বিভাবাদেঃ কাপি সাধারণী কৃতৌ।
প্রমাতা তদভেদেন স্বং যয়া প্রতিপদ্যতে ॥ ৫৭ ॥
দুঃখাদয়ঃ স্ফুরন্তোঽপি জাতু স্বীয়তয়া হৃদি।
প্রৌঢ়ানন্দচমৎকারচর্ব্বণামেব তন্বতে।
পরাশ্রয়তয়াপ্যেতে জাতু ভান্তঃ সুখাদয়ঃ।

ভেদাংশ এবতু বিভাবাদেঃ শক্তিরিতি ভাবঃ ॥ ৫৭ ॥
অন্যামপি সুহৃন্নিহতাং দর্শয়তি দুঃখাদয় ইতি দ্বাভ্যাং। তাদৃগ্ঘ নির্ণয়েঽপি সতি যদা দুঃখাদয়ঃ স্বীয়তাপি স্ফুরন্তি যদাচ সুখাদয়ঃ পরাশ্রয়তয়াপি স্ফুরন্তি তদাপীতি যোজ্যং। দুঃখাদীনাং প্রৌঢ়ানন্দপ্রাপণন্তু দুঃখাদিশান্তিপূর্ব্বকমায়ত্যাং সুখাদয়স্তত্র সমুদ্ভূতা ইতি তৎ কাব্যাদ্বক্তৃ মুখাদ্বা সংক্ষেপাচ্ছ্রুতস্য তৎ শ্রবণাদিসময়েঽপ্যন্তরনুসন্ধানং বর্ত্তত এবেতি যথা শ্রীসীতাহরণাদাবিত্যভিপ্রায়ঃ। তন্ন চেৎ। ন বিনা বিপ্রলম্ভেন সম্ভোগঃ পুষ্টিমশ্নুতে ইতি নোপ-

---

পূর্ব্ব পণ্ডিতগণ তাঁহাকে সাধারণ বলিয়া উল্লেখ করিয়াছেন ॥
ভরতমুনির উক্তি যথা ॥

ক্রিয়াতে বিভাবাদির কোন সাধারণী শক্তি আছে, প্রমাণ কর্ত্তা ঐ শক্তি দ্বারা বিভাবাদির সহিত আপনাকে অভেদ রূপে প্রতিপন্ন করেন ॥ ৫৭ ॥

কদাচিৎ যদি হৃদয় মধ্যে দুঃখাদি স্বীয় রূপে স্ফূর্ত্তি প্রাপ্ত হয়, তাহা হইলে ঐ দুঃখাদি গাঢ় আনন্দ চমৎকারের চর্ব্বণকে বিস্তার করে,আর কদাচিৎ যদি হৃদয়ে পরাশ্রয় রূপে সুখাদি

হৃদয়ে পরমানন্দ সন্দোহমুপচিন্বতে ॥ ৫৮ ॥
সদ্ভাবশ্চেদ্বিভাবাদেঃ কিঞ্চিন্মাত্রস্য জায়তে।
সদ্যশ্চতুষ্টয়াক্ষেপাৎ পূর্ণ তৈবোপপদ্যতে ॥ ৫৯ ॥
কিঞ্চ ॥
রতিঃ স্থিতানুকার্য্যেষু লৌকিকত্বাদিহেতুভিঃ।

পদ্যতে ॥ ৫৮ ॥

তস্যা রতেরন্তমপি প্রভাবং দর্শয়তি শ্রীকৃষ্ণলীলা পরিকর গত বিভাবাদেঃ কিঞ্চিন্মাত্রস্যাপি সদ্ভাবশ্চেজ্জায়তে আধুনিক তত্তৎ সবাসন ভক্তানাং হৃদ্যাবির্ভবতি তদা বিভাবানুভাব সাত্ত্বিক সঞ্চারিণ ইতি চতুষ্টয়স্যাবিদ্যমানস্যাক্ষেপাৎ স্ফোর ণাৎ পূর্ণতৈবোপপদ্যতে সিদ্ধ্যতীত্যর্থঃ ॥ ৫৯ ॥

তদেবং মনসা তদনুভবিতৃণাং রসমুপপাদ্য সাক্ষাত্তদনুভবিতৃণাং রসমুপপাদয়িষ্যন্নভ্যুপগমবাদেন বিরোধি মতমুত্থাপয়তি রতিরিতি। নাট্যজ্ঞা ইত্যুপলক্ষণং কাব্যমাত্র জ্ঞানাং। তেচ লৌকিকা এব তেষাং রসোৎপত্তৌ ত্রিবিধ জনাঃ পরিকরাঃ দৃশ্যকাব্যে তাবদনুকার্য্যা নলাদয়ঃ অনুবর্ত্তারো নটা দ্রষ্টারঃ সামাজিকাঃ তথা শ্রব্যকাব্যেচ ক্রমেণ তে শ্রোতব্য বক্তৃশ্রোতারঃ। তত্রানুকার্য্যশ্রোতব্যয়ো রসনিষ্পত্তিং ন তে মন্যন্তে লৌকিকত্বাৎ পারি-

---

স্ফূর্ত্তি প্রাপ্ত হয়, তাহা হইলে ঐ সুখাদি পরমানন্দের সন্দোহকে বর্দ্ধিত করে ॥ ৫৮ ॥

শ্রীকৃষ্ণলীলা পরিকর গত বিভাবাদির যদি কিঞ্চিন্মাত্রেরও সদ্ভাব সম্পন্ন হয় অর্থাৎ যদি আধুনিক তত্তদ্বাসনাযুক্ত ভক্তের হৃদয়ে সদ্ভাব আবির্ভাব হয়, তাহা হইলে তৎক্ষণাৎ বিভাব, অনুভাব, সাত্ত্বিক এবং সঞ্চারী এই চতুষ্টয়ের স্ফূর্ত্তি হেতু ঐ সদ্ভাব সিদ্ধ হইয়া থাকে ॥ ৫৯ ॥

লৌকিক হেতু প্রযুক্ত অনুকরণ কার্য্যে রতির স্থিতি হইলে

রসঃ স্যান্নেতি নাট্যজ্ঞা যদাহুর্যুক্তমেব তৎ ॥ ৬০ ॥
অলৌকিকীত্বিয়ং কৃষ্ণরতিঃ সর্ব্বাদ্ভুতাদ্ভুতা।
যোগে রস বিশেষত্বং গচ্ছন্ত্যেব হরিপ্রিয়ে।

মিত্যাত্তয়াদি সম্ভবাচ্চ। নচানুকর্ত্তৃবক্তে্যা জীবিকার্থং তত্তদনুকরণাৎ। কিন্তু দ্রষ্টৃশ্রোত্রো রসং মন্যান্তে তেষাং নিবন্ধচাতুর্য্যেণ তত্তচ্চরিতস্যালৌকিকত্বাদি প্রাপ্তেঃ। তত্রচ সবাসনেষ্বেব। ন চ জরন্মীমাংসকাদিষু। তদেত দভ্যুপগচ্ছন্নাহ যুক্তমেবেতি। কিন্তু লোকাতীনানন্ত গুণাঃ শ্রীরামসীতাদয়োঽপি যন্নিজানুকার্য্যাদিষু প্রবেশ্যান্তে তত্র যুক্তমিতি ভাবঃ। তথানু কর্ত্তৃবক্ত্যো যদি সবাসনত্বং স্যাত্তদা তেষাম্বা কথং ন স্যাদিতি চ ॥ ৬০ ॥

অথ তত্রৈব স্বমতানুকার্য্যাদিষপি রসমুপপাদয়তি অলৌকিকীত্বিতি মোক্ষানন্দস্যাপি তিরস্কারিত্বাৎ সর্ব্বানন্দ মূলস্য শ্রীভগবতোপ্যানন্দকত্বাৎ সর্ব্বেতি শ্রীভগবৎ প্রাদুর্ভাবান্তরাণাং রতিতোঽপি পরমাধিক্যাৎ। তচ্চ স্বয়ং শ্রীকৃষ্ণেন তদ্ভক্তবরেণচ যন্মর্ত্ত্য লীলোপয়িকমিত্যাদ্যনুভবাৎ। হরিপ্রিয়ে সাক্ষাত্তদনুভবিতরি তল্লীলাপরিকরে রতেঃ পরমাশ্রয়ে। ননু দুঃখময়বিয়োগে তেষাং কথং রসঃ স্যাৎ রসস্য পরমানন্দময়ত্বাৎ তত্রাহ বিয়োগেত্বিতি। অদ্ভুতানন্দ বিবর্ত্তত্বং স্বতঃ পরমানন্দস্বরূপত্বাৎ সর্ব্বানন্দমূল শ্রীভগবদালম্বনত্বাচ্চ। প্রগাঢ়ার্ত্তি ভরাভাসত্বং বিয়োগে জ্ঞানপরিণামদুঃখস্য তস্যামধ্যাসাত্তস্যাস্তু তত্রনিমিত্তত্বাং অত্রতু দুঃখস্যাপি দৃঢ় প্রত্যাশয়া তিরস্কৃতত্বাদিতি ভাবঃ। বিবর্ত্তো-

---

তাহাতে রস উৎপন্ন হয় না, নাট্যজ্ঞেরা এই যাহা বলিয়া থাকেন তাহা যুক্তি সঙ্গত বটে ॥ ৬০ ॥

এই কৃষ্ণরতি অলৌকিকী, সমুদায় অদ্ভুত হইতেও অদ্ভুত, ইহা হরিপ্রিয় ব্যক্তিতে যোগ হইলে রস বিশেষত্ব প্রাপ্ত হয় এবং বিয়োগ হইলে অতিশয় আনন্দের বিবর্ত্তত্ব অর্থাৎ

বিয়োগেঘদ্ভুতানন্দ বিবর্ত্তত্বং দধত্যপি ।
তনোত্যেষা প্রগাঢ়ার্ত্তিভরাভাসত্বমূর্জ্জিতা ॥ ৬১ ॥
তত্রাপি বল্লবাধীশনন্দনালম্বনা রতিঃ ।
সান্দ্রানন্দ চমৎকার পরমাবধিরিষ্যতে ।
যৎসুখৌঘলবাগস্ত্যঃ পিবত্যেব স্বতেজসা ।
রমেশমাধুরী সাক্ষাৎ কারানন্দাব্ধিমপ্যলং ॥ ৬২ ॥

হ্বত্র পরীপাকঃ তস্যাঃ স্বরূপানন্দাথা ভাবে হেতুঃ । উর্জ্জিতেতি অন্যথা ভাবে সা ত্যজ্যেতৈব নতু ত্যক্তুং শক্যেতেতি তদুক্তং শ্রীব্রজদেবীভিঃ স্বয়মেব । আশাহি পরমং দুঃখমিত্যাদ্যনন্তরং তজ্জানতীনাং নঃ কৃষ্ণে তথাপ্যাশা দুরত্যয়েতি ॥ ৬১ ॥

তদেবং সামান্যতঃ শ্রীকৃষ্ণরতেঃ সর্ব্বোৎকর্ষমুক্ত্বা শ্রীমদ্‌জগতাস্যাস্ত বৈশিষ্ট্যমাহ তত্রাপীতি দ্বাভ্যাং যৎসুখৌঘলবেতি রমেশোহত্র শ্রীরুক্মিণী নাথত্বাবস্থঃ স এব । তদেতত্তু হরিঃ পূর্ণতমেত্যাদৌ তত্রাপ্যেকান্তিনাং শ্রেষ্ঠা ইত্যাদৌচ সুষ্ঠু ব্যাখ্যাতমেব ॥ ৬২ ॥

পরিপাক ধারণ করিয়া এই রতি প্রগাঢ় দুঃখভরের আভাসত্ব বিস্তার করে ॥ ৬১ ॥

তন্মধ্যে আবার নন্দনন্দনাশ্রিতা রতি নিবিড় আনন্দ চমৎকারের পরম সীমা পর্য্যন্ত আরোহণ করিয়া থাকে । কারণ যে বৃন্দাবনচন্দ্রের সুখ সমূহের লেশরূপী অগস্ত্য স্বীয় তেজে রুক্মিণীনাথের মাধুরী সাক্ষাৎকার রূপ আনন্দ সমুদ্রকে তুচ্ছ জ্ঞান করিয়া পান করিয়াছেন অর্থাৎ নন্দনন্দনের মাধুর্য্য রুক্মিণীনাথের মাধুর্য্যকে তিরোহিত করিয়াছে ॥ ৬২ ॥

কিঞ্চ ॥

পরমানন্দ তাদাত্ম্যাদ্রত্যাদেরস্য বস্তুতঃ।
রসস্য স্বপ্রাশত্বমখণ্ডত্বঞ্চ সিদ্ধ্যতি।
পূর্ব্বমুক্তাদ্দ্বিধা ভেদান্মুখ্যগৌণতয়া রতেঃ।
ভবেদ্ভক্তিরসোপ্যেষ মুখ্যগৌণতয়া দ্বিধা।
পঞ্চধাপি রতেরৈক্যান্মুখ্যস্ত্বেক ইহোদিতঃ।
সপ্তধাত্র তথা গৌণ ইতি ভক্তিরসোঽষ্টধা ॥ ৬৩ ॥

পরমানন্দতাদাত্ম্যাদিতি পরমানন্দোঽত্র হ্লাদিনীশক্তিঃ। তত্র রতিস্তন্মূলা। কৃষ্ণরূপো বিভাবস্তু শক্তি শক্তিমতো রেকাত্মকত্বাত্তচ্ছক্ত্যাত্মকঃ। ভক্তরূপো রত্যাবিষ্টঃ। অনুভাবা ব্যভিচারিণশ্চ তদ্বৎ ইতি রত্যাদেস্তু তত্তাদাত্ম্যপ্রাপ্তিঃ। তদেবং পরমানন্দতাদাত্ম্যাদ্ধেতোরিত্যর্থঃ। ততশ্চ পূর্ব্ব দর্শিতমোক্ষানন্দ তিরস্কারি শ্রীভগবদ্বশীকারি মহানন্দতয়া বস্তুতো মূলাংশ বিচারে সতি স্বপ্রকাশত্বং মম আদ্যনধীনত্ব প্রকাশত্ব মখণ্ডত্ব মনন্যস্ফূর্ত্তিময়ত্বঞ্চ সিদ্ধ্যতীতি বিবক্ষিতং ॥ ৬৩ ॥

আরও বলি ॥

বস্তুতঃ হ্লাদিনী শক্তির সহিত তাদাত্ম্য প্রযুক্ত রত্যাদি অর্থাৎ রতি প্রেম স্নেহাদি রসের স্বপ্রকাশত্ব এবং অখণ্ডত্ব সিদ্ধ হয় ॥

পূর্ব্বে মুখ্য গৌণ ভেদে রতির দুই প্রকার উল্লেখ করা হইয়াছে অতএব এই ভক্তি রসও মুখ্য ও গৌণ ভেদে দুই প্রকার হয় অর্থাৎ মুখ্য ভক্তিরস ও গৌণভক্তিরস। রতির ঐক্য প্রযুক্ত পাঁচপ্রকার ভেদ থাকিলেও মুখ্য এক এবং গৌণ সাত, এই উভয়ে মিলিত হইয়া ভক্তিরস আট প্রকার হয়॥৬৩

তত্র মুখ্যঃ॥

মুখ্যস্তু পঞ্চধা শান্তঃ প্রীতঃ প্রেয়াংশ্চ বৎসলঃ।
মধুরশ্চেত্যমী জ্ঞেয়া যথাপূর্ব্বমনুত্তমাঃ॥

অথ গৌণঃ॥

হাস্যোদ্ভুতস্তথা বীরঃ করুণো রৌদ্র ইত্যপি।
ভয়ানক সবীভৎস ইতি গৌণশ্চ সপ্তধা॥ ৬৪॥

এবং ভক্তিরসোভেদাদ্বয়োর্দ্বাদশধোচ্যতে।
বস্তু তস্তু পুরাণাদৌ পঞ্চধৈব বিলোক্যতে॥ ৬৫॥

শ্বেতশ্চিত্রোরুণঃ শোণঃ শ্যামঃ পাণ্ডুরপিঙ্গলৌ।

অনুত্তমাঃ কনিষ্ঠাঃ॥ ৬৪॥

পঞ্চধৈবেতিহাসাদীনাং ব্যভিচাবিষু পর্য্যবসানাৎ॥ ৬৫॥

যশসঃ শুক্লত্ববৎ কবিসময়ানুরূপ্যেণ মন আদীনাং চন্দ্রাদিবত্তত্তদধিষ্ঠাতৃ

তন্মধ্যে মুখ্যভক্তিরস যথা॥

মুখ্যভক্তিরস পঞ্চ প্রকার। যথা শান্ত, প্রীত, প্রেয়, বৎসল ও মধুর কিন্তু এই পাঁচের পর্ব্ব পূর্ব্বকে কনিষ্ঠ জানিতে হইবে॥

অথ গৌণ॥

গৌণ ভক্তিরস সাত প্রকার যথা-হাস্য, অদ্ভুত, বীর, করুণ, রৌদ্র, ভয়ানক ও বীভৎস॥ ৬৪॥

এইরূপ মুখ্য গৌণ ভেদে ভক্তিরস দ্বাদশ প্রকার হয়, কিন্তু পুরাণাদিতে পাঁচ প্রকারই দৃষ্ট হইয়া থাকে॥ ৬৫॥

উক্ত দ্বাদশ রসের দ্বাদশ প্রকার বর্ণ যথা। শ্বেত, চিত্র,

গৌরো ধূম্র স্তথা রক্তঃ কালো নীলঃ ক্রমাদমী ॥ ৬৬ ॥
কপিলো মাধবোপেন্দ্রো নৃসিংহো নন্দনন্দনঃ।
বলঃ কূর্ম্ম স্তথাকল্কী রাঘবো ভার্গবঃ কিরিঃ।
মীন ইত্যেষু কথিতাঃ ক্রমাদ্দ্বাদশ দেবতাঃ।
পূর্ত্তে র্বিকার বিস্তার বিক্ষেপ ক্ষোভত স্তথা।
সর্ব্বভক্তিরসাস্বাদঃ পঞ্চধা পরিকীর্ত্তিতঃ ॥ ৬৭ ॥
পূর্ত্তিঃ শান্তে বিকাশস্তু প্রীতাদিষ্বপি পঞ্চসু।

মূর্ত্তিভেদেন বা তেষাং রূপকল্পনামাহ শ্বেত ইত্যাদি ॥ ৬৬ ॥

অত্র ভগবৎ সম্বন্ধিনামেতেষাং রসানাং চন্দ্রাদীনামনিরুদ্ধাদিবদন্তর্যামিত্বেন ভগবদবতারা এব জ্ঞেয়া ইত্যাহ কপিলো মাধবোপেন্দ্রাবিতি কিরির্বরাহঃ মীন-স্থানে বুদ্ধো বা পঠনীয়ঃ তচ্চেষ্টায়া অরোচকত্বাৎ মীনস্য সচ্চিদানন্দ বিগ্রহত্বাৎ ॥ ৬৭ ॥

পঞ্চস্বিতি হাস্য সাহিত্যাদ্যুক্তং উগ্রো রৌদ্রঃ ॥ ৬৮ ॥

অরুণ, রক্ত, শ্যাম, পাণ্ডুর, পিঙ্গল, গৌর, ধূম্র, রক্ত, কাল, এবং নীল ॥ ৬৬ ॥

দ্বাদশ রসের দ্বাদশ অধিষ্ঠাতৃদেবতা যথা ॥

কপিল, মাধব, উপেন্দ্র, নৃসিংহ, নন্দনন্দন, বলরাম, কূর্ম্ম, কল্কী, রাঘব, ভার্গব, বরাহ এবং মীন ॥

পূর্ত্তি, বিকাশ, বিস্তার, বিক্ষেপ ও ক্ষোভ হেতু সকল ভক্তিরসের আস্বাদ পঞ্চধা রূপে পরিকীর্ত্তিত হয় ॥ ৬৭ ॥

শান্তরসে পূর্ত্তি, প্রীতাদি হাস্য পর্য্যন্ত পঞ্চরসে বিকাশ, বীর ও অদ্ভুতরসে বিস্তার, করুণ ও উগ্র রসে বিক্ষেপ এবং

বীরেঽদ্ভুতেচ বিস্তারো বিক্ষেপঃ করুণোগ্রয়োঃ।
ভয়ানকোঽথ বীভৎসে ক্ষোভো ধীরৈরুদাহৃতঃ।
অথণ্ডসুখরূপত্বেপ্যেষামস্তি ক্বচিৎ ক্বচিৎ।
রসেষু গহনাস্বাদ বিশেষঃ কোঽপ্যনুত্তমঃ॥ ৬৮॥
প্রতীয়মানা অপ্যজ্ঞৈ গ্রাম্যৈঃ সপদি দুঃখবৎ।

অত্র তাবৎ পঞ্চবিধা জনাঃ পরামৃশ্যন্তে ভাব্যভক্তাঃ ভাবকভক্তাঃ প্রাজ্ঞা অজ্ঞা গ্রাম্যাশ্চেতি। তত্র কশ্চিদাশঙ্কতে নহু বিয়োগে যথা রসতা স্থাপিতা তথা প্রতীয়তে স্ম কিন্তু ন করুণ-ভয়ানক-বীভৎসেষু পুনঃ প্রতীয়তে তত্র করুণে বিযোগ ইব লীলা পরিকর লক্ষণ ভাব্যভক্তানাং তৎ প্রাপ্ত্যাশয়া ব্যত্যয়াৎ ভয়ানকে ভয়েনাচ্ছাদনাদ্বীভৎসে চাস্বদ্য স্ফূর্ত্যা হৃদ্যাকৃষ্ণাদিস্ফুরণাচ্ছাদনাদানন্দ স্বরূপ রস প্রতিযোগি দুঃখমেব স্ফুরতি অতএব তদিতরেষাং ভাবক ভক্তানাং বৈরস্যাপত্তিঃ স্যাদিতি তত্রাহ প্রতীয়মানা ইতি অজ্ঞৈঃ শাস্ত্রান্তর বিজ্ঞত্বেঽপি রসশাস্ত্রানভিজ্ঞত্বাত্তত্তাব্য ভাবক ভক্তানাং তত্তদ্রসাক্রান্ত চিত্তানাং মর্ম্ম বোদ্ধুমসমর্থৈ স্তথা গ্রাম্যৈঃ পশু নির্বিশেষৈঃ সপদি তাৎকালিক দৃষ্টিমাত্র পারবশ্যাদ্দুঃখবৎ প্রতীয়মানা অপি ভাব্যভাবক ভক্তাস্বাদ্যাঃ করুণাদ্যাঃ রসাঃ প্রাজ্ঞৈঃ রসচর্ব্বণায়ামসমর্থত্বেঽপি রসশাস্ত্রতাৎপর্য্যবিজ্ঞৈঃ প্রৌঢ়ানন্দময়া

ভয়ানক ও বীভৎসে ক্ষোভ, পণ্ডিতগণ এই রূপ বিধান করিয়া থাকেন॥

শান্তাদি ভাব সকলের অথণ্ড সুখ রূপত্ব হইলেও রস বিষয়ে কোন উত্তম নিবিড় আস্বাদ বিশেষ হইয়া থাকে॥৬৮॥

অজ্ঞ গ্রাম্য লোক কর্ত্তৃক করুণাদি রস সকল আশু দুঃখরূপে প্রতীয়মান হইলেও প্রাজ্ঞব্যক্তিগণ তৎ সমুদায়কে

করুণাদ্যা রসাঃ প্রাজ্ঞৈঃ প্রৌঢ়ানন্দময়া মতাঃ ॥ ৬৯ ॥
অলৌকিকবিভাবত্বং নীতেভ্যো রতিলীলয়া।
সদুক্ত্যাচ সুখং তেভ্যঃ স্যাৎ সুব্যক্তমিতি স্থিতিঃ ॥ ৭০ ॥

মতাঃ ॥ ৬৯ ॥

তদেবমজ্ঞান্ প্রাগ্যাংশ্চ নিন্দিত্বা বসনিষ্পত্তৌ প্রাজ্ঞমতেন যুক্তিং দর্শয়তি অলৌকিকেতি অত্র নীতেভ্য স্তেভ্য ইতি বহুবচনং স্পষ্টতার্থং ত্রিভিরেক বচনৈঃ পৃথক্কৃত্য ব্যাখ্যেয়ং। তত্র ককণেঽনিষ্টা শঙ্কাময়ত্বাদ্বিয়োগাদ্বিল-ক্ষণেঽবলোক্য ফণীন্দ্রযন্ত্রিতমিত্যাদি ভাব্য ভক্তানুভবেনাবিয়োগে বিয়োগ জ্ঞানজমিবাধ্যস্তং যদনিষ্টাশঙ্কাময়ং দুঃখং তন্ময়েঽপি বতিলীলয়া স্বতঃ পবমা-নন্দ রূপায়া রতে র্লীলয়া তত্তৎ কাব্য প্রশস্ত ভাব্য ভক্তেষু সর্ব্বজ্ঞ শতবাপি খণ্ডিতঃ পূর্ব্ব পূর্ব্ববৎ প্রাপ্ত সম্ভাবনাতশ্চাশাময্যা বৃত্ত্যা তথা সদুক্ত্যা ভাবক ভক্তেষু প্রথম সূচিতাঽবসান বিস্তৃত মঙ্গলময্যা সদ্রচনা রূপযা সতাং বক্তৃণাং তাদৃশুক্ত্যা চালৌকিক বিভাবত্বং লোক চমৎকারকাবি বিভাবাদি স্ফূর্ত্তিশালিত্বং নীতাৎ করুণ বসাৎ সুখং ব্যক্তং স্যাদিতি স্থিতিঃ বসবিদাং রসমর্য্যাদে ত্যর্থঃ। অথ ভয়ানকে রতিলীলয়া তদ্বদেবাশাময্যা বত্তের্বৃত্ত্যা সদুক্ত্যাচ তাদৃশ্যেত্যর্থঃ। বীভৎসেঽপি বতিলীলয়া বীভৎস স্ফূর্ত্তিমুপমর্দ্দ্য ব্রহ্মাদি স্ফূর্ত্তিকারিণ্যা সদুক্ত্যাচ তাদৃশ্যেত্যর্থঃ যথোক্তং শ্রীরুক্মিণীদেব্যা ত্বক্শ্মশ্রুবোম নখেত্যাদি ॥ ৭০ ॥

গাঢ় আনন্দময় বলিয়া বোধ করেন ॥ ৬৯ ॥

স্বতঃ পরমানন্দ রূপা রতির লীলা বশতঃ করুণাদি রস অলৌকিক বিভাবত্ব প্রপ্ত হইলে সৎসকলের উক্তি ক্রমে ঐ করুণাদি রস হইতে স্পষ্ট রূপে সুখ উৎপন্ন হয়, রসবেত্তা দিগের এই মর্য্যাদা ॥ ৭০ ॥

তথাচ নাট্যাদৌ ॥

করুণাদাবপি রসে জায়তে যৎ পরং সুখং।
সুচেতসামনুভবঃ প্রমাণং তত্র কেবলং ॥ ৭১ ॥
সর্ব্বত্র করুণাখ্যস্য রসস্যৈবোপপাদনাৎ।
ভবেদ্রামায়ণাদীনামন্যথা দুঃখহেতুতেতি ॥ ৭২ ॥
তথাহে রামপাদাব্জপ্রেমকল্লোলবারিধিঃ।
প্রীত্যা রামায়ণং নিত্যং হনুমান্ শৃণুয়াৎ কথং ॥ ৭৩ ॥

অপিচ ॥ ৭৪ ॥

তত্রাস্তাং তাবদস্মাকং সা কথেত্যভিপ্রেত্যাহ তথাচেতি ॥ ৭১ ॥

অথ ব্যতিরেকেণ স্বগতং যোজয়তি সর্ব্বত্রেতি প্রতিকাণ্ডং বহুত্রেত্যর্থঃ উপপাদনাদ্ব্যঞ্জনাৎ দুঃখহেতুতেত্যত্র ভাবক ভক্তেম্বিতি শেষঃ ॥ ৭২ ॥

তত্র ভাবকেষু মুখ্যস্যৈকস্য প্রবৃত্ত্যন্যথানুপপত্তিং প্রমাণয়তি তথাহ ইতি দুঃখহেতুত্বে সতীত্যর্থঃ ॥ ৭৩ ॥

অপিচেতি তদেতৎ সমাপ্তং কিঞ্চিদন্যদপ্যুচ্যত ইত্যর্থঃ ॥ ৭৪ ॥

নাট্যাদিতে যথা ॥

করুণাদি রসে যে পরমসুখের উৎপত্তি হয়, তাহাতে সহৃদয়দিগের অনুভবই কেবল প্রমাণ ॥ ৭১ ॥

রামায়ণাদির প্রতিকাণ্ডে করুণরসের প্রকাশ জন্য ভাবক ভক্ত সকলে অন্য প্রকার দুঃখের হেতুতা হয় ॥ ৭২ ॥

যদি রামায়ণে প্রকৃত দুঃখই হইবে, তাহা হইলে রামপাদাব্জের প্রেমতরঙ্গের সমুদ্র স্বরূপ হনুমান্ প্রীতি পূর্ব্বক নিত্য কেন রামায়ণ শ্রবণ করিবেন? ॥ ৭৩ ॥

অপিচ অর্থাৎ আরও কিছু বলি ॥ ৭৪ ॥

সঞ্চারী স্যাৎ সমোনা বা কৃষ্ণরত্যাঃ সুহৃদ্রতিঃ।
অধিকা পুষ্যমাণা চেদ্ভাবোল্লাস ইতীর্য্যতে॥ ৭৫॥
ফল্গুবৈরাগ্যনির্দগ্ধাঃ শুষ্কজ্ঞানাশ্চ হৈতুকাঃ।

সঞ্চারী স্যাদিত্যন্বয়মর্থঃ। সুহৃদাং নিজাভীষ্ট রসাশ্রয়ে ভক্তবিশেষে শ্রীরাধিকাদৌ বিষয়ে সজাতীয়ভাবভক্তানাং পরস্পরং রত্যা বিষয়াশ্রয়রূপাণাং ললিতাদীনাং সখীমুখ্যানামেকতরাশ্রয়া যা রতিঃ সা যদি কৃষ্ণবিষয়ায়া রত্যাঃ সমা স্যাদূনা বা স্যাত্তদা কৃষ্ণবিষয়ায়া রতেঃ সঞ্চার্য্যাখ্য ভাব এব স্যাৎ তন্মূলত্বাৎ তৎ পোষণাচ্চ এবং মধুরাখ্যে রসে তু সা যদি কচিৎ কৃষ্ণবিষয়ায়া অপি রত্যা অধিকা তত্রাপি পুষ্যমাণা সততাভিনিবেশেন সম্বর্দ্ধমানা স্যাত্তদা সঞ্চারিত্বেঽপি বৈশিষ্ট্যাপেক্ষয়া ভাবোল্লাসাখ্যো ভাব ঈর্য্যত ইতি তদিদং যত্রানুস্মৃত্য লিখিতমপি সঞ্চারিণামন্তে যোজনীয়ং তত্রৈব সজাতীয়ত্বাৎ॥ ৭৫॥

অথ পূর্ব্বোক্তানজ্ঞাদীন্ রসানধিকারিণ আহ ফল্গুবৈরাগ্যেতি। ফল্গুবৈরাগ্যং ভক্ত্যুদাসীনাদি বৈরাগ্যং শুষ্কজ্ঞানং ভক্ত্যুদাসীনাদিজ্ঞানং। হৈতুকাস্তর্কমাত্র-

---

সুহৃদ্ অর্থাৎ স্বীয় অভীষ্ট রসের আশ্রয় স্বরূপ ভক্তবিশেষ শ্রীরাধাদিবিষয়ে সজাতীয়ভাবভক্তে পরস্পর রতির বিষয় আশ্রয়রূপ ললিতাদি মুখ্য সখীগণের একতরাশ্রয়া রতি, সে যদি কৃষ্ণবিষয়া রতির সম অথবা ঊন হয়, তাহা হইলে তাহার সঞ্চারী ভাব বলিয়া আখ্যা হয় এবং মধুরাখ্য রসে ঐ সুহৃদ্ রতি যদি কৃষ্ণবিষয়া রতি হইতে অধিকা এবং সতত অভিনিবেশ দ্বারা সম্বর্দ্ধমানা হয় তাহা হইলে সঞ্চারি সত্ত্বেও বৈশিষ্ট্য অপেক্ষায় ঐ রতির নাম ভাবোল্লাস হয়॥৭৫

যাহারা ফল্গুবৈরাগ্যে দগ্ধ হইতেছে অর্থাৎ ভক্তিবিষয়ে আদর পরিত্যাগ করিয়া কেবল বৈরাগ্যমাত্র ধারণকরিয়াছে,

মীমাংসকা বিশেষেণ ভক্ত্যাস্বাদবহির্মুখাঃ ॥ ৭৬ ॥
ইত্যেষং ভক্তিরসিকৈ শ্চৌরাদিব মহানিধিঃ ।
জরম্মীমাংসকাদ্রক্ষ্যঃ কৃষ্ণভক্তিরসঃ সদা ॥ ৭৭ ॥

নিষ্ঠাঃ মীমাংসকাঃ কর্ম্মবাদিনঃ পূর্ব্বমীমাংসকাস্তথা দ্বৈতমাত্রমিথ্যাবাদিনঃ কেচিদুত্তরমীমাংসকম্মন্যাঃ। এষামুত্তরোত্তরমুং পরিহার্য্যাত্বাধিক্যং। তার্কিকা-ণাঞ্চ কেষাঞ্চিৎ কৌতুকেনাধীতালঙ্কারাদীনাং রসসাধারণ্যাৎ কিঞ্চিদত্র প্রবেশঃ স্যাদিতি মীমাংসকাৎ পূর্ব্বত্র পাঠঃ। অত্র গ্রাম্যাঃ ফল্গুবৈরাগ্যনির্দ্দগ্ধাঃ অস্বেষ্টব্যা জ্ঞেয়াঃ ॥ ৭৬ ॥

যস্মাৎ সর্ব্বেঽপি মীমাংসকা বিশেষেণ ভক্ত্যাস্বাদবহির্মুখা ইতি হেতো-রেব কৃষ্ণভক্তিরসো জরম্মীমাংসকাত্তু সদা বিশেষেণ রক্ষ্যো গোপ্য ইতি পূর্ব্বেণান্বয়াদন্যেভ্যোঽপি ফল্গুবৈরাগ্যনির্দ্দগ্ধাদিভ্যো যথাযথং রক্ষ্যত ইতি লভ্যতে তত্র চৌরাদিব মহানিধিরিতি দৃষ্টান্তস্তু তেন তদ্রিক্তীকরণমাত্রাপেক্ষয়া নতু তেনাপি তস্য লভ্যত্বমিত্যপেক্ষয়া বহ্নেরিবেতি তু পাঠান্তরং ॥ ৭৭ ॥

যাহাদের শুষ্ক জ্ঞান অর্থাৎ যাহারা ভক্তিকে অনাদর করিয়া হৈতুক অর্থাৎ কেবল তর্কমাত্রেই নিষ্ঠা ধারণ করিয়াছে এবং যাহারা মীমাংসক অর্থাৎ কর্ম্মকাণ্ডপরায়ণ ও নির্ব্বিশেষ ব্রহ্মা-নুসন্ধানকারী তাহারা ভক্তিরস আস্বাদনে বহির্মুখ ॥ ৭৬ ॥

অতএব চৌর হইতে যেমন মহানিধি রক্ষা করিতে হয় তাহার ন্যায় ভক্তিরসিকেরা মূর্খমীমাংসক হইতে সর্ব্বদা কৃষ্ণভক্তিরসকে গোপন করিবেন অর্থাৎ পূর্ব্বোক্ত ফল্গু বৈরা-গ্যাদিশালি ব্যক্তিগণের সমক্ষে কৃষ্ণভক্তিরস প্রকাশ করি-বেন না ॥ ৭৭ ॥

সর্ব্বথৈব দুরূহোঽয়মভক্তৈর্ভগবদ্রসঃ।
তৎ পাদাম্বুজ সর্ব্বস্বৈ র্ভক্তৈরেবানুরস্যতে ॥ ৭৮ ॥
ব্যতীত্য ভাবনাবর্ত্ম যশ্চমৎকারভারভূঃ।
হৃদি সত্ত্বোজ্জ্বলে বাঢ়ং স্বদতে স রসো মতঃ।
ভাবনায়াঃ পদে যস্তু বুধেনানন্যবুদ্ধিনা।
ভাব্যতে গাঢ়সংস্কারৈশ্চিত্তে ভাবঃ স কথ্যতে ॥ ৭৯ ॥
॥ * ॥ ইতি শ্রীভক্তিরসামৃতসিন্ধৌ দক্ষিণবিভাগে ভক্তি-

অস্য ভক্তিরসস্যাস্বাদস্তু ভাব্যভাবকভক্তৈরেবাস্বাদ্যঃ স্যান্নতু পূর্ব্বোক্ত প্রাক্তৈরপীত্যাহ সর্ব্বথৈবেতি ॥ ৭৮ ॥

অথ কারণকার্য্যাদ্যাস্তিত্বেন সাম্যেঽপি রসভাবয়োর্ভেদমাহ দ্বাভ্যাং ব্যতীত্যেতি। সত্ত্বং ভাবকারণত্বেন পূর্ব্বমুদ্দিষ্টং শুদ্ধসত্ত্ববিশেষঃ সমাধি-ধ্যানয়োরিবানয়ো র্ভেদ ইতি ভাবঃ ॥ ৭৯ ॥

অভক্তগণ ভগবদ্ভক্তি রস আস্বাদন করিতে পারে না, তাহাদের নিকট ভক্তিরস সর্ব্ব প্রকারেই দুরূহ, কিন্তু ভগ-বচ্চরণারবিন্দই যাহাদের সর্ব্বস্ব সেই ভক্তগণই ভক্তিরস আস্বাদন করিতে পারেন ॥ ৭৮ ॥

ভাবনার পথ অতিক্রম পূর্ব্বক যে চমৎকারাতিশয়ের আধার স্বরূপ হইয়া সত্ত্বশোধিত উজ্জ্বল হৃদয়ে আস্বাদিত হয়, তাহাকে রস বলে ॥

ভাবনা বিষয়ে অনন্য বুদ্ধি হইয়া পণ্ডিতগণ হৃদয় মধ্যে দৃঢ় সংস্কার দ্বারা যাহাকে ভাবনা করেন তাহার নাম ভাব ॥৭৯॥

॥ * ॥ ইতি শ্রীরামনারায়ণ বিদ্যারত্নকৃত ব্যাখ্যায় ভক্তি-রসামৃতসিন্ধুর দক্ষিণবিভাগে ভক্তিরস সামান্য নিরূপণে স্থায়ি

রসসামান্য নিরূপণে স্থায়িভাবলহরী পঞ্চমী ॥ * ॥

গোপালরূপশোভাং দধদপি রঘুনাথভাববিস্তারী।
তুষ্যতু সনাতনাত্মা দক্ষিণবিভাগে সুধাম্বুনিধেঃ ॥

॥ * ॥ ইতি দক্ষিণবিভাগঃ সমাপ্তঃ ॥ * ॥

॥ * ॥ ইতি পঞ্চলহর্য্যাত্মকে দক্ষিণবিভাগে স্থায়িভাব লহরী পঞ্চমী ॥ * ॥

॥ * ॥ ইতি দুর্গমসঙ্গমনীনাম্ন্যাং শ্রীভক্তিরসামৃতসিন্ধুটীকায়াং দক্ষিণ বিভাগঃ সমাপ্তঃ ॥ * ॥

ভাব লহরী পঞ্চমী ॥ * ॥

যিনি গোপালরূপ শোভাকে ধারণ করিয়াও রঘুনাথের ভাব বিস্তার করিয়াছেন, সেই সনাতন স্বরূপ প্রভু সুধারস সমুদ্রের দক্ষিণ বিভাগে সন্তুষ্ট হউন ॥

॥ * ॥ ইতি দক্ষিণবিভাগ সমাপ্ত ॥ * ॥

অথ পশ্চিম বিভাগঃ ॥

প্রথম লহরী ॥

ধৃতমুগ্ধরূপভারো ভাগবতার্পিতপৃথুপ্রেমা।
স ময়ি সনাতনমূর্ত্তিস্তনোতু পুরুষোত্তমস্তুষ্টিং ॥
রসামৃতাব্ধে র্ভাগেঽত্র তৃতীয়ে পশ্চিমাভিধে।
মুখ্যো ভক্তিরসঃ পঞ্চবিধঃ শান্তাদিরীর্য্যতে।
অতোঽত্র পাঞ্চবিধ্যেন লহর্য্যঃ পঞ্চকীর্ত্তিতাঃ।
অথামী পঞ্চ লক্ষ্যন্তে রসাঃ শান্তাদয়ঃ ক্রমাৎ ॥ ১ ॥
তত্র শান্তভক্তিরসঃ ॥
বক্ষ্যমাণৈ র্বিভাবাদ্যৈঃ শমিনাং স্বাদ্যতাং গতঃ।

ধৃতেতি পূর্ব্ববৎ শ্লিষ্টং মুগ্ধাদিশব্দানাং দ্ব্যর্থত্বাৎ ভারোঽত্র সৌন্দর্য্যং পক্ষে আধিক্যং। স্বনামপক্ষে নিজোৎসঙ্গ ক্লেশ রুদ্ধোঢ়ব্য ইবেত্যর্থঃ। অথামীতি রসরসবতোরভেদোপচারাদ্রসাশ্চ শান্তাদয় উচ্যন্তে ॥ ১ ॥

স্থায়ীতি স্থায়িভাবপর্য্যায়ঃ ভীমো ভীমসেন ইতিবৎ ততঃ স্বলিঙ্গং

যিনি মনোহররূপের সৌন্দর্য্য ধারণ করিয়াছেন, যাঁহাতে ভক্তগণ অতিশয় প্রেম বিধান করিয়া থাকেন, সেই সনাতন মূর্ত্তি আমাতে তুষ্টি বিধান করুন ॥

রসামৃত সমুদ্রের পশ্চিম নামক এই তৃতীয় বিভাগে শান্ত প্রভৃতি মুখ্য পঞ্চ ভক্তিরস নিরূপণ হইবে ॥

অতএব এই বিভাগে ভক্তিরস পাঁচ প্রকার হওয়াতে পাঁচটী লহরী কীর্ত্তিত এবং ঐ পাঁচ লহরীতে ক্রমে শান্তাদি পাঁচটী রস দৃষ্ট হইবে ॥ ১ ॥

তন্মধ্যে শান্তভক্তিরস যথা ॥

বক্ষ্যমাণ বিভাবাদি দ্বারা শমতা সম্পন্ন ঋষিগণ কর্ত্তৃক

যাস্মিন্ শান্তিরতির্ধীরৈঃ শান্তভক্তিরসঃ স্মৃতঃ ॥ ২ ॥
প্রায়ঃ স্বসুখজাতীয়ং সুখং স্যাদত্র যোগিনাং।
কিন্ত্বাত্মসৌখ্যমঘনং ঘনন্ত্বীশময়ং সুখং ॥ ৩ ॥
তত্রাপীশস্বরূপানুভবস্যৈবোরুহেতুতা।

নত্যজতি ততশ্চ শান্তিরতিরূপঃ স্থায়িভাবো বক্ষ্যমাণৈ র্বিভাবাদ্যৈঃ সহ মিলিত্বা শমিনাং শমিভিঃ কর্ত্তৃভির্যৎ স্বাদ্যং তদ্রূপতাং গতশ্চেচ্ছান্ত ভক্তিরসঃ কবিভিঃ স্মৃত ইত্যর্থঃ যদ্যপি শুদ্ধায়াঃ সামান্যা স্বচ্ছা শান্তিরিতি ভেদত্রয়মুক্তং তথাপি শান্তেরেব রসত্বপ্রতিপাদনং সামান্যায়া অস্ফুটত্বাৎ স্বচ্ছায়াশ্চ চঞ্চলত্বাত্রসসামগ্রী পরিপোষো ন স্যাদিত্যভিপ্রায়েণ ॥ ২ ॥

স্বসুখজাতীয়ং সর্ব্বসুখস্বরূপনির্বিশেষব্রহ্মানন্দপ্রকারং প্রায় ইতি গুণানামপি স্ফূর্ত্তিঃ সাচাত্মারামাশ্চ মুনয় ইত্যাদেঃ। ঈশময়ং সচ্চিদানন্দ বিগ্রহ ভগবৎস্ফূর্ত্তিপ্রচুরং ॥ ৩ ॥

ঈশময়ত্বমেব বিশদয়তি তত্র তেষু স্বসুখ জাতীয়ত্বাদিষ্বপি দাসাদীনামিব তেষামীশ স্বরূপানুভবস্য শ্রীবিগ্রহরূপ তৎসাক্ষাৎকারস্যৈব রসোৎপত্ত্যর্থায়ুরুহেতুতা স্যাৎ। যদ্যপ্যেবং তথাপি মনোজ্ঞত্ব লীলাদে র্গুণস্য তথা দাসাদ্যনুভব প্রকারেণ নোরুহেতুতা কিন্তু যথাকথঞ্চিদেবেত্যর্থঃ। তথোক্তং তৃতীয়ে।

যে স্থায়ি শান্তি রতি আস্বাদনীয় হয় পণ্ডিতগণ তাহাকে শান্ত ভক্তিরস বলিয়া বর্ণন করেন ॥ ২ ॥

যোগিগণের প্রায় ব্রহ্মানন্দরূপ সুখস্ফূর্ত্তি হইয়া থাকে, কিন্তু এই সুখ অতি অল্পতর, আর সচ্চিদানন্দ বিগ্রহ স্ফূর্ত্তিরূপ যে ঈশময় সুখ তাহাই প্রচুরতর ॥ ৩ ॥

এই ঈশময় সুখেতেও শ্রীবিগ্রহের সাক্ষাৎকারতাই গুরুতর হেতু, দাসাদির ন্যায় মনোজ্ঞত্ব লীলাদির সাক্ষাৎ-

দাসাদিবন্মনোজ্ঞত্ব লীলাদে র্ন তথা মতা ॥

তত্রালম্বনাঃ ॥ ৪ ॥

চতুর্ভুজশ্চ শান্তাশ্চ অস্মিন্নালম্বনা মতাঃ।

তত্র চতুর্ভুজঃ ॥

শ্যামাকৃতিঃ স্ফুরতি চারুচতুর্ভুজোহয়-

মানন্দরাশি রখিলাত্ম তরঙ্গসিন্ধুঃ।

এবং তদেব ভগবানরবিন্দনাভঃ স্বানাং বিবুধ্য সদতি ক্রমমার্য্যহৃদ্যঃ। তস্মিন্ যযৌ পরমহংসমহামুনীনামন্বেষণীয়চরণৌ চলয়ন্ সহশ্রীঃ। স্বং স্বাগতং প্রতিকৃতৌপয়িকং স্বপুংভিস্তেচক্ষতাক্ষবিষয়ং স্বসমাধি ভাগ্যমিত্যাদৌ স্বসমাধিভাগ্যমিত্যনেন স্বপুংভিরিত্যত্র স্বশব্দেনোপহৃত ছত্র চামরাদ্যৌপয়িকত্বেন সহশ্রীরিত্যনেনচ তানতিক্রম্য দাসাদীনাং মনোজ্ঞত্ব লীলা[illegible] ত্বাধিক্যং দর্শিতং ॥ ৪ ॥

শ্যামাকৃতিরিতি তাপসশান্তানাং বচনং। উদাহরণন্তু জ্ঞানিশান্তস্যেতি উত্তরার্দ্ধে তস্যৈব প্রতিপাদ্যত্বাৎ। অত্র যদ্যপি যন্মর্ত্তালীলৌপয়িকমিত্যাদি

কারে গুরুতর হেতু হয় না অর্থাৎ আত্মারাম মুনিগণ কেবল ভগবৎসাক্ষাৎকারমাত্রেই কৃতার্থ হইয়া থাকেন, লীলাদিতে তাঁহাদের দাসাদির ন্যায় রুচি উৎপন্ন হয় না ॥

শান্তরসে আলম্বন যথা ॥

চতুর্ভুজ এবং শান্তগণ এই শান্তরসে আলম্বন বলিয়া সম্মত ॥ ৪ ॥

তন্মধ্যে চতুর্ভুজ যথা ॥

তাপস শান্তগণ কহিলেন এই যে মনোহর চতুর্ভুজ, আনন্দরাশি ও অখিল আত্মরূপ তরঙ্গের সাগর স্বরূপ শ্যামা-

যস্মিন্ গতে নয়নয়োঃ পথি নির্জিহীতে
প্রত্যক্ পদাৎ পরমহংসমুনের্মনোঽপি ॥
সচ্চিদানন্দসান্দ্রাঙ্গ আত্মারামশিরোমণিঃ।
পরমাত্মা পরংব্রহ্ম শমোদান্তঃ শুচির্বশী।
সদা স্বরূপসংপ্রাপ্তো হতারিগতিদায়কঃ।
বিভুরিত্যাদি গুণবানস্মিন্নালম্বনো হরিঃ ॥

বলাদ্দ্বিভুজস্যৈব তদাকর্ষণসামর্থ্যাধিক্যমিতি তস্যৈবালম্বনত্বে মুখ্যত্বং যুজ্যতে উদাহরিষ্যতে চ প্রযাসাতি মহত্তপ ইত্যাদিনা তথাপি যূয়ং নৃলোকে বত ভূরি-ভাগা. ইত্যাদ্যুক্তদিশা গূঢ়তয়া ন তে সর্বদা তদনুভবন্তীতি চতুর্ভুজস্যৈব প্রাচুর্য্যেণানুভবাৎ প্রাধান্যং দর্শিতং তথৈবোদাহরতি শ্যামাকৃতিরিতি অত্র প্রথমতো নির্দ্দেশাচ্চার্ব্বিতি সৌন্দর্য্যস্য চ কথনাত্তত্র তচ্চমৎকারাতিশয়ো দর্শিতঃ। অত আলম্বনত্বনির্দ্দেশে সচ্চিদানন্দসান্দ্রাঙ্গ ইতি যদ্বক্ষ্যতে তদপ্যেতৎ প্রাধান্যেনৈব জ্ঞেয়ং। অখিলা যে আত্মনো জীবাস্তেষাং তরঙ্গরূপাণাং সিন্ধুরূপ ইত্যাত্মপরমাত্মনো রংশাংশিতা মাত্র তাৎপর্য্যকং। অখিলাত্ম ময়ূখ সূর্য্য ইতি বা পঠনীয়ং। প্রত্যক্পদাৎ নির্ব্বিশেষ ব্রহ্মানুসন্ধনাৎ নির্জিহীতে নির্গতং সত্তদ্গুণেষ্বেব বাবিষ্টং ভবতীত্যর্থঃ ॥ ৫ ॥

কৃতি প্রকাশ পাইতেছেন, ইনি যদি নয়নদ্বয়ের পথগত হয়েন তাহা হইলে সর্ব্বব্যাপক পরব্রহ্ম হইতে পরমহংস মুনিগণের মন মুগ্ধ হইয়া পড়ে ॥

এই শান্তরসে সচ্চিদানন্দঘনমূর্ত্তি, আত্মারামশিরোমণি, পরমাত্মা, পরমব্রহ্ম, শান্ত, দান্ত, শুচি, বশী, সদা স্বরূপ সংপ্রাপ্ত, হতারিগতিদায়ক ও বিভু ইত্যাদি গুণ সম্পন্ন হরিই আলম্বন স্বরূপ ॥

অথ শান্তাঃ ॥

শান্তাঃ স্যুঃ কৃষ্ণ তৎপ্রেষ্ঠ কারুণ্যেন রতিং গতাঃ।
আত্মারামা স্তদীয়াধ্ব বদ্ধ শ্রদ্ধাচ তাপসাঃ ॥

তত্রাত্মারামাঃ ॥

আত্মারামাস্তু সনকসনন্দনমুখা মতাঃ।
প্রাধান্যাৎ সনকাদীনাং রূপং ভক্তিশ্চ কথ্যতে ॥

তত্র রূপং ॥

তে পঞ্চষাব্দবালাভাশ্চত্বারস্তেজসোজ্জ্বলাঃ।
গৌরাঙ্গা বাতবসনাঃ প্রায়েণ সহচারিণঃ ॥

তত্রচ ভক্তিঃ ॥

অথ শান্তগণ ॥

কৃষ্ণ এবং কৃষ্ণভক্তের করুণা বশতঃ যাঁহারা রতি লাভ করিয়াছেন এমত আত্মারাম ও ভগবম্মার্গে বদ্ধশ্রদ্ধা তাপস, ইহাঁরাই শান্ত ॥

তম্মধ্যে আত্মারাম যথা ॥

সনক সনন্দন প্রভৃতিকে আত্মারাম বলে। সনকাদির প্রাধান্য হেতু তাঁহাদের রূপ এবং ভক্তি বর্ণন করিতেছি ॥

তম্মধ্যে রূপ যথা ॥

সনকাদি চারিজন, তাঁহারা পাঁচ বা ছয় বৎসরের বালক-সদৃশ, তেজঃ দ্বারা উজ্জ্বল গৌরবর্ণ, উলঙ্গ এবং প্রায় চারি-জনে একত্র বিচরণ করেন ॥

সনকাদির ভক্তি যথা ॥

সমস্তগুণবর্জ্জিতে করণতঃ প্রতীচীনতাং
গতে কিমপি বস্তুনি স্বয়মদীপি তাবৎ সুখং ।
ন যাবদিয়মদ্ভুতা নবতমালনীলদ্যুতে-
র্মুকুন্দসুখচিদ্ঘনা তব বভূব সাক্ষাৎকৃতিঃ ॥
অথ তাপসাঃ ॥
মুক্তির্ভক্ত্যৈব নির্ব্বিঘ্নেত্যাত্তযুক্তবিরক্ততাঃ ।
অনুজ্ঝিত মুমুক্ষা যে ভজন্তে তে তু তাপসাঃ ॥ ৫ ॥
যথা ॥
কদা শৈলদ্রোণ্যাং পৃথুলবিপটীক্রোড়বসতি-
র্বসানঃ কৌপীনং রচিতফলকন্দাশনরুচিঃ ।

মুকুন্দাভিধমিতি । স্বভাবত এব সংসারহরণান্মুকুন্দাভিধং মুক্তিদাতারং ।

হে মুকুন্দ ! যাবৎ তোমার সুখময় জ্ঞানঘন স্বরূপ অদ্ভুত নবতমাল সদৃশ নীলদ্যুতি আকৃতি সাক্ষাৎকার না হয়; তাবৎ ইন্দ্রিয়াগোচর নির্ব্বিশেষ ব্রহ্মরূপ বস্তুতে স্বয়ং সুখ উদ্দীপিত হইয়া থাকে ॥

অথ তাপসগণ ॥

ভক্তি দ্বারা মুক্তি নির্বিঘ্না হয় এই হেতু যাঁহারা যুক্ত-বৈরাগ্য স্বীকার করেন ও যাঁহাদের মুক্তি বিষয়ে অভিলাষ আছে, তাঁহাদিগকেই তাপস বলে ॥ ৫ ॥

যথা ॥

কবে আমি পর্ব্বতগুহায় অথবা বিপুলবৃক্ষের ক্রোড়-দেশে বসতি বিধান করিব, কবেই বা আমি কৌপীন পরি-

হৃদি ধ্যায়ং ধ্যায়ং মুহুরিহ মুকুন্দাভিধমহং
চিদানন্দং জ্যোতিঃ ক্ষণমিব বিনেষ্যামি রজনীঃ।
ভক্তাত্মরামকরুণা প্রপঞ্চৈনৈব তাপসাঃ।
শান্তাখ্যভাবচন্দ্রস্য হৃদাকাশে কলাং শ্রিতাঃ॥ ৬॥
অথোদ্দীপনাঃ॥
শ্রুতির্মহোপনিষদাং বিবিক্তস্থানসেবনং।
অন্তর্বৃত্তিবিশেষস্য স্ফূর্ত্তিস্তত্ত্ববিবেচনং।
বিদ্যাশক্তিপ্রধানত্বং বিশ্বরূপপ্রদর্শনং।

রজনীরিত্যুপলক্ষণমহোরাত্রাণীত্যর্থঃ। ত্রিরাত্রমপি যে তত্র বসন্তীতি বৎ॥ ৬॥
তত্ত্ববিবেচনাদিত্রয়ং তাপসাদীনাং জ্ঞেয়ং। অন্যেতূভয়েষামেব। তত্র

ধ্যান করিব, কবেই বা আমার ফল মূল ভোজনে রুচি হইবে এবং কবেই বা আমি হৃদয় মধ্যে বারম্বার মুকুন্দ নামক চিদানন্দজ্যোতিকে ধ্যান করিয়া ক্ষণকালের ন্যায় দিবা রাত্র যাপন করিব॥

ভক্ত, আত্মারাম ও করুণা-বিস্তারকারিকে তাপস বলে, এই তাপসেরা হৃদয়াকাশে শান্তনামক ভাবচন্দ্রের কলা আশ্রয় করিয়া থাকেন॥ ৬॥

অথ উদ্দীপন॥

মহৎ উপনিষদের শ্রবণ, নির্জনস্থান সেবন, অন্তর্বৃত্তি বিশেষে অর্থাৎ শুদ্ধ সত্ত্বময় চিত্তে শ্রীকৃষ্ণের স্ফূর্ত্তি, তত্ত্ব-বিচার, জ্ঞানশক্তির প্রধানতা, বিশ্বরূপ দর্শন, জ্ঞানিভক্তের সংসর্গ এবং ব্রহ্মসত্র অর্থাৎ সমবিদ্য ব্যক্তিদিগের পরস্পর

জ্ঞানিভক্তেন সংসর্গো ব্রহ্মসত্রাদয়স্তথা।
এষ্বসাধারণা প্রোক্তা বুধৈরুদ্দীপনা অমী॥
তত্র মহোপনিষচ্ছ্রুতি র্যথা॥
অক্লেশাং কমলভুবঃ প্রবিশ্য গোষ্ঠীং
কুর্ব্বন্তঃ শ্রুতিশিরসাং শ্রুতিং শ্রুতজ্ঞাঃ।
উত্তুঙ্গং যদুপুঙ্গবসঙ্গমায় রঙ্গং
যোগীন্দ্রাঃ পুলকভৃতো নবাপ্যবাপুঃ॥ ৭॥
পাদাব্জতুলসীগন্ধঃ শঙ্খনাদো মুররিষঃ।
পুণ্যশৈলঃ শুভারণ্যং সিদ্ধক্ষেত্রং স্বরাপগা।
বিষয়াদি ক্ষয়িষ্ণুত্বং কালস্যাখিলহারিতা।

বিদ্যাশক্তিপ্রধানত্বাদিষ্বয়মীশ্বরগতং জ্ঞেয়ং। ব্রহ্মসত্রমন্ত্যোক্তং সমবিদ্যানা উপরে মুপনিষদ্বিচারঃ॥ ৭॥

পাদাব্জ তুলসী গন্ধ শঙ্খনাদ স্বরাপগা উভয়েষাং অন্ত্যে তাপসানাং আশ্রিতে

উপনিষদ্ বিচার, পণ্ডিতগণ শান্তরসে এই সকলকে অসাধারণ উদ্দীপন কীর্ত্তন করিয়াছেন॥

তন্মধ্যে মহৎ উপনিষদের শ্রবণ যথা

কোন্ বেদজ্ঞ যোগীন্দ্রগণ কমলযোনি ব্রহ্মার ক্লেশরহিত সভায় প্রবিষ্ট হইয়া উপনিষদ্ শ্রবণ করত যদুপুঙ্গবের সঙ্গ নিমিত্ত পুলকাকুল কলেবরে অতিশয় রঙ্গ প্রাপ্ত না হইয়াছিলেন? ॥ ৭॥

ভগবৎ পাদপদ্মের তুলসীর সৌরভ, শঙ্খের ধ্বনি, পুণ্য পর্ব্বত, পবিত্র বন, সিদ্ধক্ষেত্র, গঙ্গা, বিষয়াদির ক্ষয়শীলত্ব,

ইত্যাদ্যুদ্দীপনাঃ সাধারণাস্তেষাং কিলাশ্রিতৈঃ॥
তত্র পাদাব্জতুলসীগন্ধো যথা তৃতীয়ে॥
তস্যারবিন্দনয়নস্য পদারবিন্দ-
কিঞ্জল্কমিশ্রতুলসীমকরন্দবায়ুঃ।
অন্তর্গতঃ স্ববিবরেণ চকার তেষাং
সংক্ষোভমক্ষরজুষামপি চিত্ততন্বোঃ॥ ৮॥
অথানুভাবাঃ॥
নাসাগ্র ন্যস্তনেত্রত্ব মবধূতবিচেষ্টিতং।

দাসবিশেষৈঃ সহ সাধারণাঃ তেষামপি ভবন্তীত্যর্থঃ। তত্র স্বরিতি স্বর্গস্থাপগা গঙ্গা ইত্যর্থঃ॥ ৮॥

যুগং হলাদ্যঙ্গং তচ্চ চতুর্হস্তপ্রমাণং লক্ষ্যতে। যুগমাত্রে যদীক্ষিত মীক্ষণং

কালের সর্ব্ব হারিত্ব, দাস বিশেষের সহিত আত্মারাম ও তাপসদিগের এই সকল সাধারণ উদ্দীপন॥

তন্মধ্যে পাদাব্জতুলসীগন্ধ যথা॥

তৃতীয়স্কন্ধে ১৫ অধ্যায়ে ৪৩ শ্লোকে॥

সনকাদি মুনিগণ প্রণাম করিলে অরবিন্দনয়ন ভগবানের পদারবিন্দ কেশর মিশ্রিতা তুলসীর মকরন্দ যুক্ত বায়ু তাঁহাদের নাসারন্ধ্র যোগে অন্তঃপ্রবিষ্ট হইল, তাহাতে যদিও তাঁহারা ব্রহ্মজ্ঞান দ্বারা নিরন্তর ব্রহ্মানন্দ অনুভব করিতেন তথাপি তাঁহাদের চিত্তে হর্ষ এবং শরীরে রোমাঞ্চ হইল॥৮॥

অথ অনুভব॥

নাসাগ্রে দৃষ্টিনিক্ষেপ, অবধূতের ন্যায় চেষ্টা; যুগমাত্র

যুগমাত্রেক্ষিত গতির্জ্ঞানমুদ্রাপ্রদর্শনং।
হরেবির্দ্বিষ্যপি ন দ্বেষো নাতিভক্তিঃ প্রিয়েষ্বপি।
সিদ্ধতায়া স্তথা জীবন্মুক্তেশ্চ বহুমানিতা।
নৈরপেক্ষ্যং নির্ম্মমতা নিরহঙ্কারিতা তথা।
মৌনমিত্যাদয়ঃ শীতাঃ স্যুরসাধারণাঃ ক্রিয়াঃ॥ ৯॥

তত্র নাসাগ্রনয়নত্বং যথা॥

নাসিকাগ্রদৃগয়ঃ পুরোমুনিঃ স্পন্দবন্ধুরশিরা বিরাজতে।
চিত্তকন্দরতটীমনাকুলামস্য নূনমবগাহতে হরিঃ।

তেনৈব গতিঃ। জ্ঞানমুদ্রা তর্জ্জন্যঙ্গুষ্ঠয়োর্যুক্তিঃ। •সিদ্ধতা অত্যন্ত সংসারধ্বংসঃ। জীবন্মুক্তিঃ শরীরদ্বয়ানাবেশেন স্থিতিঃ। এতদ্দ্বয় বহুমানিতা তদ্ভক্ত্যা ভাসবতাং তাপসানাং জ্ঞেয়ং॥ ৯॥

নাসিকাগ্রদৃগিতি মুনিরিতি চাত্র তস্যাত্মারামত্বং দ্যোত্যতে তত্রতু স্পন্দ

নিরীক্ষণ গতি অর্থাৎ চতুর্হস্ত পরিমিত স্থান অবলোকন করিয়া পশ্চাৎ পাদনিক্ষেপ, জ্ঞানমুদ্রা প্রদর্শন অর্থাৎ তর্জ্জনী ও অঙ্গুষ্ঠের যোগ রূপ মুদ্রা ধারণ, হরিদ্বেষির প্রতি দ্বেষ-রহিত, ভগবৎপ্রিয়ভক্তের প্রতি ভক্তির অল্পতা, সংসারধ্বংস এবং জীবন্মুক্তির প্রতি বহু আদর, নিরপেক্ষ, নির্ম্মমতা, নির-হঙ্কারিতা তথা মৌন ইত্যাদি শীতা রতি এবং অসাধারণ ক্রিয়া॥ ৯॥

নাসাগ্র নয়নত্ব যথা॥

এই অগ্রবর্ত্তি মুনি নাসাগ্রে দৃষ্টি নিক্ষেপ করিয়া স্পন্দন দ্বারা উন্নতাবনত মস্তকে বিরাজিত হইতেছেন, অতএব বোধ হয় ইহাঁর অনাকুল চিত্তকন্দরতটে হরি বিরাজ করিতেছেন॥

জৃম্ভাঙ্গমোটনং ভক্তেরুপদেশো হরের্নতিঃ।
স্তবাদয়শ্চ দাসাদ্যৈঃ শীতাঃ সাধারণাঃ ক্রিয়াঃ ॥
তত্র জৃম্ভা যথা ॥
হৃদয়াম্বরে ধ্রুবং তে ভাবাম্বরমণিরুদেতি যোগীন্দ্র।
যদিদং বদনাম্ভোজং জৃম্ভামবলম্বতে ভবতঃ ॥ ১০ ॥
অথ সাত্ত্বিকাঃ ॥
রোমাঞ্চ স্বেদ কম্পাদ্যাঃ সাত্ত্বিকাঃ প্রলয়ং বিনা ॥ ১১ ॥

বন্ধুরশিরা ইতি বিশেষানুভবঃ। সচ শ্রীহরিগুণাত্মক এব সম্ভবতি আত্মা-রামাশ্চ মুনয় ইত্যাদেরিতি ভাবঃ ॥ ১০ ॥

এষাং শ্রীভগবৎসমাধৌ চেষ্টায়া জ্ঞানান্তরস্তচ নিরাকৃতৌ প্রলয়লক্ষণত্বে প্রাপ্তেঽপি ভূনিপতনাদ্যভাবাৎ প্রলয়ং বিনেত্যুক্তং ॥ ১১ ॥

জৃম্ভা অর্থাৎ হাঁই তোলা, অঙ্গমোটন ভক্তির উপদেশ, হরির প্রতি নতি এবং হরির স্তবাদি, দাস প্রভৃতির এই সকল শীত ভাবরূপ সাধারণ ক্রিয়া ॥

তন্মধ্যে জৃম্ভা যথা ॥

হে যোগীন্দ্র! নিশ্চয় তোমার হৃদয়াকাশে ভাবসূর্য্য উদিত হইয়াছেন, যে হেতু তোমার বদনপদ্ম ক্রমশঃ জৃম্ভা অবলম্বন করিতেছে ॥ ১০ ॥

অথ সাত্ত্বিক ॥

শান্ত রসে প্রলয় অর্থাৎ ভূপতনাপি ব্যতিরেকে রোমাঞ্চ, স্বেদ (ঘর্ম্ম) এবং কম্প প্রভৃতি সাত্ত্বিক ভাব সকল প্রকাশ হইয়া থাকে ॥ ১১ ॥

তত্র রোমাঞ্চো যথা ॥

পাঞ্চজন্যজনিতো ধ্বনিরন্তঃ

ক্ষোভয়ন্ সপদি বিদ্ধসমাধিঃ।

যোগিনাং গিরিগুহা নিলয়ানাং

পুদ্গলে পুলকপালিমনৈষীৎ ॥ ১২ ॥

এষাং নিরভিমানানাং শরীরাদিষু যোগিনাং।

সাত্ত্বিকাস্তু জ্বলন্ত্যেব নতু দীপ্তা ভবন্ত্যমী ॥

অথ সঞ্চারিণঃ ॥

সঞ্চারিণোঽত্র নির্ব্বেদো ধৃতির্হর্ষো মতিঃ স্মৃতিঃ।

বিষাদোৎসুকতাবেগবিতর্কাদ্যাঃ প্রকীর্ত্তিতাঃ ॥

পুদ্গলে দেহে। কায়ো দেহঃ স্ত্রিয়াং মূর্ত্তিঃ পুদ্গলশ্চ পুমাংস্তনুরিত্যমর দত্তঃ ॥১২

এষামিতি তাবদপি শ্রীভগবৎ সম্বন্ধপ্রভাবাদেব ভবতীতি ভাবঃ ॥ ১৩ ॥

তন্মধ্যে রোমাঞ্চ যথা ॥

পাঞ্চজন্য-শঙ্খজনিত-ধ্বনি গিরিগুহাবাসি যোগিদের অন্তঃকরণে ক্ষোভ প্রদান করত তৎক্ষণাৎ তাঁহাদের সমাধি-ভঙ্গ করিল, সুতরাং তখন তাঁহারা স্বীয় দেহে পুলকাবলী ধারণ করিয়াছিলেন ॥ ১২ ॥

এই সকল নিরভিমানি যোগিদিগের শরীরে উক্ত ভাব সকল জ্বলিত হয়, কিন্তু দীপ্ত হয় না ॥

শান্তরসে সঞ্চারী যথা ॥

নির্ব্বেদ, ধৈর্য্য, হর্ষ, মতি, স্মৃতি, উৎসুক, আবেগ ও বিতর্ক প্রভৃতি শান্তরসে সঞ্চারি বলিয়া কীর্ত্তিত হয় ॥

তত্র নির্ব্বেদো যথা ॥

অস্মিন্ সুখঘনমূর্ত্তৌ পরমাত্মনি বৃষ্ণিপত্তনে স্ফুরতি।
আত্মারামতয়া মে বৃথা গতো বত চিরং কালঃ ॥

অথ স্থায়ী ॥

অত্র শান্তিরতিঃ স্থায়ী সমা সান্দ্রাচ সা দ্বিধা ॥ ১৩ ॥

তত্রাদ্যা ॥

সমাধৌ যোগিনস্তস্মিন্নসংপ্রজ্ঞাতনামনি।
লীলয়া ময়ি লব্ধেঽস্য বভূবোৎকম্পিনী তনুঃ ॥ ১৪ ॥

সমাধাবিতি শ্রীভগবদ্বচনং। মনসো বৃত্তিশূন্যস্য ব্রহ্মাকারতয়া স্থিতিঃ। যা সংপ্রজ্ঞাতনামাসৌ সমাধিরভিধীয়তে ॥ ১৪ ॥

তন্মধ্যে নির্ব্বেদ যথা ॥

এই দ্বারকানগরীতে সুখঘনমূর্ত্তি পরমাত্মা শ্রীকৃষ্ণ বিরাজ করিতেছেন, হায়! আত্মারামত্ব প্রযুক্ত আমার চিরকাল বৃথা গত হইল ॥

অথ শান্তরসে স্থায়ী ভাব ॥

শান্তরসে শান্তিরতি স্থায়ী ভাব। এই শান্তিরতি সমা ও সান্দ্রা ভেদে দুই প্রকার হয় ॥ ১৩ ॥

তন্মধ্যে সমা যথা ॥

ভগবান্ কহিলেন এই যোগিব্যক্তির অসংপ্রজ্ঞাত নাম সমাধিতে আমি লীলাবশতঃ উপস্থিত হইলে ইঁহার তনু কম্পে পরিপূর্ণ হইয়াছিল ॥ ১৫ ॥

সান্দ্রা যথা॥
সর্ব্বাবিদ্যাধ্বংসতো যঃ সমন্তা-
দাবির্ভূতো নির্ব্বিকল্পে সমাধৌ।
জাতে সাক্ষাদ্যাদবেন্দ্রে স বিন্দ-
ন্ময্যানন্দঃ সান্দ্রতাং কোটিধাসীৎ।
শান্তো দ্বিধৈষ পারোক্ষ্য সাক্ষাৎকারবিভেদতঃ॥
তত্র পারোক্ষ্যং যথা॥
প্রযাস্যতি মহত্তপঃ সফলতাং কিমষ্টাঙ্গিকা
মুনীশ্বর পুরাতনী পরমযোগচর্য্যাপ্যসৌ।

সর্ব্বেতি জ্ঞানিত্বাৎ পরমগভীরস্যাপ্যস্য কণ্ঠোক্তীকৃত নিজানন্দতয়া চাপলাভিব্যক্তেঃ পূর্ব্বস্মাদাধিক্যমেব ব্যক্তং জাত ইতি স এবানন্দঃ সাক্ষাজ্জাতে যাদবেন্দ্রেঽধিকরণে তদীয় রূপগুণলীলানুভবান্ময়ি কোটিধা সান্দ্রতাং বিজ্ঞানসান্দ্রতয়া প্রকাশমান আসীদিত্যর্থঃ॥ ১৫॥

সান্দ্রা যথা॥

সর্ব্ব প্রকার অবিদ্যাধ্বংস হেতু নির্বিকল্প সমাধিতে যাদবেন্দ্র সাক্ষাৎকার হইলে সর্ব্বতোভাবে আমাতে যে আনন্দ আবির্ভূত হয়, তাহা কোটিসান্দ্রতা লাভ করত প্রকাশমান হইয়াছিল॥

পারোক্ষ্য এবং সাক্ষাৎকার ভেদে শান্ত দুই প্রকার হয়॥

তন্মধ্যে পারোক্ষ্য শান্ত যথা॥

হে মুনীশ্বর! আপনি বলুন দেখি আমার মহৎ তপস্যা এবং পুরাতনী অষ্টাঙ্গপরমযোগচর্য্যা সফলতা প্রাপ্ত হইলে

নরাকৃতি-নবাম্বুদদ্যুতিধরং পরং ব্রহ্ম মে
বিলোচন চমৎকৃতিং কথয় কিন্নু নির্ম্মাস্যতি ॥ ১৫ ॥
যথাবা ॥
ক্ষেত্রে কুরোঃ কিমপি চণ্ডকরোপরাগে
সান্দ্রং মহঃ পথি বিলোচনয়োর্যদাসীৎ।
তন্নীরদদ্যুতিজয়ি স্মরদুৎসুকং মে
ন প্রত্যগাত্মনি মনো রমতে পুরেব ॥ ১৬ ॥
সাক্ষাৎকারো যথা ॥
পরমাত্মতয়াত্তি মেদুরা-

সান্দ্রং মহঃ পথীতি যদাসীদিতি দ্যুতিজয়ীত্যেতএব পাঠা স্থিষ্টাঃ ॥ ১৬ ॥
হে ভগবন্! সর্ব্বাতীতানন্তগুণসম্পন্ন তব সাক্ষাৎ করণানন্দাদধিকং

নরাকৃতি নবজলধর দ্যুতিধারী পরমব্রহ্ম কি আমার লোচ-নের চমৎকৃতি বিধান করিবেন অর্থাৎ তাঁহার কি আমি দর্শন পাইব ॥ ১৫ ॥

যথাবা ॥

সূর্য্যগ্রহণ উপলক্ষে কুরুক্ষেত্রের পথে নীরদদ্যুতিজয়ী যে নিবিড় তেজ লোচন দ্বয়ের প্রত্যক্ষ হইয়াছিল, তাহা স্মরণ করিয়া আমার মন উৎসুকান্বিত হইয়া আর পূর্ব্বের ন্যায় ব্রহ্মসুখে রমণ করিতেছে না ॥ ১৬ ॥

সাক্ষাৎকার যথা ॥

হে ভগবন্! আপনি সর্ব্বাতীতানন্দগুণ সম্পন্ন, দুর

স্তব সাক্ষাৎকরণপ্রমোদতঃ।
ভগবন্নধিকং প্রয়োজনং
কতরদ্ব্রহ্মবিদোঽপি বিদ্যতে ॥ ১৭ ॥
যথা বা ॥
হৃষ্টঃ কম্বুপতিস্বনৈ র্ভুবি লুঠচ্চীরাঞ্চলঃ সঞ্চল-
মূর্দ্ধা রুদ্ধ দৃগশ্রুভিঃ পুলকিতো দ্রাগেব লীনব্রতঃ।
অক্ষোরঙ্গনমঞ্জনত্বিষি পরব্রহ্মণ্যবাপ্তে মুদা

প্রয়োজনং ব্রহ্মণঃ পরমবৃহন্নির্বিশেষানন্দস্বরূপস্য যোঽনুভবী তস্যাপি কতর-দ্বিদ্যতে। নন্বু ব্রহ্ম তাবৎ সর্ব্বেষাং স্বরূপং স্বরূপস্যৈব সর্ব্বতঃ শ্রেষ্ঠত্বেন তৎ-সাক্ষাৎকারস্যৈব সর্ব্বতঃ প্রীত্যাস্পদত্বাৎ ব্যর্থং কৃতং গুণময়সাক্ষাৎকরণেন তত্রাহ পরেতি আত্মা সর্ব্বেষাং স্বরূপং যদ্ব্রহ্ম ততোঽপি তব পরমত্বপ্রাপ্তি মেত্বরাৎ ব্রহ্মণোঽপি প্রতিষ্ঠাহমিতি শ্রীভগবদ্গীতোপনিষদ্ভ্যঃ কৃষ্ণমেনমবেহিত্ব-মাত্মানমখিলাত্মনামিতি শ্রীশুকবাক্যাচ্চ ॥ ১৭ ॥

অশ্রুভিঃ রুদ্ধ দৃগিতি যোজ্যং লীনং নষ্টং ব্রতং তত্তন্নিয়মো যস্য ॥ ১৮ ॥

হইতে আপনার যে সাক্ষাৎকার লাভ করিয়াছি তজ্জনিত আনন্দ হইতে আমি যে ব্রহ্মজ্ঞ আমার অন্য প্রয়োজন কি আছে ॥ ১৭ ॥

যথাবা ॥

কম্বুপতি পাঞ্চজন্যের ধ্বনি শ্রবণ দ্বারা কোন যোগী চীর-বস্ত্রের অঞ্চল সঞ্চালন পূর্ব্বক ভূমিতে মস্তক লুণ্ঠিত করত অশ্রুপূরিত লোচনে পুলকাকুল হইয়া আপনার নিয়ম বিনষ্ট করিয়াছিলেন এবং চক্ষুর অঙ্গনে অঞ্জনকান্তি পরব্রহ্ম সাক্ষাৎ-

মুদ্রাভিঃ প্রকটী করোত্যবমতিং যোগী স্বরূপস্থিতৌ॥১৮
ভবেৎ কদাচিৎ কুত্রাপি নন্দসূনোঃ কৃপাভরঃ।
প্রথমং জ্ঞাননিষ্ঠোঽপি সোঽত্রৈব রতিমুদ্বহেৎ ॥ ১৯ ॥
যথা বিল্বমঙ্গলস্তবে ॥
অদ্বৈতবীথীপথিকৈরুপাস্যাঃ
স্বানন্দসিংহাসনলব্ধদীক্ষাঃ।
শঠেন কেনাপি বয়ং হঠেন
দাসীকৃতা গোপবধূবিটেন ॥ ২০ ॥

তত্র শ্রীমন্নন্দসূনুরূপস্য তস্য কৃপাতিশয়েতু পরম্যোৎকর্ষমাহ ভবেদিতি। অত্র শ্রীনন্দসূনাবেব রতিমুচ্চৈর্বহেত তদযোগ্যাং শান্তিমতিক্রম্য রতিবিশেষং বহতীত্যর্থঃ ॥ ১৯ ॥

অদ্বৈতেতি শান্দং জ্ঞানমুক্তং স্বানন্দেতি অনুভব পর্য্যন্তং স্বানন্দ এব সিংহাসনং তত্র লব্ধা দীক্ষা পূজা যৈরিত্যর্থঃ। দীক্ষ মৌণ্ড্যেত্যাদি ধাতুগণাৎ। ব্যাজস্তুতিরিয়ং ॥ ২০ ॥

কার হওয়ায় যে আনন্দ পরিপাটী উপস্থিত হইয়াছিল তদ্দ্বারা তিনি নির্ব্বিশেষ ব্রহ্মে অবজ্ঞা করিয়াছিলেন ॥ ১৮ ॥

কখনও যদি কাহারও প্রতি নন্দনন্দনের কৃপাতিশয় হয়, তাহা হইলে সে যদি প্রথমে জ্ঞাননিষ্ঠা থাকে তবে পরে তাহার রতি লাভ হয় ॥ ১৯ ॥

যথা বিল্বমঙ্গলস্তবে ॥

যাঁহারা অদ্বৈতমার্গের পথিক হইয়াছেন তাঁহারাই নির্ব্বিশেষ ব্রহ্মানুভবিদিগকে উপাসনা করুন, কিন্তু কোন গোপবধূলম্পট শঠ হঠ পূর্ব্বক আমাদিগকে দাস করিয়াছেন ॥২০॥

তৎকারুণ্যশ্লথীভূতজ্ঞানসংস্কারসন্ততিঃ।
এষ ভক্তিরসানন্দনিপুণঃ স্যাদ্যথা শুকঃ ॥ ২১ ॥
শমস্য নির্ব্বিকারত্বান্নাট্যজ্ঞৈর্নৈব মন্যতে।
শান্ত্যাখ্যায়া রতেরত্র স্বীকারান্ন বিরুদ্ধ্যতে।
শমো মন্নিষ্ঠতা বুদ্ধেরিতি শ্রীভগবদ্বচঃ।
তন্নিষ্ঠা দুর্ঘটা বুদ্ধেরেতাং শান্তিরতিং বিনা ॥ ২২ ॥

অত্রার্ষমপি প্রমাণমাহ তদিত। শুকেন হি সর্ব্বোত্তম প্রেমতয়া ব্রজবাসিমাত্রং নিরূপ্য তত্রাপি কুত্রচিৎ পরেমোৎকর্ষো দর্শিতঃ ॥ ২১ ॥

অত্রেতি কেবলঃ শান্তরসস্তৈর্বিকধ্যাতাং নাম অত্রাস্মন্মতেতু শান্তরসে তৈর্বিরোদ্ধুং ন শক্যত ইত্যর্থঃ। তত্র হেতুমাহ শান্ত্যেতি শ্রীভগবদ্রতিমাত্রস্য রসত্বং পূর্ব্বমেবেতি স্থাপিতমিতি ভাবঃ। তত্র হি কার্য্যদ্বারা রতিরূপং কারণং লক্ষ্যত ইত্যাহ তন্নিষ্ঠেতি তথাপি সামান্যায়ামেব রতৌ লব্ধায়াং বিশেষেঽত্র প্রবৃত্তিঃ প্রসিদ্ধা শমপ্রাচুর্য্যাৎ পর্য্যবসীয়ন্তে ॥ ২২ ॥

যেমন শুকদেব ভগবৎকরুণায় জ্ঞানসংস্কার সমূহকে শ্লথ করিয়া ভক্তিরসানন্দে নিপুণ হইয়াছিলেন, তাহার ন্যায় এই বিল্বমঙ্গল ভগবৎকরুণায় ভক্তিরসানন্দে প্রবীণ হইয়া-ছিলেন ॥ ২১ ॥

শমভাবের নির্ব্বিকারত্ব প্রযুক্ত নাট্যজ্ঞেরা ইহাকে রস বলিয়া-স্বীকার করেন না, কিন্তু এ স্থলে শান্তিরতির স্বীকার করিলে কিছুই বিরুদ্ধ হয় না ॥

ভগবান্ শ্রীকৃষ্ণ একাদশস্কন্ধে উদ্ধবকে বলিয়াছেন আমাতে নিষ্ঠাপ্রাপ্তবুদ্ধির নাম শম, অতএব এই শান্তিরতি ব্যতিরেকে ভগবানে বুদ্ধির নিষ্ঠা দুর্ঘট ॥ ২২ ॥

কেবলশান্তোঽপি শ্রীবিষ্ণুধর্ম্মোত্তরে যথা ॥
নাস্তি যত্র সুখং দুঃখং ন দ্বেষো ন চমৎসরঃ।
সমঃ সর্ব্বেষু ভূতেষু স শান্তঃ প্রথিতো রসঃ ॥ ২৩ ॥
সর্ব্বথৈবমহঙ্কাররহিতত্বং ব্রজন্তি চেৎ।
তত্রান্তর্ভাবমর্হন্তি ধর্ম্মবীরাদয়স্তদা।
ধৃতিস্থায়িনমেকে তু নির্ব্বেদস্থায়িনং পরে।
শান্তমেব রসং পূর্ব্বে প্রাহুরেকমনেকধা।
নির্ব্বেদো বিষয়ে স্থায়ী তত্ত্বজ্ঞানোদ্ভবঃ স চেৎ।

অথ কেবলশান্তাখ্যে রসে বিবদমানানাং মতনিরাসেন কৈমুত্যাদাত্মমতং স্থাপয়তি কেবলশান্তোঽপি শ্রীবিষ্ণুধর্ম্মোত্তরে যথেতি ॥ ২৩ ॥

ধর্ম্মবীরাদয়ো ধর্ম্ম দয়া দান বীরাঃ ॥ ২৪ ॥

কেবল শান্তরস বিষ্ণুধর্ম্মোত্তরে যথা ॥

যাহাতে সুখ নাই, দুঃখ নাই, দ্বেষ নাই, মাৎসর্য্য নাই এবং সকলভূতে সমভাব তাহাকেই শান্তরস বলিয়া উল্লেখ করাযায় ॥ ২৩ ॥

যদি সর্ব্ব প্রকারে অহঙ্কার রাহিত্য হয় তবেই ধর্ম্মবীর, দানবীর ও দয়াবীর শান্তরসে অন্তর্ভাব লাভ করিতে যোগ্য হইতে পারে ॥

কেহ ধৃতিকে স্থায়ি বলেন ও কেহ নির্ব্বেদকে স্থায়ি বলেন, কিন্তু পূর্ব্বপূর্ব্ব পণ্ডিতগণ একমাত্র শান্তরসকে অনেক প্রকারে বর্ণন করিয়াছেন ॥

নির্ব্বেদ যদি তত্ত্বজ্ঞান হইতে উৎপন্ন হয়, তাহা হইলে

ইষ্টানিষ্টবিয়োগাপ্তি কৃতস্তু ব্যভিচার্য্যসৌ ॥ ২৪ ॥

॥ * ॥ ইতি শ্রীভক্তিরসামৃতসিন্ধৌ পশ্চিমবিভাগে মুখ্য ভক্তিরস পঞ্চক নিরূপণে শান্তভক্তিরস লহরী প্রথমা ॥ * ॥১

॥ * ॥ ইতি পঞ্চলহর্য্যাত্মকে পশ্চিমবিভাগে শান্তভক্তিরসলহরী প্রথমা ॥ * ॥

তাহাকে বিষয়ের মধ্যে স্থায়ী বলাযায়। আর যদি এই নির্ব্বেদ ইষ্টবিয়োগ ও অনিষ্ট প্রাপ্তির নিমিত্ত হয় তাহা হইলে ইহাকে ব্যভিচারী বলে॥ ২৪ ॥

॥ * ॥ ইতি শ্রীরামনারায়ণবিদ্যারত্নকৃত ব্যাখ্যায় ভক্তিরসামৃতসিন্ধুর পশ্চিমবিভাগে শান্তভক্তিরস প্রথম লহরী সমাপ্তা ॥ * ॥ ১ ॥ * ॥

অথ প্রীতভক্তিরসঃ ॥

শ্রীধরস্বামিভিঃ স্পষ্টময়মেব রসোত্তমঃ।
রঙ্গপ্রসঙ্গে সপ্রেমভক্তিকাখ্যঃ প্রকীর্ত্তিতঃ।
রতিস্থায়িতয়া নাম কৌমুদীকৃদ্ভিরপ্যসৌ।
শান্তত্বেনায়মেবাদ্ধা সুদেবাদ্যৈশ্চ বর্ণিতঃ।
আত্মোচিতৈর্বিভাবাদ্যৈঃ প্রীতিরাস্বাদনীয়তাং।
নীতা চেতসি ভক্তানাং প্রীতভক্তিরসো মতঃ।
অনুগ্রাহ্যস্য দাসত্বাল্লাল্যত্বাদপ্যয়ং দ্বিধা।
ভিদ্যতে সংভ্রমপ্রীতো গৌরবপ্রীত ইত্যপি ॥

তত্র সংভ্রম প্রীতঃ ॥

অথপ্রীতভক্তিরস ॥

শ্রীধরস্বামি প্রভৃতি এই প্রীত রসকে স্পষ্ট রূপে উত্তম বলিয়া কীর্ত্তন করিয়াছেন এবং রঙ্গপ্রসঙ্গে অর্থাৎ নাট্যাদিতে এই প্রীতরস প্রেমভক্তি নামে উল্লিখিত হইয়াছে। কৌমুদীকার ইহাকে স্থায়িরতি বলিয়া বর্ণন করিয়াছেন এবং সুদেবাদি কর্ত্তৃক এই প্রীতরস সাক্ষাৎ শান্ত নামে কথিত হইয়াছে। আত্মোচিত বিভাব দ্বারা ভক্তগণের চিত্তে প্রীতি আস্বাদনীয়ত্ব প্রাপ্ত হয়, এ কারণ ইহা প্রীতভক্তিরস বলিয়া সম্মত ॥

অনুগ্রহপাত্রের সম্বন্ধে দাসত্ব এবং লালনীয়ত্ব প্রযুক্ত এই প্রীতরস দুই প্রকারে ভিন্ন হয়, যথা—সংভ্রমপ্রীত ও গৌরব প্রীত ॥

তন্মধ্যে সংভ্রম প্রীত যথা ॥

দাসাভিমানিনাং কৃষ্ণে স্যাৎ প্রীতিঃ সম্ভ্রমোত্তরা ।
পূর্ব্ববৎ পুষ্যমাণেয়ং সম্ভ্রমপ্রীত উচ্যতে ॥
তত্রালম্বনাঃ ॥
হরিশ্চ তদ্য দাসাশ্চ জ্ঞেয়া আলম্বনা ইহ ॥
তত্র হরিঃ ॥
আলম্বনোঽস্মিন্ দ্বিভুজঃ কৃষ্ণো গোকুলবাসিষু ।
অন্যত্র দ্বিভুজঃ কাপি কুত্রাপ্যেষ চতুর্ভুজঃ ॥
তত্র ব্রজে যথা ॥
নবাম্বুধরবন্ধুরঃ করযুগেন বক্ত্রাম্বুজে
নিধায় মুরলীং স্ফুরৎ পুরটনিন্দি পট্টাম্বরঃ ।

দাসাভিমানি ব্যক্তিদিগের শ্রীকৃষ্ণে সম্ভ্রম বিশিষ্টা প্রীতি উৎপন্ন হয় । এই সম্ভ্রমোত্তরা প্রীতি পূর্ব্ববৎ পুষ্ট হইলে ইহাকে সম্ভ্রমপ্রীত বলা যায় ॥

উক্ত প্রীতরসে আলম্বন যথা ॥

এই প্রীতরসে হরি এবং হরিদাস সকল আলম্বন হইয়া থাকেন ॥

তন্মধ্যে আলম্বন রূপ হরি যথা ॥

এই সম্ভ্রমপ্রীত রসে গোকুলবাসি সকলে শ্রীকৃষ্ণ দ্বিভুজ রূপে আলম্বন,অন্যত্র কোথাও দ্বিভুজ এবং কোথাও বা চতুর্ভুজ রূপে আলম্বন হয়েন ॥

তন্মধ্যে ব্রজে আলম্বন রূপী হরি যথা ॥

নবজলধরকান্তি রূপে স্ফূর্ত্তিশীল প্রভু শ্রীকৃষ্ণ করযুগল দ্বারা বদনপদ্মে মুরলী ধারণ পূর্ব্বক স্বর্ণনিন্দি পীতবসন

শিখণ্ডকৃতশেখরঃ শিখরিণস্তটে পর্য্যটন্
প্রভুর্দিবি দিবৌকসো ভুবি ধিনোতি নঃ কিঙ্করান্ ॥

অন্যত্র দ্বিভুজো যথা ॥

প্রভুরয়মনিশং পিশঙ্গবাসাঃ
করযুগভাগরি কম্বুরম্বুদাভঃ।
নবঘন ইব চঞ্চলা পিনদ্ধো
রবিশশিমণ্ডলমণ্ডিতশ্চকাস্তি ॥ ১ ॥

তত্র চতুর্ভুজো যথা ললিতমাধবে ॥

চঞ্চৎকৌস্তুভ কৌমুদী সমুদয়ঃ কৌমোদকীচক্রয়োঃ

চঞ্চদিতি শ্রীদারুকবাক্যং এষ ইতি বৈকুণ্ঠনাথাদপি চমৎকারকরত্বেন ময়াস্থ

পরিধান এবং মস্তকে ময়ূরপুচ্ছের চূড়া ধারণ করত গিরি-তটে পর্য্যটন করিতে করিতে স্বর্গে দেবগণ এবং পৃথিবীতে আমরা যে কিঙ্কর আমাদিগকে আনন্দ প্রদান করিতেছেন ॥

অন্যত্র দ্বিভুজ যথা ॥

এই মেঘকান্তি প্রভু নিরন্তর পীত বসন পরিধান এবং করযুগে শঙ্খ চক্র ধারণ পূর্ব্বক নবজলধরে বিদ্যুৎ নিবদ্ধ হইলে যে রূপ শোভা দেখায় তাহার ন্যায় চন্দ্রকান্ত ও সূর্য্যকান্তময় মণিভূষণ সকলে বিভূষিত হইয়া শোভা বিস্তার করিতেছেন ॥ ১ ॥

তন্মধ্যে চতুর্ভুজ যথা ॥

ললিতমাধবে ॥

দারুক কহিলেন যাঁহার কণ্ঠে কৌস্তুভমণি শুভ্র তেজ

গধ্যেনোজ্জ্বলিতৈ স্তথা জলজয়োরাঢ্যশ্চতুর্ভিভুর্জৈঃ।
দিব্যালঙ্করণেন সঙ্কটতনুঃ সঙ্গী বিহঙ্গেশিতু-
র্মাং ব্যস্মারয়দেষ কংসবিজয়ী বৈকুণ্ঠগোষ্ঠীশ্রিয়ং ॥ ২ ॥
ব্রহ্মাণ্ডকোটিধামৈকরোমকূপঃ কৃপাম্বুধিঃ।
অবিচিন্ত্যমহাশক্তিঃ সর্ব্বসিদ্ধিনিষেবিতঃ।
অবতারাবলীবীজং সদাত্মারামহৃদ্গুণঃ।
ঈশ্বরঃ পরমারাধ্যঃ সর্ব্বজ্ঞঃ সুদৃঢ়ব্রতঃ।
সমৃদ্ধিমান্ ক্ষমাশীলঃ শরণাগতপালকঃ।

ভুয়মান ইত্যর্থঃ। ব্যস্মারয়দিত্যনেনচ প্রস্তুতানাং সামগ্রীণাং বৈকুণ্ঠসাম-গ্রীভ্যো বিলক্ষণত্বং ধ্বনিতং ॥ ১ ॥ ২ ॥

ব্রহ্মাণ্ডকোটিধামৈক*রোমকূপ ইতি নচাস্ত র্নবহি র্যস্তেত্যাদি প্রমাণেন মধ্যম পরিমাণত্বেঽপি অচিন্ত্যশক্ত্যা পরমবিভুবিগ্রহ ইত্যর্থঃ। তৎসম্বন্ধস্তু তত্র নাস্তীতি স্বয়মেব গীতং ময়া ততমিদং সর্ব্বং জগদব্যক্ত মূর্ত্তিনা ইত্যাদিনা ব্যক্তি-তমেব। সচ পুরুষেণৈব তৎ সম্বন্ধাভাসো নতু স্বয়ং ভগবতেতি। যথোক্তং

প্রকাশ করিতেছে, যিনি শঙ্খচক্র গদাপদ্ম শালি ভুজ চতুষ্টয়ে যুক্ত হইয়াছেন, যাঁহার অঙ্গে দিব্য দিব্য অলঙ্কার সকল সঙ্কুল হইয়া রহিয়াছে এবং যিনি খগেশ্বর গরুড়ের উপরি বিরাজ করিতেছেন, সেই কংসারি আজ আমাকে বৈকুণ্ঠের ঐশ্বর্য্য বিস্মরণ করাইয়া দিলেন ॥ ২ ॥

যাঁহার এক রোমকূপে কোটি কোটি ব্রহ্মাণ্ড অবস্থিতি করিতেছে, যিনি কৃপা সমুদ্র, অবিচিন্ত্য মহাশক্তি, সর্ব্বসিদ্ধি নিষেবিত, অবতারাবলীবীজ, আত্মারামগণাকর্ষী, ঈশ্বর, পরমারাধ্য সর্ব্বজ্ঞ, সুদৃঢ়ব্রত, সমৃদ্ধিমান্, ক্ষমাশীল, শরণা-

দক্ষিণঃ সত্যবচনো দক্ষঃ সর্ব্বশুভঙ্করঃ।
প্রতাপী ধার্ম্মিকঃ শাস্ত্রচক্ষুর্ভক্তসুহৃত্তমঃ।
বদান্যস্তেজসাযুক্তঃ কৃতজ্ঞঃ কীর্ত্তিসংশ্রয়ঃ।
বরীয়ান্ বলবান্ প্রেমবশ্য ইত্যাদিভির্গুণৈঃ।
যুতশ্চতুর্ব্বিধেষ্বেষদাসেষ্বালম্বনো হরিঃ॥ ৩॥

অথ দাসাঃ॥

দাসাস্তু প্রশ্রিতা স্তস্য নিদেশবশবর্ত্তিনঃ।
বিশ্বস্তাঃ প্রভূতাজ্ঞান বিনম্রিতধিয়শ্চ তে॥

শ্রীদশমে। যস্যাংশাংশাংশ ভাগেন বিশ্বস্থিত্যপ্যয়োদয়া ইতি টীকাচ যস্যাংশঃ পুরুষ স্তস্যাংশো মায়েত্যাদিকা। তদেব মায়িক গুণবত্তাচ তস্য ন সর্ব্বত্র স্ফূরতি কিন্তু যথা বিভাগমেব। যথা প্রথমোহয়ং গুণঃ অধিকারি বিশেষাশ্রিত ত্বাৎসেষ্বেবেতি॥ ৩॥

প্রশ্রিতা নতদৃষ্ট্যাদিনা স্থিতাঃ। নিদেশ স্বস্বযোগ্যকর্ম্মণি যা শ্রীকৃষ্ণাজ্ঞা তত্র যো বশ ইচ্ছা স্বত এব রুচি স্তত্র বর্ত্তিতুং শীলং যেষাং তে তথা। বশঃ কান্তাবিত্যমরঃ। তদেতল্লক্ষণানুসারাৎ রুচিবৃত্ত্যা দাসত্বেনাশঙ্ক্যমানা

গতপালক, দক্ষিণ, সত্যবচন, দক্ষ, সর্ব্বশুভঙ্কর, প্রতাপী, ধার্ম্মিক, শাস্ত্র চক্ষু, ভক্তসুহৃৎ, বদান্য, তেজীয়ান্, কৃতজ্ঞ, কীর্ত্তিমান্ এবং প্রেমবশ্য, ইত্যাদি গুণযুক্ত হরি চতুর্ব্বিধ দাসভক্তে আলম্বন স্বরূপ॥ ৩॥

অথ দাস॥

প্রশ্রিত অর্থাৎ সর্ব্বদা নতদৃষ্টিতে অবস্থিত আজ্ঞাবর্ত্তী, বিশ্বস্ত এবং প্রভুজ্ঞানে নম্রবুদ্ধি ইত্যাদি ভেদে দাস চারি প্রকার হয়॥

যথা ॥

প্রভুরয়মখিলৈর্গুণৈ র্গরীয়া-

নিহ তুলনামপরঃ প্রযাতি নাস্য।

ইতি পরিণতনির্ণয়েন নম্রান্

হিতচরিতান্ হরিসেবকান্ ভজধ্বং ॥

চতুর্দ্ধামী অধিকৃতাশ্রিতপারিসদানুগাঃ ॥

তত্রাধিকৃতাঃ ॥

ব্রহ্ম শঙ্কর শক্রাদ্যাঃ প্রোক্তা অধিকৃতা বুধৈঃ।

রূপং প্রসিদ্ধমেবৈষাং তেন ভক্তিরুদীর্য্যতে ॥ ৪ ॥

শ্রীকৃষ্ণগৌরববিষয়া বিপ্রাদয়োঽপি যোগবৃত্ত্যা গণয়িষ্যন্তে দাস্যন্তে দীয়ন্তে কৃপয়া তত্তদ্বাঞ্ছিতং সম্পদ্যতে যেভ্য ইতি নিরুক্তেঃ। দাস্য দানে যথা চাত্র প্রমাণীকৃতং ভাষাবৃত্তৌ। গুণিনাং ব্রাহ্মণো দাস ইতি। কিন্ত্বেতে নিত্যসিদ্ধাঃ সাধনসিদ্ধাশ্চেত্যুভয়ে লীলাপরিকরা তাদৃশতা ভাববাঞ্ছকা শ্চেতি ভেদেন তত্র তত্র জ্ঞেয়াঃ ॥ ৪ ॥

যথা ॥

এই প্রভু নিখিল গুণ দ্বারা সকলের গুরু, এ জগতে ইহাঁর সহিত কে তুল্যত্ব লাভ করিতে পারে, এইরূপ নিশ্চয় জ্ঞানে নত ও সর্ব্ব হিতকারি হরিদাস সকলকে ভজনা কর ॥

উক্ত চারি প্রকার দাসের নাম অধিকৃত, আশ্রিত, পারিষদ ও অনুগ ॥

তন্মধ্যে অধিকৃত দাস যথা ॥

ব্রহ্মা, শিব এবং ইন্দ্র ইত্যাদিকে পণ্ডিতগণ অধিকৃত দাস বলিয়া কীর্ত্তন করেন, ইহাঁদের রূপ প্রসিদ্ধই আছে, একারণ এই সকলের ভক্তি বলিতেছি ॥ ৪ ॥

যথা।

কা পর্য্যেত্যম্বিকেয়ং হরিমবকলয়ন্ কম্পতে কঃ শিবোঽসৌ
তং কঃ স্তৌত্যেষ ধাতা প্রণমতিরিলুঠন্ কঃ ক্ষিতৌ বাসবোঽয়ং।
কঃ স্তব্ধো হস্যতেঽদ্ধা দনুজভিদনুজৈঃ পূর্ব্বজোঽয়ং যমেত্থং
কালিন্দী জাম্ববত্যাং ত্রিদশপরিচয়ং জালরন্ধ্রাদ্ব্যতানীৎ॥

অথাশ্রিতাঃ॥

অধিকৃতা ইতি শ্রীকৃষ্ণেনাধিকৃতা স্থাপিতা ইত্যর্থঃ। উদাহরণেতু কা পর্য্যেতি প্রদক্ষিণী করোতি। স্তব্ধঃ স্তম্ভাখ্য সাত্ত্বিকেন যুক্তঃ ইত্যর্থঃ। পূর্ব্বজ ইতি তদানীং যমস্যরশ্যাপি যমশরীর প্রবিষ্টস্থার্য্যম্নোঽপি তদ্রূপত্বেনৈব ব্যবহারাৎ॥ ৫॥

যথা।

জাম্ববতী কালিন্দীকে জিজ্ঞাসা করিলেন হরিকে প্রদক্ষিণ করিতেছেন ইনি কে? কালিন্দী কহিলেন ইনি অম্বিকা, জাম্ববতী, হরিদর্শন করিয়া কাঁপিতেছেন ইনি কে? কালিন্দী, ইনি শিব, জাম্ববতী, স্তব করিতেছেন ইনি কে? কালিন্দী ইনি বিধাতা, জাম্ববতী, ক্ষিতিতলে লুণ্ঠিত হইয়া প্রণাম, করিতেছেন ইনি কে?। কালিন্দী, ইনি ইন্দ্র। জাম্ববতী, দেবগণের সহিত স্তব্ধ হইয়া হাস্য করিতেছেন ইনি কে? কালিন্দী, ইনি আমার জ্যেষ্ঠভ্রাতা যম, এইরূপে গবাক্ষ দিয়া কালিন্দী জাম্ববতীকে দেবগণের পরিচয় প্রদান করিতে লাগিলেন॥

অথ আশ্রিত॥

তে শরণ্যা জ্ঞানিচরাঃ সেবানিষ্ঠাস্ত্রিধাশ্রিতাঃ ॥ ৫ ॥

যথা ॥

কেচিদ্ভীতাঃ শরণমভিতঃ সংশ্রয়ন্তে ভবন্তং
বিজ্ঞাতার্থাস্তদনুভবতঃ প্রাস্য কেচিন্মুমুক্ষাং।
শ্রাবং শ্রাবং নব নব নবাং মাধুরীং সাধুবৃন্দা-
দ্বৃন্দারণ্যোৎসব কিল বয়ং দেব সেবেমহি ত্বাং।

কেচিদ্ভীতা ইত্যাদৌ ভূতএব নিষ্ঠা নতু বর্ত্তমানে। সংপ্রতি হ্যেষামন্যাভিলাষিতাশূন্যত্বমেব বক্তব্যং শুদ্ধভক্তেষু গণনাৎ। মুমুক্ষামিত্যুপলক্ষণত্বেন শান্তিরতিহেতুজ্ঞানত্যাগোঽপি লভ্যতে অতএব জ্ঞানিচরা ইতি ভূতপূর্ব্বত্বং জ্ঞানস্যাপি দর্শিতং। অত্র চ মধ্যমাস্তিমাধিকারিণামনন্ত ভেদ ঐশ্বর্য্য মাধুর্য্যানুভবাভ্যাং জ্ঞেয়ঃ ভীতা ইতিঃত্বদুক্তিব্যতিরিক্তাৎ সর্ব্বস্মাদপি ভয়যুক্তা ইত্যর্থঃ। ত্বদনুভবতো বিজ্ঞাতার্থা ইতি ব্রহ্মানুভব ত্বদনুভবয়োর্জ্ঞাততারতম্যা ইত্যর্থঃ। তদিদং সহজতদ্দাস্যরতেঃ সাধকভক্তস্য বচনমাত্মনঃ সার্ব্বদিকানন্যগতিত্ব নিবেদনায় ॥ ৬ ॥

শরণাগত, জ্ঞানি ও সেবানিষ্ঠ এই তিনকে আশ্রিত বলে ॥ ৫ ॥

যথা ॥

হে বৃন্দাবনানন্দ! হে দেব! কোন কোন ব্যক্তি ভীত হইয়া সর্ব্বতোভাবে রক্ষক জ্ঞানে তোমাকে আশ্রয় করিয়াছেন, কোন কোন ব্যক্তি তোমার প্রভাব অবগত হইয়া মুক্তি বিষয়ক ইচ্ছা পরিত্যাগ পূর্ব্বক তোমাকে আশ্রয় করিয়াছেন এবং আমরা সাধুমুখে তোমার নব নব মাধুরী শ্রবণ করিয়া শ্রবণ করিয়া ত্বদীয় সেবাকার্য্যে নিযুক্ত হইয়াছি ॥

তত্র শরণ্যাঃ॥

শরণ্যাঃ কালিয় জরাসন্ধবদ্ধনৃপাদয়ঃ॥

যথা॥

অপি গহনাগসি নাগে প্রভুবর ময্যদ্ভুতাদ্য তে করুণা।

ভক্তৈরপি সুদুর্লভয়া যদহং পদমুদ্রয়োজ্জ্বলিতঃ॥

যথাপরাধভঞ্জনে॥

কামাদীনাং কতি ন কতিধা পালিতা দুর্নিদেশা

জাতা তেষাং ময়ি ন করুণা ন ত্রপা নোপশান্তিঃ।

উৎসৃজ্যৈতানথ যদুপতে সাম্প্রতং লব্ধবুদ্ধি-

তন্মধ্যে শরণ্য যথা॥

কালিয়নাগ এবং জরাসন্ধকারাগারবদ্ধ নৃপতিগণকে শরণাগত বলা যায়॥

যথা॥

হে প্রভুশ্রেষ্ঠ। আমি কালিয়নাগ, অতিশয় অপরাধ করিলেও আমার প্রতি আপনার অদ্ভুত করুণা, যে হেতু ভক্তগণেরও দুর্লভ পদচিহ্ন দ্বারা আজ আমি উজ্জ্বলিত হইলাম॥

যথাবা অপরাধভঞ্জনে॥

প্রভো! আমি কাম ক্রোধাদি রিপুবর্গের কত কত না দুষ্ট আদেশ সকল প্রতিপালন করিয়াছি, তথাপি তাহারা আমার প্রতি দয়া করিল না, না তাহাদের লজ্জা বা উপশমই হইল অতএব হে যদুপতে! সম্প্রতি আমি জ্ঞান প্রাপ্ত হইয়া অভয় স্বরূপ আপনার শরণাগত হইলাম, আপনি আমাকে

ত্বামায়াতঃ শরণমভয়ং মাং নিযুঙ্ক্ষাত্মদাস্যে ॥

অথ জ্ঞানিচরাঃ ॥

যে মুমুক্ষাং পরিত্যজ্য হরিমেব সমাশ্রিতাঃ।
শৌনকপ্রমুখাস্তেতু প্রোক্তা জ্ঞানিচরা বুধৈঃ ॥

যথা হরিভক্তিসুধোদয়ে ॥

অহো মহাত্মন্ বহুদোষদুষ্টো-
হপ্যেকেন ভাত্যেষ ভবো গুণেন।
সৎসঙ্গমাখ্যেন সুখাবহেন
কৃতাদ্য নো যেন কৃশা মুমুক্ষা ॥ ৬ ॥

যথাবা পদ্যাবল্যাং ॥

স্বীয় দাস্যে নিযুক্ত করুন ॥

অথ জ্ঞাননিষ্ঠ ॥

যাঁহারা মুক্তি ইচ্ছা পরিত্যাগ পূর্ব্বক কেবল হরিকেই আশ্রয় করিয়াছেন, তাঁহারাই শৌনকাদি ঋষি, পণ্ডিতগণ তাঁহাদিগকেই জ্ঞাননিষ্ঠ বলিয়া কীর্ত্তন করিয়াছেন ॥

যথা হরিভক্তিসুধোদয়ে ॥

শৌনকাদি ঋষিগণ সূতকে কহিলেন, হে মহাত্মন্! কি আশ্চর্য্য! এই মনুষ্য জন্ম বহু দোষে দুষ্ট হইলেও এক সুখ-জনক সৎসঙ্গ রূপ গুণ দ্বারা শোভা পাইতেছে, দেখ তদ্দ্বারা আমাদের মুক্তি ইচ্ছা ক্ষীণ হইয়া গেল ॥ ৬ ॥

যথাবা পদ্যাবলীতে ॥

ধ্যানাতীতং কিমপি পরমং যেত্তু জানন্তি তত্ত্বং
তেষামাস্তাং হৃদয়কুহরে শুদ্ধচিন্মাত্র আত্মা।
অস্মাকন্তু প্রকৃতিমধুরঃ স্মেরবক্তারবিন্দো
মেঘশ্যামঃ কনকপরিধিঃ পঙ্কজাক্ষোঽয়মাত্মা॥

অথ সেবানিষ্ঠাঃ॥

মূলতো ভজনাসক্তাঃ সেবানিষ্ঠা ইতীরিতাঃ।
চন্দ্রধ্বজো হরিহয়ো বহুলাশ্ব স্তথা নৃপঃ।
যথা।
ইক্ষ্বাকুঃ শ্রুতদেবশ্চ পুণ্ডরীকাদয়শ্চ তে॥ ৭॥

আত্মারামানপি গময়তি ত্বদ্‌গুণো গানগোষ্ঠীং

ধ্যানাতীতমিতি পূর্ব্বার্দ্ধে হেয়ত্ববিবক্ষয়া জ্ঞাতস্যাপ্যজ্ঞাতবন্নির্দ্দেশাৎ। পঙ্কজাক্ষোঽয়মাত্মেতি পরমেশিতৃত্বাৎ পরমপ্রিয়ত্বাচ্চ॥ ৭॥

শূন্যে নির্জনে উদ্যানে বর্ত্তমানান্ বিহগসদৃশাংস্তপস্বিনোঽপি ভিক্ষুচর্য্যাং

যাঁহারা ধ্যানাতীত কোন এক পরম তত্ত্ব বলিয়া নিশ্চয় করিয়াছেন, তাঁহাদের হৃদয়ে শুদ্ধসত্ত্ব জ্ঞানময় আত্মা অবস্থিতি করুন, কিন্তু আমাদের হৃদয়ে স্বভাবসিদ্ধ মাধুর্য্যময়, হাস্য বদন, মেঘকান্তি, পীতবসন ও পদ্মনেত্র আত্মা বিরাজ করুন॥

অথ সেবানিষ্ঠ॥

যাঁহারা প্রথমাবধিই ভজন বিষয়ে আসক্ত, তাঁহাদিগকেই সেবানিষ্ঠ বলা যায়। শিব, ইন্দ্র, বহুলাশ্বরাজা, ঈক্ষাকু, শ্রুতদেব ও পুণ্ডরীক, ইহাঁরা সকল সেবানিষ্ঠ॥ ৭॥

যথা॥

কৃষ্ণ! তোমার গুণ আত্মারামগণকেও আকর্ষণ করিয়া

শূন্যোদ্যানে নয়তি বিহগানপ্যলং ভিক্ষুচর্য্যাং।
ইত্যুৎকর্ষং কমপি সচমৎকারমাকর্ণ্য চিত্রং
সেবায়াস্তে স্ফুটমঘহর শ্রদ্ধয়া গর্দ্ধিতোঽস্মি ॥ ৮ ॥

অথ পারিষদাঃ ॥

উদ্ধবো দারুকো জৈত্রঃ শ্রুতদেবশ্চ শত্রুজিৎ।
নন্দোপনন্দভদ্রাদ্যাঃ পার্ষদা যদুপত্তনে।
নিযুক্তাঃ সন্ত্যমী মন্ত্র সারথ্যাদিষু কর্ম্মসু।
তথাপি ক্বাপ্যবসরে পরিচর্য্যাঞ্চ কুর্ব্বতে।

ত্বদ্‌গুণগানশ্রবণেচ্ছয়া তদ্গান সভায়াং ভিক্ষোরিব চর্য্যাং নয়তি। যদ্বা শূন্যো-দ্যানে ইত্যাবেশাৎ প্রৌঢ়িবচনং। জনস্থানে শূন্যে করুণককৈরার্য্যচরিতৈ-রপি গ্রাবারোদিত্যপি দলতি বজ্রস্য হৃদয়মিতিবৎ ॥ ৮ ॥

শ্রুতদেব শত্রুজিতাবপি প্রথমস্কন্ধে প্রোক্তাবত্র জ্ঞেয়ৌ। পরিচর্য্যাত্র স্ব স্ব

ত্বদীয় গানসভায় লইয়া যায় এবং নির্জনবাসি তপস্বিদিগ-কেও তোমার গুণগান শ্রবণেচ্ছায় ত্বদীয় গানসভায় ভিক্ষু-চর্য্যা প্রাপ্ত করায়, হে অঘনাশন! এইরূপে তোমার কোন অনির্ব্বচনীয় আশ্চর্য্য উৎকর্ষ দর্শন করিয়া আমি স্পষ্টরূপে ত্বদীয় সেবায় শ্রদ্ধান্বিত হইয়াছি ॥ ৮ ॥

অথ পারিষদ ॥

দ্বারকানগরীতে উদ্ধব, দারুক, সাত্যকি, শ্রুতদেব, শত্রু-জিৎ, নন্দ, উপনন্দ ও ভদ্র প্রভৃতি পার্ষদ, ইঁহারা মন্ত্রণা ও সারথ্যাদি কার্য্যে নিযুক্ত থাকিলেও কোন কোন সময়ে পরিচর্য্যাদি কার্য্যে প্রবৃত্ত হয়েন। কুরুবংশের মধ্যে

কৌরবেষু তথা ভীষ্ম পরীক্ষিদ্বিদুরাদয়ঃ ॥

তেষাং রূপং যথা ॥

সরসাঃ সরসীরুহাক্ষবেশা

স্ত্রিদিবেশা বলিজৈত্র কান্তিলেশাঃ।

যদুবীরসভাদঃ সদামী

প্রচুরালঙ্করণোজ্জ্বলা জয়ন্তি ॥ ৯ ॥

ভক্তির্যথা ॥

শংসন্ ধূর্জটি নির্জয়াদি বিরুদং বাষ্পাবরুদ্ধাক্ষরং

শঙ্কাপঙ্কলবং মহাদগণয়ন্ কালাগ্নিরুদ্রাদপি।

যোগ্যানুগতিঃ ॥ ৯ ॥

শংসন্নিতি ইন্দ্রপ্রস্থগতং শ্রীকৃষ্ণং প্রতি কস্যচিদ্বচনং। শংসন্ প্রশংসন্ শঙ্কৈব পঙ্ক উদ্বেগদায়িত্বাত্তস্য লবমপ্যগণয়ন্ সোহপি নাস্তীতি নিশ্চিন্বন্নিত্যর্থঃ। যদ্বা শঙ্কৈব পঙ্কলবো যস্মিন্ স শঙ্কাপঙ্কলবঃ ঈষচ্ছঙ্কমান ইত্যর্থঃ। ততশ্চ সমস্তস্যাসমস্তেন নিত্যাপেক্ষেণ সঙ্গতিরিতি ন্যায়েন কালাগ্নি

ভীষ্ম, পরীক্ষিৎ ও বিদুর প্রভৃতিকে পার্ষদ বলে ॥

ঐ সকল পার্ষদের রূপ যথা ॥

যদুবীরের সভাসদ সকল রসময় মূর্ত্তি, পদ্মনেত্র, দেবপরাজয়কারি কান্তিশালী এবং সর্ব্বদা প্রচুর অলঙ্কারে উজ্জ্বল হইয়া বিরাজ করিতেছেন ॥ ৯ ॥

ভক্তিযথা ॥

ইন্দ্রপ্রস্থ গত শ্রীকৃষ্ণকে কোন ব্যক্তি কহিল, প্রভো! উদ্ধবাদি ত্বদীয় পার্ষদগণ গলদশ্রু গদগদ বাক্যে তোমার রুদ্র-

ত্বয্যোবার্পিত বুদ্ধিরুদ্ধবমুখ স্ত্বৎপার্ষদানাং গণো
দ্বারি দ্বারবতী পুরস্য পুরতঃ সেয়োৎসুকস্তিষ্ঠতি ॥ ১০ ।
এতেষাং প্রবরঃ শ্রীমানুদ্ধবঃ প্রেমবিক্লবঃ ॥
তস্য রূপং যথা ॥
কালিন্দীমধুরত্বিষং মধুপতে র্মাল্যেন নির্ম্মাল্যতাং
লব্ধেনাঙ্কিতমম্বরেণ চ লসদ্গোরোচনারোচিষা ।

রুদ্রাদপি শঙ্কাপঙ্কলবো যো ভগবদ্ভক্তজনস্তমপি মদাদ্ভগবদাশ্রয়মাহাত্ম্যগর্ব্বা-দগণয়ন্ ভগবদাশ্রয়ে সতি তদাভাসোঽপি নোচিত ইত্যতো ন বহুমন্যান ইত্যর্থঃ। তদেবমেব পূর্ব্বেভ্যো জগত্যাধিকৃতেভ্য এষাং বিশেষো দর্শিতঃ। পুরস্তঃ দ্বারবতী পুরস্য পুরতো দ্বারি সর্ব্বাগ্রিম দ্বারে ॥ ১০ ।

প্রেমবিক্লবঃ প্রেমপরবশঃ ক্লবভয় ইতি ঘটাদ্যাত্মনে পদিত্বেন বোপদেবঃ পঠতি। বিক্লবো বিহ্বল ইতি বিশেষ্যানিঘ্নবর্গঃ। তত্র বিক্লবত্বে কাতরো ভবতীতি ক্ষীরস্বামী। ভয়াদ্যভিভূতে দ্বয়মিতি টীকান্তরাণি। ততশ্চ ভয়েনাত্র

জয়াদি কার্য্য কীর্ত্তন করিতে করিতে মত্ততা বশতঃ প্রলয়কর্ত্তা কালাগ্নি রুদ্র হইতে শঙ্কারূপ পঙ্কলেশকেও গণ্য করেন না, কেবল তোমাতে চিত্ত সমর্পণ পূর্ব্বক সেবা বিষয়ে উৎসুক হইয়া দ্বারাবতী পুরীর অগ্রে দণ্ডায়মান হইয়া রহিয়াছেন ॥ ১০

এই সকল পার্ষদগণের মধ্যে প্রেমবিহ্বল শ্রীমান্ উদ্ধবই সর্ব্বশ্রেষ্ঠ ॥

উদ্ধবের রূপ যথা ॥

যাঁহার শরীর কালিন্দীতুল্য স্নিগ্ধ শ্যামবর্ণ, যিনি কৃষ্ণ নির্ম্মাল্য মাল্য ও পীতবসনে বিভূষিত, যিনি আর্গল সদৃশ

স্বচ্ছেনার্গলসুন্দরেণ ভুজয়ো র্ভ্রাজিষ্ণুমব্জেক্ষণং
মুখ্যং পারিষদেষু ভক্তিলহরীরুদ্ধং ভজাম্যুদ্ধবং ॥ ১১ ॥

ভক্তির্যথা ॥

মূর্দ্ধন্যাহুকশাসনং প্রণয়তে ব্রহ্মেশয়োঃ শাসিতা
সিন্ধুং প্রার্থয়তে ভুবং তনুতরাং ব্রহ্মাণ্ডকোটীশ্বরঃ।
মন্ত্রং পৃচ্ছতি মামপেশলধিয়ং বিজ্ঞানবারাংনিধি-
র্বিক্রীড়ত্যসকৃদ্বিচিত্র চরিতঃ সোঽয়ং প্রভুর্মাদৃশাং ॥

অথানুগাঃ ॥

পারবশ্যং লক্ষ্যত ইতি এবমেব ইতি বিরুবিতং তাসামিত্যত্র স্বামিভিঃ পারবশ্য প্রলপিতমিতি ব্যাখ্যাতং ॥ ১১ ॥

বিক্রীড়তীতি ব্যাজেন তস্য বিনয়মেব ব্যনক্তি স্ম ॥ ১২ ॥

সুন্দর ভুজযুগে বিরাজমান এবং পদ্মনেত্র তথা পার্ষদগণের মধ্যে মুখ্য ও ভক্তিশালি, সেই উদ্ধবকে ভজনা করি ॥ ১১ ॥

উদ্ধবের ভক্তি যথা ॥

যিনি শিব ও ব্রহ্মার শাসন কর্ত্তা হইয়াও মস্তকে উগ্রসেনের শাসন বহন করেন, যিনি কোটি ব্রহ্মাণ্ডের অধীশ্বর হইয়াও সমুদ্রের নিকট যৎকিঞ্চিৎ ভূমি প্রার্থনা করিয়াছেন এবং যিনি বিজ্ঞান সমুদ্র হইয়াও অল্পবুদ্ধি আমি যে উদ্ধব আমাকে মন্ত্রণা জিজ্ঞাসা করেন, সেই এই প্রভু শ্রীকৃষ্ণ আমাদের মত নানা কার্য্য করিয়া নিরন্তর ক্রীড়া করিতেছেন ॥

অথ অনুগ ॥

সর্ব্বদা পরিচর্য্যাসু প্রভোরাসক্তচেতসঃ।
পুরস্থাশ্চ ব্রজস্থাশ্চেত্যুচ্যতে অনুগা দ্বিধা ॥
তত্র পুরস্থাঃ ॥
সুচন্দ্রো মণ্ডনঃ স্তম্ভঃ সুতম্বাদ্যাঃ পুরানুগাঃ।
এষাং পার্ষদবৎ প্রায়ো রূপালঙ্করণাদয়ঃ ॥
সেবা যথা ॥
উপরি কনকদণ্ডং মণ্ডনো বিস্তৃণীতে
ধুবতি কিল সুচন্দ্রশ্চামরং চন্দ্রচারু।
উপহরতি সুতম্বঃ সুষ্ঠু তাম্বূলবীটীং •
বিদধতি পরিচর্য্যাং সাধবো মাধবস্য ॥

যাহারা সর্ব্বদা প্রভুর সেবাকার্য্যে আসক্ত চিত্ত, তাহাদিগকে অনুগ বলে, এই অনুগ পুরস্থ ও ব্রজস্থ ভেদে দুই প্রকার হয় ॥

তন্মধ্যে পুরস্থ অর্থাৎ দ্বারকাস্থ অনুগ যথা ॥

সুচন্দ্র, মণ্ডন, স্তম্ব ও সুতম্ব প্রভৃতিকে দ্বারকাস্থ অনুগ বলে, ইহাঁদের পার্ষদ তুল্য রূপ ও অলঙ্কারাদি ধারণ ॥

অনুগদিগের সেবা যথা ॥

মণ্ডন শ্রীকৃষ্ণের মস্তকোপরি কনকদণ্ড ছত্র ধারণ করেন, সুচন্দ্র শ্বেতচামর ব্যজন করেন এবং সুতম্ব তাম্বূলবীটিকা সমর্পণ করেন, এইরূপে 'সাধুগণ মাধবের পরিচর্য্যা সকল বিধান করিয়া থাকেন ॥

অথ ব্রজস্থাঃ ॥
রক্তকঃ পত্রকঃ পত্রী মধুকণ্ঠো মধুব্রতঃ।
রসালঃ সুবিলাসশ্চ প্রেমকন্দো মরন্দকঃ।
আনন্দশ্চন্দ্রহাসশ্চ পয়োদো বকুলস্তথা।
রসদঃ শারদাদ্যাশ্চ ব্রজস্থা অনুগা মতাঃ ॥
এষাং রূপং যথা ॥
মণিময় বরমণ্ডনোজ্জ্বলাঙ্গান্
পুরট জবা মধুলিট্ পটীরভাসঃ।
নিজবপুরনুরূপ দিব্যবস্ত্রান্
ব্রজপতিনন্দন কিঙ্করান্নমামি ॥
সেবা যথা ॥

ব্রজস্থ অনুগ যথা ॥

রক্তক, পত্রক, পত্রী, মধুকণ্ঠ, মধুব্রত, রসাল, সুবিলাস, প্রেমকন্দ, মরন্দক, আনন্দ, চন্দ্রহাস, পয়োদ, বকুল, রসদ, এবং শারদ প্রভৃতি এই সকল ব্রজস্থ অনুগ বলিয়া পরিগণিত ॥

ব্রজস্থ অনুগদিগের রূপ যথা ॥

যে সকল ব্রজস্থ অনুগ উৎকৃষ্ট মণিময় ভূষণে উজ্জ্বলাঙ্গ, স্বর্ণ, জবা, ভ্রমর ও চন্দ্র তুল্য বর্ণশালী ও যাঁহাদের নিজ নিজ দেহানুরূপ বসন পরিধান সেই ব্রজপতিনন্দনের কিঙ্করগণকে প্রণাম করি ॥

ব্রজস্থ অনুগের সেবা যথা ॥

ক্ষতং কুরু পরিষ্কৃতং বকুল পীতপট্টাংশুকং
বরৈরগুরুভির্জ্জলং রচয় বাসিতং বারিদ ।
রসাল পরিকল্পয়োরগলতাদলৈ বীটিকাঃ
পরাগ পটলীগবাং দিশমরুদ্ধ পৌরন্দরীং ॥
ব্রজানুগেষু সর্ব্বেষু বরীয়ান্ রক্তকো মতঃ ॥ ১২ ॥
অস্য রূপং যথা ॥
রম্যপিঙ্গ পটমঙ্গ রোচিষা
খর্ব্বিতোরু শতপর্ব্বিকা রুচং ।
সুষ্ঠু গোষ্ঠযুবরাজসেবিনং
রক্তকণ্ঠমনুযামি রক্তকং ॥ ১৩ ॥

শতপর্ব্বিকা দূর্ব্বা রক্তঃ রাগবিদ্যানিপুণঃ কণ্ঠো যস্য তং অনুযামি অনুগতো ভবামি ॥ ১৩ ॥

যশোদা কহিলেন, বকুল ! শীঘ্র পীতবর্ণ পট্টবস্ত্র পরিষ্কার কর, বারিদ ! তুমি ভাল ভাল অগুরু দ্বারা জল সুবাসিত কর, রসাল ! তুমি পর্ণ দ্বারা বীটিকা প্রস্তুত কর, ঐ দেখ পূর্ব্ব দিক্ গোধূলিতে আচ্ছন্ন হইয়া আসিতেছে ॥

বৃন্দাবনে যে সমস্ত অনুগ আছেন তাঁহাদের মধ্যে রক্তক সর্ব্বাপেক্ষা প্রধান ॥ ১২ ॥

রক্তকের রূপ যথা ॥

যাঁহার পীতাম্বর পরিধান, যিনি অঙ্গকান্তি দ্বারা দূর্ব্বাকে পরাজয় করিয়াছেন, যাঁহার নন্দনন্দনের সেবাতেই অনুরাগ ও সঙ্গীতে কণ্ঠ সুরঞ্জিত, সেই রক্তক অনুগের অনুগামী হই॥১৩

ভক্তির্যথা ॥

গিরিবর ভৃতিভর্তৃদারকেঽস্মিন্
ব্রজযুবরাজতয়া গতে প্রসিদ্ধিং।
শৃণু রসদ সদা পদাভিসেবা
পটিমরতা রতিরুত্তমা মমাস্তু ॥ ১৪ ॥

ধূর্য্যো ধীরশ্চ বীরশ্চ ত্রিধা পারিষদাদিকঃ ॥

তত্র ধূর্য্যঃ ॥

কৃষ্ণেঽস্য প্রেয়সীবর্গে দাসাদৌচ যথাযথং।
যঃ প্রীতিং তনুতে ভক্তঃ স ধূর্য্য ইহ কীর্ত্যতে ॥

নিজেশিত্রা কদাপি সখীবদ্ব্যবহ্রিয়মাণং স্বং সঙ্কুচন্তাবং বীক্ষ্য বিজনে পৃচ্ছন্তং রসদং প্রতি স্বয়মেবাহ গিরীতি রতা আবিষ্টা ॥ ১৪ ॥

পারিষদাদিক ইতি পারিষদা অনুগাশ্চেত্যুভয়ো র্গণঃ ॥ ১৫ ॥

রক্তকের ভক্তি যথা ॥

রক্তক কহিলেন অহে রসদ! বলি শ্রবণ কর, এই গিরি-ধারি ব্রজরাজনন্দন যিনি ব্রজযুবরাজ বলিয়া প্রসিদ্ধ খ্যাতি লাভ করিয়াছেন তাঁহার পাদপদ্ম সেবা বিষয়ে পটীয়সী উত্তমা রতি সর্ব্বদা আমার হউক ॥ ১৪ ॥

ধূর্য্য, ধীর ও বীর ভেদে পারিষদ তিন প্রকার হয় ॥

তন্মধ্যে ধূর্য্য পারিষদ যথা ॥

যে ভক্ত কৃষ্ণে, কৃষ্ণপ্রেয়সীবর্গে ও দাসাদিতে যথা যোগ্য প্রীতি বিস্তার করেন তাঁহাকে ধূর্য্য পারিষদ বলিয়া কীর্ত্তন করা যায় ॥

যথা ॥

দেবঃ সেব্যতয়া যথা স্ফুরতি মে দেব্যস্তথাস্য প্রিয়াঃ
সর্ব্বঃ প্রাণসমানতাং প্রচিন্বতে তদ্ভক্তিভাজাং গণঃ।
স্মৃত্বা সাহসিকং বিভেমি তমহং ভক্তাভিমানোন্নতং
প্রীতিং তৎপ্রণতে খরেপ্যবিদধদ্যঃ স্বাস্থ্যমালম্বতে ॥

অথ ধীরঃ ॥

আশ্রিত্য প্রেয়সীমস্য নাতিসেবাপরোপি যঃ।
তস্য প্রসাদপাত্রং স্যান্মুখ্যং ধীরঃ স উচ্যতে ॥ ১৫ ॥

যথা ॥

শ্রীকৃষ্ণ যেমন আমার সম্বন্ধে সেব্যস্ব রূপে স্ফূর্ত্তি পাইতেছেন, তদ্রূপ তদীয় প্রেয়সীবর্গ দেবীগণও আমার সম্বন্ধে স্ফূর্ত্তি প্রাপ্ত হইতেছেন, তথা সমুদায় কৃষ্ণভক্তিভাজি ভক্তগণও আমার প্রাণ সদৃশরূপে পরিগণিত হইয়াছেন, কিন্তু আমি ভক্ত এইরূপ অভিমানে উচ্চ সাহসিক ব্যক্তিকে স্মরণ করিয়া আমি ভীত হইতেছি, যে হেতু কৃষ্ণভক্ত গর্দ্দভেতেও যে ব্যক্তি প্রীতি বিধান করেন তিনিও পরমসুখে কালযাপন করিতে পারেন॥

অথ ধীর পারিষদ ॥

যিনি শ্রীকৃষ্ণের প্রেয়সীকে আশ্রয় করিয়া থাকেন, সেবা বিষয়ে অতিশয় পরায়ণ হয়েন না, তিনিও শ্রীকৃষ্ণের মুখ্য অনুগ্রহ পাত্র এবং তাঁহাকেই ধীর বলাযায় ॥ ১৫ ॥

যথা ॥

কমপি পৃথগমুচ্চৈর্নাচরামি প্রযত্নং
যদুকুল কমলার্ক ত্বৎপ্রসাদশ্রিয়েঽপি।
সমজনি ননু দেব্যাঃ পারিজাতার্চ্চিতায়াঃ
পরিজন নিখিলান্তঃপাতিনী মে যদাখ্যা ॥

অথ বীরঃ ॥

কমপীতি সত্যভামায়াঃ পিত্রা তদনুগততয়া দত্তস্য তদ্ধাত্রীপুত্রস্য অতএব শ্রীকৃষ্ণমনুস্নিগ্ধশ্যালায়মানস্য নর্ম্মপ্রায়য়া সেবয়া তং সুখয়তঃ কস্যচিদ্বচনং অতএব বসাবহমিদং স্যাৎ কমপি কঞ্চিদপি অনুচ্চৈরল্পমপি ॥ ১৬ ॥

যথা ॥

যৎকালীন শ্রীকৃষ্ণের সহিত সত্যভামার পাণিগ্রহণ হয় সেই সময় সত্যভামার ধাত্রীপুত্র যিনি সত্যভামার অতিশয় প্রীতিপাত্র ছিলেন, সত্যভামার পিতা ঐ ধাত্রীপুত্রকে সত্য-ভামার সহিত দ্বারকানগরীতে প্রেরণ করেন, এই নিমিত্ত ঐ ধাত্রীপুত্র শ্রীকৃষ্ণের শ্যালক তুল্য হইয়া সর্ব্বদা পরিহাস-সেবা দ্বারা শ্রীকৃষ্ণকে সুখী করিতেন, সেই ব্যক্তি কহিলেন হে যদুকুলকমলপ্রভাকর! তোমার অনুগ্রহ লক্ষ্মীলাভ নিমিত্ত আমি পৃথক্‌রূপে কিঞ্চিন্মাত্রও যত্ন করি নাই, তথাপি পারিজাত পূজিতা দেবী সত্যভামার পরিজনবর্গের মধ্যে প্রধান বলিয়া আমার আখ্যা হইয়াছে ॥

অথ বীরপারিষদ ॥

কৃপাং তস্য সমাশ্রিত্য প্রৌঢ়াং নান্যমপেক্ষতে।
অতুলাং যো বহন্ কৃষ্ণে প্রীতিং বীরঃ স উচ্যতে॥ ১৬॥

যথা॥

প্রলম্বরিপুরীশ্বরো ভবতু কা কৃতিস্তেন মে
কুমার মকরধ্বজাদপি ন কিঞ্চিদাস্তে ফলং॥
কিমন্যদহমুদ্ধতঃ প্রভুকৃপাকটাক্ষশ্রিয়া
প্রিয়াপরিষদগ্রিমাং নগণয়ামি ভামামপি॥

চতুর্থে চ॥

প্রলম্ব ইতি অস্য তত্র তন্নাস্থঃ সরসত্বেঽপি প্রণয়কৌতুকবিশেষেণৈব বহির্গর্ব্বস্য ব্যঞ্জনা জ্ঞেয়া। সর্ব্বথা তদ্ভাবত্বেনৈ বৈরস্যাপত্তেঃ এবমুত্তরত্র জগজ্জ-নস্যামিত্যাদাবপি জ্ঞেয়ং বক্ষ্যতেচ ঈর্ষালবেনেত্যাদি তদেতচ্চ সত্যভামায়াঃ কঞ্চিদন্তরঙ্গং প্রতি রহসি বীরভক্তস্য বচনং স্পষ্টবচনত্বে প্রলম্বরিপুমতিক্রম্য সত্যভামাধিক্যব্যঞ্জনায়াং শ্রীকৃষ্ণস্য লজ্জা স্যাদিতি॥ ১৭॥

যিনি শ্রীকৃষ্ণের কৃপাতিশয় আশ্রয় করিয়া অন্যকে অপেক্ষা করেন না কিন্তু শ্রীকৃষ্ণে অতুল প্রীতি বিধান করেন, তাঁহাকেই বীরপার্ষদ বলা যায়॥ ১৬॥

যথা॥

প্রলম্বশত্রু বলদেব ঈশ্বর হউন, তাঁহাতে আমার কোন প্রয়োজন নাই, প্রদ্যুম্ন বালক, তাঁহা হইতেও আমার কোন ফল নাই,অতএব অন্য আর কি বলিব শ্রীকৃষ্ণের কৃপা কটাক্ষ-পাতে আমি উদ্ধত হইয়া প্রিয়াগ্রগণ্যা সত্যভামাকেও গণনা করি না॥

চতুর্থস্কন্ধে ২০ অধ্যায়ে ২৫ শ্লোকে॥

জগজ্জনন্যাং জগদীশ বৈশসং
স্যাদেব যৎ কর্ম্মণি নঃ সমীহিতং।
করোষি ফল্গ্বপ্যুরু দীনবৎসলঃ
স এব ধিষ্ণ্যেঽভিরতস্য কিং তয়া ॥ ১৭ ॥
এতেষু তস্য দাসেষু ত্রিবিধেষ্বাশ্রিতাদিষু।
নিত্যসিদ্ধাশ্চ সিদ্ধাশ্চ সাধকাঃ পরিকীর্ত্তিতাঃ ॥ ১৮ ॥
অথোদ্দীপনাঃ ॥
অনুগ্রহস্য সংপ্রাপ্তিস্তস্যাঙ্ঘ্রিরজসাং তথা।

এতেষ্বিতি তত্তদধিকৃতেষ্বপি ভেদা ইমে জ্ঞেয়াঃ। তথা শান্তাদিষ্বপি ॥ ১৮॥
অনুগ্রহ সংপ্রাপ্ত্যাদীনামুদ্দীপনত্বং বৎসলেষু ন সম্ভবত্যেব সময়ভেদেন

পৃথুরাজ কহিলেন, হে জগদীশ! লক্ষ্মীর কর্ম্ম নিমিত্ত আমার যত্ন হইতেছে, ইহাতে তাঁহার সহিত যদি আমার বিবাদ হয় হউক, তাহাতে ক্ষতি নাই, আপনি দীনবৎসল, দীনের প্রতি দয়া করিয়া তুচ্ছ কার্য্যও বহু করিয়া থাকেন, আমার কার্য্য অবশ্য গণ্য করিবেন। প্রভো! আপনি স্বরূপেই সদা অবস্থিত আছেন, লক্ষ্মীতে আপনার প্রয়োজনই বা কি ॥ ১৭ ॥

শ্রীকৃষ্ণের পূর্ব্বোক্ত শরণ্য, জ্ঞানিচর ও সেবানিষ্ঠ এই তিন আশ্রিত দাস সকলে নিত্য সিদ্ধ, সিদ্ধ এবং সাধক এই তিন প্রকার ভেদ কীর্ত্তিত হয় ॥ ১৮ ॥

অথ উদ্দীপন ॥

শ্রীকৃষ্ণের অনুগ্রহ, শ্রীকৃষ্ণের চরণধূলি, শ্রীকৃষ্ণের ভুক্তাব-

ভুক্তাবশিষ্টভক্তাদেরপি তদ্ভক্তসঙ্গতিঃ।
ইত্যাদয়ো বিভাবাঃ স্যুরেষসাধারণা মতাঃ॥ ১৯॥
তত্রানুগ্রহসংপ্রাপ্তি র্যথা॥
কৃষ্ণস্য পশ্যত কৃপাং কৃপাদ্যাঃ কৃপণে ময়ি।
ধ্যেয়োঽসৌ নিধনে হন্ত দৃশোরধ্বানমভ্যগাৎ॥ ২০॥
মুরলীশৃঙ্গয়োঃ স্বানঃ স্মিতপূর্ব্বাবলোকনং।
গুণোৎকর্ষশ্রুতিঃ পদ্ম পদাঙ্ক নবনীরদাঃ।
তদঙ্গসৌরভাদ্যাস্তু সর্ব্বৈঃ সাধারণা মতাঃ॥ ২১॥

কুত্রচিদন্যত্রাপীত্যসাধারণত্বং জ্ঞেয়ং। তদ্ভক্তসঙ্গতিস্তু বিশেষবিবক্ষয়ৈব গণিতা॥ ১৯॥

কৃষ্ণস্যেতি ভীষ্মবচনং॥ ২০॥

স্মিতেত্যত্র গুণেত্যত্র পদাঙ্কেত্যত্র চ স্বনীয়ত্বং গম্যং॥ ২১॥

শিষ্ট অন্নাদির প্রাপ্তি এবং শ্রীকৃষ্ণের ভক্তসঙ্গ, দাস প্রভৃতি এই সকল অসাধারণ বিভাব হয়॥ ১৯॥

তন্মধ্যে অনুগ্রহ সংপ্রাপ্তি যথা॥

ভীষ্ম মহাশয় কহিলেন, অহে কৃপাচার্য্য প্রভৃতি দ্বিজগণ! শ্রীকৃষ্ণের আশ্চর্য্য কৃপা সন্দর্শন করুন, আমি অতি দীন-ব্যক্তি হইলেও এই ধ্যেয় পদার্থ অন্তকালে আমার লোচনের পথে সমাগত হইলেন॥ ২০॥

উক্ত প্রীতরসে শ্রীকৃষ্ণের মুরলীর শব্দ, শৃঙ্গধ্বনি, সহাস্যাবলোকন গুণোৎকর্ষ শ্রবণ, পদ্ম, পদচিহ্ন নূতন মেঘ এবং অঙ্গসৌরভ, ইত্যাদি সকল সাধারণ উদ্দীপন॥ ২১॥

তত্র মুরলীস্বনো যথা বিদগ্ধমাধবে ॥

সোৎকণ্ঠং মুরলীকলা পরিমলানাকর্ণ্য ঘূর্ণত্তনো-
রেতস্যাক্ষি সহস্রতঃ সুরপতে রশ্রূণি সস্রুর্ভুবি।
চিত্রং বারিধরান্ বিনাপি তরসা যৈরদ্য ধারাময়ৈ
দূরাৎ পশ্যত দেবমাতৃকমভূদ্বৃন্দাটবীমণ্ডলং ॥ ২২ ॥

অথানুভবাঃ ॥

সর্ব্বতঃ স্বনিয়োগানামাধিক্যেন পরিগ্রহঃ।
ঈর্ষালবেন চাস্পৃষ্টা মৈত্রী তৎ প্রণতে জনে।

দেবমাতৃকং বৃষ্ট্যম্বুপালিতং ॥ ২২ ॥
তন্নিষ্ঠতা প্রীতিমাত্রনিষ্ঠতা ॥ ২৩ ॥

তন্মধ্যে মুরলীশব্দো যথা ॥

বিদগ্ধমাধবে ॥

বলদেব উৎকণ্ঠান্বিত হইয়া কহিলেন, দূর হইতে আশ্চর্য্য দেখ, মুরলীর অমৃতময় ধ্বনি সমূহ শ্রবণ করিয়া ঘূর্ণিত তনু ইন্দ্রের সহস্র নেত্র হইতে অশ্রু নিসৃত হইয়া ভূতলে পতিত হইতে লাগিল এবং মেঘ ব্যতিরেকেও ঐ ধারাময় অশ্রু সমূহ দ্বারা অদ্য বৃন্দাবনমণ্ডল বৃষ্টিপালিত হইয়া সদ্যঃ দেবমাতৃক-ভূমি তুল্য হইল ॥ ২২ ॥

অথ অনুভাব ॥

সর্ব্বতোভাবে স্বনিয়োগ অর্থাৎ ভগবৎ আজ্ঞার প্রতিপালন, ভগবৎ পরিচর্য্যায় ঈর্ষাশূন্যতা, কৃষ্ণদাসের সহিত মিত্রতা এবং প্রীতিমাত্র নিষ্ঠতা শীতরতি, এই সকল অসা-

তন্নিষ্ঠতাদ্যাঃ শীতাঃ স্যুরেষ্বসাধারণাঃ ক্রিয়াঃ ॥ ২৩ ॥

তত্র স্বনিয়োগস্য সর্ব্বত আধিক্যং যথা ॥

অঙ্গস্তম্ভারম্ভমুত্তুঙ্গয়ন্তং
প্রেমানন্দং দারুকো নাভ্যনন্দৎ।
কংসারাতে র্বীজনে যেন সাক্ষা
দক্ষোদীয়ানন্তরায়ো ব্যধায়ি ॥

উদ্ভাস্বরাঃ পুরোক্তা যে তথাস্য সুহৃদাদরঃ।

অঙ্গস্তম্ভেতি প্রেমানন্দং স্তম্ভারম্ভমুত্তুঙ্গয়ন্তং সন্তং নাভ্যনন্দদিত্যন্বয়ঃ। অয়-মর্থঃ। প্রেমা তাবদ্দ্বিধা বিশেষণ ভাক্ স্তম্ভাদিনা আনুকূল্যেচ্ছয়াচ। তত্র দাসাদীনামানুকূল্যেচ্ছয়ৈবপ্রতিহৃদ্যা। সেবারূপাস্বপুরুষার্থসম্পাদকত্বাৎ স্তম্ভা-দিকং ত্বহৃদ্যমেব তদ্বিঘাতকত্বাৎ। তস্মাৎ স্তম্ভকরত্বাংশেনৈব তং নাভ্যনন্দৎ। কিন্ত্বানুকূল্যকরত্বেনৈবাভ্যনন্দদিতি সবিশেষণ বিধিনিষেধৌ বিশেষণমুপ-সংক্রামতঃ সতি বিশেষ্যে বাধে ইতি ন্যায়েন আরম্ভ আটোপঃ অঙ্গ স্তম্ভাসঙ্গ-

---

ধারণ কার্য্যকে অনুভাব বলে ॥ ২৩ ॥

তন্মধ্যে স্বনিয়োগকার্য্যের সর্ব্বতোভাবে আধিক্য যথা—॥

দারুক শ্রীকৃষ্ণের চামর বীজন কার্য্যে নিযুক্ত ছিলেন এমত সময়ে প্রেমানন্দ উপস্থিত হইয়া তদীয় অঙ্গ সকলে স্তম্ভাতিশয় বিস্তার করিতেছিল, কিন্তু দারুক ঐ প্রেমা-নন্দকে সাক্ষাৎ কৃষ্ণসেবার অন্তরায় (বিঘ্ন) বলিয়া অবধারণ করত তাহার প্রতি আর আদর প্রকাশ করেন নাই ॥

পূর্ব্বোক্ত যে সকল উদ্ভাস্বর তথা শ্রীকৃষ্ণের সুহৃদ্বর্গের প্রতি আদর এবং বিরাগ প্রভৃতি যে সকল শীতভাব তৎ-মুস্

বিরাগাদ্যাশ্চ যে শীতাঃ প্রোক্তাঃ সাধারণাস্তু তে ॥
তত্র নৃত্যং যথা শ্রীদশমে ॥
শ্রুতদেবোঽচ্যুতং প্রাপ্তং স্বগৃহান্ জনকো যথা।
নত্বা মুনীংশ্চ সংহৃষ্টো ধুন্বন্ বাসো ননর্ত্ত হ ॥ ২৪ ॥
যথাবা ॥
ত্বং কলাসু বিমুখোঽপি নর্ত্তনং
প্রেমনাট্য গুরুণাসি পাঠিতঃ।
যদ্বিচিত্র গতিচর্য্যয়াঞ্চিত-

মিতি বা পাঠঃ ॥ ২৪ ॥

ত্বং কলাসু বিমুখোঽপি যদ্বিচিত্রগতিচর্যায়াঞ্চিতঃ সন্নহহ চারণানপি চিত্রয়সি তৎ প্রেমনাট্যগুরুণৈব নর্ত্তনং পাঠিত ইত্যর্থঃ। চারণাশ্চ নর্ত্তক সদৃশা ইতি তদভেদেনোক্তিঃ ॥ ২৫ ॥

দায়কে সাধারণ বলিয়া কীর্ত্তন করাযায়॥

তন্মধ্যে নৃত্য যথা ॥

শ্রীদশমে ৮৬ অধ্যায়ে ২৭ শ্লোকে ॥

মিথিলাবাসী শ্রুতদেব ব্রাহ্মণ স্বীয় গৃহে মুনিগণ সহ শ্রীকৃষ্ণকে সমাগত দেখিয়া হৃষ্টচিত্তে তাঁহাদিগকে প্রণাম পূর্ব্বক হস্ত উত্তোলন করিয়া নৃত্য করিতে লাগিলেন ॥ ২৪ ॥

যথা বা ॥

অহো! তুমি নৃত্যকলায় বিমুখ হইয়াও যখন আশ্চর্য্য গতি দ্বারা শোভিত হইয়া আমরা যে নর্ত্তক আমাদিগকে চমৎকৃত করিলা তখন নিশ্চয় বোধ হইল, তুমি নাট্যগুরু, প্রেমের

শ্চিত্রয়স্যহহ চারণানপি ॥

অথ সাত্ত্বিকাঃ ॥

স্তম্ভাদ্যাঃ সাত্ত্বিকাঃ সর্ব্বে প্রীতাদি ত্রিতয়ে মতাঃ।

যথা ॥

গোকুলেন্দ্রগুণগানরসেন

স্তম্ভমদ্ভুতমসৌ ভজমানঃ।

পশ্য ভক্তিরসমণ্ডপমূল

স্তম্ভতাং বহতি বৈষ্ণববর্য্যঃ ॥ ২৫ ॥

শ্রীদশমে ॥

স ইন্দ্রসেনো ভগবৎপদাম্বুজং

বিভ্রন্মুহুঃ প্রেমবিভিন্নয়া ধিয়া।

ইন্দ্রসেনো বলিঃ ॥ ২৬॥

নিকট এই নৃত্যবিদ্যা পাঠ করিয়াছ ॥

অথ সাত্ত্বিক ॥

প্রীতাদি রসত্রয়ে স্তম্ভপ্রভৃতি সমুদায় সাত্ত্বিক ভাব প্রকাশ পায় ॥

যথা ॥

দেখ এই বৈষ্ণবশ্রেষ্ঠ শ্রীকৃষ্ণের গুণগান রসে অপূর্ব্ব স্তম্ভ ভজন করত ভক্তিরসমণ্ডপের মূলে স্তম্ভতা বহন করিতেছেন ॥ ২৫ ॥

শ্রীদশমে ৮৫ অধ্যায় ৩০ শ্লোকে ॥

শুকদেব কহিলেন মহারাজ! পরে অসুররাজ বলি ভগবৎপদাম্বুজ হৃদয়ে ধারণপূর্ব্বক প্রেমে বিহ্বল চিত্ত হইয়া

উবাচ হানন্দজলাকুলেক্ষণঃ
প্রহৃষ্টরোমা নৃপ গদ্গদাক্ষরং ॥
অথ ব্যভিচারিণঃ ॥
হর্ষোগর্ব্বো ধৃতিশ্চাত্র নির্ব্বেদোহথ বিষণ্ণতা।
দৈন্যং চিন্তা স্মৃতিঃ শঙ্কা মতিরৌৎসুক্যচাপলে।
বিতর্কাবেগ হ্রী জাড্য মোহোন্মাদাবহিত্থকাঃ।
বোধঃ স্বপ্নঃ ক্লমো ব্যাধি মৃ'তিশ্চ ব্যভিচারিণঃ ॥ ২৬ ॥
ইতরেষাং মদাদীনাং নাতিপোষকতা ভবেৎ।
যোগে ত্রয়ঃ স্যু ধৃ'ত্যন্তা অযোগেতু ক্লমাদয়ঃ।

মদাদীনাং মদ শ্রম ত্রাসাপস্মারালস্যৌগ্র্যামর্ষাসূয়া নিদ্রাণাং। তত্র মদস্য পোষকতা নাস্ত্যেব মধুপানানঙ্গ বিকারজতয়া দ্বিবিধত্বেনাপ্যযোগ্যত্বাৎ। শ্রমস্তু কথঞ্চিজ্জাতস্য সেবোৎকণ্ঠাপোষকত্বাৎ কদাচিত্তবত্যপি ন পুনরালস্য

রোমাঞ্চিত-কলেবরে ও আনন্দ-জলাকুল-নয়নে গদ্গদ-স্বরে কহিতে লাগিলেন ॥

প্রীতরসে ব্যভিচারি ভাব যথা ॥

হর্ষ, গর্ব্ব, ধৃতি, নির্ব্বেদ, বিষণ্ণতা, দৈন্য, চিন্তা, স্মৃতি, শঙ্কা, মতি, ঔৎসুক্য, চপলতা, বিতর্ক, আবেগ, লজ্জা, জড়তা, মোহ, উন্মাদ, অবহিত্থা, বোধ, স্বপ্ন, ব্যাধি এবং মৃতি এই চব্বিশটী প্রীতরসে ব্যভিচারি ভাব ॥ ২৬ ॥

ইহা ভিন্ন মদ, শ্রম, ত্রাস অপস্মার, আলস্য, উগ্রতা, ক্রোধ, অসূয়া ও নিদ্রা এই নয়টীর অতিশয় পোষকতা নাই, মিলনে হর্ষ, গর্ব্ব ও ধৈর্য্য এই তিন, অমিলনে গ্লানি, ব্যাধি ও

উভয়ত্র পরে শেষা নির্ব্বেদাদ্যাঃ সতাং মতাঃ ॥

তত্র হর্ষো যথা প্রথমে ॥

প্রীত্যুৎফুল্লমুখাঃ প্রোচুর্হর্ষ গদ্গদয়া গিরা।

পিতরং সর্ব্বসুহৃদমবিতারমিবার্ভকাঃ ॥

যথাবা ॥

হরিমবলোক্য পুরো ভুবি

পতিতো দণ্ডপ্রণামশতকামঃ।

ত্রন্যাপি স্যাৎ। অত্র ত্রাসাদয় স্তদ্বৈরি যোগাজ্জাতাশ্চেন্নহি পোষকাশ্চ ভবন্তীতি মনসি কৃত্বাহ নাতীতি এবং প্রিয়তাদিষ্বপি বিবেচনীয়ং ॥ ২৭ ॥

মৃতি এই তিন ব্যভিচারি ভাব হয়। তৎপরে নির্ব্বেদ প্রভৃতি অষ্টাদশ ব্যভিচারি ভাব মিলন ও অমিলনে সকল কালেই হইয়া থাকে, পণ্ডিতগণ এইরূপ নিশ্চয় করিয়াছেন ॥

তন্মধ্যে হর্ষ যথা ॥

প্রথমস্কন্ধে ১১ অধ্যায়ে ৪ শ্লোকে ॥

শ্রীকৃষ্ণ হস্তিনাপুর হইতে দ্বারকায় আগমন করিলে দ্বারকাবাসি প্রজাসকল বালকেরা যেমন পিতার সহিত কথা কহে তদ্বৎ উৎফুল্ল বদন হইয়া হর্ষগদ্গদ বচনে সর্ব্বলোকের সুহৃৎ এবং রক্ষক সেই ভগবানকে কহিতে লাগিল ॥

যথা বা ॥

মিথিলাধিপতি রাজা বহুলাশ্ব শ্রীকৃষ্ণকে অবলোকন করিয়া শতবার দণ্ডবৎ প্রণাম করিব এই মানসে ভূমিতে পতিত হইয়াছিলেন কিন্তু আনন্দে অতিশয় বিহ্বলতা প্রযুক্ত

প্রমদবিমুগ্ধো নৃপতিঃ
পুনরুত্থানং বিসস্মার ॥
ক্লমো যথা স্কান্দে ॥
অশোষয়ন্মনস্তস্য ম্লাপয়ন্মুখপঙ্কজং।
আধিস্ত্বদ্বিরহে দেব গ্রীষ্মে সর ইবাংশুমান্ ॥ ২৭ ॥
নির্ব্বেদো যথা ॥
ধন্যাঃ স্ফুরন্তি তব সূর্য্যকরাঃ সহস্রং
যে সর্ব্বদা যদুপতেঃ পদয়োঃ পতন্তি।
বন্ধ্যা দৃশাং দশশতী ধ্রিয়তে মমাসৌ

ধ্রিয়তে অবতিষ্ঠতে দূরেঽপি মুহূর্ত্তমপি ইত্যুভয়ত্রান্বয়ঃ ॥ ২৮ ॥

পুনরুত্থান করিতে আর তাঁহার স্মরণ ছিল না ॥

ক্লম অর্থাৎ গ্লানি যথা ॥

স্কন্দপুরাণে ॥

হে দেব! যদ্রূপ সূর্য্য গ্রীষ্মকালে সরোবর শুষ্ক করিয়া থাকেন, তাহার ন্যায় তোমাব বিরহে আধি অর্থাৎ মনঃপীড়া তাঁহার মন ও মুখপদ্ম ম্লান করিয়াছিল ॥ ২৭ ॥

নির্ব্বেদ যথা ॥

ইন্দ্র কহিলেন হে সূর্য্য! আপনার যে সহস্র কিরণ স্ফূর্ত্তি পাইতেছে ইহাদিগকে ধন্য বলিতে হয়, যে হেতু ইহারা গিয়া যদুপতির চরণারবিন্দে পতিত হইতেছে কিন্তু দুঃখের বিষয় এই যে আমি দশশত লোচন ধারণ করিয়াছি, এ সকলই বন্ধ্যা হইল, কারণ ক্ষণকালের নিমিত্ত দূর হইতে ঐ

দূরে মুহূর্ত্তমপি যা ন বিলোকতে তং ॥ ২৮ ॥

অথ স্থায়ী ॥

সংভ্রমঃ প্রভুতা জ্ঞানাৎ কম্পশ্চেতসি সাদরঃ।
অনেনৈক্যং গতা প্রীতিঃ সংভ্রমপ্রীতিরুচ্যতে।
এষা রসেঽত্র কথিতা স্থায়িভাবতয়া বুধৈঃ ॥ ২৯ ॥
আশ্রিতাদেঃ পুরৈবোক্তঃ প্রকারো রতিজন্মনি।
তত্র পারিষদাদেস্তু হেতুঃ সংস্কার এব হি।
সংস্কারোদ্বোধকাস্তস্য দর্শনশ্রবণাদয়ঃ।
এষাতু সংভ্রমপ্রীতিঃ প্রাপ্নুবত্যুত্তরোত্তরাং।
বৃদ্ধিং প্রেমা ততঃ স্নেহস্ততো রাগ ইতি ত্রিধা ॥

কম্পোঽত্র কেন কথং কিং কুর্য্যামিত্যস্থৈর্য্যং ॥ ২৯ ॥

পুরৈবেতি ভাবসামান্যপ্রকরণে সাধনাভিনিবেশেনেত্যাদিনা ॥ ৩০ ॥

যদুপতিকে দর্শন করিল না ॥ ২৮ ॥

অথ প্রীতরসে স্থায়ীভাব ॥

প্রভুতা-জ্ঞান-নিমিত্ত সম্ভ্রম, কম্প ও চিত্তমধ্যে আদর এই সকলের সহিত ঐক্য গত প্রীতিকে সম্ভ্রম প্রীতি কহে, পণ্ডিতগণ প্রীতরসে এই সম্ভ্রম প্রীতিকে স্থায়ীভাব বলেন॥২৯

আশ্রিতাদির রতি উৎপন্ন হইবার প্রকার পূর্ব্বে ভাব সামান্য প্রকরণে উক্ত হইয়াছে, তন্মধ্যে পারিষদাদির রতি উৎপন্ন বিষয়ে সংস্কারই কারণ। সংস্কারের উদ্বোধক (প্রকাশক) শ্রীকৃষ্ণের দর্শন ও শ্রবণাদি ॥

এই সম্ভ্রমপ্রীতি উত্তরোত্তর বৃদ্ধি প্রাপ্ত হইয়া প্রথমে প্রেম, তৎপরে স্নেহ ও তাহার পর রাগ এই তিন প্রকার হয় ॥

তত্র সংভ্রমপ্রীতির্যথা শ্রীদশমে ॥

মমাদ্যামঙ্গলং নষ্টং ফলবাংশ্চৈব মে ভবঃ।

যন্নমস্যে ভগবতো যোগিধ্যেয়াঙ্ঘ্রিপঙ্কজং ॥

যথা বা ॥

কলিন্দনন্দিনীকূল কদম্ববনবল্লভং।

কদা নমস্করিষ্যামি গোপরূপং তমীশ্বরং ॥ ৩০ ॥

অথ প্রেমা ॥

হ্রাসশঙ্কাচ্যুতা বদ্ধমূলা প্রেমেয়মুচ্যতে।

হ্রাসেতি ইয়ং সংভ্রমপ্রীতিঃ বদ্ধমূলা অতএব হ্রাস শঙ্কাচ্যুতা ॥ ৩১ ॥

তন্মধ্যে সম্ভ্রমপ্রীতি যথা ॥

শ্রীদশমে ৩৮ অধ্যায়ে ৫ শ্লোকে ॥

অক্রূর মহাশয় কহিলেন আমি যখন ভগবদ্দর্শনে গমন করিতেছি তখন আজ আমার অমঙ্গল সকল বিনষ্ট হইয়াছে এবং এ জন্মও সফল হইল, যে হেতু যোগিধ্যেয় ভগবচ্চরণারবিন্দে আমি প্রণাম করিব ॥

যথা বা ॥

আমার ভাগ্যে এমন দিন কবে হইবে যে, সেই কালিন্দীকূলবর্ত্তি কদম্ববনস্বামি গোপরূপি ঈশ্বর শ্রীকৃষ্ণকে নমস্কার করিব ॥ ৩০ ॥

অথ প্রেম ॥

এই সংভ্রমপ্রীতি হ্রাস শঙ্কা শূন্য হইয়া বদ্ধমূল হইলে ইহাকে প্রেম বলা যায়। ইহাতে যে সকল দুঃখাদি প্রকাশ

অস্যানুভাবাঃ কথিতাস্তত্র ব্যসনিতাদয়ঃ ॥ ৩১ ॥

যথা ॥

অণিমাদি সৌখ্যবীচীমবীচিদুঃখপ্রবাহম্বা ।
নয় মাং বিকৃতি র্নহি মে ত্বৎপদকমলাবলম্বস্য ॥ ৩২ ॥

যথা বা ॥

রুষা জ্বলিত বুদ্ধিনা ভৃগুসুতেন শপ্তোপ্যলং
ময়া কৃত জগত্ত্রয়োপ্যতনু কৈতবং তম্বতা ।

অণিমাদিতি দণ্ডপ্রসাদয়োরনন্তরং শ্রীবলিবচনং অবীচির্নরকবিশেষঃ ॥ ৩২ ॥
রুষেতি। বলিসদনাদাগমনানন্তরমুদ্ধবং প্রতি শ্রীকৃষ্ণবচনং ॥ ৩৩ ॥

হয়, তাহাকেই অনুভাব বলে ॥ ৩১ ॥

যথা ॥

দণ্ড এবং অনুগ্রহের পর বলিরাজ ভগবানকে কহিলেন, প্রভো! আমি যখন আপনার চরণকমল অবলম্বন করিয়াছি তখন আপনি আমাকে হয় অণিমাদি সুখসমূহের তরঙ্গে নিক্ষেপ করুন, না হয় অবীচি নামক নরক বিশেষেই ফেলাইয়া দিউন, তাহাতে আমার কোন বিকার হইবে না ॥ ৩২ ॥

যথা বা ॥

শ্রীকৃষ্ণ বলিরাজের গৃহ হইতে দ্বারকায় আগমন করিয়া উদ্ধবকে কহিলেন, সখে! বিরোচন নন্দন বলির আশ্চর্য্য গুণ কি বর্ণন করিব, ঐ অসুররাজ ক্রোধজ্বলিত বুদ্ধি ভৃগুনন্দন কর্ত্তৃক অভিশপ্ত হইয়াও এবং আমি বামনাবতারে প্রবল ছল বিস্তার পূর্ব্বক ত্রিজগৎ হরণ ও প্রতিশ্রুত প্রদান করিতে

বিনিন্দ্য কৃতবন্ধনোপ্যুরগরাজপাশৈর্বলা
দরজ্যত স ময্যহো দ্বিগুণমেব বৈরোচনিঃ ॥

অথ স্নেহঃ ॥

সান্দ্রশ্চিত্তদ্রবং কুর্ব্বন্ প্রেমা স্নেহ ইতীর্য্যতে।
ক্ষণিকস্যাপি নেহ স্যাদ্বিশ্লেষস্য সহিষ্ণুতা ॥

যথা ॥

দন্তেন বাষ্পাম্বুঝরস্য কেশবং
বীক্ষ্য দ্রবচ্চিত্তমসৃস্রুবত্তব।
ইত্যুচ্চকৈ র্ধারয়তো বিচিত্ততাং
চিত্রা ন তে দারুক দারুকল্পতা ॥ ৩৩ ॥

পারিল না বলিয়া নিন্দা করত বল প্রকাশ করিয়া নাগপাশে বন্ধন করিলেও তিনি আমার প্রতি দ্বিগুণতর অনুরাগ প্রকাশ করিয়াছিলেন ॥

অথ প্রীতরসে স্নেহ ॥

প্রেম গাঢ় হইয়া চিত্তকে দ্রবীভূত করিলে তাহাকে স্নেহ বলে। এই স্নেহে ক্ষণকাল বিচ্ছেদও সহ্য হয় না ॥

যথা ॥

হে দারুক! কোন ছলে শ্রীকৃষ্ণকে দর্শন করিয়া নয়ন জলে পরিপূর্ণ তোমার মন দ্রবীভূত হইয়া যায়, এ রূপ কৃষ্ণে সমর্পিত চিত্ত তোমার তদ্বিরহে কাষ্ঠপুত্তলিকা তুল্য হওয়া বিচিত্র নহে ॥ ৩৩ ॥

যথা বা ॥

পত্নীং রত্ননিধেঃ পরামুপহরন্ পূরেণ বাষ্পাম্ভসাং
রজ্যন্মঞ্জুলকণ্ঠগর্ভলুঠিতস্তোত্রাক্ষরোপক্রমঃ।
চুম্বন্ ফুল্লকদম্বডম্বুরতুলামঙ্গৈঃ সমীক্ষ্যাচ্যুতং
স্তব্ধোপ্যভ্যধিকাং শ্রিয়ং প্রণমতাং বৃন্দাদ্দধারোদ্ধবঃ॥৩৪

অথ রাগঃ ॥

স্নেহঃ স রাগো যেন স্যাৎ সুখং দুঃখমপি স্ফুটং।

রজ্যন্ স্নেহজনিত স্বরবিশেষমাধুর্য্যং বিভ্রৎ তথা স্বভাবত এব মঞ্জুল স্তম্ভী-র্মাধুরী মনোহরস্তাদৃশো যঃ কণ্ঠঃ তস্য যো গর্ভো? মধ্যভাগ স্তত্রৈব লুঠিত ইতস্ততঃ স্খলয়েব ভ্রমন্ স্তোত্রাক্ষরাণামুপক্রমো যত্র সঃ॥ ৩৪ ॥

স্নেহ এব রাগঃ স্যাৎ কীদৃশঃ সন্। তস্য শ্রীকৃষ্ণস্য সাক্ষাৎকারেণ বা তত্তুল্য স্ফুরণেন বা কৃপালাভেন বা যঃ সম্বন্ধবিশেষ স্তদস্তরঙ্গতা লাভ স্তস্য লেশেঽপি জাতে যেন স্নেহেন দুঃখমপি সুখং স্ফুটং স্যাৎ সুখতয়া প্রতিভা

যথা বা ॥

উদ্ধব শ্রীকৃষ্ণকে সন্দর্শন করিয়া অশ্রুজলে নদী নির্ম্মাণ পূর্ব্বক রত্নাকরকে পত্নীরূপে উপহার প্রদান, রাগযুক্ত মনোহর কণ্ঠমধ্যে গদ্গদ স্বরে স্তব করিতে আরম্ভ এবং সর্ব্বাঙ্গ দ্বারা কদম্ব কুসুমের সাদৃশ্য বিধাস করত স্তব্ধ হইয়াও ভক্তবৃন্দ হইতে অধিক শোভা ধারণ করিয়াছিলেন ॥ ৩৪ ॥

অথ প্রীতভক্তিতে রাগ ॥

যে স্নেহে স্পষ্টরূপে দুঃখও সুখ বলিয়া প্রতীত হয়, তাহাকে রাগ বলে, ইহাতে শ্রীকৃষ্ণের সম্বন্ধলেশমাত্রে প্রাণ

তৎসম্বন্ধলবেঽপ্যত্র প্রীতিঃ প্রাণব্যয়ৈরপি ॥ ৩৫ ॥

যথা ॥

গুরুরপি ভুজগাদ্ভীস্তক্ষকাৎ প্রাজ্যরাজ্য
চ্যুতিরতিশয়িনীচ প্রায়চর্য্যাচ গুর্ব্বী।
অতনুত মুদমুচ্চৈঃ কৃষ্ণলীলাসুধান্ত
র্বিহরণসচিবত্বাদৌত্তরেয়স্য রাজ্ঞঃ ॥ ৩৬ ॥

যথা বা ॥

কেশবস্য করুণালবোঽপি চে-

তীত্যর্থঃ। তত্রচ সতি। যেন প্রাণব্যয়ৈঃ নাশপর্য্যন্তৈরপি প্রাণস্য ক্ষয়ৈঃ প্রীতি স্তদানুকুল্যং ক্রিয়ত ইত্যর্থঃ তৎ সম্বন্ধা ভাবেতু সুখমপি দুঃখং স্যাদিতি বিশেষঃ তদেবং তাদৃশঃ সন্ ইত্যর্থঃ॥ ৩৫ ॥

অত্র তাদৃশ স্ফুরণেনোদাহরন্ সাক্ষাৎকারেণ কৈমুত্যং ব্যঞ্জয়তি গুরুরিতি প্রাজ্যং প্রচুরং। প্রায়চর্য্যা প্রাণান্তমনশনব্রতং ঔত্তরেয়স্য শ্রীপরীক্ষিতঃ ॥ ৩৬ ॥

অত্র তৎসম্বন্ধাভাবেতূদাহরণং জ্ঞেয়ং। অথ কৃপালাভালাভাভ্যামুদা-

---

নাশ পর্য্যন্তও প্রীতি প্রদান করে অর্থাৎ প্রাণনাশ করিয়াও শ্রীকৃষ্ণের প্রীতি সাধনে প্রবৃত্ত হয় ॥ ৩৫ ॥

যথা ॥

তক্ষক নাগ হইতে গুরুতর ভয়, সসাগরা ধরার সর্ব্বতোভাবে রাজ্যচ্যুতি এবং মরণ পর্য্যন্ত অনশন ব্রত, ইহারা সকল কৃষ্ণলীলামৃত শ্রবণের সাহায্য বশতঃ রাজা পরীক্ষিতের দুঃখ প্রদ না হইয়া অতিশয় রূপে আনন্দ বিস্তার করিয়াছিল ॥৩৬

যথাবা ॥

আমার প্রতি যদি কেশবের করুণালেশও হয়, তাহা

ষাড়বোঽপি কিল ষাড়বো মম।
অস্য যদ্যদয়তা কুশস্থলী
পূর্ণসিদ্ধিরপি মে কুশস্থলী ॥ ৩৭ ॥
প্রায় আদ্যদ্বয়ে প্রেমা স্নেহঃ পারিষদেষসৌ।
পরীক্ষিতি ভবেদ্রাগো দারুকেচ তথোদ্ধবে।
ব্রজানুগেষনেকেষু রক্তকপ্রমুখেষুচ ॥ ৩৮ ॥
অস্মিন্নভ্যুদিতে ভাবঃ প্রায়ঃ স্যাৎ সখ্যলেশভাক্ ॥ ৩৯ ॥

হরতি কেশবস্থেতি ষাড়বঃ পানকবিশেষঃ কুশস্থলী দ্বারকা ॥ ৩৭ ॥

তত্রাধিকৃতাশ্রিতপার্ষদানুগেষু ব্যবস্থামাহ প্রায় আদ্যদ্বয় ইতি প্রায়োগ্রহণং যহ্যম্বুজাক্ষাপসসার ভো ভবানিত্যাদি দ্বারকাবাসিবচনে রাগস্যাপি স্পর্শ দর্শনাৎ। পরীক্ষিতীতি সৈষাত্তি দুঃসহা ক্ষুন্মাগিত্যাদি তদ্বাক্যাৎ। দারুকেচ যথা অপশ্যতস্তে চরণাম্বুজং প্রভো দৃষ্টিঃ প্রণষ্টেত্যাদি তদ্বাক্যাৎ উদ্ধবেচ যথা। সুহৃত্ত্যজস্নেহবিয়োগকাতর ইত্যাদেঃ সাধারণেষ্বপ্যনুগেষু প্রায় ঈদৃশ এবেত্যভিপ্রেত্য তদ্বিশেষেষু বিশেষমাহ ব্রজানুগেষ্বিতি ॥ ৩৮ ॥

অস্মিন্নভ্যুদিতে ভাবঃ প্রীত্যাখ্যোঽপি প্রায়ঃ স্যাদিতি প্রণয়াংশময়ত্বে

হইলে আমার সম্বন্ধে বাড়বাগ্নিও পানক দ্রব্য বিশেষ হইবে, আর যদি তাঁহার অকরুণত্ব প্রকাশ পায় তবে আমার সম্বন্ধে ঐশ্বর্য্য পূর্ণ কুশস্থলী অর্থাৎ দ্বারকাও কুশভূমি সদৃশী হইয়া উঠিবে ॥ ৩৭ ॥

প্রায় অধিকৃত এবং আশ্রিত দাসে প্রেম, পারিষদ সকলে স্নেহ তথা পরীক্ষিৎ, দারুক, উদ্ধব এবং বহু বহু ব্রজানুগ রক্তক প্রভৃতিতে রাগ উৎপন্ন হইয়া থাকে ॥

এই রাগ উদিত হইলে প্রায় ইহাতে সখ্যাংশ মিশ্রিত

যথা ॥

শুদ্ধান্তান্মিলিতং বাষ্পরুদ্ধবাগুদ্ধবো হরিং।
কিঞ্চিৎ কুঞ্চিতনেত্রান্তঃ স্বান্তেন পরিষস্বজে ॥ ॥ ৪০ ॥
অযোগযোগাবেতস্য প্রভেদৌ কথিতাবুভৌ ॥
তত্রাযোগঃ।
সঙ্গাভাবো হরে র্ধীরৈরযোগ ইতি কথ্যতে।
অযোগে তন্মনস্কত্বং তদ্গুণাদ্যনুসন্ধয়ঃ।

সতীতার্থঃ ॥ ৩৯ ॥

অত্র কেষুচিৎ জাহূর্গেষু সম্ভবত্যাপি প্রণয়াংশে যং যে ভৃত্যাঃ সুহৃৎ সখেতি প্রসিদ্ধিমুপলক্ষ্য শ্রীমদুদ্ধবমুদাহরতি। শুদ্ধান্তাদিতি শুদ্ধান্তাদন্তঃপুরাৎ ॥ ৪০ ॥

এতস্য প্রীতিভক্তিরসস্য ॥ ৪১ ॥

ভাব প্রকাশ পায় ॥ ৩৯ ॥

যথা ॥

উদ্ধব শুদ্ধান্তঃকরণ প্রযুক্ত সমাগত হরিকে অবলোকন করিয়া বাষ্পবারিতে কণ্ঠ অবরোধ প্রযুক্ত আর কথা কহিতে পারিলেন না, কিন্তু কিঞ্চিৎ নয়নাঞ্চল কুঞ্চিত করিয়া অন্তঃ-করণ দ্বারা ঐ হরিকে আলিঙ্গন করিলেন ॥ ৪০ ॥

পণ্ডিতগণ এই প্রীত ভক্তিরসে অযোগ ও যোগ এই দুই প্রকার প্রভেদ করিয়াছেন ॥

তন্মধ্যে অযোগ যথা ॥

পণ্ডিতেরা হরির সহিত সঙ্গাভাবকে অযোগ কহেন, এই অযোগে হরির প্রতি মন সমর্পণ এবং তদ্গুণাদির অনুসন্ধান

তৎপ্রাপ্ত্যুপায়চিন্তাদ্যাঃ সর্ব্বেষাং কথিতাঃ ক্রিয়াঃ।
উৎকণ্ঠিত্বং বিয়োগশ্চেত্যযোগোঽপি দ্বিধোচ্যতে॥
তত্রোৎকণ্ঠিতং॥
অদৃষ্টপূর্ব্বস্য হরে র্দিদৃক্ষোৎকণ্ঠিতং মতং॥ ৪১॥
যথা নারসিংহপুরাণে॥
চকার মেঘে তদ্বর্ণে বহুমানরতিং নৃপঃ।
পক্ষপাতেন তন্নাম্নি মৃগে পদ্মে চ তদ্দৃশি॥ ৪২॥
যথাবা শ্রীদশমে॥
অপ্যদ্য বিষ্ণো র্মনুজত্বমীয়ুষো

নৃপ ইক্ষ্বাকুঃ। পক্ষপাতেনাত্যাসক্ত্যা তন্নাম্নি তস্য নাম যত্র তাদৃশে কৃষ্ণসারাখ্যে। তদ্দশি তস্য দৃক্ তুল্য ইত্যর্থঃ॥ ৪২॥

মনুজত্বং মনুজজাতিত্বমীয়ুষঃ প্রাপ্তবত স্তত্র প্রকাশমানস্যেত্যর্থঃ॥ ৪৩॥

করা হয়। সকল দাসভক্তের ভগবৎপ্রাপ্তি বিষয়ক চিন্তাদি ক্রিয়া কথিত হইয়াছে॥

উৎকণ্ঠিত ও বিয়োগ ভেদে অযোগ দুই প্রকার হয়॥

তন্মধ্যে উৎকণ্ঠিত যথা॥

অদৃষ্ট পূর্ব্ব হরির দর্শনেচ্ছাকেই উৎকণ্ঠিত বলে॥ ৪১॥

যথা নারসিংহপুরাণে॥

ইক্ষ্বাকু রাজা অতিশয় আসক্তি বশতঃ কৃষ্ণবর্ণ মেঘে, কৃষ্ণ নামশালি কৃষ্ণসারমৃগে ও কৃষ্ণনয়ন তুল্য পদ্মে বহুমান পুরঃসর রতি বিধান করিয়াছিলেন॥ ৪২॥

যথাবা শ্রীদশমে ৩৮ অধ্যায়ে ৯ শ্লোকে॥

অক্রূর মহাশয় পুনরায় অন্যবিধ চিন্তা করত কহিতে

ভারাবতারায় ভুবো নিজেচ্ছয়া।
লাবণ্যধাম্নো ভবিতোপলম্ভনং
মহ্যং ন ন স্যাৎ ফলমঞ্জসা দৃশঃ ॥ ৪৩ ॥
অত্রাযোগপ্রসক্তানাং সর্ব্বেষামপি সম্ভবে।
ঔৎসুক্য দৈন্য নির্ব্বেদ চিন্তানাং চাপলস্যচ।
জড়তোন্মাদ মোহানামপি স্যাদতিরিক্ততা ॥ ৪৪ ॥
তত্রৌৎসুক্যং যথা কর্ণামৃতে ॥
অমূন্যধন্যানি দিনান্তরাণি
হরে ত্বদালোকনমন্তরেণ।
অনাথবন্ধো করুণৈকসিন্ধো

সর্ব্বেষাং ব্যভিচারিণাং সম্ভবে সত্যপি অতিরিক্ততা উদ্রেকঃ ॥ ৪৪ ॥
ন বিদ্যতে নাথো নাথান্তরং যস্য তস্য বন্ধো প্রতিপালক ॥ ৪৫ ॥

লাগিলেন, পৃথিবীর ভারাবতরণ নিমিত্ত আপন ইচ্ছায় মনুষ্য রূপধারি ভগবান্ হরির লাবণ্যযুক্ত কলেবর দর্শন হইতে পারে, যদি সাক্ষাৎ লাভ হয় তাহা হইলে কি যথার্থতঃ আমার লোচনের ফল হইবে না? অবশ্যই হইবে ॥ ৪৩ ॥

এই প্রীত ভক্তিরসে অযোগ সম্বন্ধীয় সমুদায় ব্যভিচারির সম্ভব হইলে ঔৎসুক্য, দৈন্য, নির্ব্বেদ, চিন্তা, চপলতা, জড়তা, উন্মাদ ও মোহ এই সকলের আধিক্য হয় ॥ ৪৪ ॥

তন্মধ্যে ঔৎসুক্য যথা কর্ণামৃতে ॥

হা কষ্ট হা কষ্ট! হে হরে! হে অনাথবন্ধো! হে করুণাসিন্ধো! আপনার দর্শন ব্যতিরেকে এই অধন্য দিন সকল

হা হন্ত হা হন্ত কথং নয়ামি ॥ ৪৫ ॥

যথা বা ॥

বিলোচন সুধাম্বুধি স্তব পদারবিন্দদ্বয়ী

বিলোচন রসচ্ছটামনুপলভ্য বিক্ষুভ্যতঃ ।

মনো মম মনাগপি ক্বচিদনাপ্নুবন্নির্বৃতিং

ক্ষণার্দ্ধমপি মন্যতে ব্রজমহেন্দ্রবর্ষব্রজং ॥

দৈন্যং যথা তত্রৈব ॥

নিবদ্ধ মূর্দ্ধাঞ্জলিরেষ যাচে

নীরন্ধ্র দৈন্যোন্নতিমুক্তকণ্ঠং ।

দয়াম্বুধে দেব ভবৎকটাক্ষ-

বিলোচনেতি মথুরাতঃ শ্রীমদুদ্ধবস্য গুপ্তপত্রিকা। বিক্ষুভ্যত ইত্যত্র বিক্ষোভভৃদিতি পাঠান্তরং জ্ঞেয়ং ॥ ৪৬ ॥

কিরূপে যাপন করিব ॥ ৪৫ ॥

যথা বা ॥

মথুরানগরী হইতে উদ্ধব পত্র লিখিলেন হে ব্রজমহেন্দ্র ! আপনি লোচনের অমৃত সমুদ্র, আপনার চরণারবিন্দদ্বয়ের দর্শন ছটা প্রাপ্ত না হইয়া, ক্ষোভযুক্ত আমার মন কোন স্থানে কিঞ্চিৎ সুখ প্রাপ্ত হইতেছে না, অধিকন্তু ক্ষণার্দ্ধকাল-কেও বহু বহু বৎসর করিয়া মানিতেছে ॥

দৈন্য যথা কর্ণামৃতে ॥

হে দেব ! আপনি কৃপাসাগর, আমি মস্তকে অঞ্জলি বন্ধন পূর্ব্বক অতিশয় দৈন্যসহকারে মুক্তকণ্ঠে প্রার্থনা করি-

দাক্ষিণ্যলেশেন সকৃন্নিষিঞ্চ ॥ ৪৬ ॥

যথা বা ॥

অসি শশিমুকুটাদ্যৈরপ্যলভ্যেক্ষণস্ত্বং
লঘুরঘহরকীটাদপ্যহং কূটকর্ম্মা।
ইতি বিসদৃশতাপি প্রার্থনে প্রার্থয়ামি
স্নপয় কৃপণবন্ধো মামপাঙ্গচ্ছটাভিঃ ॥ ৪৭ ॥

নির্ব্বেদো যথা ॥

স্ফুটং শ্রিতবতোরপি শ্রুতিনিষেবয়া শ্লাঘ্যতাং

কূটকর্ম্মাহং কীটাদপি লঘুরিতি প্রার্থনে বিসদৃশতাপি প্রার্থয়াম্যপীত্যন্বয়ঃ। প্রার্থয়েঽপীতি বা পাঠঃ যদ্যপ্যযোগ্যস্তথাপি প্রার্থয় ইত্যর্থঃ ॥ ৪৭ ॥

স্ফুটমিতিচ পূর্ব্ববদেবোদ্ধবস্য সন্দেশঃ। পদাম্বুজস্য নখরূপঃ অঙ্কুরোঽগ্র-

---

তেছি আপনি স্বীয় অনুগ্রহ সূচক কটাক্ষলেশ দ্বারা একবার আমাকে সেচন করুন ॥ ৪৬ ॥

যথা বা ॥

হে অঘনাশন! শশিশেখর শঙ্কর প্রভৃতিও আপনার দর্শন প্রাপ্ত হইতে পারেন না, আমি কীট অপেক্ষাও মন্দকর্ম্মা, সুতরাং প্রার্থনা বিষয়ে অযোগ্য হইলেও প্রার্থনা করিতেছি, হে দীনবন্ধো! আপনি স্বীয় নেত্রকোণের ছটা দ্বারা আমাকে স্নান করান্ অর্থাৎ আমার প্রতি ঈষৎ করুণা দৃষ্টি নিক্ষেপ করুন ॥

নির্ব্বেদ যথা ॥

উদ্ধব শ্রীকৃষ্ণকে বলিয়া পাঠাইলেন কৃষ্ণ! বহুতর শ্রুতি

মহাভবনিরেতয়ো র্ভবতু নেত্রয়োর্মন্দয়োঃ।
ভবেন্নহি যয়োঃ পদং মধুরিমশ্রিয়ামাস্পদং
পদাম্বুজনখাঙ্কুরাদপি বিসারি রোচিস্তব ॥ ৪৮ ॥

চিন্তা যথা ॥

হরিপদকমলাবলোকতৃষ্ণা
তরলমতেরপি যোগ্যতামবীক্ষ্য।
অবনতবদনস্য চিন্তয়া মে

ভাগঃ। শ্রুতিনিষেবয়েতি দীর্ঘযোবপীত্যর্থঃ। বহুতর শ্রোতগ্রন্থদর্শিনো বিতি বা। অভবনিঃ নাশঃ ॥ ৪৮ ॥

হরিপদেতি কস্যচিদ্ভক্তস্য নির্জনবিলাপঃ হরি হরি খেদে যে মম যোগ্যতামবীক্ষ্য সোঽহমযোগ্যো দুঃখিতো ভবতু নামেতীব বিভাব্য নিশাঃ প্রযাপ্তীত্যর্থঃ। কীদৃশস্যাপি মম হরিপদেত্যাদি লক্ষণস্য। অতএব চিন্তয়াবনত

গ্রন্থ দর্শন করিয়া আমার নয়ন দ্বয় অতিশয় প্রতিষ্ঠা লাভ করিলেও ইহাদিগকে মন্দ বলিতে হয়, যে হেতু ইহারা তোমার পাদপদ্মের নখাঙ্কুর হইতে প্রসরণ শীল মাধুর্য্য সম্পদের আস্পদ স্বরূপ কান্তি সন্দর্শন করিতে পারিল না অতএব ইহাদের বিনাশ হওয়াই ভাল ॥ ৪৮ ॥

চিন্তা যথা ॥

কোন ভক্ত নির্জনে বিলাপ করিতে করিতে কহিলেন হরি হরি! চঞ্চল মতি আমার হরিপদকমল অবলোকনে অযোগ্যতা দেখিয়া অবনত বদন যে আমি আমার সম্বন্ধে দীর্ঘ নিশ্বাস পরিত্যাগ করিতে করিতে এই সকল নিশা

হরি হরি নিশ্বসতো নিশাঃ প্রযান্তি ॥ ৪৯ ॥

চাপলং যথা কর্ণামৃতে ॥

ত্বচ্ছৈশবং ত্রিভুবনাদ্ভুতমিত্যবেহি

মচ্চাপলঞ্চ তব বা মম বাধিগম্যং।

তৎ কিং করোমি বিরলং মূরলীবিলাসি

মুগ্ধং মুখাম্বুজমুদীক্ষিতুমীক্ষণাভ্যাং ॥ ৫০ ॥

যথা বা ॥

হ্রিয়মঘহর মুক্ত্বা দৃক্পতঙ্গী মমাসৌ

ভয়মপি দময়িত্বা ভক্তবৃন্দানুমার্ত্তা।

বদনস্যেতি ষষ্ঠী চেয়মনাদরে ॥ ৪৯ ॥

বিরলং কচিৎ ভাগ্যবদ্ভিরেব উপলভ্যং ॥ ৫০ ॥

দৃক্পতঙ্গীতি লুপ্তোপমা কওঙর্থ কিবন্তাৎ পুনঃ কর্ত্তরি কৃদ্বিহিতঃ কিবিত্যা-

---

অতিবাহিত হইতেছে ॥ ৪৯ ॥

চাপল যথা ॥

কর্ণামৃতে

হে কৃষ্ণ! তোমার শৈশব চাপল্য ত্রিভুবন মধ্যে অতি-শয় অদ্ভুত, তাহা তুমিই অবগত আছ এবং আমার চপলতা আমি জানি এবং তুমিও জান, নির্জনে লোচন দ্বয় দ্বারা ত্বদীয় মুখপদ্ম দর্শন করিবার নিমিত্ত কি করিব ॥ ৫০ ॥

যথা বা ॥

হে অঘহর! হে ঈশ! আমার নয়নভ্রমরী লজ্জা বিসর্জন পূর্ব্বক ভক্তবৃন্দের অভয় দানে ভয়কে দমন এবং নিরন্তর

নিরবধিগর্ব্বিচার্য্য স্বঞ্চ ক্ষোদিমানং
তব চরণ সরোজং লেঢ়ুমন্বিচ্ছতীশ ॥ ৫১ ॥
জড়তা যথা সপ্তমস্কন্ধে ॥
ন্যস্তক্রীড়নকো বালো জড়বত্তন্মনস্তয়া।

পদ্মা বাচকস্য পূর্ব্বস্য ক্বিপোলোপাৎ। রূপকন্তু নাত্রেষ্যতে তৎপুরুষস্যোত্তর পদ প্রধান ত্বাৎ প্রধানভূতায়া পতঙ্গ্যা স্ত্রীত্বং সম্ভবতি গুণীভূতায়াং দৃশি যোজয়িতুং ন শক্যত ইত্যভবন্মতযোগাখ্যদোষঃ স্যাৎ। ততশ্চ দৃক্ কর্ত্রী হ্রিয়ং মুক্তা ভয়মপি দময়িত্বা স্বস্যচ ক্ষোদিমানমবিচার্য্য পতঙ্গীবাচরন্তী সতী তব চরণ সরোজং লেঢ়ুমন্বিচ্ছতীতি যোগাৎ। দৃক্ তপস্বিন্যসৌ মে ইতি বা পাঠঃ। অন্বিচ্ছতীতি ইষু গমি যমাং ছ ইতি বিধানাৎ ॥ ৫১ ॥

ন্যস্তেতি। তন্মনস্তয়া কৃষ্ণমনস্তয়া ন্যস্তক্রীড়নকঃ তদনন্তরং তত্রৈব জড়বত্তুল্যঃ তৎপশ্চাৎ কৃষ্ণগ্রহগৃহীতাত্মা গ্রহেণেব কৃষ্ণেনাবিষ্টঃ সন্ জগদীদৃশং ন বেদ ন দদর্শ যথা লোকাঃ পশ্যন্তি তথা ন কিন্তু তৎ স্ফূর্ত্তিকরত্বে

আপনার লঘুতা বিচার না করিয়া অতিশয় তৃষ্ণাকুল চিত্তে তোমার চরণ কমল আস্বাদন করিতে ইচ্ছা করিতেছে ॥৫১॥

জড়তা যথা ॥

সপ্তমস্কন্ধে ৪ অধ্যায়ে ২৭ শ্লোকে ॥

নারদ কহিলেন হে যুধিষ্ঠির! প্রহ্লাদের ভগবদ্বিষয়া রতি স্বাভাবিকী ছিল, তাহার নিদর্শন এই যে, তিনি বালক কালেই ক্রীড়া পরিত্যাগ পূর্ব্বক ভগবানের প্রতি এক চিত্ত হইয়া জড় হইয়াছিলেন, আর ভগবান্ শ্রীকৃষ্ণের অনুধ্যানেই তাঁহার আত্মা আগ্রহান্বিত ছিল, অতএব জগৎ কীদৃশ, তিনি

কৃষ্ণগ্রহগৃহীতাত্মা ন বেদ জগদীদৃশং ॥ ৫২ ॥

যথা বা ॥

নিমেযোন্মুক্তাক্ষঃ কথমিহ পরিস্পান্দবিধুরাং

তনুং বিভ্রদ্ভব্যঃ প্রতিকৃতিরিবাস্তে দ্বিজপতিঃ।

অয়ে জ্ঞাতং বংশীরসিক নবরাগব্যসনিনা

পুরঃ শ্যামাম্ভোদে বত বিনিহিতা দৃষ্টিরমুনা ॥

উন্মাদো যথা তত্রৈব ॥

নদতি কচিদুৎকণ্ঠো বিলজ্জো নৃত্যতি কচিৎ।

নৈব দদর্শ ইত্যর্থঃ ॥ ৫২ ॥

ভব্যঃ সর্ব্বত্র যোগ্যঃ ভব্যং সত্যে শুভে চাথ ভেদ্যবদেযাগ্য ভাবিনোরিতি বিশ্বপ্রকাশাৎ ॥ ৫৩ ॥

তাহা কিছুই জানিতেন না ॥ ৫২ ॥

যথাবা ॥

সর্ব্ব কার্য্য নিপুণ এই ব্রাহ্মণ কেন আজ অনিমিষ লোচনে স্পন্দন রহিত কলেবর ধারণ করত প্রতিমার ন্যায় স্তব্ধ ভাবে অবস্থিত আছেন, তবে বোধ হয় ইনি বংশী-রসিকের নবানুরাগে বিপদান্বিত হইয়া অগ্রবর্ত্তি শ্যামমেঘে দৃষ্টি নিক্ষেপ করিয়া রহিয়াছেন ॥

উন্মাদ যথা ॥

মদকল কলভেন্দ্রোল্লঙ্ঘিলীলাতরঙ্গঃ
কবলয়তি ধৃতিং মে ক্ষ্মাধরারণ্যধূর্ত্তঃ ।

কুবলয়েতি। প্রথমং কুবলয়ং ভূমণ্ডলং দ্বিতীয়ং নীলোৎপলং। তত্র স্বাঙ্গভাসাং মধুত্বেন যদ্রূপকং নকৃতং অতএব লেহয়ন্নিত্যস্য পানার্থকাস্বাদার্থো ন বিবক্ষিতঃ কিন্ত্বাসক্তিমাত্রার্থঃ । অত্র প্রত্যবসানপর্য্যায পান ভোজনার্থত্বা ভাবাদপ্যনস্ত কর্তৃণামক্ষিভৃঙ্গাণাং ণ্যন্ত কর্ম্মকত্বং ন কৃতং ক্ষ্মাধর স্তত্র প্রকরণ

হে কন্দর্প! তুমি শরীরে পঞ্চশর নিক্ষেপ করিও না, হে বায়ো! তুমি নিবিড় পুষ্পরসে এ অঙ্গ সেচন করিও না, যে হেতু শ্রীকৃষ্ণের প্রণয় ভঙ্গে নিন্দিত এই অঙ্গ সকলকে কি আশ্রয় করিতে জীব সমর্থ হয়? ॥ ১০ ॥

হর্ষ যথা দানকেলিকৌমুদীতে ·

শ্রীরাধা কহিলেন পর্ব্বতস্থ এই অরণ্যধূর্ত্ত ভূমণ্ডলবর্ত্তি যুবতিদিগের নয়ন ভৃঙ্গ দ্বারা নীলোৎপল দলের শোভা হইতেও অধিক শোভাশালি নিজাঙ্গের শোভা আস্বাদন করাইয়া মত্ত করিশাবকের লীলা তরঙ্গ উল্লঙ্ঘন পূর্ব্বক আমার ধৈর্য্য গ্রাস করিল ॥

অথ স্থায়ী॥

স্থায়ী ভাবো ভবত্যত্রপূর্ব্বোক্তা মধুরা রতিঃ॥ ১১॥

যথা পদ্যাবল্যাং॥

ভ্রূবল্লি তাণ্ডবকলা মধুরাননশ্রীঃ

কঙ্কেল্লিকোরক করম্বিত কর্ণপূরঃ।

কোহয়ং নবীননিকষোপলতুল্যবেশো

প্রাপ্তঃ শ্রীগোবর্দ্ধনঃ অতএব নায়কস্যাস্ত শ্রীকৃষ্ণত্বং ব্যক্তং ধূর্ত্তপদমত্র নর্ম্মণা প্রযুক্তমিতি রসাবহং। যথা কিতব গোষিতঃ কস্যাজেন্নিশীত্যত্র কিতবপদং প্রণয়কোপোক্তমিতি॥ ১১॥

• বল্লীশব্দস্য হ্রস্বান্তত্বং নব নাগবল্লিদল পূগরস ইতি মাঘকাব্যদৃষ্ট্যা বল্লী-বল্লি চঞ্চৎ পরাগ ইতি গীতগোবিন্দাদি দৃষ্টিপরম্পরয়া চ। ভ্রূযুগেতি বা পঠনীয়ং নবীননিকষেতি পীতাম্বরত্বেন নিকষোপলবেশতুল্য বেশ ইত্যত্র মধ্যপদ লোপিত্বাদ্বেশ শব্দো হত্র স্বর্ণরেখাস্থানীয় পরিধানার্থঃ। অবশী করোতীতি ন বিদ্যতে কিঞ্চিদপি বশং যস্যা তাদৃশী করোতি যদ্বা অবশা স্বতন্ত্রা তাদৃশী করোতি লঙ্ঘিতমর্য্যাদী করোতীত্যর্থঃ। অদ্ভুত তত্ত্বাবে চি,

---

অথ স্থায়ী॥

পূর্ব্বোক্ত মধুরা রতি অর্থাৎ সম্ভোগের আদিকারণই এ স্থলে স্থায়ীভাব॥ ১১॥

যথা পদ্যাবলীতে॥

হে সখি! যাঁহার ভ্রূলতার নৃত্য দ্বারা মুখশ্রী অতিশয় মধুর, যাঁহার কর্ণাগ্রে অশোককলিকায় সুশোভিত এবং যিনি পীতবসন পরিধান করিয়াছেন, এ কে? ইনি যে আমাকে

বংশীরবেণ সখি মামবশীকরোতি ॥ ১২ ॥

রাধামাধবয়োরেব ক্বাপি ভাবৈঃ কদাপ্যসৌ।
সজাতীয় বিজাতীয়ৈর্নৈব বিচ্ছিদ্যতে রতিঃ ॥ ১৩ ॥

যথা ॥

ইতো দূরে রাজ্ঞী স্ফুরতি পরিতো মিত্রপটলী
দৃশোরগ্রে চন্দ্রাবলিরুপরি শৈলস্য দনুজঃ ॥
অসব্যে রাধায়াং কুসুমিতলতাসংবৃততনৌ
দৃগন্তশ্রীর্লোলা তড়িদিব মুকুন্দস্য বলতে ॥ ১৪ ॥

প্রত্যয়ঃ কঙ্কেল্লিরশোকঃ ॥ ১২ ॥

রাধামাধবয়োরেব নতু প্রেয়স্তত্তব মাধবয়ো রতিঃ। সব্যাজ ব্যতিদর্শনাদিময়ী নৈব বিচ্ছিদ্যতে নাবৃতা স্যাৎ। কৈঃ সজাতীয়ৈ স্তৎ প্রেয়স্যান্তব ব্যক্তিভি বিজাতীয়ৈ সুহৃৎসনাদি ব্যক্তিভির্ভাবৈ স্তদ্বিবোধি সমীহাসরৈঃ ॥ ১৩ ॥

রাজ্ঞী ব্রজরাজ্ঞী। দনুজো হরিষ্টঃ। শৈলস্য শিলাসমূহস্য। ব্রজদ্বারস্থানিরূপ তত্নাচিতস্য ॥ ১৫ ॥

বংশীরবে অবশ করিলেন ॥ ১২ ॥

শ্রীরাধামাধবের কখন কোন স্থানে স্বজাতীয় বা বিজাতীয় ভাব দ্বারা রতির বিচ্ছেদ হয় না ॥ ১৩ ॥

কিঞ্চিদ্দূরে যশোদা, চতুর্দ্দিকে সখাগণ, নেত্রদ্বয়ের অগ্রভাগে চন্দ্রাবলী এবং ব্রজদ্বারস্থ শিলাবদ্ধভূমির উপর বৃষাসুর বিদ্যমান থাকিলেও দক্ষিণদিকে কুসুমিত লতাজালে আবৃতাঙ্গী শ্রীরাধার প্রতি মুকুন্দের চঞ্চল অপাঙ্গশ্রী বিদ্যুতের ন্যায় পতিত হইতেছে ॥ ১৪ ॥

ঘোরাণ খণ্ডিত শঙ্খচূড়মজিরং রুদ্ধে শিবা তামসী
ব্রহ্মিষ্ঠশ্বসনঃ শমস্তুতিকথা প্রালেয়মাসিঞ্চতি।
অগ্রে রাম সুধারুচি র্বিজয়তে কৃষ্ণপ্রমোদোচিতং
রাধায়া স্তদপি প্রফুল্লমভজন্ ম্লানিং ন ভাবাম্বুজং॥ ১৫॥
স বিপ্রলম্ভসম্ভোগভেদেন দ্বিবিধো মতঃ॥

ভাবপক্ষে খণ্ডিতঃ শঙ্খচূড়স্তদাখ্যো যক্ষো যত্র তাদৃশমজিরং ক্রীড়াঙ্গনং। তামসী তমোগুণময়ী শিবা শৃগালজাতিঃ। রুদ্ধে আবৃণোতি অম্বুজপক্ষে তৎপ্রতি অশিবা অমঙ্গলা তামসী রাত্রিঃ। একমুভয়ত্র ব্রহ্মিষ্ঠো ব্রহ্মনিষ্ঠে বর্গঃ সএব শ্বসনঃ ইত্যাদি যোজ্যং। ক্রমেণ তদ্ভাববিরোধিনো ভয়ানক শান্ত বৎসলা দর্শিতাঃ। অম্বুজবিরোধিনশ্চ রাত্রি প্রালেয়সুধারুচয়ঃ। তস্মাদযথাম্বুজমম্বুজং তত্তৎ সম্বন্ধেন ম্লানিং প্রাপ্নোতি। তথা তু তদ্ভাবাম্বুজং ন প্রাপ্নোতি বিশেষোক্তিরলঙ্কারঃ॥ ১৫॥

স প্রথমমুক্তো মধুরাখ্যো ভক্তিরসঃ॥ ১৬॥

এক দিকে প্রাঙ্গণস্থ শঙ্খচূড় যক্ষের খণ্ডিতদেহ তমোগুণময়ী শিবা সকল বেষ্টন করিয়া রহিয়াছে, অন্য দিকে পবন তুল্য ব্রহ্মিষ্ঠগণ শমতা সম্পন্ন স্তুতিকথারূপ হিম সেচন করিতেছেন, সম্মুখে অমৃতকান্তি বলদেব বিদ্যমান রহিয়াছেন তথাপি শ্রীকৃষ্ণের প্রমোদোচিত শ্রীরাধার ভাবপদ্ম মলিন না হইয়া প্রফুল্লই ছিল॥ ১৫॥

বিপ্রলম্ভ ও সম্ভোগভেদে পূর্ব্বোক্ত মধুরাখ্য ভক্তিরস দুই প্রকার হয়॥

তত্র বিপ্রলম্ভঃ ॥

সপূর্ব্বরাগো মানশ্চ প্রবাসাদিময়স্তথা।
বিপ্রলম্ভো বহুবিধো বিদ্বদ্ভিরিহ কথ্যতে ॥ ১৬ ॥

তত্র পূর্ব্বরাগঃ ॥

প্রাগসঙ্গতয়োর্ভাবঃ পূর্ব্বরাগো ভবেদ্দ্বয়োঃ ॥

যথা পদ্যাবল্যাং ॥

অকস্মাদেকস্মিন্ পথি সখি ময়া যামুনতটং
ব্রজন্ত্যা দৃষ্টো যো নবজলধর-শ্যামলতনুঃ।
সদৃগ্‌ভঙ্গ্যা কিম্বা কুরুত নহি জানে তত ইদং

প্রাগিত্যত্র দ্বয়োবিতি কান্তায়াঃ পূর্ব্বরাগো ভক্তিরসত্বেনোচ্যতে কান্তস্য তু

তন্মধ্যে বিপ্রলম্ভ যথা ॥

পণ্ডিতগণ পূর্ব্বরাগ, মান ও প্রবাসাদি ভেদে বিপ্রলম্ভকে বহুবিধরূপে কীর্ত্তন করেন ॥ ১৬ ॥

তন্মধ্যে পূর্ব্বরাগ যথা ॥

কান্তা ও কান্ত এতদুভয়ের পূর্ব্বে অমিলন প্রযুক্ত যে ভাব তাহাকে পূর্ব্বরাগ বলে ॥

যথা পদ্যাবলিতে ॥

হে সখি! আমি যমুনাতটে গমন করিতেছিলাম, অকস্মাৎ সেই পথে কোন এক নবজলধর শ্যামবর্ণ পুরুষ আমার নেত্রগোচর হইয়াছিলেন, তিনি নয়ন ভঙ্গীদ্বারা কি যে করিলেন তাহা জানিতে পারি নাই কিন্তু সেই অবধি আমার এই মন

মনো মে ব্যালোলং ক্বচ ন গৃহকৃত্যে ন লগতে ॥১৭॥

যথাবা শ্রীদশমে ॥

তথাহমপি তচ্চিত্তো নিদ্রাঞ্চ ন লভে নিশি।

বেদাহং রুক্মিণা দ্বেষান্মমোদ্বাহো নিবারিতঃ ॥

অথ মানঃ ॥

মানঃ প্রসিদ্ধ এবাত্র ॥ ১৮

যথা শ্রীগীতগোবিন্দে ॥

বিহরতি বনে রাধা সাধারণপ্রণয়ে হরৌ

তদুদ্দীপনত্বেন গম্যতে। এবমুত্তরত্রাপি ॥ ১৭ ॥

ব্রজদেবীষু শ্রীকৃষ্ণস্য পূর্ব্বরাগস্তু জয়তি তে ঽধিকং জন্মনেত্যধ্যায়ে তাসাং মুখেনৈব শ্রীমন্মুনিনা বহুশোঽপি শরদুদাশয় ইত্যাদিভির্বর্ণিত এব ইত্যভি-প্রেত্য সকৃদুক্তং শ্রীরুক্মিণ্যামেব তং দর্শয়তি যথাবেতি ॥ ১৮ ॥

বিহরতীত্যর্দ্ধমেব নোদাহরণং দ্রষ্টব্যং ॥ ১৯ ॥

চঞ্চল হইয়া কোন গৃহ কৃত্যে লিপ্ত হইতেছে না ॥ ১৭ ॥

যথাবা শ্রীদশমে ৫৩ অধ্যায়ে ২ শ্লোকে ॥

শ্রীকৃষ্ণ কহিলেন ব্রহ্মন্! তদ্রূপ আমারও চিত্ত রুক্মিণীর প্রতি অর্পিত হওয়াতে রাত্রিতে নিদ্রা লব্ধ হয় না। আমার প্রতি রুক্মির দ্বেষ বশতঃ আমার বিবাহ যে নিবারিতহই-য়াছে, তাহা আমিও অবগত আছি ॥

অথ মান ॥

এস্থলে মান প্রসিদ্ধই আছে ॥ ১৮ ॥

যথা শ্রীগীতগোবিন্দে ॥

বন মধ্যে শ্রীকৃষ্ণ সাধারণ প্রণয়ের সহিত বিহার করিতে-

বিগলিতনিজোৎকর্ষাদীর্ষাবশেন গতামুত।
ক্বচিদপি লতাকুঞ্জে গুঞ্জন্মধুব্রতমণ্ডলী
মুখর শিখরে লীনা দীনাপ্যুবাচ রহঃ সখীঃ॥

প্রবাসঃ॥

প্রবাসঃ সঙ্গবিচ্যুতিঃ॥

যথা পদ্যাবল্যাং॥

হস্তোদরে বিনিহিতৈককপোলপালে
রশ্রান্তলোচনজলস্নপিতাননায়াঃ।
প্রস্থানমঙ্গলদিনাবধি মাধবস্য
নিদ্রালবোঽপি কুত এব সরোরুহাক্ষ্যাঃ॥

ছেন দেখিয়া শ্রীরাধা স্বীয় উৎকর্ষার লাঘব হেতু ঈর্ষাভরে ক্রীড়া পরিত্যাগ পূর্ব্বক অন্যত্র গমন করিলেন কিন্তু যাহার উপরিভাগে ভ্রমর নিকর গুঞ্জনরব করিতেছে, এমত লতা-কুঞ্জে গিয়া লুক্কায়িত ভাবে অবস্থিতি করত দুঃখিত চিত্তে নির্জ্জনে সখীর প্রতি বলিতে লাগিলেন॥

প্রবাস॥

সঙ্গ রহিতের নাম প্রবাস॥

যথা পদ্যাবলিতে॥

যে দিবসাবধি শ্রীকৃষ্ণ মধুপুরী গমন করিয়াছেন, সেই প্রস্থান মঙ্গল দিন হইতে পদ্মাক্ষী শ্রীরাধা হস্ত মধ্যে এক কপোল বিন্যস্ত করত অবিশ্রান্ত নেত্রজলে বদনমণ্ডল আর্দ্র করিতেছেন, সুতরাং কোথা হইতে তাঁহার নিদ্রালব উপস্থিত হইবে॥

যথা প্রহ্লাদসংহিতায়াং উদ্ধববাক্যং ॥
ভগবানপি গোবিন্দঃ কন্দর্পশরপীড়িতঃ।
ন ভুঙ্‌ক্তে ন স্বপিতিচ চিন্তয়ন্ বো হ্যহর্নিশং ॥
অথ সম্ভোগঃ ॥
দ্বয়োর্মিলিতয়ো র্ভোগঃ সম্ভোগ ইতি কীর্ত্যতে ॥ ১৯ ॥
যথা পদ্যাবল্যাং ॥
পরমানুরাগ পরয়াথ রাধয়া
পরিরম্ভ-কৌশল-বিকাশি-ভাবয়া।
স তয়া সহ স্মরসভাজনোৎসবং
নিরবাহয়চ্ছিখিশিখণ্ডশেখরঃ ॥ ২০ ॥

পরমানুরাগ ইত্যস্যান্তে নিত্যস্থিতিস্তু ব্রজদেবীনাং পুরদেবীনাঞ্চ যুগপদ্দর্শিতা। জয়তি জননিবাস ইত্যাদিনা ॥ ২০ ॥

যথা প্রহ্লাদসংহিতায় উদ্ধব বাক্য ॥

ভগবান্ গোবিন্দও কন্দর্পশরে পীড়িত হইয়া দিবারাত্র তোমাদিগকে চিন্তা করিতে করিতে না ভোজন করিতেছেন না শয়ন করিতেছেন ॥

অথ সম্ভোগ ॥

কান্তা এবং কান্ত উভয়ে মিলিত হইয়া যে ভোগ করেন তাহাকে সম্ভোগ বলিয়া কীর্ত্তন করা যায় ॥ ১৯।

যথা পদ্যাবলিতে ॥

যিনি পরমানুরাগময়ী, আলিঙ্গন কৌশল দ্বারা যাঁহার ভাব বিশেষ প্রকাশ হইয়াছে, সেই শ্রীরাধার সহিত শিখণ্ডচূড় কন্দর্প পূজোৎসব নির্ব্বাহ করিয়াছিলেন ॥ ২০ ॥

॥ * ॥ ইতি শ্রীভক্তিরসামৃতসিন্ধৌ পশ্চিমবিভাগে মধু-রাখ্যভক্তিরস লহরী পঞ্চমী ॥ * ॥ ৫ * ॥

শ্রীমদ্ভাগবতাদ্যর্হশাস্ত্রদর্শিতয়া দৃশা।
ইয়মাবিষ্কৃতা মুখ্যপঞ্চভক্তিরসৌ ময়া ॥
গোপালরূপশোভাং দধদপি রঘুনাথভাববিস্তারী।
তুষ্যতু সনাতনাত্মা পশ্চিমবিভাগে রসাম্বুনিধেঃ ॥ * ॥

॥ * ॥ ইতি শ্রীভক্তিরসামৃতসিন্ধৌ মুখ্যভক্তিরসনিরূপণং নাম পশ্চিমবিভাগস্তৃতীয়ঃ ॥ * ॥ ৩ * ॥

॥ * ॥ ইতি দুর্গমসঙ্গমনী নাম্নাং শ্রীরসামৃতসিন্ধুটীকায়াং পঞ্চম লহর্য্যাখ্যকে পশ্চিমবিভাগে মধুরাখ্যভক্তিরসলহরী পঞ্চমী ॥ * ॥ ৫ ॥ * ॥

শ্রীমদিতি। শ্রীমদ্ভাগবতাদি লক্ষণ যোগ্য শাস্ত্র প্রকাশিতেন জ্ঞানেনেত্যর্থঃ ॥

॥ * ॥ ইতি শ্রীদুর্গমসঙ্গমনীনাম্ন্যাং ভক্তিরসামৃতসিন্ধুটীকায়াং পশ্চিম বিভাগস্তৃতীয়ঃ ॥ * ॥ ৩ ॥ * ॥

শ্রীমদ্ভাগবতাদি শাস্ত্র দর্শিত চক্ষু দ্বারা আমি এই মুখ্য ভক্তিরসময়ী পঞ্চম লহরী প্রকাশ করিলাম ॥

যিনি গোপাল রূপ শোভাকে ধারণ করিয়াও রঘুনাথের ভাব বিস্তার করিয়াছেন সেই সনাতন বিগ্রহ প্রভু ভক্তিরসামৃতসিন্ধুর পশ্চিমবিভাগে সন্তুষ্ট হউন ॥

॥ * ॥ ইতি শ্রীরামনারায়ণ বিদ্যারত্ন কৃত ব্যাখ্যায় ভক্তিরসামৃতসিন্ধুর পশ্চিমবিভাগে মধুরাখ্য ভক্তিরস লহরী পঞ্চমী ॥ * ॥ ৫ ॥ * ॥

॥ * ॥ ইতি পশ্চিম বিভাগ সমাপ্ত ॥ * ॥

ভক্তিভরেণ প্রীতিং কলয়ন্নুররীকৃত ব্রজাসঙ্গঃ।
তনুতাং সনাতনাত্মা ভগবান্ময়ি সর্ব্বদা তুষ্টিং॥
রসামৃতাব্ধে র্ভাগেহত্র তুরীয়েতূত্তরাভিধে।
রসঃ সপ্তবিধো গৌণো মৈত্রী বৈরস্থিতি র্মিথঃ॥
রসাভাসশ্চ তেনাত্র লহর্য্যো নব কীর্ত্তিতাঃ॥
প্রাগত্রানিয়তাধারাঃ কদাচিৎ কাপ্যুদিতবরাঃ॥
গৌণা ভক্তিরসাঃ সপ্ত লেখ্যা হাস্যাদয়ঃ ক্রমাৎ॥ ১॥
ভক্তানাং পঞ্চধোক্তানামেষাং মধ্যত এবহি।

নন্থ শান্তাদিবদ্ধাস্যাদ্ভুতাদয়োহপি পৃথক্ স্যু র্বিদূষক সেনান্যাদিষু হাস্যবীরাদীনাং স্থিবতা দর্শনাত্তত্রাহ ভক্তানামিতি। ভক্তানাং পঞ্চধা রতিপঞ্চকা.

যিনি ভক্ত্যতিশয় প্রযুক্ত প্রীতিবিধান পূর্ব্বক গোষ্ঠসংসর্গ অঙ্গীকার করিয়াছেন, সেই সনাতন স্বরূপ ভগবান্ সর্ব্বদা আমার প্রতি তুষ্টি বিধান করুন॥

রসামৃতসিন্ধুর এই উত্তর নামক চতুর্থবিভাগে সাত প্রকার গৌণ ভক্তিরস অর্থাৎ হাস্য, অদ্ভুত, বীর, করুণ, রৌদ্র, ভয়ানক ও বীভৎস, তথা পরস্পর মৈত্রবৈর স্থিতি অর্থাৎ কোন্ ভাবের সহিত কোন্ ভাবের মিত্রতা ও কোন্ ভাবের সহিত কোন্ ভাবের শত্রুতা এবং রসাভাস বর্ণিত হইবে॥

পূর্ব্বে এই গ্রন্থে লেখ্য হাস্যাদি গৌণ ভক্তিরস ধারাবাহিক রূপে বর্ণিত হয় নাই; কোনটী অগ্রে এবং কোনটী বা পরে লিখিত হইয়াছে॥ ১॥

গৌণ হাস্যাদি ভক্তিরস সকলে মুখ্য শান্তাদি রসনিষ্ঠ

কাপ্যেকঃ কাপ্যনেকশ্চ গৌণেষ্বালম্বনো মতঃ॥

তত্র হাস্যভক্তিরসঃ॥

বক্ষ্যমাণৈর্বিভাবাদ্যৈঃ পুষ্টিং হাসরতির্গতা।
হাস্যভক্তিরসো নাম বুধৈরেষ নিগদ্যতে॥ ২॥

অস্মিন্নালম্বনঃ কৃষ্ণস্তথান্যোঽপি তদন্বয়ী।

শ্রয়ত্বেনোক্তানাং মধ্যত এব নতু তেভ্যোঽন্য ইত্যর্থঃ। অয়ং ভাবঃ। তত্তদ্রতি বিষয়ত্বেনোক্তস্য শ্রীকৃষ্ণস্য তত্তদাশ্রয়ত্বেনোক্তস্য তত্তদ্ভক্তস্য চ সর্ব্বত্রোৎসর্গ সিদ্ধতয়াস্ত্যেব আলম্বনত্বং। কিন্তু, তত্তদ্রতি সম্বন্ধাত্ত্রতিত্বেনোপচর্য্যমাণ হাসাদীনাং প্রাকৃত রসশাস্ত্রানুসারেণৈব স্থায়িত্বমুপচর্য্যতে। তদনুসারেণৈব চ ভয়ানক রসাদৌ দারুণাদীনামালম্বনত্ব মভ্যুপগংস্যতে। স্বমতেতু বিভাব্যতেহি রত্যাদি যত্র যেন বিভাব্যতে। বিভাবো নাম স দ্বেধালম্বনোদ্দীপনাত্মক ইত্যার্ষ প্রমাণানুসারেণ সপ্তমার্থ এব সর্ব্বত্রালম্বনঃ। সচানুগতায়া রতেঃ সম্বন্ধেন বিষয়াশ্রয় রূপ এবেতি॥ ১। ২॥

পর্য্যবসিতা রত্তে র্বিষয়ত্বেন তদ্ব্যঙ্গীকৃত হাসস্য হেতুত্বেন চ কৃষ্ণোঽস্মিন্‌-

---

পঞ্চবিধ ভক্তের মধ্যেই কোন স্থানে এক ও কোন স্থানে বহু আলম্বন হইবে॥

হাস্য ভক্তিরস যথা

বক্ষ্যমাণ বিভাবাদি দ্বারা হাস রতি পুষ্ট হইয়া হাস্য ভক্তিরস নামে কথিত হয়॥ ২॥

এই হাস্য ভক্তিরসে কৃষ্ণ এবং তদন্বয়ী অর্থাৎ কৃষ্ণের অনুগত চেষ্টাশালী ব্যক্তি আলম্বন হয়েন। পণ্ডিতগণ বলিয়াছেন বৃদ্ধ এবং শিশুগণ প্রায় হাস্য রতির আশ্রয়, কখন

বৃদ্ধাঃ শিশুমুখাঃ প্রায়ঃ প্রোক্তা ধীরৈ স্তদাশ্রয়াঃ।
বিভাবনাদিং বৈশিষ্ট্যাৎ প্রবরাশ্চ ক্কচিন্মতাঃ ॥
তত্র কৃষ্ণো যথা ॥
যাস্যাম্যস্য ন ভীষণস্য সবিধং জীর্ণস্য শীর্ণাকৃতে-
র্মাতর্নেষ্যতি মাং পিধায় কপটাদাধারিকায়ামসৌ।
ইত্যুক্ত্বা চকিতাক্ষমদ্ভুতশিশৌ বুদ্বীক্ষ্যমাণে হরৌ
হাস্যং তস্য নিরুন্ধতোহপ্যতিতরাং ব্যক্তং তদাসীন্মুনেঃ ॥
অথ তদন্বয়ী ॥

লম্বনঃ। তদন্বয়ী তস্য কৃষ্ণস্যানুগত চেষ্টশ্চ তত্রৈতেরাশ্রয়ত্বেন তাদৃশ হাস হেতুত্বেন চালম্বনঃ। তস্য হাসস্যাশ্রয়া স্তদাশ্রয়াঃ। হাসস্য চেতো বিকাশ মাত্র রূপত্বাদ্বিষয়স্তু নবিদ্যতে নহি কমলাদি বিকাশঃ ক্কচিদ্বিষয়ং করোতি যমুদ্দিশ্য প্রবর্ত্ততে স এবহি বিষয়ঃ। পরিহাসোপহাসবাচীতু যদা স্যাত্তদ

কখন বিভাবনাদির বৈশিষ্ট্য প্রযুক্ত শ্রেষ্ঠ ব্যক্তিরাও এই বৃত্তির আশ্রয় হইয়া থাকেন ॥

তন্মধ্যে কৃষ্ণ আলম্বন যথা ॥

কৃষ্ণ কহিলেন মা! আমি এই জীর্ণ শীর্ণাকৃতির নিকট যাইব না। উহার নিকট গেলে, ও আমাকে ভিক্ষা পাত্রের মধ্যে আচ্ছাদন করিয়া অর্থাৎ ঝোলার মধ্যে পুরিয়া রাখিবে এই বলিয়া অদ্ভুত শিশুরূপী হরি চকিত লোচনে নিরীক্ষণ করিতে লাগিলে, যদিচ মুনি হাস্য সম্বরণ করিয়াছিলেন তথাপি তাহা শীঘ্র প্রকাশ পাইল ॥

তদন্বয়ী আলম্বন যথা ॥

যচ্চেষ্টা কৃষ্ণবিষয়া প্রোক্তঃ সোঽত্র তদন্বয়ী ॥৩॥

যথা ॥

দদামি দধিফাণিতং বিবৃণু বক্ত্রমিত্যগ্রতো
নিশম্য জরতীগিরং বিবৃতকোমলৌষ্ঠে স্থিতে।
তয়া কুসুমমর্পিতং নবমবেত্য ক্ষুণ্ণাননে
হরৌ জহসুরুচ্চকৈঃ কিমপি সুষ্ঠু গোষ্ঠার্ভকাঃ ॥

যথাবা ॥

অস্য প্রেক্ষ্য করং শিশোর্মুনিপতে শ্যামস্য মে কথ্যতাং
তথ্যং হন্ত চিরায়ুরেষ ভবিতা কিং ধেনুকোটীশ্বরঃ।

কশ্চিদ্বিষয়মপি কুর্য্যান্নাম স তু নাত্রোপাদীয়ত ইতি ভাবঃ ॥ ৩॥

ফাণিতং খণ্ডবিকৃতিঃ। দধিমিশ্রিতং ফাণিতং দধিফাণিতং কোমলেতি

যাহার কৃষ্ণবিষয়ক চেষ্টা তাহাকে তদন্বয়ী বলে ॥

যথা ॥

কৃষ্ণ! তোমাকে দধি মিশ্রিত ফাণিত অর্থাৎ বাতাসা দিব, মুখ ব্যাদান কর, সম্মুখে জরতীর এই কথা শুনিয়া কৃষ্ণ কোমলৌষ্ঠ বিস্তার করিলে জরতী তাহাতে একটী অভিনব কুসুম নিক্ষেপ করিলেন কিন্তু তাহাতে ঐ কৃষ্ণ মুখ কুটিল করায় তদ্দর্শনে ব্রজবালক সকল উচ্চ রূপে হাস্য করিতে লাগিল ॥

যথাবা ॥

নন্দ কহিলেন হে মুনিপতে! আপনি আমার এই শ্যাম শিশুর হস্ত নিরীক্ষণ করিয়া যথার্থ বলুন, এ দীর্ঘায়ু হইয়া

ইত্যুক্তে ভগবন্ ময়াদ্য পরিত শ্চীরেণ কিং চারুণা
দ্রাগাবির্ভবদুঞ্চুরস্মিতমিদং বক্ত্রং ত্বয়া রুধ্যতে ॥ ৪ ॥
উদ্দীপনা হরেস্তাদৃগ্বাগ্বেশচরিতাদয়ঃ।
অনুভাবাস্তু নাসৌষ্ঠ গণ্ডনিস্পন্দনাদয়ঃ।
হর্ষালস্যাবহিত্থাদ্যা বিজ্ঞেয়া ব্যভিচারিণঃ।
সা হাস রতিরেবাত্র স্থায়িভাবতয়োদিতা।
ষোঢ়া হাসরতিঃ স্যাৎস্মিতহসিতে বিহসিতাবহসিতেচ।
অপহসিতাতিহসিতকে জ্যেষ্ঠাদীনাং ক্রমাদ্দ্বে দ্বে।

বালাং ব্যঞ্জিতং ॥ ৪ ॥

উদ্দীপন ইত্যত্র হরিরিত্যুপলক্ষণং তদ্বয়িনোঽপি জ্ঞেয়াঃ ॥ ৫ ॥

কোটি ধেনুর অধীশ্বর হইবে কি না, হে ঋষে! আমি এই কথা বলিলে আপনি কেন উদগত ঈষৎ হাস্যান্বিত বদন চীর-বসন দ্বারা আচ্ছাদন করিলেন ॥ ৪ ॥

এই হাস্য রসে কৃষ্ণ এবং কৃষ্ণ সম্বন্ধীয় ব্যক্তির ঐ প্রকার বাক্য বেশ এবং আচরণ প্রভৃতি উদ্দীপন। নাসা, ওষ্ঠ ও গণ্ড স্পন্দনাদি সকল অনুভাব, তথা হর্ষ, আলস্য এবং আকার গোপন প্রভৃতি ব্যভিচারী হইয়া থাকে ॥

হাস্যরসে হাস রতিকে স্থায়ীভাব বলিয়া কীর্ত্তন করা যায় ॥

হাস রতি ছয় প্রকার হয়। যথা স্মিত, হসিত, বিহসিত, অবহসিত, অপহসিত ও অতিহসিত। জ্যেষ্ঠ, মধ্য ও কনিষ্ঠ ভেদে দুইটী দুইটী করিয়া প্রকাশ পায়, অর্থাৎ জ্যেষ্ঠে স্মিত

বিভাবনাদি বৈচিত্র্যাদুত্তমস্যাপি কুত্রচিৎ।
ভবেদ্বিহসিতাদ্যঞ্চ ভাবজ্ঞৈরিতি ভণ্যতে ॥
তত্র স্মিতং ॥
স্মিতং ত্বলক্ষ্যদশনং নেত্রগণ্ডবিকাশকৃৎ ॥ ৫ ॥
যথা ॥
ক যামি জরতী খলা দধিহরং দিধীর্ষন্ত্যসৌ
প্রধাবতি জবেন মাং সুবল মংক্ষু রক্ষাং কুরু।
ইতি স্খলদুদীরিতে দ্রবতি কান্দিশীকে হরৌ

সুবল হে সুষ্ঠু বল ইতি কিঞ্চিদ্বলিষ্ঠং জ্যেষ্ঠং ভ্রাতরং প্রতি সম্বোধনং ন তু সুবলসংজ্ঞং তং সমবয়স্কং প্রতি। কান্দিশীকে ভয়দ্রুতে দ্রবতীতি দ্রবস্যা-

---

হসিত, মধ্যমে বিহসিত, অবহসিত এবং কনিষ্ঠে অপহসিত ও অতিহসিত প্রকাশ পাইয়া থাকে ॥

ভাবজ্ঞগণ বলেন বিভাবনাদির বৈচিত্র্য হেতু কোন কোন স্থানে উত্তম ব্যক্তিতেও বিহসিত প্রভৃতি প্রকাশ পায় ॥

তন্মধ্যে স্মিত যথা ॥

যে হাস্যে দন্ত লক্ষিত হয় না কিন্তু নেত্র ও গণ্ডের প্রফুল্লতা দৃষ্ট হয়, তাহাকে স্মিত বলে ॥ ৫ ॥

যথা ॥

যে জ্যেষ্ঠ ভ্রাতঃ! দধি চুরিকরিয়াছি, বলিয়া খল জরতী আমাকে ধরিবার জন্য দৌড়িয়া আসিতেছে, এখন কোথা যাইব, শীঘ্র আমাকে রক্ষা কর, এই বলিয়া ভয়ে পলায়ন পরায়ণ শ্রীকৃষ্ণকে দেখিয়া স্বর্গে মুনিগণের বদন ঈষৎ হস্যে

বিকস্বর-মুখাম্বুজং কুলমভূন্মৃমীনাং দিবি ॥

হসিতং ॥

তদেব দর সংলক্ষ্য দন্তাগ্রং হসিতং ভবেৎ ॥ ৬ ॥

যথা ॥

মদ্বেশেন পুরঃস্থিতো হরিরসৌ পুত্রোঽহমেবাস্মি তে

পশ্যেত্যচ্যুত জল্প বিশ্বসিতয়া সংরম্ভরজ্যদ্দৃশা।

তিশয বোধনায় ॥ ৬ ॥

মদ্বেশেনেতি দূরমায়ান্ত মদৃষ্ট স্ববেশি শ্রীকৃষ্ণং শ্রীরাধিকায়াঃ পতিম্মন্যং জটিলায়াঃ পুত্রমভিমন্যুং দৃষ্ট্বা তদ্বেশেন তদ্গৃহং গতস্য শ্রীকৃষ্ণস্য তাং প্রতি

বিকসিত হইল ॥

অথ হসিত ॥

যে হাস্যে দন্ত ঈষৎ দৃষ্ট হয় তাহাকে হসিত বলে ॥ ৬ ॥

যথা ॥

শ্রীরাধিকার পতিম্মন্য জটিলাপুত্র অভিমন্যু নিজগৃহে আগমন করিতেছিল কিন্তু সে শ্রীকৃষ্ণকে দেখিতে পায় নাই, শ্রীকৃষ্ণ আগমনশীল অভিমন্যুকে দূরে অবলোকন করিয়া নিজে অভিমন্যুর বেশ ধারণ পূর্ব্বক জটিলার নিকট গিয়া বলিলেন মা! আমি তোমার পুত্র অভিমন্যু, আমার বেশ ধারণ করিয়া কৃষ্ণ অগ্রে অবস্থিত রহিয়াছে দেখুন, কৃষ্ণ এই কথা বলিলে জটিলা তাহাতে বিশ্বাস করিয়া সক্রোধ-নেত্রে চীৎকার করত মা মা এই অর্দ্ধ উচ্চারণকারি স্বীয় পুত্র অভিমন্যুকে প্রাঙ্গণ হইতে তাড়াইয়া দিলে তদ্দর্শনে সখী সকলের

মামেতি স্খলদক্ষরে জটিলয়া ব্যাক্রুশ্য নিষ্কাসিতে
পুত্রে প্রাঙ্গণতঃ সখীকুলমভূদ্দন্তাংশুধৌতাধরং॥
বিহসিতং॥
সস্বনং দৃষ্টদশনং ভবেদ্বিহসিতং তু তৎ॥ ৭॥
যথা॥
মুষাণ দধি মেদুরং বিকলমন্তরা শঙ্কসে
সনিশ্বসিত ডম্বরং জটিলয়াত্র নিদ্রায়তে।
ইতি ব্রুবতি কেশবে প্রকট শীর্ণ দন্তস্থলং
কৃতং হসিতমুৎস্বনং কপট সুপ্তয়া বৃদ্ধয়া॥

বচনং। নিষ্কাসিতে দূরত এব বিদ্রাবিতে। তস্যা বাতুলতাপাশঙ্কা স্ববধূনা মানপ্রমার্জং তস্য বিক্রন্তত্বাৎ॥ ৭॥
কপট সুপ্তয়েত্যনেন তয়েতি পূর্ব্বোক্ত শ্বারস্যাল্লভ্যতে। সুপ্তয়াপ্যেতয়েতি

অধর ঈষৎ দন্তকিরণে অলঙ্কৃত হইয়াছিল অর্থাৎ তাঁহারা সকলে হাসিতে লাগিলেন॥

বিহসিত॥

যে হাস্যে শব্দের সহিত দন্ত দৃষ্ট হয়, তাহাকে বিহসিত বলে॥ ৭॥

অহে সখা সকল! উৎকৃষ্ট দধি চুড়ি কর,গৃহ মধ্যে কোন ভয় করিও না, জটিলা প্রবল নিশ্বাস পরিত্যাগ করিতে করিতে নিদ্রা যাইতেছে, শ্রীকৃষ্ণ এই কথা বলিলে কপট সুপ্তা বৃদ্ধা শীর্ণদন্ত উদঘাটন পূর্ব্বক সশব্দে হাসিয়া উঠিল॥

অবহসিতং ॥

তচ্চাবহসিতং ফুল্লনাসং কুঞ্চিতলোচনং ॥ ৮ ॥

যথা ॥

লগ্নস্তে নিতরাং দৃশোরপি যুগে কিং ধাতুরাগো ঘনঃ
প্রাতঃ পুত্রবলস্য বা কিমসিতং বাসস্ত্বয়াঙ্গে ধৃতং।
ইত্যাকর্ণ্য পুরো ব্রজেশগৃহিণী বাচং স্ফুরন্নাসিকা
দূত্য সঙ্কুচদীক্ষণাবহসিতং জাতা ন রোদ্ধুং ক্ষমা ॥

অপহসিতং ॥

বা পাঠঃ ॥ ৮ ॥
লগ্নস্ত ইত্যাদৌ পুত্রেত্যত্র মিত্রেতি ব্রজেশগৃহিণী বাচমিত্যত্র চ ধূর্তার্জব

অবহসিত ॥

যে হাস্যে নাসা প্রফুল্ল ও লোচন কুঞ্চিত হয়, তাহাকে অবহসিত বলে ॥ ৮ ॥

যথা ॥

শ্রীকৃষ্ণ প্রাতঃকালে গৃহে উপস্থিত হইলে যশোদা অবলোকন করিয়া কহিলেন পুত্র! তোমার লোচনযুগলে ঘন ধাতুরাগ কি সংলগ্ন হইয়াছে? তুমি কি বলদেবের নীলাম্বর পরিধান করিয়াছ? ব্রজেশ্বরগৃহিণী যশোদার এই বাক্য শ্রবণ করিয়া অগ্রবর্ত্তিনী দূতী প্রফুল্ল নাসিকা ও সঙ্কুচিত নেত্রে উৎপন্ন অবহসিত আর সংগোপন করিতে পারিলেন না ॥

অপহসিত ॥

তচ্চাপহসিতং সাশ্রুলোচনং কম্পিতাংসকং ॥

যথা ॥

উদস্রং দেবর্ষি র্দিবি দরতরঙ্গদ্ভুজশিরা

যদন্ত্র্যাণুদ্দণ্ডো দশনরুচিভিঃ পাণ্ডুরয়তি।

স্ফুটং ব্রহ্মাদীনাং নটয়িতরি দিব্যে ব্রজশিশৌ

জরত্যাঃ প্রস্তোভান্নটতি তদনৈষীদ্দৃশমসৌ ॥

অতিহসিতং ॥

সহস্ততালং ক্ষিপ্তাঙ্গং তচ্চাতিহসিতং বিদুঃ ॥ ৯ ॥

যথা ॥

স্বহস্তাচমিতি চ পাঠান্তরং জ্ঞেয়ং ॥ ৯ ॥

যে হাস্যে অশ্রুযুক্ত লোচন ও স্কন্ধ কম্পিত হয় তাহার নাম অপহসিত ॥

যথা ॥

যিনি স্পষ্টরূপে ব্রহ্মাদি দেবগণকে নাচাইতেছেন, সেই ব্রজশিশু শ্রীকৃষ্ণ জরতীর স্তোভে নৃত্য করিতেছেন দেখিয়া স্বর্গে দেবর্ষি নারদ স্কন্ধকম্পিত করত যে সজল নেত্রে হাস্য নিবন্ধন দন্তজ্যোতি দ্বারা মেঘ সকলকে শুভ্রবর্ণ করিয়াছিলেন সেই নয়ন শ্রীকৃষ্ণের প্রতি নিক্ষেপ করিলেন ॥

অতিহসিত ॥

হস্ততাল ও অঙ্গক্ষেপের সহিত হাস্যকে অতিহসিত বলে ॥ ৯ ॥

যথা ॥

বৃদ্ধে ত্বং বলিতাননাসি বলিভিঃ প্রেক্ষ্য স্বযোগ্যামত-
স্ত্বামুদ্বোঢ়ুমসৌ বলীমুখবরো মাং সাধয়ত্যুৎসুকঃ।
আভির্বিপ্লুত ধীর্ব্বিণে নহি পরং ত্বত্তো বলিধ্বংসনা-
দিত্যুচ্চৈর্মুখরাগিরা বিজহসুঃ সোত্তালিকা বালিকাঃ।
যস্য হাসঃ সচেৎ ক্বাপি সাক্ষাৎনৈব নিবধ্যতে।
তথাপ্যেষ বিভাবাদিসামর্থ্যাদুপলভ্যতে॥ ১০ ॥

বলিঃ কুঞ্চিতচর্ম্ম। বলীমুখো বানরঃ। সাধয়তি সাধনায় প্রেরণতীতি ণিচ্ প্রত্যযাৎ। বলিন স্তৃণাবর্ত্ত পূতনাদযস্তেষাং ধ্বংসকর্ত্তুঃ আভির্বলিভির্বিপ্লুতা উপপ্লুতা ধীর্যস্যাঃ॥ ১০ ॥

শ্রীকৃষ্ণ জরতীকে কহিলেন বৃদ্ধে! তোমার মুখের চর্ম্ম সকল লোলিত হওয়ায় তুমি বলিতাননা অর্থাৎ বানরমুখী হইয়াছ, এই কারণে এই বলীমুখবর অর্থাৎ বানররাজ তোমাকে যোগ্যপাত্রী দেখিয়া বিবাহ নিমিত্ত উৎসুক হওত আমাকে উপাসনা করিতেছে, এই কথা শুনিয়া বৃদ্ধা কহিল আমি এই সকল বলিদ্বারা অধীর বুদ্ধি হইয়া বলিধ্বংসি অর্থাৎ তৃণাবর্ত্ত পূতনা প্রভৃতিকে বিধ্বংসন করিয়াছ যে তুমি তোমা ভিন্ন অন্য কাহাকেও বরণ করিব না, মুখরার এই সকল কথা শুনিয়া বালিকা সকল করতালিকা প্রদান পূর্ব্বক উচ্চরূপে হাস্য করিতে লাগিল॥

যৎ কর্তৃক হাস, সে যদি সাক্ষাৎ কোন স্থানে নিশ্চয় না হয়, তথাপি বিভাবাদির সামর্থ্য প্রযুক্ত তাহার উপলব্ধি হইয়া থাকে॥ ১০ ॥

যথা ॥

শিম্বীলম্বি কুচাগ্নি দর্দুরবধূবিস্পর্দ্ধি নাসাকৃতি-
স্তং জীর্য্যদ্দুলিদৃষ্টিরোষ্ঠতুলিতাঙ্গারা মৃদঙ্গোদরী।
কা ত্বত্তঃ কুটিলে পরাস্তি জটিলাপুত্রি ক্ষিতৌ সুন্দরী
পুণ্যেন ব্রজসুভ্রুবাং তব ধৃতিং হর্ত্তুং ন বংশী ক্ষমা ॥১১
এষ হাস্যরসস্তত্র কৈশিকীবৃত্তিবিস্তৃতৌ।
শৃঙ্গারাদি রসোদ্ভেদো বহুধৈব প্রপঞ্চিতঃ ॥ ১২ ॥

দুলিঃ কমঠী ॥ ১১ ॥

তত্র ভরতাদিনিবন্ধে স্বকৃতনাটকলক্ষণে চ ॥ ১২ ॥

যথা ॥

হে জটিলাপুত্রি কুটিলে! তোমার স্তনদ্বয় শিম্বীর ন্যায় শুষ্ক ও লম্বমান, নাসিকার শোভা ভেকবধূকেও তিরস্কার করিতেছে, দৃষ্টি জীর্ণকচ্ছপীর ন্যায় মনোহর, ওষ্ঠ অঙ্গারের সহিত তুলনা ধারণ করিয়াছে এবং উদরও মৃদঙ্গের ন্যায় শোভমান দৃষ্ট হইতেছে অতএব হে সুন্দরি! ব্রজসুন্দরী-দিগের মধ্যে তোমার ন্যায় আর কাহাকেও সুন্দরী দেখা যায় না, অধিক কি বলিব পুণ্য বলে বংশীও তোমার ধৈর্য্য হরণ করিতে পারিতেছে না ॥ ১১ ॥

ভরতাদি প্রণীত নিবন্ধে এবং স্বকৃত নাটকে শৃঙ্গারাদি রসের উদ্ভেদ স্বরূপ এই হাস্যরস বহু প্রকারে বিস্তৃত হইয়াছে ॥ ১২ ॥

॥ * ॥ ইতি শ্রীভক্তিরসামৃতসিন্ধাবুত্তরবিভাগে গৌণভক্তি রসনিরূপণে হাস্যভক্তিরসলহরী ॥ * ॥ ১ ॥ * ॥

অথাদ্ভুতভক্তিরসঃ ॥

আত্মোচিতৈর্বিভাবাদ্যৈঃ স্বাদ্যত্বং ভক্তচেতসি।
সা বিস্ময় রতির্নীতাদ্ভুতভক্তিরসো ভবেৎ ॥ ১ ॥
ভক্তঃ সর্ব্ববিধোপ্যত্র ঘটতে বিস্ময়াশ্রয়ঃ।
লোকোত্তরক্রিয়াহেতু র্বিষয়স্তত্র কেশবঃ।
তস্য চেষ্টা বিশেষাদ্যা স্তস্মিন্নুদ্দীপনা মতাঃ।

॥*॥ ইত্যুত্তর বিভাগে নবলহর্য্যাত্মকে হাস্যভক্তিরসলহরী প্রথমা ॥*॥১॥*॥
ভক্ত ইতি সার্দ্ধত্রয়েণাদ্ভুতস্য পরিকরানাহ। বিস্ময়াশ্রয়ো বিস্ময়রতে রাশ্রয় ইত্যর্থঃ। বিষয়স্তস্যা এব বিষয় ইত্যর্থঃ। বিস্ময়শ্চেদং কথং জাতমিতি

॥ * ॥ ইতি শ্রীরামনারায়ণ বিদ্যারত্নকৃত ব্যাখ্যায় ভক্তিরসামৃতসিন্ধুর পশ্চিমবিভাগে হাস্যভক্তিরস প্রথম লহরী ॥ * ॥ ১ ॥ * ॥

অথ অদ্ভুত ভক্তিরস ॥

আত্মোচিত বিভাবাদিদ্বারা বিস্ময়রতি যদি ভক্তগণের চিত্তে আস্বাদনীয় রূপে নীত হয়, তবে তাহাকে অদ্ভুত ভক্তি রস বলে ॥ ১ ॥

সর্ব্ব প্রকার ভক্তই বিস্ময় রতির আশ্রয় অর্থাৎ আলম্বন, লোকাতীত কর্ম্ম প্রযুক্ত শ্রীকৃষ্ণই ইহার বিষয় অর্থাৎ বিভাব এবং শ্রীকৃষ্ণের চেষ্টা বিশেষ সকলই ইহার উদ্দীপন, তথা

ক্রিয়াস্থ নেত্র বিস্তার স্তম্ভাশ্রু পুলকাদয়ঃ ॥ ২ ॥
আবেগ হর্ষ জাড্যাদ্যা স্তত্রস্থ্য র্ব্যভিচারিণঃ।
স্থায়ী স্যাদ্বিস্ময়রতিঃ সা লোকোত্তরকর্ম্মতঃ।
সাক্ষাদনুমিতশ্চেতি তচ্চ দ্বিবিধমুচ্যতে ॥
তত্র সাক্ষাৎ ॥
সাক্ষাদৈন্দ্রিয়কং দৃষ্টশ্রুতসংকীর্ত্তিতাদিকং ॥ ৩ ॥
তত্র দৃষ্টং যথা ॥

হেত্বসম্ভাবনাময়ী বুদ্ধিঃ। এতাভ্যাং দ্বয়োরপ্যালম্বনবিভাবত্বং দর্শিতং। বিষয় ইত্যত্র বিভাব ইতি পাঠো লিখনভ্রমাৎ ॥ ২ ॥

লোকোত্তর কর্ম্মত ইত্যুপলক্ষণং তাদৃশ রূপ গুণাভ্যাঞ্চ। কিন্তু লোকোত্তর তৎপ্রেম হেতু র্ভক্তশ্চেত্তদা সোঽপি তদ্বজ্জ্ঞেয়ঃ। তথা নেমং বিরিঞ্চো ন ভব ইত্যাদৌ ইত্থং সতাং ব্রহ্মসুখেত্যাদৌ নায়ং শ্রিয়োঽঙ্গ ইত্যাদৌ চ ॥ ৩ ॥

নেত্র বিস্তার, স্তম্ভ, অশ্রু ও পুলকাদি সকল ইহার ক্রিয়া ॥২

অপর আবেগ (ত্বরা) হর্ষ ও জাড্য প্রভৃতি অদ্ভুত রসে ব্যভিচারী।

লোকাতীত কর্ম্ম প্রযুক্ত বিস্ময় রতি স্থায়ী হয়, ইহা সাক্ষাৎ ও অনুমান ভেদে দুই প্রকার হইয়া থাকে ॥

তন্মধ্যে সাক্ষাৎ বিস্ময় রতি যথা ॥

চক্ষুর্দ্বারা দর্শন, কর্ণ দ্বারা শ্রবণ ও মুখ দ্বারা কীর্ত্তন ইত্যাদি ইন্দ্রিয় বিষয়কে সাক্ষাৎ বিস্ময়রতি বলা যায় ॥ ৩ ॥

তন্মধ্যে দৃষ্ট যথা ॥

একয়েব বিবিধোদ্যমভাজং
মন্দিরেষু যুগপন্নিখিলেষু ॥
দ্বারকামভিসমীক্ষ্য মুকুন্দং
স্পন্দনোজ্ঝিততনুর্মুনিরাসীৎ ॥ ৪ ॥

যথাবা ॥

ক স্তন্যগন্ধিবদনেন্দুরসৌ শিশুস্তে
গোবর্দ্ধনঃ শিখররুদ্ধঘনঃ কচায়ং।
ভোঃ পশ্য সব্যকর কন্দুকিতাচলেন্দ্রঃ

একয়েতি এক বপুষমেব সন্তমিত্যর্থঃ। যথোক্তং শ্রীদশমে শ্রীনারদেন। চিত্রং বতৈতদেকেন বপুষা যুগপৎ পৃথক্। গৃহেষু দ্ব্যষ্টসাহস্রং স্ত্রিয় এক উদাবহদিতি। তস্মান্নিরন্তু শ্রীনারদঃ।অতএব কায়ব্যূহ সমর্থানামপি তদ্বিধানাং বিস্ময়ঃ॥ ৪ ॥

স্তন্যগন্ধীতি অল্পাল্পাখ্যায়াং সমাসান্ত ইৎপ্রত্যয়ঃ। অচলেন্দ্রঃ। পূর্ব্বোক্ত

দ্বারকায় প্রতি মহিষীর মন্দিরে শ্রীকৃষ্ণকে এক বপুতেই বিবিধ উদ্যমে ব্যাপৃত দেখিয়া মুনিবর নারদ স্পন্দন রহিত জড়িমা দশা লাভ করিলেন ॥ ৪॥

যথাবা ॥

যশোদে! দৃষ্টিপাত কর, কোথায় তোমার এই দুগ্ধমুখ বালক, কোথায় বা এই গোবর্দ্ধন পর্ব্বত, যাহার শৃঙ্গদ্বারা মেঘ সকল রোধ হইয়াছে, কি আশ্চর্য্য! এই গিরিরাজ ইহাঁর বামহস্তে ক্রীড়াকন্দুকের ন্যায় প্রকাশ পাইতে লাগিল।

খেলন্নিব স্ফুরতি হন্ত কিমিন্দ্রজালং ॥ ৫ ॥

শ্রুতং যথা ॥

যান্যক্ষিপন্ প্রহরণানি ভটাঃ স দেবঃ
প্রত্যেকমচ্ছিনদমূনি শরত্রয়েণ।
ইত্যাকলয্য যুধি কংসরিপোঃ প্রভাবং
স্ফারেক্ষণঃ ক্ষিতিপতিঃ পুলকী তদাসীৎ ॥ ৬ ॥

সংকীর্ত্তিতং যথা ॥

ডিম্ভাঃ স্বর্ণনিভাম্বরা ঘনরুচো জাতাশ্চতুর্বাহবো
বৎসাশ্চেতি বদন্ কৃতোস্মি বিবশঃ স্তম্ভশ্রিয়া পশ্যত।

এব গোবর্দ্ধনঃ। প্রাকৃতত্বাৎ। কন্দুকিতং তমদ্রিং কুর্ব্বন্নদং বহতীতি বা পাঠঃ ॥ ৫ ॥

ভটা নবকনাম্নোঽসুরস্যৈকাদশ অক্ষৌহিণী সংখ্যাঃ ক্ষিতিপতিঃ শ্রীপরীক্ষিৎ॥৬

ডিম্ভা ইতি সত্যলোকসভায়াং শ্রীব্রহ্মবাক্যং। স্তম্ভশ্রিয়া পশ্যতেত্যেব পাঠ

হায়! এ কি কোন ইন্দ্রজাল বটে ॥ ৫ ॥

শ্রুত যথা ॥

নরকাসুরের একাদশ অক্ষৌহিণী সৈন্যগণ যত অস্ত্র নিক্ষেপ করিয়াছিল দেবোত্তম শ্রীকৃষ্ণ তিন শরে তৎসমুদায় ছেদন করিয়া ফেলিলেন, রাজা পরীক্ষিৎ কংসরিপুর এই প্রভাব শ্রবণমাত্রেই নয়নদ্বয় বিস্ফার পূর্ব্বক পুলকাকুল হইয়াছিলেন ॥ ৬ ॥

সংকীর্ত্তিত যথা ॥

সত্যলোকে ব্রহ্মা কহিলেন, বালক সকল পীতবসন পরিধান, ঘনশ্যাম ও চতুর্ব্বাহু মূর্ত্তি ধারণ করিয়াছে এবং বৎস

আশ্চর্য্যং কথয়ামি বঃ শৃণুত ভোঃ প্রত্যেকমেকৈকশঃ
স্তূয়ন্তে জগদণ্ডবদ্ভিরভিত স্তে হন্ত পদ্মাসনৈঃ ॥
অনুমিতং যথা ॥
উন্মীল্য ব্রজশিশবো দৃশং পুরস্তা-
দ্ভাণ্ডীরং পুনরতুলং বিলোকয়ন্তঃ।
সাত্মানং পশুপটলীঞ্চ তত্র দাবা-
দুন্মুক্তাং মনসি চমৎক্রিয়ামবাপুঃ ॥ ৭ ॥
অপ্রিয়াদেঃ ক্রিয়া কুর্য্যাম্নালৌকিক্যপি বিস্ময়ং।

স্তেষামিষ্টঃ স্তূয়ন্ত ইতি বর্ত্তমান সামীপ্যে বর্ত্তমানবদ্বেতি ন্যায়েনাবিলম্বদৃষ্টত্বং সূচয়তি ॥ ৮ ॥

শ্রীকৃষ্ণে এবাদ্ভুতো রসঃ সমুদ্ভূতঃ স্যাদিতি কথয়ন্ সর্ব্বমপি রসং বিস্ময়-

---

সকলও আবার তদ্রূপ অবস্থা লাভ করিল দেখ, এই কথা বলিতে বলিতে আমি স্তম্ভ সম্পত্তি দ্বারা বিবশ হইয়া পড়িলাম। অপর আশ্চর্য্য শুন, ঐ সকল বালক ও বৎস প্রত্যেককে জগদণ্ডনাথ পদ্মাসন বিধাতৃগণ চতুর্দ্দিকে স্তব করিতে লাগিলেন ॥

অথ অনুমিত ॥

ব্রজশিশু সকল চক্ষু উন্মীলন পূর্ব্বক পুনরায় অগ্রে ভাণ্ডীর-বন অবলোকন করিয়া তাহাতে আপনাদের সহিত গবাদি পশু সমুদায়কে দাবাগ্নি হইতে পরিমুক্ত হইয়াছে দেখিয়া মনোমধ্যে অতিশয় চমৎকৃতি লাভ করিলেন ॥ ৭ ॥

অপ্রিয়াদির কার্য্য অলৌকিক হইলেও তাহা বিস্ময়জনক

অসাধারণ্যপি মনাক্ করোত্যেব প্রিয়স্য সা।
প্রিয়াৎ প্রিয়স্য কিমুত সর্ব্বলোকোত্তরোত্তরা।
ইত্যত্র বিস্ময়ে প্রোক্তা রত্যনুগ্রহমাধুরী॥ ৮॥

॥ * ॥ ইতি শ্রীভক্তিরসামৃতসিন্ধাবুত্তরবিভাগে গৌণ-ভক্তিরস নিরূপণেঽদ্ভুতভক্তিরসলহরী দ্বিতীয়া॥ * ॥ ২ ॥ * ॥

অথ বীরভক্তিরসঃ॥

সৈবোৎসাহ রতিঃ স্থায়ী বিভাবাদ্যৈ র্নিজোচিতৈঃ।

...রেন প্রতিষ্ঠাপয়তি অপ্রিয়াদে রিতি দ্বয়েন। তদুক্তং রসে সারশ্চমৎকারঃ সর্ব্বত্রাপীষ্যতে বুধৈঃ। তস্মাদদ্ভুতমেবাহ কৃতী নারায়ণোরসমিতি মনাগপ্যসাধারণীতি যোজ্যং॥ ৮॥

॥ * ॥ ইতি ভক্তিরসামৃতসিন্ধাবুত্তরবিভাগেঽদ্ভুত ভক্তিরসলহরী দ্বিতীয়া॥ * ॥ ২

হয় না. প্রিয়ব্যক্তির অসাধারণ ক্রিয়াও ঈষৎ বিস্ময় উৎপাদন করিয়া থাকে এবং প্রিয় হইতে অপ্রিয় ব্যক্তির সর্ব্বলোকোত্তরা ক্রিয়া যে বিস্ময়জনিকা হইবেনা, তাহা আর কি বলিব, অতএব এই বিস্ময়ে রতির অনুগ্রহ মাধুরী কথিত হইল॥ ৮॥

॥ * ॥ ইতি শ্রীরামনারায়ণ বিদ্যারত্ন কৃত ব্যাখ্যায় ভক্তিরসামৃতসিন্ধুর উত্তর বিভাগে অদ্ভুত ভক্তিরস লহরী তৃতীয়া॥ * ॥ ২ ॥ * ॥

অথ বীরভক্তিরস॥

স্বযোগ্যোচিত বিভাবাদি দ্বারা উৎসাহ রতি স্থায়ীভাব রূপে

আনীয়মানা স্বাদ্যত্বং বীরভক্তিরসো ভবেৎ।
যুদ্ধ দান দয়া ধর্ম্মৈশ্চতুর্দ্ধা বীর উচ্যতে।
আলম্বন ইহ প্রোক্ত এষ এব চতুর্বিধঃ॥ ১॥
উৎসাহস্ত্বেষ ভক্তানাং সর্ব্বেষামেব সম্ভবেৎ॥
তত্র যুদ্ধবীরঃ॥
পরিতোষায় কৃষ্ণস্য দধদুৎসাহমাহবে।
সাখা বন্ধু বিশেষো বা যুদ্ধবীর ইহোচ্যতে।
প্রতিযোদ্ধা মুকুন্দো বা তস্মিন্ বা প্রেক্ষকে স্থিতে।
তদীয়েচ্ছাবশেনাত্র ভবেদন্যঃ সুহৃদ্বরঃ॥ ২॥
তত্র কৃষ্ণো যথা॥

উৎসাহ রতিঃ সর্ব্বেষামিতি কস্যচিদুৎসাহ ভেদঃ স্বাদিতাভিপ্রায়েণ॥ ১২॥

আস্বাদনীয়ত্ব প্রাপ্ত হইলে বীরভক্তিরস বলিয়া কথিত হয়। যুদ্ধ, দান, দয়া ও ধর্ম্ম এই চারিকেই বীর বলা যায় অর্থাৎ যুদ্ধবীর, দানবীর, দয়াবীর ও ধর্ম্মবীর, এই চারিটীই এ স্থলে আলম্বন স্বরূপ হয়॥ ১॥

এই উৎসাহ সমুদায় ভক্তেই সম্ভব হইয়া থাকে॥

তন্মধ্যে যুদ্ধবীর যথা॥

শ্রীকৃষ্ণের পরিতোষ নিমিত্ত উৎসাহধারী সখা বা বন্ধু বিশেষকে এ স্থলে যুদ্ধবীর বলা যায়। মুকুন্দ প্রতিযোদ্ধা অথবা তিনি দর্শকরূপে অবস্থিত থাকিলে তাঁহার ইচ্ছানুসারে অন্য একজন সুহৃত্তম প্রতিযোদ্ধা হয়েন॥

তন্মধ্যে কৃষ্ণ প্রতিযোদ্ধা যথা॥

অপরাজিতমানিনং হঠাচ্চটুলং ত্বামভিভূয় মাধব।
ধিনুয়ামধুনা সুহৃদ্গণং যদি ন ত্বং সমরাৎ পরাঞ্চসি ॥ ৩॥
যথাবা ॥
সংরম্ভ প্রকটীকৃত প্রতিভটারম্ভ শ্রিয়োঃ সাদ্ভুতং
কালিন্দীপুলিনে বয়স্য নিকরৈরালোক্যমানস্তদা।

যদি নত্বমিতি যদি সমরং ত্যক্তুং ছলেন সমরাৎ পরাঙ্মুখো ন ভবসীত্যর্থঃ স যদি ত্বং সমরং সমঞ্চসীতি বা পাঠঃ ॥ ৩॥

সংরম্ভেণ কোপেনৈব প্রকটীকৃতা প্রতিভটস্য প্রতিযোদ্ধুরারম্ভ শ্রী র্যাভ্যাং বস্তুতস্তুব্যুত্থাপিত সখ্যয়ো রবিরোধিত মৈত্রয়োরপি। শ্রীদামশ্চ বকীদ্বিষশ্চেতি বকীদ্বিষো র্দ্বয়োরিত্যর্থঃ। এতদর্থবশাদেব বিশেষণানাং দ্বিত্বং। এতদুক্তং ভবতি। চার্থঃ খলু চতুর্বিধঃ। সমুচ্চয়ান্বাচয়েতরেতরযোগসমাহারভেদেন। তত্র সমুচ্চয়ার্থ শ্চশব্দস্তত্তদর্থানাং পৃথক্ পৃথক্তা ব্যঞ্জকঃ। যথা শ্রীদামাচ বকীবিট্ চাগত ইত্যত্র আগতস্য পৃথক্ পৃথক্ সম্বন্ধঃ। অন্বাচয়ার্থশ্চ তথা। যথা বকীদ্বিষ মানয় যদি পশ্যসি শ্রীদামানঞ্চ। কিন্তুত্তর নির্দ্দিষ্টেনাত্যাগ্রহং ব্যঞ্জয়তি। যথা শ্রীকৃষ্ণশ্চ লোকশ্চ দৃশ্যতামিতি। তস্মাৎ সমর্থশব্দোক্তপরস্পরসম্বন্ধার্থত্বাভাবাদনয়ো র্ন দ্বন্দসমাসঃ ক্রিয়তে। কিন্তু তদ্ভাবাদুত্তরযোরেব। তত্র সমাহারে

হে মাধব! তুমি অতি চঞ্চল আপনাকে অপরাজিত করিয়া মানিয়া থাক, যদি সমর হইতে পলায়ন না কর তাহা হইলে তোমাকে পরাজিত করিয়া সুহৃদ্গণকে পরিতুষ্ট করিব ॥ ৩॥

যথাবা ॥

শ্রীদাম ও পূতনাশত্রু শ্রীকৃষ্ণ ইহাঁদের পরস্পর অবিরোধি মৈত্রতা থাকিলেও ইহাঁরা কোপাবেশ-বশতঃ প্রতিযোদ্ধার

অব্যুত্থাপিত সখ্যয়োরপি বরাহঙ্কার বিস্ফূর্জ্জিতঃ
শ্রীদাম্নশ্চ বকীদ্বিষশ্চ সমরাটোপঃ পটীয়ানভূৎ ॥ ৪ ॥
সুহৃদ্বরো যথা ॥
সখি প্রকর মার্গণানগণিতান্ ক্ষিপন্ সর্ব্বত-
স্তথাদ্য লগুড়ং ক্রমাদ্ভ্রময়তিস্ম দামাকৃতী।

সমর্থত্বে সত্যপি মলিনমাত্র বাচিত্বেন তদ্বতামবাচিত্বাৎ প্রতি বিশেষণাস্বয়িত্বং স্যাদেব। যথা। পদকক্রমকব্যবহিতমিত্যাদি। তদ্বতি বৃত্তিত্বন্তোপচারাদেব। অথেতরেতর যোগার্থশ্চশব্দ স্তত্তৎপ্রত্যেকসংখ্যাসমুদয়েন যাবতী তেষাং সংখ্যা স্যাত্তাবৎ সংখ্যান্বিততা যুক্ততা ব্যঞ্জকঃ। তত্রচ দ্বন্দ্বে শ্রীদামবকীদ্বিষাবাগতাবিত্যত্র শ্রীদামাচ বকীদ্বিট্ চেতি দ্বাবাগতাবিত্যর্থঃ। সমুচ্চয়াদস্যায়মেব ভেদঃ। যদিচ সমাসে তথার্থঃ স্যাত্তদা তদ্বিগ্রহেঽপি স্যাৎ। যথাবলম্বৈব সমাসানামর্থঃ প্রবর্ত্ততে। দ্বন্দ্বসমাসস্য চ বৈকল্পিকত্বাৎ। কেবল বিগ্রহোঽপি প্রযুজ্যতে। ততশ্চ শ্রীদামাচ বকীদ্বিট্ চাগতাবিত্যপি স্যাৎ। যথা সচ ত্বঞ্চাহঞ্চ পচাম ইত্যত্র বিপ্রতিষেধে পরং কার্য্যমিতি পাণিনৈ র্যুগপদ্বচনে পরঃ পুরুষাণামিতি সর্ব্ববর্ম্মণশ্চ ন্যায়েনোত্তমপুরুষেঽপি প্রাপ্তে বহুবচনং পূর্ব্ববদেব স্যাদিতি সাধু ব্যাখ্যাতং। শ্রীদামবকীদ্বিষোর্দ্বয়োরিত্যাদি ॥ ৪ ॥

মার্গণা অত্র তূলপূর্ণচর্ম্মফলকবাণাঃ ॥ ৫ ॥

যুদ্ধারম্ভশ্রী প্রকটন করিয়াছিলেন, সখাগণ কালিন্দীকূলে অদ্ভুতরূপে দর্শন করিতে লাগিলে ইহাঁদের অহঙ্কারান্বিত সমরাটোপ অতিশয় পটু হইয়াছিল ॥ ৪ ॥

সুহৃদ্বর যথা ॥

সখা সকল চতুর্দ্দিক্ হইতে তূলপূরিত চর্ম্মফলক বিশিষ্ট বাণ সকল নিক্ষেপ করায় কর্ম্মকুশল শ্রীদাম সেই প্রকার আজ

অসংস্ত রচিত স্তুতির্ব্রজপতেস্তনুজোপ্যমুং
সমৃদ্ধ পুলকো যথা লগুরপঞ্জরান্তঃস্থিতং ॥
প্রায়ঃ প্রকৃতিশূরাণাং স্বপক্ষৈরপি কর্হিচিৎ।
যুদ্ধকেলিসমুৎসাহো জায়তে পরমাদ্ভুতঃ ॥
যথাচ হরিবংশে ॥
তথা গাণ্ডীবধন্বানং বিক্রীড়ন্মধুসূদনঃ।
জিগায় ভরতশ্রেষ্ঠং কুন্ত্যাঃ প্রমুখতো বিভুঃ। ইতি ॥
কথিতাস্ফোটবিস্পর্দ্ধাবিক্রমাস্ত্রগ্রহাদয়ঃ।
প্রতিযোধস্থিতাঃ সন্তো ভবন্ত্যুদ্দীপনা ইহ ॥ ৫ ॥

লগুড় ভ্রমণ দ্বারা তৎসমুদায়কে দূরীভূত করিতে লাগিলেন, যদ্দর্শনে ব্রজপতিনন্দন শ্রীকৃষ্ণ পুলকাকুল কলেবরে প্রশংসা করত ঐ শ্রীদামকে লগুড় পঞ্জরের অন্তর্গত করিয়া মানিয়াছিলেন ॥

প্রায় স্বভাবসিদ্ধ শূরব্যক্তিদিগের কোন স্থানে স্বপক্ষের সহিতও পরমাদ্ভুত যুদ্ধক্রীড়া বিষয়ক উৎসাহ উৎপন্ন হইয়া থাকে ॥

যথা হরিবংশে ॥

মধুসূদন ক্রীড়া করিতে করিতে কুন্তীর সমক্ষে গাণ্ডীবধন্বা অর্জ্জুনকে পরাজয় করিয়াছিলেন ॥

এই বীররসে আত্মশ্লাঘা, আস্ফালন, স্পর্দ্ধা, বিক্রম, অস্ত্র গ্রহণ এবং প্রতিযোদ্ধারূপে অবস্থিতি ইত্যাদি সকলকে উদ্দীপন বলে ॥ ৫ ॥

তত্র কথিতং যথা॥

পিণ্ডীশূরস্ত্বমিহ সুবলং কৈতবেনাবলাঙ্গং
জিত্বা দামোদর যুধি বৃথা মাকৃথাঃ কথিতানি।
মাদ্যন্নেষ ত্বদলঘু ভুজা সর্প দর্পাপহারী
মন্দ্রধ্বানো নটতি নিকটে স্তোককৃষ্ণঃ কলাপী॥ ৬॥

কথিতাদ্যাঃ স্বসংস্থাশ্চেদনুভাবাঃ প্রকীর্ত্তিতাঃ।
তথৈবাহোপুরুষিকা ক্ষ্বেড়িতা ক্রোশবল্গনং।
অসহায়েঽপি যুদ্ধেচ্ছা সমরাদপলায়নং।

পিণ্ডীশূরো ভোজনমাত্র পটুঃ। অবলাঙ্গমপি কৈতবেন জিত্বেত্যর্থঃ। কলাপী তূণবান্ সভূষণো বা পক্ষে ময়ূরঃ॥ ৬॥

আহোপুরুষিকা দর্পাদ্যা স্যাৎ সম্ভাবনাত্মনি। ক্ষ্বেড়িতং সিংহনাদঃ। আক্রোশঃ সাটোপবচনং বল্গনং যুদ্ধার্থো গতিবিশেষঃ। যুদ্ধেচ্ছা যুদ্ধোদ্যমঃ।

তন্মধ্যে কথিত যথা॥

হে দামোদর! তুমি কেবল ভোজন মাত্র পটু, ছল পূর্ব্বক দুর্ব্বল সুবলকে যুদ্ধে পরাজয় করিয়া আর আত্মশ্লাঘা করিও না, তোমার অলঘু হস্তরূপ সর্প দর্পহারী গম্ভীররাবী স্তোককৃষ্ণময়ূর মত্ত হইয়া নিকটে নৃত্য করিতেছে॥ ৬॥

আত্মশ্লাঘা প্রভৃতি যদি স্বনিষ্ঠহয়, তাহা হইলে পণ্ডিতগণ তাহাকে অনুভাব বলেন। তথা আহোপুরুষিকা অর্থাৎ দর্পহেতুক আপনাতে যে সম্ভাবনা, সিংহনাদ, আক্রোশ, যুদ্ধার্থ গতি বিশেষ, সহায় ব্যতিরেকে যুদ্ধোদ্যম, যুদ্ধ হইতে অপলায়ন ও ভীত ব্যক্তিকে অভয় প্রদান ইত্যাদি সকলকেও

ভীতাভয়প্রদানাদ্যা বিজ্ঞেয়াশ্চাপরা বুধৈঃ ॥
তত্র কত্থিতং যথা ॥
প্রোৎসাহয়স্যতি তরাং কিমিবাগ্রহেণ
মাং কেশিসূদন বিদন্নপি ভদ্রসেনং।
যোদ্ধুং বলেন সমমত্র সুদুর্ব্বলেন
দিব্যার্গলা প্রতিভটত্রপতে ভুজো মে ॥
আহোপুরুষিকা যথা ॥
ধৃতাটোপে গোপেশ্বর জলধিচন্দ্রে পরিকরং
নিবধ্নত্যুল্লাসাদ্ভুজ সমরচর্য্যা সমুচিতং।
সরোমাঞ্চং ক্ষ্বেড়া নিবিড় মুখবিম্বস্য নটতঃ
সুদাম্নঃ সোৎকণ্ঠং জয়তি মুহুরাহোপুরুষিকা।

সরোমাঞ্চং সোৎকণ্ঠঞ্চ যথা স্যাত্তথা নটত ইতি যোজ্যং ॥ ৭ ॥

অনুভাব বলিয়া জানিতে হইবে ॥

তন্মধ্যে কত্থিত যথা ॥

হে মধুসূদন! আমাকে জানিয়াও কেন অতি শীঘ্র সুদুর্ব্বল বলদেবের সহিত যুদ্ধ করিতে ভদ্রসেনকে উৎসাহিত করিতেছ, ইহাতে আমার যে উৎকৃষ্ট অর্গল সদৃশ প্রতিযোদ্ধা রূপ ভুজ লজ্জিত হইতেছে ॥

আহোপুরুষিকা অর্থাৎ দর্পহেতু আত্মসম্ভাবনা যথা ॥

হে গোপেশ্বর! উল্লাস বশতঃ জলধিচন্দ্র সগর্ব্বে বাহুযুদ্ধে সমুচিত কটিবন্ধন করিলে রোমাঞ্চ ও উৎকণ্ঠার সহিত নৃত্যকারি ঘন ঘন সিংহনাদান্বিত মুখবিম্ব শ্রীদামের আহ-

চতুষ্টয়েঽপি বীরাণাং নিখিলা এব সাত্ত্বিকাঃ।
গর্ব্বাবেগ ধৃতি ব্রীড়া মতিহর্ষাবহিত্থিকাঃ।
অমর্ষোৎসুকতাসূয়া স্মৃত্যাদ্যা ব্যভিচারিণঃ।
যুদ্ধোৎসাহরতিস্তস্মিন্ স্থায়িভাবতয়োদিতা।
যা স্বশক্তি সহায়াদ্যৈরাহার্য্যা সহজাপি বা॥ ৭॥
জিগীষা স্থেয়সী যুদ্ধে সা যুদ্ধোৎসাহ ঈর্য্যতে॥
তত্র স্বশক্ত্যা আহার্য্যোৎসাহরতির্যথা॥ ৮॥
স্বতাতশিষ্ট্যা স্ফুটমপ্যনিচ্ছ-

যদত্র জিগীষেত্যাদিভি র্যুদ্ধোৎসাহাদযো লক্ষ্যন্তে তচ্চ সত্ত্বা মানসাশক্তি-রুৎসাহ ইতি পূর্ব্বোক্তসামান্যলক্ষণান্তর্গতমেব। তথাপি গাঢ়েচ্ছামাত্রস্য বিবক্ষিতত্বাৎ॥ ৮॥

স্বস্য তাতস্য শিষ্ট্যা হন্ত সর্ব্ব জীবনেন যুধ্যসে ধিক্ত্বামিতি শাসনেন

পুরুষিকা অর্থাৎ অহঙ্কার জয়যুক্ত হউক॥

যুদ্ধ, দান, দয়া ও ধর্ম্ম এই চারি প্রকার বীরে সমুদায় সাত্ত্বিক। তথা গর্ব্ব, আবেগ, ধৃতি, লজ্জা, মতি, হর্ষ, অবহিত্থা, অমর্ষ, উৎসুকতা, অসূয়া এবং স্মৃতিপ্রভৃতি ব্যভিচারী সকল প্রকাশ পায়॥

এই বীররসে যুদ্ধোৎসাহ রতিই স্থায়ীভাব, যাহা স্বশক্তি ও সহায়াদি দ্বারা আহার্য্যা এবং সহজা হইয়া থাকে॥ ৭॥

যুদ্ধবিষয়ে স্থিরতর যে জিগীষা তাহাকে যুদ্ধোৎসাহ বলে॥ ৮॥

তন্মধ্যে স্বশক্তিদ্বারা আহার্য্য উৎসাহ রতি যথা॥

সাহূয়মানঃ পুরুষোত্তমেন।
স স্তোককৃষ্ণো ধৃতযুদ্ধতৃষ্ণঃ
প্রোদ্যম্য দণ্ডং ভ্রময়াঞ্চকার ॥ ৯ ॥
স্বশক্ত্যা সহজোৎসাহরতির্যথা।
শুণ্ডাকারং প্রেক্ষ্য মে বাহুদণ্ডং
মা ত্বং ভৈষীঃ ক্ষুদ্র রে ভদ্রসেন।
হেলারম্ভেণাদ্য নির্জিত্য রামং
শ্রীদামাহং কৃষ্ণমেবাহ্বয়েয় ॥ ১০ ॥
যথাবা ॥

স্ফুটমনিচ্ছন্নিত্যর্থঃ পাঠাস্তরং ত্যক্তং ॥ ৯ ॥
আহ্বয়েয়েতি স্পর্দ্ধায়ামাত্মনে পদং ॥ ১০ ॥

সর্ব্ব জীবন শ্রীকৃষ্ণের সহিত যুদ্ধ করিতেছিস্ ধিক্ তোকে এই বলিয়া পিতা শাসন করিলে স্তোককৃষ্ণ যুদ্ধে পরাঙ্মুখ হইয়াছিলেন কিন্তু শ্রীকৃষ্ণ কর্ত্তৃক আহূত হইয়া ঐ স্তোক-কৃষ্ণ পুনর্ব্বার যুদ্ধোৎসাহ ধারণ করত দণ্ড উত্তোলন পূর্ব্বক ঘুরাইতে লাগিলেন ॥ ৯ ॥

স্বশক্তিদ্বারা সহজোৎসাহ রতিযথা ॥

হে ক্ষুদ্র ভদ্রসেন। আমি শ্রীদাম, আমার ভুজদণ্ড দেখিয়া তুমি ভীত হইও না, আজ হেলায় বলরামকে জয় করিয়া পরে শ্রীকৃষ্ণকে আহ্বান করিব ॥ ১০ ॥

যথাবা ॥

বলস্য বলিনো বলাৎ সুহৃদনীকমালোড়য়ন্
পয়োধিমিব মন্দরঃ কৃতমুকুন্দপক্ষগ্রহঃ।
জনং বিকটগর্জ্জিতৈ র্বধিরয়ন্ স ধীরস্বরো
হরেঃ প্রমদমেককঃ সমিতি ভদ্রসেনো ব্যধাৎ॥
সহায়েনাহার্য্যোৎসাহরতির্যথা॥
ময়ি বল্গতি ভীমবিক্রমে ভজ ভঙ্গং নহি সঙ্গরাদিতঃ।
ইতি মিত্রগিরা বরূথপঃ স বিরূপং রুবন্ হরিং যযৌ॥১১
সহায়েন সহজোৎসাহ রতির্যথা॥

একক একাকী। একাদাকিন্ চাসহায়ে ইতি পাণিনিসূত্রাৎ। একাকীত্বেক একক ইত্যমরঃ একস ইতি লেখক প্রমাদাৎ॥ ১১॥

বলবান্ বলদেবের বল হইতে ধীরস্বর ভদ্রসেন কৃষ্ণপক্ষ অবলম্বন পূর্ব্বক মন্দরপর্ব্বত যেমন সমুদ্রকে বিলোড়ন করিয়াছিল, তাহার ন্যায় সুহৃদ্গণকে বিলোড়ন করত বিকট গর্জন দ্বারা জন সকলকে বধির করিয়া একাকী যুদ্ধে শ্রীকৃষ্ণের প্রমোদ বিধান করিয়াছিলেন॥

সহায় দ্বারা আহার্য্য উৎসাহ রতি যথা।

অহে আমি ভয়ানক পরাক্রমে যুদ্ধক্ষেত্রে লম্ফ প্রদান করিতেছি, তুমি যুদ্ধ হইতে ভঙ্গ দিও না, এইরূপ মিত্রবাক্য শ্রবণ করিয়া বরূথপ বিরূপ শব্দ করিতে করিতে হরির নিকট গমন করিলেন॥ ১১॥

সহায় দ্বারা সহজোৎসাহ রতি যথা॥

সংগ্রামকার্মুকভুজঃ স্বয়মেব কামং
দামোদরস্য বিজয়ায় কৃতী সুদামা।
সাহায্যমত্র সুবলঃ কুরুতে বলী চে
জ্জাতোমণিঃ সুজটিতো বরহাটকেন।
সুহৃদেব প্রতিভটো বীরে কৃষ্ণস্য ন ত্বরিঃ।
স ভক্তক্ষোভকারিত্বাদ্রৌদ্রেত্বালম্বনো রসে।
রাগাভাবো দৃগাদীনাং রৌদ্রাদস্য বিভেদকঃ॥
অথ দানবীরঃ॥
দ্বিবিধো দানবীরঃ স্যাদেকস্তত্র বহুপ্রদঃ।

সুজটিত ইতি জট ঝট সংঘাত ইত্যস্য ক্তান্ত প্রত্যয় রূপং। জটিলিত ইতি পাঠস্তু নেষ্টঃ। জটিলোহি পিচ্ছাদিত্বাদিলশ্চ জটাবানেবাভিধীযতে॥ ১২॥

দামোদরের বিজয় নিমিত্ত সংগ্রাম কার্মুক ভুজশালী সুদক্ষ সুদাম স্বয়ংই চেষ্টা করিতেছেন, ইহাতে যদি আবার বলবান্ সুবল সাহায্য করেন তাহা হইলে যেমন উৎকৃষ্ট স্বর্ণদ্বারা মণিমণ্ডিত হয়, তাহার ন্যায় শোভা পায়॥

বীররসে শ্রীকৃষ্ণের সুহৃদই প্রতিযোদ্ধা হইয়া থাকে, শত্রু কখন প্রতিযোদ্ধা হইতে পারে না,যে হেতু ভক্তক্ষোভ-কারিত্ব প্রযুক্ত শত্রুর বীররসেই আলম্বনত্ব হয়॥

রৌদ্ররস এবং বীররস এতদুভয়ে এই মাত্র প্রভেদ যে রৌদ্ররসে চক্ষু রক্তবর্ণ হয়, বীররসে তদ্রূপ হয় না॥

অথ দানবীর॥

দানবীর দুই প্রকার হয়, তন্মধ্যে এক বহুপ্রদ, দ্বিতীয়

উপস্থিত দুরাপার্থ ত্যাগী চাপর উচ্যতে ॥
তত্র বহুপ্রদঃ ॥
সহসা দীয়তে যেন স্বয়ং সর্ব্বস্বমপ্যুত।
দামোদরস্য সৌখ্যায প্রোচ্যতে স বহুপ্রদঃ ॥
সংপ্রদানস্য বীক্ষাদ্যা অস্মিন্নুদ্দীপনা মতাঃ।
বাঞ্ছিতাধিকদাতৃত্বং স্মিতপূর্ব্বাভিভাষণং।
স্থৈর্য্য দাক্ষিণ্য ধৈর্য্যাদ্যা অনুভবা ইহোদিতাঃ।
বিতর্কৌৎসুক্যহর্ষাদ্যা বিজ্ঞেয়া ব্যভিচারিণঃ।
দানোৎসাহ রতি স্তত্র স্থায়িভাবতয়োদিতাঃ।
প্রগাঢা স্থেয়সী দিৎসা দানোৎসাহ ইতীর্য্যতে।
দ্বিধা বহুপ্রদোপ্যেষ বিদ্বদ্ভিরিহ কথ্যতে।

উপস্থিত দুর্ল্লভ অর্থ পরিত্যাগী ॥

তন্মধ্যে বহুপ্রদ যথা ॥

যে ব্যক্তি কৃষ্ণসন্তোষার্থ হঠাৎ সর্ব্বস্ব পর্য্যন্তও দান করিতে পারেন, তাঁহাকে বহুপ্রদ বলে ॥

ইহাতে সম্প্রদানের প্রতি নিরীক্ষণাদি উদ্দীপন। আর বাঞ্ছিত হইতে অধিক দাতৃত্ব, হাস্য পুর্ব্বক সম্ভাষণ, স্থৈর্য্য, দাক্ষিণ্য ও ধৈর্য্য প্রভৃতি অনুভাব, তথা বিতর্ক, ঔৎসুক্য এবং হর্ষাদি সকল ব্যভিচারী হয়। অপর এস্থলে দানোৎসাহ রতিই স্থায়ীভাব বলিয়া কথিত। আর প্রগাঢ় রূপে স্থিরতর যে দানেচ্ছা তাহাকে দানোৎসাহ বলে ॥

পণ্ডিতগণ বলিয়াছেন বহুপ্রদও দুই প্রকার হয়, তন্মধ্যে

স্যাদাভ্যুদয়িকস্ত্বেকঃ পরস্তৎ সংপ্রদানকঃ ॥

তত্রাভ্যুদয়িকঃ ॥

কৃষ্ণস্যাভ্যুদয়ার্থং তু যেন সর্ব্বস্বমর্প্যতে।
অর্থিভ্যো ব্রাহ্মণাদিভ্যঃ স আভ্যুদয়িকো ভবেৎ ॥ ১২ ॥

যথা ॥

ব্রজপতিরিহসূনোর্জ্জাতকার্থং তথাসৌ
ব্যতরদমলচেতাঃ সঞ্চয়ং নৈচিকীনাং।
পৃথুরপি নৃগকীর্ত্তিঃ সাম্প্রতং সংবৃতাসী-
দিতি নিজগদুরুচ্চৈ ভূর্স্থরা যেন তৃপ্তাঃ ॥

নৃগকীর্ত্তেঃ সংবৃতত্বে হেতুঃ অমলচেতাঃ পুত্ররূপ শ্রীকৃষ্ণস্যোদয়মাত্র তৎপরতয়া ন তদ্বল্লোকদ্বয়গতলাভ প্রতিষ্ঠা কামনা দোষযুক্ত ইত্যর্থঃ ॥ ১৩ ॥

এক আভ্যুদয়িক, দ্বিতীয় সম্প্রদানক ॥

তন্মধ্যে আভ্যুদয়িক যথা ॥

যে ব্যক্তি শ্রীকৃষ্ণের কল্যাণার্থ ভিক্ষুক ব্রাহ্মণাদিকে সর্ব্বস্ব পর্য্যন্তও দান করেন তাঁহাকে আভ্যুদয়িক বলা যায় ॥ ১২ ॥

যথা ॥

ব্রজরাজ নন্দ শ্রীকৃষ্ণ জন্ম গ্রহণ করিলে পর, বিশুদ্ধ চিত্ত হইয়া অর্থাৎ কেবল তদীয় কল্যাণ মাত্র কামনা করিয়া জাতকার্থ উত্তম উত্তম ধেনু সকল দান করিয়াছিলেন, সেই দান এমন কি যদ্দারা ব্রাহ্মণগণ পরিতৃপ্ত হইয়া বলিয়াছিলেন সম্প্রতি নন্দরাজের এই দানদ্বারা নৃগরাজের বিস্তৃত কীর্ত্তি বিলুপ্ত হইল ॥

অথ তৎসংপ্রদানকঃ ॥

জ্ঞাতায় হরয়ে স্বীয়মহন্তা৹মমতাস্পদং।
সর্ব্বস্বং দীয়তে যেন স স্যাত্তৎসংপ্রদানকঃ।
তদ্দানং প্রীতিপূজাভ্যাং ভবেদিত্যুদিতং দ্বিধা ॥

তত্র প্রীতিদানং ॥

প্রীতিদানং তু তস্মৈ যদ্দদ্যাদ্বন্ধ্বাদিরূপিণে ॥ ১৩ ॥

যথা ॥

চার্চ্চিক্যং বৈজয়ন্তীং পটমুরু পুরটোদ্ভাস্বরং ভূষণানাং
শ্রেণিং মাণিক্যভাজং গজরথতুরগান্ কর্ব্বুরান্ কর্ব্বুরেণ।

অথ তৎসম্প্রদানক ॥

যে ব্যক্তি হরিমাহাত্ম্য অবগত হইয়া হরিকে অহন্তা মমতাস্পদ অর্থাৎ আমি আমার ইত্যাদির আধার স্বরূপ সর্ব্বস্ব প্রদান করেন,তাঁহাকেই তাহার সম্প্রদানক বলাযায় ॥ সেই দান প্রীতি ও পূজা ভেদে দুই প্রকার হয়। বন্ধুরূপি হরিকে যাহা দান করা যায় তাহার নাম প্রীতিদান ॥ ১৩ ॥

যথা ॥

মহারাজ যুধিষ্ঠির রাজসূয় যজ্ঞসভায় শ্রীকৃষ্ণকে চন্দন বিলেপন, বৈজয়ন্তী অর্থাৎ পঞ্চবর্ণ পুষ্পনির্ম্মিত জানু পর্য্যন্ত লম্বিত মালা, স্বর্ণখচিত উৎকৃষ্ট বস্ত্র, মাণিক্যশালী ভূষণ-শ্রেণী,তথা কনকালঙ্কৃত গজ,রথ, তুরগ ইত্যাদি সকল প্রদান করিয়া রাজ্য, কুটুম্ব ও আত্ম পর্য্যন্ত দান করিতে ইচ্ছা করিয়া যখন তদ্ভিন্ন অন্য কিছু আর দেয়বস্তু কোথাও

দত্ত্বা রাজ্যং কুটুম্বং স্বমপি ভগবতে দিৎসুরপ্যন্যদুচ্চৈ-
র্দেয়ং কুত্রাপ্য দৃষ্ট্বা মখসদসি তদা ব্যাকুলঃ পাণ্ডবোঽভূৎ॥

পূজাদানং তু তস্মৈ যদ্বিপ্ররূপায় দীয়তে ॥

যথাষ্টমে ॥

যজন্তি যজ্ঞং ক্রতুভির্যমাদৃতা
ভবন্ত আম্নায়বিধানকোবিদাঃ।
স এষ বিষ্ণুর্বরদোঽস্তু বা পরো
দাস্যাম্যমুষ্মৈ ক্ষিতিমীপ্সিতাং মুনে ॥ ১৪ ॥

কর্প্পূরেণ সুবর্ণেন মিশ্রান্ মখসদসি তদেত্যগ্রা পূজাবসর ইতি ন ব্যাখ্যেয়ং। কিন্তু সর্ব্ব বিধি পূর্ত্তানন্তর ইত্যেব পূর্ব্বস্যা পূজান্তর্গতত্বাৎ। উত্তরত্র বিপ্ররূপায়েত্যুপলক্ষণং বিপ্রদেব ভগবদ্রূপায়েত্যস্য বিবক্ষিতত্বাৎ ॥ ১৪ ॥

দেখিতে পাইলেন না, তখন ঐ রাজা অতিশয় ব্যাকুল হইয়া পড়িলেন ॥

পূজাদান ॥

বিপ্ররূপি ভগবান্‌কে যাহা কিছু দেওয়া যায়, তাহাকে পূজাদান বলে ॥

অষ্টমস্কন্ধে ২০ অধ্যয়ে ১০ শ্লোকে ॥

বলিরাজ শুক্রাচার্য্যকে কহিলেন হে মুনে! আপনারা বেদ বিদ্যায় দক্ষ, আপনারা আদর পূর্ব্বক যাগ যজ্ঞদ্বারা যাঁহার অর্চ্চনা করিয়া থাকেন, এই বটু সেই বরদ বিষ্ণুই হউন অথবা আমার শত্রুই হউন, ইহাঁর প্রার্থিত ভূমি দান করিব ॥ ১৪ ॥

যথাবা দশরূপকে ॥

লক্ষ্মীপয়োধরোৎসঙ্গ কুঙ্কুমারুণিতো হরেঃ।
বলিনৈব স যেনাস্য ভিক্ষাপাত্রী কৃতঃ করঃ ॥ ১৫ ॥

অথোপস্থিত দুরাপার্থত্যাগী ॥

উপস্থিত দুরাপার্থত্যাগ্যসৌ যেন নেষ্যতে।
হরিণা দীয়মানোঽপি সার্ষ্ট্যাদি স্তুষ্যতা বরঃ ॥ ১৬ ॥

পূর্ব্বতোঽত্র বিপর্য্যস্তকারকত্বং দ্বয়ো র্ভবেৎ।

যেন বলিনেত্যস্য পূবকস্তচ্ছন্দস্য তৎপ্রকরণ এব লভ্যঃ ॥ ১৫ ॥

উপস্থিতেতি যদ্যপি সিদ্ধসাধকভেদেন দ্বিবিধোঽয়ং সম্ভবতি তথাপি যৎকিঞ্চিজ্জাত রুচি দৃঢ়াগ্রহঃ সাধক এবাত্র লক্ষ্যতে নতু সম্যগ্ ভগবন্মাধুর্য্যানুভবসিদ্ধঃ। নহ্যমৃতাস্বাদে লব্ধে গুড়াদিত্যাগী তথা প্রশস্যতে। তস্য তথাপি ভক্তোবাগ্রহ দৃষ্ট্যা তুষ্টঃ শ্রীহরিঃ তদাগ্রহব্যক্ত্যর্থং কদাচিত্তং দাতুমিব প্রোৎসাহয়তীতি। বর ইত্যনেন ত্রিবর্গোঽপীত্যর্থঃ ॥ ১৬ ॥

বিপর্য্যস্তকারকত্বং হরেরপাদানত্বং ভক্তস্য তু সংপ্রদানত্বমিত্যেবং জ্ঞেয়া অতি-

---

যথাবা দশরূপকে ॥

ভগবান্ হরির যে হস্ত লক্ষ্মীর পয়োধর লিপ্ত কুঙ্কুম দ্বারা অরুণবর্ণ, বলিরাজ সেই হস্তকে ভিক্ষাপাত্র করিয়াছিলেন ॥ ১৫ ॥

অথ উপস্থিত দুরাপার্থত্যাগী ॥

ভগবান্ হরি সার্ষ্টি প্রভৃতি মুক্তি অথবা অন্য কোন বর দিতে ইচ্ছাকরিলেও যিনি তাহা গ্রহণ না করেন, তাঁহাকে উপস্থিত দুরাপার্থত্যাগী বলে ॥ ১৬ ॥

পূর্ব্ব অপেক্ষা এস্থলে কারকের বিপর্য্যয় অর্থাৎ পূর্ব্বে

অস্মিন্নুদ্দীপনাঃ কৃষ্ণ কৃপালাপস্মিতাদয়ঃ।
অনুভাবা স্তদুৎকর্ষ বর্ণন ভ্রূটিমাদয়েঃ।
অত্র সঞ্চারিতা ভূম্না ধৃতেরেব সমীক্ষ্যতে ॥ ১৭ ॥
ত্যাগোৎসাহ রতির্ধীরৈঃ স্থায়ীভাব ইহোদিতঃ।
ত্যাগেচ্ছা তাদৃশী প্রৌঢ়া ত্যাগোৎসাহ ইতীর্য্যতে ॥ ১৮॥
যথা হরিভক্তিসুধোদয়ে ॥
স্থানাভিকামস্তপসি স্থিতোঽহং
ত্বাং দৃষ্টবান্ সাধুমুনীন্দ্রগুহ্যং।

শায়েন সমীক্ষ্যতে। ১৭

তাদৃশী সার্ষ্ট্যাদ্যনিচ্ছাময়ী। ১৮।

স্থানেতি শ্রীধ্রুববাক্যং তাদদম'প ন সম্যাড্মাধুর্য্যানুভবময়ং। শ্রীভাগ

যে হরি সম্প্রদান ছিলেন, তিনি এখানে অপাদান এবং যে ভক্ত অপাদান ছিলেন তিনি এখানে সম্প্রদান হইলেন ॥

এ স্থলে কৃষ্ণের কৃপা, আলাপ ও হাস্য প্রভৃতি উদ্দীপন এবং কৃষ্ণের দৃঢ়রূপে উৎকর্ষ বর্ণনই অনুভাব। আর অতিশয় ধৃতিকেই সঞ্চারিত ভাব বলে॥ ১৭ ॥

অপর পণ্ডিতগণ বলিয়াছেন দানবিষয়ে উৎসাহ রতিই স্থায়ী ভাব, আর দানবিষয়ক ইচ্ছা বৃদ্ধিশীল হইলে তাহাকে দানোৎসাহ বলে ॥ ১৮ ॥

যথা হরিভক্তিসুধোদয়ে ॥

ধ্রুব বলিলেন হে দেব! আমি স্থান কামনা করিয়া তপস্যায় প্রবৃত্ত হইলে যেমন কাচ অন্বেষণ করিতে করিতে

কাচং বিচিন্বন্নিব দিব্যরত্নং
স্বামিন্ কৃতার্থোঽস্মি বরং ন যাচে ॥ ১৯ ॥
যথা তৃতীয়ে ॥
নাত্যন্তিকং বিগণয়ন্ত্যপি তে প্রসাদং
কিম্বন্যদর্পিতভয়ং ভ্রুব উন্নয়ৈস্তে।
যেঽঙ্গ ত্বদঙ্ঘ্রিশরণা ভবতঃ কথায়াঃ

বস্তেহি পাঞ্চরাত্রস্য স্পর্শাদেব তেন তত্তুল্যং কিন্তু ক্রমাদেবানুভূতমিতি ব্যক্তং ১৯ ॥

নাত্যন্তিকমিত্যাদিনাপি তাদৃশ সাধকা এব বিবক্ষিতাঃ। কুশলা ইত্যনেনোক্তানাং ভক্তিরসশাস্ত্রানুসারেণ বিবেকিনামেবাত্যোদাহ্রিয়মাণত্বং নতু কৈমুত্যেনোত্তরপ্রোক্তানাং রসজ্ঞানামিতি। তে তব ভ্রুব উন্নয়ৈ বিক্ষেপ

রত্ন পায় তদ্রূপ আপনাকে প্রাপ্ত হইলাম, অতএব হে স্বামিন্! আর বর প্রার্থনা করি না ॥ ১৯ ॥

যথাবা তৃতীয়ে ১৫ অধ্যায়ে ৪৮ শ্লোকে ॥

সনকাদি মুনিগণ কহিলেন, হে ভগবন্! তোমার যশ পরম রমণীয় ও অতিশয় পবিত্র সুতরাং কীর্ত্তনার্হ ও তীর্থ স্বরূপ, যে সকল কুশল ব্যক্তি তোমার কথার রসজ্ঞ, তাঁহারা তোমার আত্যন্তিক প্রসাদরূপ যে মোক্ষপদ, তাহাকেও গণ্য করেন না, অন্য ইন্দ্রাদি পদের কথা কি? ফলতঃ ইন্দ্রাদিপদেও তোমার ভ্রূভঙ্গ মাত্রে ভয় অর্পিত হয়, তোমার কথারসজ্ঞ জনেরা সতত নিরতিশয় সুখ সম্ভোগ করেন,

কীর্ত্তন্ত্যতীর্থযশসঃ কুশলা রসজ্ঞাঃ ॥ ২০ ॥
অয়মেব ভবন্নুচ্চৈঃ প্রৌঢ়ভাববিশেষভাক্।
ধুর্য্যাদীনাং তৃতীয়স্য বীরস্য পদবীং ব্রজেৎ ॥
অথ দয়াবীরঃ ॥
কৃপার্দ্র হৃদয়ত্বেন খণ্ডশো দেহমর্পয়ন্।
কৃষ্ণায়াচ্ছন্নরূপায় দয়াবীর ইহোচ্যতে।
উদ্দীপনা ইহ প্রোক্তা স্তদার্ত্তিব্যঞ্জনাদয়ঃ।
নিজপ্রাণব্যয়েনাপি বিপন্নত্রাণশীলতা।
আশ্বাসনোক্তয়ঃ স্থৈর্য্যমিত্যাদ্যা স্তত্রবিক্রিয়াঃ।

দীপঃ কালৈঃ ॥ ২০ ॥

প্রৌঢ়ভাববিশেষভাক্ কশ্চিদেবেত্যর্থঃ। বিশেষ শব্দোহত্র তাদৃশ দাক্ষ-পর্য্যবসানার্থঃ। অন্যাভিলাষিতাশূন্যমিত্যাদিভিরসকৃদেব সর্ব্বত্রাপি ভক্তস্য

তাহাতে ঐ পদে তাঁহাদের কেন প্রবৃত্তি হইবে ॥ ২০ ॥

এই উপস্থিত দুর্ল্লভ অর্থপরিত্যাগী অতিশয়রূপে ধুর্য্যাদির প্রৌঢ়ভাব বিশেষ লাভ করিলে তৃতীয় দয়াবীরের স্থান প্রাপ্ত হয়েন ॥

অথ দয়াবীর ॥

যিনি দয়ায় আর্দ্রচিত্ত হইয়া আচ্ছন্নরূপি হরিকে খণ্ড খণ্ড দেহ অর্পণ করেন তাঁহাকে দয়াবীর বলে ॥

পণ্ডিতগণ এই দয়াবীরে শ্রীকৃষ্ণের পীড়া প্রকাশক সকলকে উদ্দীপন। স্বীয় প্রাণ দিয়া বিপন্ন ব্যক্তির ত্রাণকারিতা, আশ্বাস বাক্য ও স্থৈর্য্য ইত্যাদি সকলকে বিকার, তথা

ঔৎসুক্যমতিহর্ষাদ্যাঃ জ্ঞেয়াঃ সঞ্চারিণো বুধৈঃ।
দয়োৎসাহরতিস্তত্র স্থায়িভাব উদীর্য্যতে।
দয়োদ্রেকভৃদুৎসাহো দয়োৎসাহ ইহোদিতঃ ॥ ২১ ॥

যথা ॥

বন্দে কুট্মলিতাঞ্জলি মুর্হুরহং বীরং ময়ূরধ্বজং
যেনার্দ্ধং কপটদ্বিজায় বপুষঃ কংসদ্বিষে দিৎসতা।
কষ্টং গদ্গদিকাকুলোঽস্মি কথনারম্ভাদহো ধীমতা
সোল্লাসং ক্রকচেন দারিতমভূৎ পত্নীসুতাভ্যাং শিরঃ ॥২২

তাদৃশতয়া প্রাপ্তত্বাৎ ॥ ২১ ॥

বন্দ ইত্যাদৌ কষ্টমিত্যাদি গর্ভিতদোষোঽপি চমৎকারপোষকত্বাদ্গুণঃ। যথা সাহিত্যদর্পণাদৌ দিঙ্মাতঙ্গ ঘটেত্যাদি পদ্যানি দর্শিতানি। গর্ভিতত্বঞ্চ যদ্বাক্যান্তরমধ্যং বাক্যান্তরং প্রবিশতীতি। এবমন্যত্রাপি সমাধেয়ং ॥ ২২ ॥

ঔৎসুক্য, মতি ও হর্ষাদিকে সঞ্চারি স্থায়ী ভাব। আর উৎসাহ যদি দয়ার উদ্রেক ধারণ করে, তাহা হইলে তাহাকে দয়োৎসাহ বলেন ॥ ২১ ॥

যথা ॥

হায়! যাঁহার কথা আরম্ভ করিতে আমার অতিকষ্টেও বাক্য নিঃসৃত হইতেছে না সেই ময়ূরধ্বজকে কৃতাঞ্জলিপুটে বারম্বার বন্দনা করি। এই বুদ্ধিমান্ ব্রাহ্মণ রূপধারি কংসারিকে অর্দ্ধ শরীর দান করিতে ইচ্ছা করিয়া উল্লাস সহকারে পত্নী পুত্র কর্ত্তৃক করাত দ্বারা আপনার মস্তক বিদীর্ণ করিয়াছিলেন ॥

হরেশ্চেত্তত্ত্ববিজ্ঞানং নৈবাস্য ঘটতে দয়া।
তদভাবেত্বসৌ দানবীরেঽন্তর্ভবতি স্ফুটং ॥ ২৩ ॥
বৈষ্ণবত্বাদ্রতিঃ কৃষ্ণে ক্রিয়তেনেন সর্ব্বদা।
কৃতাত্র দ্বিজরূপে চ ভক্তিস্তেনাস্য ভক্ততা।
অন্তর্ভাবং বদন্তোঽস্য দানবীরে দয়াত্মনঃ।
বোপদেবাদয়ো ধীরা বীরমাচক্ষতে ত্রিধা ॥
ধর্ম্মবীরঃ ॥
কৃষ্ণৈকতোষণে ধর্ম্মে যঃ সদা পরিনিষ্ঠিতঃ।
প্রায়েণ ধীবশান্তস্থ ধর্ম্মবীরঃ স উচ্যতে ॥

হরেরিতি তত্তশ্চ তদভাবে তস্যা দয়ায়া অভাব ইত্যর্থঃ ॥ ২৭ ॥
বৈষ্ণবত্বাদিতি বিষ্ণুর্ভক্তি র্ভজনীয়োঽস্যেতি বৈষ্ণবঃ। স চ ভক্তিরিত্যনেন

ইহাঁর যদি ভগবান্ হরির তত্ত্ব জ্ঞান না থাকে তাহা হইলে দয়া ঘটে না, দয়ার অভাব হইলে ইনি স্পষ্ট রূপে দানবীরের অন্তর্ভূক্ত হইবেন ॥ ২৩ ॥

বৈষ্ণবতা প্রযুক্ত এই ময়ূরধ্বজ সর্ব্বদা কৃষ্ণে ভক্তি করিতেন, এ স্থলে ব্রাহ্মণ মূর্ত্তিতে ভক্তি করাতে ইহাঁর ভক্তত্ব সিদ্ধি হইল। এই দয়ার্দ্রচিত্তকে দানবীরের অন্তর্ভাব বলিয়া বোপদেব প্রভৃতি ধীর ব্যক্তি সকল তিন প্রকার বীর বর্ণন করিয়াছেন ॥

অথ ধর্ম্মবীর ॥

যে ব্যক্তি শ্রীকৃষ্ণের পরিতোষণ রূপ ধর্ম্ম বিষয়ে সর্ব্বদা তৎপর, তাঁহাকে ধর্ম্মবীর বলিয়া বর্ণন করা যায়। কিন্তু প্রায় ধীরশান্ত পুরুষই ধর্ম্মবীর হইয়া থাকেন ॥

উদ্দীপনা ইহ প্রোক্তাঃ সচ্ছাস্ত্র শ্রবণাদয়ঃ।
অনুভাবা নয়াস্তিক্য সহিষ্ণুত্ব যমাদয়ঃ।
মতি স্মৃতি প্রভৃতয়ো বিজ্ঞেয়া ব্যভিচারিণঃ।
ধর্ম্মোৎসাহরতি ধীরৈঃ স্থায়ী ভাব ইহোচ্যতে।
ধর্ম্মৈকাভিনিবেশস্তু ধর্ম্মোৎসাহো মতঃ সতাং॥ ২৪॥

যথা॥

ভবদভিরতিহেতূন্ কুর্ব্বতা মপ্তুতন্তূন্
পুরমভিপুরুহূতে নিত্যমেবোপহূতে।
দনুজদমন তস্যাঃ পাণ্ডুপুত্রেণ গণ্ডঃ

